পুণ্যভারতকথা

কাশ্যধীতি শ্রীযোগীন্দ্রনাথ তর্কচূড়ামণি
কর্ত্তৃক বিরচিত ও প্রকাশিত।

PUNYABHARATAKATHA

OR THE

WHOLE MOHABHARAT WITH INTERESTING RESEARCHES

BY

JOGINDRA NATHA TARKACHUDAMANI

One of the Bhattacharyas of Ambica, Baculia, scholar of the Calcutta University, Holder of honour degree in Benares Government Sanskrit College, Philologist, Hon. Gov. Lecturer, Pandit of Home Dep. A. S. B. for some years, Gov Liber scholar &c. &c.

SECOND EDITION.

Calcutta

PUBLISHED BY THE AUTHOR AT 11, M. GOSAINS
LANE AND TO BE HAD OF HIM THERE

PRINTED BY UPENDRA NATH RAY AT THE SARADA PRESS,
31, Bosepara Lane.

All rights reserved. *Price Three Rupees.*

1895.

WORKS OF THE AUTHOR

Liked by Government.—Cor. No. 4767—89 D. P. I. B.

SANSKRIT.

1.	Dasanana Badham (Epic)	1
2.	Uttara Raghabikam	3
3	Lankayam Kamalini (with purport in English)	2

ENGLISH.

4	Sita *(Whole Ramayana with Researches)* ..	6 As
5.	Bhobun Mohon Banerji or a self-made power ...	6 As
6	The Recollections of Benares .	8 As
7. 8. 9.	The Bills and articles of conditional Gov free education, free boarding and the Jury question how far judicious.	6 As
10.	The Age of Consent Bill with the New Act Council, the Child Marriage question.	6 as

BENGALI.

11.	Kananakatha or the Ascetic life of Rama ...	12 As
12.	Punyabharatkatha (*Whole Mohabharat with Researches*)	3
13.	Patalbasini	4 As
14.	The Essay on the Epic "Meghanada" ...	2–7
15.	Mahaprasthan	10 As
16.	Uttara Vaidehi or the sacrifice of Sita ...	2
17.	Shunasepa	6 As
18.	Satwata Sanhita, Anukramanika ..	6 As

SANSKRIT, ENGLISH AND BENGALI

19.	The Remarriage of Aryan Ladies how far allowable	2–7
20	The minute essay on Avijnanasakuntalam ...	1
21.	Yajna Sanhita, I, II, III, IV	4

To be had of the Author, Calcutta, Simla P. O.

To the Throne at Hastina, or to the Throne on Scone (*i. e.*) to the Viceroy of India with his Lieutenant Governors.

SIRS,

The Mohabharat of the Hindus is an extensive work in Sanskrit. It is a store-house of historical traditions, mythological legends and also important events It is a record of many ancient, social and political circumstances. All climes, all times should peruse it. Only a few can read the whole of the book because of its great bulk, hence I have composed a book Punyabharat Katha which makes it accessible to many. Omitting many passages described at great length but not necessarily connected as far as the *life* of the Pandavas the subject of the poem is concerned I thus kept harmony with the first composition of the poem by Vyasa in twenty four thousand slokas. The second composition consisted of fifty slokas only. It is doubtful whether his extensive third composition (1 ch. Adi) is the present volume, as there are questions concerning the number of *slokas* and it is also stated that it is a collection of his different Sanhitas published by his disciples Sumantu, Vaysampayana and others 63 ch. Adi Asiatic Society's edition It is not stated that there was a fourth composition.

My book is written not in a spirit of dry abridgment, but interesting descriptions have been included as far as practicable. It is like a mail train from Calcutta to Benares touching all the fields forcibly and at the same time presenting many landscapes, sceneries, natural beauties, hills, rivers, countries and taking the passengers with delight, notes, wonder and ease to the destination.

Swayamvara was a rite familiar to the readers of Naisadha in which a princess made the choice of her husband from the midst

of congregated suitors. The subject of Mohabharat is a war for regal supremacy between the two families of Pandu and Dhritarastra. Dhritarastra had as numerous a family as king Ravan or Priam had Durjodhan was foremost in hate and hostility to Bhima, Arjuna Krisna proposing to Arjuna choice between his individual aid and the co-operation of an immense army, became the charioteer of his especial friend Arjuna The Buhas of the battle-field excel the skill of the Phalanx of the Greeks and the square of the English The faith of Vidura, the patience of Kunti, the mind of Krisna the uncommon truthfulness of Yudhisthir, the evil hearts of the Kurus and that vice obeys virtue are well represented

Hearing that his dearest Krisna was pierced, Yudhisthir abdicates his throne won by the great war of Kurukstra and departs from the world with his brothers and wife In their journey princess Droupadi dropped dead and so one by one all until Yudhisthir and a white *dog*, his companion alone survived The *dog* changed his body and took the king into spiritual domains —A messenger of the gods was sent to accompany him to show him his friends He came to a horrible place like the 'fauces groveolentis Averni' where he heard the wailings of Nakula, Sahadeva, Draupadi &c he overcame his repugnance and resolved to share their fate in hell

This was his crowning trial The gods applauded his disinterested virtue All the horrors vanished.

The era of Yudhishtir is about 4500 years according to Kali Dasa.

The Book says it is either a poem or a historical narration 1, 62, Adi Sir William Jones calls Mohabharat and Ramayana the two epics of the Hindus, but the appropriateness of the title is

denied by some ultra-admirers of Virgil and Homer as according to the definition of Aristotle it is a question whether these are epics For my part I consider these to be heroic or epic poems, based on the heavenly battle, though the two epics are not disciplined and broken up by the rules of the western art as one may say the epics labor through their being overcharged with episodes which may be looked upon as excrescences rather than as parts of the action I say they are works of daring genius much above the nicety and correctness of the laws of the moderns They are unexplored regions of Himalaya washed by the two oceans, of rocks and beautiful pearls, of wonder, depth and breath Though in these epics are not inserted proper episodes of the western art yet they have the fable of unity, uniform in its nature though diversified in its execution, of greatness, entireness etc of Aristotle and these two epics are adapted to the constitution of the morality of the country and celebrate persons and characters that do honor to the land 70 Spec These episodes may be developments of the ideals of the characters, 'Notanda sunt tibi mores' etc or allowable, beautiful or exceptional lengthenings or digressions in the interest of history, law &c They may be episodes to the parts of the principal action to make it greater as the knowledge of episodes strikes in these (They are held or supposed as interpolations of many persons by the western mountebanks or Les Petits Esprits) Aristotle might have made better rules had he drawn them up from his reflections on these epics as he did from Homer alone. 267, 273, 297, Spec. If all epics be composed according to the strict rules of Aristotle natural flow would not be so forcible as the art And also the book says the author of the poem was the insular Krisna surnamed Vyasa (V. p. 3. 3.) (a disciple of Valmiki,) who wrote it

in three years after the death of Dhritarastra, Gandhari and Vidur 62. 1. ch. Adi.—"Vyasauvachu", "Vyasa said" third person speaks for the first person as in the Hebrew scriptures and modern newspapers etc. and a few disputable passages in his other works &c are not proper arguments against such record after such change of time —

(It is stated in a note that Bopadeva edited Bhagvat for Hemadri.There are some Bopdeva-like grammatical words ,— hence Bopadeva's Bhagvat is unwisely called in some quarters Ballambhatta and Parushattom agree that the Book belongs to the Vyasa)

We are sorry that many European scholars though Germans or Sarmanyas taste *sweet* Sanskrit more than any other nation of Europe, do not try to read these works calmly and impartially as they should read any book or read Homer describing Briareus of hundred hands etc. of their countries, when they should pay more honor to Sanskrit as *sons* of the ancient Aryans They say not even like Prof Schelling that these myths require rational explanation Preface, Rik Vol III Max The internal dangers of polite or shallow learning of the Anglicists should be off in the Imperial reign as much as Lord Bentinck turned out *false* though deep knowledge of the Orientalists, in the 7th March, 1835. May the divine stone of Scone fulfil my desires

Let not LesPetits Esprits of Segrais, a sort of French Huguenots or Dutch Boors who have not lands of two pounds per annum in Parnassus and are not privileged to poll, award any reward I deserve.

CALCUTTA AND BENARES *April,1895.*

Yours
JOGINDRA NATHA TARKACHUDAMANI.

পুণ্যভারতকথা।

প্রথমসর্গ।

পাণ্ডুর পরলোক হইলে হিমাদ্রিজন্মা যুধিষ্ঠিরাদি পঞ্চভ্রাতা হিমগিরি হইতে আগমন করিয়া হস্তিনাপুরে বাস করিতে লাগিলেন। মহামতি ধৃতরাষ্ট্র বেদোক্তবিধানে তাঁহাদিগের সংস্কার সকল সম্পাদিত করিলেন। কাকপুচ্ছধর পঞ্চ পাণ্ডুতনয়েরা রাজপথে যখন ক্রীড়াচ্ছলে ভ্রমণ করিতেন, তখন তাঁহাদিগের সিংহবিক্রান্ত গতি ও রূপলাবণ্যে লোক সকল মোহিত হইত। পঞ্চভ্রাতা ধৃতরাষ্ট্রতনয়দিগের সহিত ক্রীড়াপ্রিয় হইয়া সরলান্তঃকরণে বিহার করিতে লাগিলেন। যুধিষ্ঠির ক্রীড়াকালেও মিথ্যা ব্যবহার করিতে লাগিলেন না। পাপমতি দুর্য্যোধন নানা কৌশলদ্বারা পঞ্চপাণ্ডবকে ক্রীড়াচ্ছলে ক্লেশ দিবেন, কিন্তু সরলান্তঃকরণ যুধিষ্ঠির ভ্রাতার দারুণ অভিসন্ধি বুঝিতে পারিয়া দুর্য্যোধনের দিকে দৃষ্টি করিয়া মৃদুমন্দ হাস্য দ্বারা দুর্য্যোধনকে যেন বিকশিত করিতেন। কদাচ ওরূপ দুষ্ট ভ্রাতার দোষ গ্রহণ করিতেন না। কহিতেন, দুর্য্যোধন! ভাই! আমাদিগকে ক্লেশ দিতে তোমার কি দয়া হয় না! পরন্তু বৃক্ষ কর্ত্তন করিলে যেরূপ বৃক্ষশাখা প্রাচীর বা তৎসদৃশ কোন অবলম্বনে লগ্ন হইয়া নিষ্প্রভ হয়, তেমনি পাণ্ডুনন্দনেরা পাণ্ডুর মরণোত্ত ধৃতরাষ্ট্রে আশ্রয় করিলে আর সে জ্যোতিঃ রহিল না। কোকিলশিশু যেমন কাকের আবাসে বর্দ্ধিত হয়, তেমনি উহাঁরা ধৃতরাষ্ট্রাবাসে বৃদ্ধি পাইতে লাগিলেন।—

সর্প যেরূপ মনুষ্যের স্বাভাবিক শত্রু, ব্যাঘ্র যেরূপ মেষশিশুর সহজ শত্রু, পেচক যেরূপ কাকের স্বভাবিক শত্রু, অহি যেরূপ নকুলের সহজ শত্রু, সেই-

রূপ শত্রু দুর্য্যোধন, ভীমের হইল। তিনি মনেতে একবিন্দুমাত্র পাণ্ডব দিগকে দেখিতে পারিতেন না। কিরূপে ভীমের অনিষ্ট হয়, এই চিন্তাই বলবতী হইল। একদিন জলবিহার-কপটে ভীমের প্রাণনাশ স্থির করিয়া পাণ্ডবদিগকে জলবিহারার্থ নিমন্ত্রণ করিলেন।

দুর্য্যোধন ভাগীরথীতীরে এক উদ্যান নির্ম্মাণ করাইলেন। তথায় সৌধধবলিত ধ্বজপতাকাপরিশোভিত গেহসকল শোভা পাইতে লাগিল। গেহে গেহে নানারূপ ভোগ্যবস্তু আহৃত হইতে লাগিল। গবাক্ষ, বলভীও জলযন্ত্র কি শোভাই ধারণ করিল! সেই উদ্যানে সুশীতলজলপূর্ণ দীর্ঘিকা সকল কেমন প্রফুল্ল কমলসমূহ দ্বারা শোভিত হইয়া নিকটবর্ত্তিভৃঙ্গসকলকে আহ্বান করিতে লাগিল! গেহ সকল চিত্রিত বসনাচ্ছাদিত ও কম্বলবিনির্ম্মিত। স্থলজ পুষ্প সকল উদ্যানের কি শোভাই সম্পাদন করিতে লাগিল!

দুর্য্যোধন উদ্যানবিহারার্থ পাণ্ডবদিগকে নিমন্ত্রণ করিলেন। নিমন্ত্রিত পাণ্ডবেরা নগরাকার রথে, দেশজ অত্যুৎকৃষ্টগজে আরোহণ করিয়া উদ্যানে উপনীত হইলেন এবং সিংহ যেমন গিরিগুহায় প্রবেশ করে, তেমনি সিংহ-গ্রীবা বক্র করিয়া উদ্যান মধ্যে প্রবেশ করিলেন। পাণ্ডবেরা উদ্যানের শোভা দেখিয়া পরম পরিতোষ লাভ করিলেন। কৃত্রিম তটিনীসকল সংবাদ দিলে মন্দাকিনী পাণ্ডব দর্শন করিয়া পুষ্পবিকশিত ফেনপুঞ্জদ্বারা যেন হাস্য করিতে লাগিল।—

কৌরব ও পাণ্ডবেরা আমোদ প্রমোদে রত হইলেন। কেহ কাহার মুখে অন্নপ্রদান, কেহ কাহার মুখে পায়সপ্রদান, কেহ কাহার মুখে মৃগ-মাংস প্রভৃতি প্রদান করিয়া আমোদ করিতে লাগিলেন। দুর্য্যোধন এই অবসরে কিঞ্চিৎ বিষমিশ্রিত অন্ন ভীমমুখে দান করিলেন। অন্নাদিভোজনামোদ-সমাপন হইলে সকলে জলকেলির জন্য ভাগীরথীসলিলে অবতরণ করিলেন। প্রসন্নপুণ্যসলীলা ভাগীরথীদর্শন করিয়া কৌরবেরা আনন্দের পরাকাষ্ঠা প্রাপ্ত হইলেন। এদিকে বিসর্জ্জরিত কলেবর ভীম হতচেতন হইয়া নয়ন-দ্বয় উদ্বর্ত্তিত করিয়া ভূমিতে পতিত হইলেন। দুর্য্যোধন অন্যের অলক্ষ্যে তাঁহাকে লতাপাশে বদ্ধ করিয়া কোন অনিরীক্ষ্য প্রদেশে নিক্ষেপ করিলেন। সকলে জলক্রীড়ায় মত্ত। যুধিষ্ঠিরের বামদিক কিন্তু নৃত্য করিতে লাগিল। যুধি-

ষ্ঠির মুক্তমনে জলক্রীড়া আর করিতে পারিলেন না। কৌরব ও পাণ্ডবগণ যানারূঢ় হইয়া গেহে প্রত্যাগমন করিলেন। কিন্তু যুধিষ্ঠির আগমন কালে ভীমকে না দেখিয়া উৎকণ্ঠিত হইয়া মনে মনে কহিতে লাগিলেন, প্রাণাধিক ভীম, বুঝি, অগ্রে জননীর সন্নিধানে গমন করিয়াছে। গৃহে উপস্থিত হইবা-মাত্র অতি ব্যস্তসমস্তে কহিতে লাগিলেন, জননি। প্রাণের ভীম কি আসিয়াছে? জলক্রীড়াকালে ভীমের জন্য আমি অত্যন্ত কাতর হইয়াছিলাম। পুত্রের কাতর বাক্য শ্রবণ করিয়া কুন্তী অধীরা হইয়া গৃহ হইতে বহির্গত হইলেন এবং কহিতে লাগিলেন বৎস! কই ভীম আমার ঘরে আসে নাই, তজ্জন্য তুমি কাতর কেন? ভীমের কি কিছু অনিষ্ট আশঙ্কা করিয়াছ? কোন সময় ভীম তোমার অদৃশ্য হয়? যুধিষ্ঠির কহিলেন, মা। জলক্রীড়ার আরম্ভের অব্যবহিত পরক্ষণে ভীম আমার অদৃশ্য হইয়াছেন।—বিধাতা কি আমার সেই সহোদররত্নহরণ করিল?—এই বলিয়া যুধিষ্ঠির অশ্রুজলে কপোলদেশ সিক্ত করিয়া বর্ষার কমলপত্রশোভা ধারণ করিলেন। মনুষ্যের মারণ মারণই নয় এই প্রমাণ করিতে মহামতি ভীমসেন পরাৎপর ব্রহ্ম কৃপায় এক অদ্ভুত উপায় দ্বারা জীবন পাইয়া জননী ও ভ্রাতৃগণসমক্ষে উপনীত হইলেন এবং দুর্য্যোধনের দুষ্টবুদ্ধি সবিশেষ কহিয়া দুর্য্যোধনকে আক্ষেপ করিয়া হাস্য করতঃ কহিলেন, আর্য্য! দুর্য্যোধনের কি সাধ্য আমার জীবন লয়। আমি ভাগীরথীসলিলে ভাসিতে ভাসিতে নাগলোকে উপস্থিত হইয়া তথায় নাগদিগের কৃপায় হতবিষ হইয়া নাগলোক জয় করিয়া অদ্ভুত উপায়ে উপস্থিত হইতেছি।—

যুধিষ্ঠির ভীমের মুখে দুর্য্যোধনের এই অভিপ্রায় জ্ঞাত হইয়া কহিলেন, ভ্রাতঃ! দেখিও যেন এ কথা কাহাকেও প্রকাশ করিও না। রাজপুত্র দুর্য্যোধন এরূপ কলঙ্কিত হইলে নিশ্চয়ই আমাদিগকে সেই কলঙ্কের মূল জানিয়া বিনাশ করিবেক। ভাই! যেমন অবস্থা তেমনি বুঝিয়া কার্য্য করিলে বিধাতা কৃপাভিন্ন নিগ্রহ করেন না। ঈর্ষাসমাকুল কলঙ্কসমূল কুককুল এই দুর্য্যোধন হইতেই বিনাশ পাইবে, সন্দেহ নাই। এইরূপে দুর্য্যোধন নানা উপায় দ্বারা তাঁহাদিগকে হিংসা করিতে লাগিল। ব্রহ্মকৃপায় পাণ্ডব-দিগের জীবন রক্ষা হইতে লাগিল।—

*—বসন্তকালে যেমন কোকিলে সারা দেয়, শরৎকালে যেমন চন্দ্রমা উদিত হয়, উত্তরদিকে গমন করিলে যেমন দিব্য শৃঙ্গ দেখা যায়, তেমনি বিদ্যাশিক্ষাকালে কুরুকুলে দ্রোণাচার্য্যের সারা শ্রুত হইতে লাগিল। অস্ত্রবিদ্যা সমগ্র তিনি ভরতকুলে দান করিলেন। ধৃতরাষ্ট্র ও ভীষ্ম পরম প্রীতিলাভ করিলেন। কুমারেরা কে কেমন শিক্ষা করিয়াছে,ইহা জ্ঞাত হইবার নিমিত্ত রাজা এক পরীক্ষারঙ্গভূমি নির্ম্মাণ করিলেন। মুক্তাজালসমলঙ্কৃত গবাক্ষ ও মণিসকল চতুর্দ্দিকে কি শোভাই পাইতে লাগিল। প্রেক্ষকগণের নির্দ্দিষ্ট স্থান ও প্রেক্ষিকাগণের নির্দ্দিষ্ট স্থানসমস্তই অবধারিত হইল। কুমারদিগের অস্ত্রশিক্ষার পরীক্ষা হইবে এই সংবাদ শ্রবণমাত্র সমস্ত নগরবাসিরা, জনপদবাসিরা রঙ্গভূমিতে নির্দ্দিষ্ট দিনে উপস্থিত হইতে লাগিল। সাগরকল্লোলের ন্যায় রঙ্গভূমি লোককোলাহলে আন্দোলিত হইতে লাগিল। বাহ্লীক, সোমদত্ত, কৃপ, ভীষ্ম, ব্যাস, বিদুর, ধৃতরাষ্ট্র প্রভৃতি যথাযোগ্য আসন গ্রহণ করিলেন। যশস্বিনী গান্ধারীও একাসনে বসিলেন। ব্রহ্মকল্প দ্রোণাচার্য্য তৎপরে রঙ্গভূমিতে প্রবেশ করিলেন। প্রভাত ভাস্করের ন্যায়, উপবীতধারী ব্রাহ্মণ দ্রোণাচার্য্যকে দেখিবামাত্র সকলে গাত্রোত্থান করিলেন এবং সকলকর্ত্তৃক অভিনন্দিত হইয়া দ্রোণ নির্দ্দিষ্ট আসনে উপবেশন করিলেন। সমরকালে যেরূপ বাদ্য আরম্ভ হয়, তেমনি রঙ্গভূমিতে মেঘনিস্বন বাদিত্রধ্বনি হইতেলাগিল। রঙ্গকেরা অঙ্গুলিতে গোধাচর্ম্মের অঙ্গুলিত্রবন্ধনপূর্ব্বক, কটিতে লম্বিত তরবারি, করে অস্ত্রদ্যোতিত শরাসন, পৃষ্ঠে বদ্ধতূণ ধারণ করিয়া সমরসজ্জে, দীপ্ত সিংহ যেরূপ মহারণ্যে ভ্রমণ করে, তেমনি যুধিষ্ঠিরকে অগ্রে করিয়া রঙ্গভূমিতে প্রবেশ করিলেন। কুমারদিগের মস্তকে কিরীট ও হীরক জ্বলিতেছে। গাত্রে কাঞ্চনময় কবচ, বিক্রম সিংহের ন্যায়, ইহাতে বোধ হইতে লাগিল যেন ভাস্কর মনুষ্যমূর্ত্তিধারণ করিয়া রঙ্গভূমিতে প্রবেশ করিয়াছেন। কুমার অর্জ্জুন এমন সময় শিঞ্জিনী আকর্ষণ করিতে লাগিলেন, তাহাতে বোধ হইতে লাগিল, যেন অশনিশব্দ হইতেছে। সিংহের গর্জ্জন, গিরিগুহার

* The—indicates omission of Kripa's service not so important.

প্রতিধ্বনি আকাশের অশনি সেই সিংহ বিক্রান্ত পাণ্ডবতনয়দিগের যেন আশ্রয় করিয়াছে ইহা বোধ হইতে লাগিল। অর্জ্জুনের শরাসন ইন্দ্রধনুকের ন্যায় প্রকাশ পাওয়াতে, শরবর্ষণে দিক সমাচ্ছন্ন হইলে, নালীকের ধূমে রঙ্গভূমি কিয়ৎকাল বর্ষা ঋতুর সাদৃশ্য ধারণ করিল। নিরন্তর ভ্রাম্যমাণ অসিসমূহের অংশুমণ্ডল ইতস্ততঃ বিকীর্ণ হইয়া কি শোভাই ধারণ করিল! সিংহগতি পাণ্ডবেরা রঙ্গভূমিতে প্রদীপ্তভাবে এমনি পদবিক্ষেপ করিতে লাগিলেন, যেন ধরিত্রী তাহাদিগের পদভরে অধীরা হইয়াছেন। ভীষ্ম নিজ বংশাঙ্কুরের এইরূপ বিদ্যাদর্শন করিয়া আনন্দাশ্রু ত্যাগ করিলেন। তৎকাল রঙ্গস্থলে সেই ভরতপুত্রদিগকে দর্শন করিয়া সকলেই বিস্মিত হইলেন এবং ভূয়সী প্রশংসা করিতে লাগিলেন।—

লোকসকল মনে করিতে লাগিল, যেন পৃথিবীক্ষয়ের জন্য যেন ইহাঁদিগের উৎপত্তি হইয়াছে। ক্রমশঃ দিবাবসান হইল। পক্ষিসকল গোধূলিদর্শন করিয়া বৃক্ষনিলয়ে গমন করিতেছে, এমন সময়ে ভীষ্ম ধৃতরাষ্ট্র দ্রোণাচার্য্যকে নিজ গলদেশের শুক্ল মাল্য প্রদান করিলেন। কুমারেরা লব্ধপ্রশংস হইয়া গুরুর চরণবন্দনা করিলেন। দ্রোণাচার্য্য প্রফুল্লমুখে সকলকে আশীর্ব্বাদ করতঃ চুম্বন করিলেন। কৌরবেরা কৃতবিদ্য হইয়া আচার্য্য দ্রোণকে দক্ষিণা দান করিবার জন্য মেঘ যেমন বর্ষাকালে বর্ষণোন্মুখ হয়, প্রসবিনী ধেনু যেমন বৎসকে দুগ্ধ দেয়, ফলোন্মুখ তরু যেমন সুফল দান করে, চন্দ্রমণ্ডল হইতে যেমন সুধা সরে, তেমনি ব্যগ্র হইলেন। শিষ্যদিগকে দক্ষিণা সমুৎসুক দেখিয়া দ্রোণাচার্য্য সমালোচন করিয়া বলিলেন, বৎসগণ! আমি অন্য দক্ষিণা কিছু চাই না, পঞ্চালরাজ দ্রুপদ মূর্খ আমার বিশেষ অপমান করিয়াছে। অদ্য তাহাকে পরাজয় করিয়া আমার নিকট লইয়া আইস এই গুরুদক্ষিণা আমি ইচ্ছা করি। শ্রবণমাত্র কৌরব ও পাণ্ডবেরা আনন্দিত হইয়া কহিলেন, গুরো! এ আবার অধিক কথা, এখনি গমন করিয়া জাল্মকে বন্ধন করিয়া আনয়ন করিতেছি। সূর্য্যেন্দুসম অর্জ্জুন কহিলেন, দেব! আশীর্ব্বাদ করুন, আমি যেন দ্রুপদরাজকে বন্ধন করিয়া আনয়ন করিতে পারি। এই বলিয়া সকলে গুরুর অনুমতিতে পাঞ্চালাভিমুখে গমন করিলেন।

দ্রুপদরাজ অসংখ্য সেনাদর্শন করিয়া সভয়ে বাহিরে আসিলেন,

বুঝিলেন যে কৌরবেরা তাহার সহিত সমরে আসিয়াছে। তিনি চর্ম্মবর্ম্ম—অসিনারাচ প্রভৃতি ধারণ করিয়া যুদ্ধার্থ বহির্গত হইলেন।—নানাশরবর্ষণদ্বারা কৌরবদিগকে বিদ্ধ করিতে লাগিলেন।—দুর্য্যোধনাদি তাহার শরপীড়া* ব্যথিত হইয়া পলায়ন করিল। কিন্তু অর্জ্জুন সে জাত নহেন। তিনি প্রাণপণে যুদ্ধ করিতে লাগিলেন। অর্জ্জুনের শরে দ্রুপদরাজ কাতর হইয়া পরাজয়শৃঙ্খল পায়ে পরিলেন। দীপ্তকান্তি অর্জ্জুন দ্রুপদরাজকে লইয়া প্রফুল্ল-মনে দ্রোণসম্মুখে উপস্থিত হইয়া উহাকে চরণে সমর্পণপূর্ব্বক বন্দনা করিলেন। দ্রোণ হর্ষবিকশিতমুখে বলিতে লাগিলেন, রাজন্! আজ তোমার এ দশা আমি করিয়াছি। বাল্যকালে আমরা এক আশ্রমে ক্রীড়া করিতাম, এই জন্য তুমি রাজা হইলে তোমাকে আমি সখি-সম্বোধন করিয়াছিলাম। নির্ধন ধনীর মিত্র হইতে পারে না "সখিপূর্ব্বং কিমিষ্যত" ইতি। অদ্য তাহার প্রতিফল তোমাকে আমি দান করিলাম। অতএব রাজ্য না থাকিলে আমিত ধনী হইতে পারিব না, তোমার সহিত বাল্যমিত্রতা আমার যাইবে, তাহার জন্য আজ তোমার অর্দ্ধেক রাজ্য আমি লইলাম। তদনুসারে দ্রুপদরাজ চর্ম্মন্বতী নদী * পর্য্যন্ত দক্ষিণ পাঞ্চাল দেশ দ্রোণের পদে সম্প্রদান করিতে বাধ্য হইলেন এবং আপনি মাকন্দী নগরীও কাম্পিল্য পুরী ‡ শাসন করিতে লাগিলেন। কিছুদিন পরে শিষ্যরত্ন অর্জ্জুন অহিচ্ছত্রা জয় করিয়া দ্রোণের চরণে সমর্পণ করিলেন।

দ্বিতীয়সর্গ।

সম্বৎসর অতীত হইলে, ধৃতরাষ্ট্র যুধিষ্ঠিরকে যৌবনরাজ্যে অভিষিক্ত করিলেন। ধেনু সময়ে বৎস প্রসব করিলে, যেরূপ লোকের আনন্দ হয়, বৃক্ষফলে জল দেখিলে লোক যেরূপ প্রীতিপ্রাপ্ত হয়, দেশভ্রমণ করিতে

---

* Its modern name is Chumbul. ‡ Kampilya is the city Kampil.

করিতে সুমেরুশৃঙ্গে উপস্থিত হইলে যেরূপ হর্ষ হয়, সেইরূপ প্রকৃতিবর্গ হর্ষ-ভোগ করিতে লাগিল। দ্রোণ কৌরবী সভায় অর্জ্জুনকে ব্রহ্মশিরাঃ নাম অমোঘ অস্ত্র প্রদান করতঃ কহিলেন, বৎস! তুমি মনুষ্য ও হীনবীর্য্য জীবের উপরি ইহা নিক্ষেপ করিও না। আরও কিছু আমায় গুরুদক্ষিণা দান করিও। এবং রণস্থলে তুমি আমার প্রতিযোগ্য হইবে। আমি অগ্নিবেশ-গেহে চলিলাম। অর্জ্জুন অঙ্গীকার করিয়া উত্তর দিকে গমন করিলেন।—বিচিত্রবীর্য্য ও পাণ্ডু যে যবনরাজ সৌবীরকে জয় করিতে পারে নাই, পাণ্ডবেরা সেই যজ্ঞকারীকে নাশ করিলেন। অর্জ্জুন পাশ্চাত্যদেশজয় করিয়া অনেক অর্থ আনয়ন করিলেন।—

ধীমান্ যুধিষ্ঠির নিজের নানাগুণে স্বল্পকাল মধ্যেই প্রশংসাভাজন হইয়া উঠিলেন। ভ্রমর যেরূপ চুতে বিশেষ আসক্ত, কোকিল যেরূপ বসন্তপ্রিয়, কাশপুষ্প যেরূপ শরৎকালে প্রকাশ পায়, কৃষকেরা যেরূপ নব মেঘ প্রীতি করে, দরিদ্র যেরূপ অর্থ দেখিয়া সন্তোষ পায়, সেইরূপ জনমণ্ডলী যুধিষ্ঠিরকে পাইয়া আনন্দ ভোগ করিতে লাগিল। পাণ্ডুর বিয়োগ সর্ব্বলোক যেন বিস্মরণ করিতে লাগিল। চতুর্ভ্রাতৃস্বরূপ চতুর্ভুজে বিশোভিত যুধিষ্ঠির ব্রাহ্মণদিগের পদরজঃ বক্ষে ধারণ করিয়া ভৃগুপদচিহ্নশোভিত চতুর্ভুজ চক্রপাণির ন্যায় শোভা পাইতে লাগিলেন। ব্যাঘ্র যেরূপ ব্যাধকে ভয় করে, হিমবৎসিংহ যেরূপ কালিকার বশবর্ত্তী, সেইরূপ ভ্রাতৃচতুষ্টয় যুধিষ্ঠিরের বশবর্ত্তী হইলেন। পৃথ্বী পাণ্ডবপুণ্যরাজ শব্দে পরিপূর্ণ হইল। দুর্য্যোধন প্রভৃতি যুধিষ্ঠিরের এই প্রশংসা শ্রবণ করিয়া পরিতপ্যমান হইতে লাগিল। ঈর্ষায় তাহাদের সর্ব্ব শরীর জ্বলিত হইল। যুধিষ্ঠিরের প্রশংসা দুর্য্যোধন সহ্য করিতে না পারিয়া গোপনে শকুনি, দুঃশাসন প্রভৃতিকে আহ্বান করিয়া দুঃখিতমনে কহিতে লাগিলেন, ভ্রাতঃ! মাতুল! যুধিষ্ঠিরের প্রশংসা যে আর শ্রবণ করিতে পারি না। পিতা জন্মান্ধ বলিয়া রাজ্যভাক্ হইলেন না। সেই জন্য আমরা চিরকালের জন্য রাজ্যচ্যুত হইলাম। হায় বিধাতঃ! তোমার মনে কি এই ছিল? এই বলিয়া দুর্য্যোধন দীর্ঘনিঃশ্বাস ত্যাগ করিয়া মূর্চ্ছিত হইলেন। শকুনি, দুঃশাসন দুর্য্যোধনকে সমাশ্বস্ত করিয়া কহিতে লাগিল। ভয় কি, মন্ত্রণা করা যাউক, যাহাতে পাণ্ডব-দিগের বিনাশ করিতে পারি। আমাদিগের পরামর্শ এই, কৌশলক্রমে পাণ্ডব-

দিগকে বারণাবতে প্রেরণ করিয়া তথায় জতুগৃহনির্ম্মাণপুরঃসর তন্মধ্যে তাহাদিগকে রক্ষা করিয়া দগ্ধ করা যাউক। দুর্য্যোধন শ্রবণ করিয়া হাস্য করতঃ সেই উপায় স্থির করিলেন। ধৃতরাষ্ট্র পাণ্ডবজয়ের কথা শ্রবণ করিয়া ঈর্ষায় স্ফীত হইয়া মনে করিতে লাগিলেন, তেজস্বী পাণ্ডবদিগকে কিরূপে আমি দূর করি।—পুত্রের সেই কথা শ্রবণ করিয়া বাসনার বশবর্ত্তী হইয়া রাজা অগত্যা সম্মত হইলেন। এদিকে দুর্য্যোধন পিতার সম্মতি জানিয়া লোকসকলকে উৎকোচ দিতে আরম্ভ করিলেন। এবং সকলকে বারণাবত অতি উৎকৃষ্ট স্থান কহিতে আদেশ করিলেন। সেই কথাকৌশলানুসারে পাণ্ডুনন্দনদিগকে তথায় কোন উৎসব উপলক্ষে গমনে মতি করিতে হইল। তৎপরে ধৃতরাষ্ট্র পাণ্ডবদিগকে আহ্বান করিয়া শোভাসমৃদ্ধিসম্পন্ন বারণাবত গমনে অনুমোদন করিয়া কহিলেন, বৎসগণ! বারণাবত পরম রমণীয়স্থান, দর্শনমাত্র লোকেরা আনন্দ প্রাপ্ত হয়। অতএব আমার বাঞ্ছা, তোমরা কিছুদিন বারাণাবতে বাস কর। রাজার আজ্ঞাশ্রবণমাত্র পাণ্ডবেরা বারণাবতে ত্বরাগমনে কৃতনিশ্চয় হইলেন। পরে দুর্য্যোধন পুরোচনকে কহিলেন, সখে! তুমি মেচ্ছবত্ন। এই বসুসম্পূর্ণা বসুন্ধরা আমার, তুমি বারণাবতে গমন করিয়া শণসর্জ্জরসপ্রভৃতি দ্বারা এক গৃহনির্ম্মাণ কর, অতঃপর করণীয় বুঝিতে পারিয়াছ। পাণ্ডবেরা যশস্বিনী গান্ধারী, পূজ্যপাদ ধৃতরাষ্ট্র ও অন্যান্য গুরুজনের চরণ বন্দনা করিয়া ফাল্গুন মাসের অষ্টমীর সম্মুখে, শোভনাশ্বে বারণাবতযাত্রা করিলেন। গমনকালে বিদুর ম্লেচ্ছভাষায় কতকগুলি সতর্কতা-রত্ন প্রদান করিলেন —বৎসগণ! অস্ত্রশস্ত্র ব্যতীত আরও কিছু আছে, যাহাতে মনুষ্যের জীবননাশ হয়। মতিমানেরা সমস্ত বিবেচনা করিয়া সতত কার্য্য করিবেন। গুহাবাসী লোকসকলকে অগ্নি দগ্ধ করিতে পারে না। নক্ষত্রদ্বারা দিকসকলনির্ণয় হইতে পারে। যুধিষ্ঠির "বুঝিলাম" এই বলিয়া বিদুরকে অভিবন্দন পুরঃসর যাত্রা করিলেন। দেবসঙ্কাশ পাণ্ডবেরা বারণাবতে উপস্থিত হইলে বারণাবত-কুলযোষিতেরা প্রাসাদের উপরি গমন করিয়া দর্শন করিতে লাগিল। কেহ কেহ বলিতে লাগিল, ইন্দ্রাদি-পঞ্চ দেবতারা মনুষ্যবেশে আজ বুঝি আমাদিগকে কৃতার্থ করিতে আগমন করিয়াছেন। ফলতঃ সে সময় আকাশ কামিনীমুখমণ্ডলে, কমলময়, নয়নকুমুদে কুমুদময় ও বাহুবল্লীতে লতাময় হইল। শরীরের স্বর্ণবর্ণে

দিক উদ্ভাসিত হইল। নীল ও রক্ত বসন আকাশের নীল ও রক্ত মেঘকে কিবা নিন্দা করিল। পুরোচন সেই আশ্চর্য্য গৃহে তাহাদিগকে বাসস্থান প্রদান করিল। পাণ্ডবেরা বারণাবতনিবাসীদিগকে অভিবন্দন করিলেন। ক্রমে পশ্চিমগগন ধূসরবর্ণ হইল। পক্ষিকুল কুলায় আসিতে লাগিল। বেদাঙ্গীরা সামগান আরম্ভ করিল। যুধিষ্ঠির পঞ্চ ভ্রাতার সহিত সন্ধ্যা সমাপন করিয়া সেই গৃহে রজনী যাপন করিলেন। এইরূপে কিয়দ্দিবস বাস করিয়া পাণ্ডবেরা পুরোচনের গতিগতদর্শন করিয়া বিদুরভাষিত যথার্থ অনুমান করিতে লাগিলেন। তাঁহারা একদিন নিজ দুরদৃষ্টচিন্তা করিয়া উপস্থিত বিপদের বিষয় চিন্তা করতঃ পরাৎপরকে ভাবনা করিতেছেন, এমন সময় বিদুরপ্রেরিত এক খনক যেন ঈশ্বরের দূত হইয়া পাণ্ডবসমীপে উপস্থিত হইল। কহিল ভয় কি? আমি আসিয়াছি, কেন ভাবিতেছ। আমি অবিশ্বস্ত নহি, বিদুর আমাকে প্রেরণ করিয়াছেন।—আগমনকালে বিদুর কতকগুলি আপনাদিকে গৃহে অগ্নির বিষয় ম্লেচ্ছ ভাষায় সঙ্কেত করিয়াছিলেন, আপনারা "বুঝিলাম" বলিয়া উত্তর দিয়াছিলেন, এই আমি পরিচায়কচিহ্নপ্রদান করিলাম। এই বলিয়া খনক সেই গৃহ খনন করিতে লাগিল। পুরোচন যাহাতে না জানিতে পারে, এমনভাবে সেই কর্ম্মসম্পন্ন করিতে লাগিল।— গৃহভূমির সমতলশোভিত কবাট করিয়া তাহার নিম্নে সুরঙ্গ খনন করিতে লাগিল। দিবসে তাহারা মৃগয়ায় ভ্রমণ করে, রাত্রিকালে সুড়ঙ্গখনন করে। এইরূপ কিছুদিন হইলে, যখন সুরঙ্গ দিয়া পলায়ন সুবিধা হইয়াছে, বুঝিলেন, তখন কুন্তী ব্রাহ্মণভোজন করাইলেন। এক পাপিষ্ঠা নিষাদী পঞ্চপুত্রের সহিত সেই স্থলে ভোজনার্থ আসিয়াছিল। সে রাত্রিকালে সেই স্থলে শয়ন করিয়া থাকে, অর্দ্ধরাত্রে যখন প্রবল বাত বহিতে লাগিল, পাণ্ডবেরা গৃহে অগ্নি প্রদান করিয়া সুড়ঙ্গপথ দিয়া পলায়ন করিল। এদিকে পুরোচন ও সেই নিষাদী পঞ্চ পুত্রের সহিত, দগ্ধ হইল। লোকেরা মনে করিল, পঞ্চ পাণ্ডব জননীর সহিত অগ্নিতে প্রাণত্যাগ করিয়াছে ও দুরাত্মা পুরোচন সেই পাপেরও শাস্তি পাইয়াছেন।

এদিকে পাণ্ডবেরা বিদুরপ্রেরিত চন্দ্রপতাকাশালিনী বাতসহা নৌদ্বারা ভাগীরথীপার হইয়া রাত্রিকালে নক্ষত্র দ্বারা দিক্ নির্ণয় করতঃ দক্ষিণ দিকে

গমন করিতে করিতে একবনে উপস্থিত হইলেন। তথায় ভীম জননীর তৃষ্ণানিবারণার্থ জলান্বেষণে গমন করিলেন। ভীমজলানয়ন করিয়া দেখিলেন যে, যে যুধিষ্ঠির দুগ্ধফেননিভ শয্যায় শয়ন থাকিতেন, আজ তিনি ভ্রাতৃত্রয়ের সহিত ভূমিতে হতচেতন হইয়া শয়ান আছেন।— সকলে জলপান করিলেন।— সেই বনে হিড়িম্ব নামে এক রাক্ষসের বাস। পাণ্ডবেরা শয়ন করিলে হিড়িম্ব নানা ভীষণ হুঙ্কার করিয়া তাহাদিগকে বিনাশ করিতে আসিল। ঐ সময়ে নিশীথকালে বন ঝিল্লীরবভীষণ, কিন্তু ভীম নিজ বাহুবলে হিড়িম্বকে বিনাশ করিলে হিড়িম্বানাম্নী রাক্ষসী ভীমের বলাধিক্য ও মোহন রূপ দর্শন করিয়া তাহাকে পতিত্বে বরণ করিলেন। কালে হিড়িম্বার গর্ভে ভীমের ঘটোৎকচ নামে এক পুত্র জন্মিল। মস্তক তাহার কেশশূন্য, মুখ অতি বিশাল, রাসভের ন্যায় কর্ণ, ওষ্ঠদ্বয় রক্তবর্ণই দৃষ্ট হইল।

তদনন্তর পাণ্ডবগণ জটাবল্কলধারণ করিয়া অধ্যয়ন সমাবেশে, তাপসবেশে মৎস্যত্রিগর্ত্তপ্রভৃতিস্থানে ভ্রমন করিতে লাগিলেন। এবং নানা সরোবরবন-উদ্যানজনপদদর্শন করিতে করিতে সত্যবতী-সুতের আদেশে একচক্রা নগরীতে উপনীত হইলেন।—

একচক্রা* নগরীর শোভা তাঁহারা দর্শন করিতে লাগিলেন। কোথায় অত্যুৎকৃষ্ট পণ্যশ্রেণী, কোথাও পতাকা সকল উড্ডীনা, কোথাও গোসকল তৃণ ভোজন করিতেছে, কোথাও কর্ম্মব্যস্ত জীবেরা সাংসারিককার্য্যে ব্যস্ত। পাণ্ডুতনয়েরা এইরূপ দেখিতে দেখিতে এক ব্রাহ্মণের ভবনে আশ্রয় প্রার্থনা করিলেন। দয়ালু ব্রাহ্মণ সেই শোভন রাজকুমার তুল্য অতিথিদিগকে দয়া করিয়া প্রসন্ন বদনে আশ্রয় প্রদান করিলেন। এইরূপে তাঁহারা কিছুদিন থাকেন, এক সময় এক দিন তাঁহারা দেখিলেন, যাঁহার আশ্রয়ে তাঁহারা বাস করিতেছেন, তিনি শিরে করাঘাত করতঃ করুণ-স্বরে রোদন করিতেছেন। তাঁহাকে দেখিলে লোক মাত্রেরই তখন করুণার উদয় হয়। পাণ্ডবেরা তাঁহাকে সবিশেষ জিজ্ঞাসা করাতে তিনি কহিলেন বৎসগণ! আজ তোমাদিগের জীর্ণ বটবৃক্ষ আশ্রয় গমন করিল। আজ আমার বাটীতে বক * রাক্ষসের ভোজনের

* Baka was a ferocious cannibal.

সময়। বেত্রকীয় গৃহ রাজা অসমর্থ হইলে বকরাজসম্মতসময়ানুসারে আমার আলয় হইতে আজ মনুষ্যাদি যাইবে, আমার এক পুত্র, আমি কাহাকে প্রেরণ করি, তাহাতেই কাতর হইতেছি। এই বলিয়া ব্রাহ্মণ অধিকতর ক্রন্দন করিতে লাগিল। ব্রাহ্মণীর মুখকমল অশ্রুজলসিক্ত দর্শন করিয়া কুন্তী, সমাশ্বাসে কহিলেন, ভয় নাই, আমি আমার একটী পুত্র তোমার জন্য দান করিব। ব্রাহ্মণী কহিল অতিথি পুত্র লইব না। ভীম কহিল সতের জন্য জীবন দিয়া জীবন পাইব। অনাথাশ্রয় সেই ব্রহ্মাণ্ডপতি অবশ্যই এই বিপদে আপনার আশ্রয় হইবেন।—

এই বলিয়া ভীম সেই বকের প্রতীক্ষা করিতে লাগিলেন। বক বেলাতিক্রম দর্শন করিয়া রাগে দীপ্তবর্ণ হইয়া ব্রাহ্মণের আলয়ে হুঙ্কারপুরঃসর প্রবেশ করিল। অমনি যুগান্তবহ্নিতুল্য ভীম আয়ুধ-শস্ত্র দ্বারা তাহাকে আক্রমণ করিয়া কহিলেন, রে দুরাত্মন্! আমাদিগের আশ্রয়দাতা ব্রাহ্মণতনয়কে হনন করিতে আসিয়াছিস্, আজ তোর শোণিত আমি দর্শন করিব। আজ তোর মুণ্ডচ্ছেদন করিব।—এই বলিয়া ভীম সমরপ্রদান করিয়া বকের মস্তক ধরিলেন, যেমন ধরিলেন তেমনি ভগ্ন করিলেন।—সিংহ যেরূপ করীর মুণ্ড বিদীর্ণ করে, ভীমসিংহ সেইরূপ বক বিনাশ করিয়া ব্রাহ্মণের চক্ষের জল মোচন করিলে, নগরবাসিরা অনেকে, যাহারা উপস্থিত ছিল এই ব্যাপার দর্শন করিয়া নগর কোলাহলময় করিল। কহিতে লাগিল, বিধাতা বুঝি একচক্রা-উদ্ধারের জন্য পঞ্চনর প্রেরণ করিয়াছেন। তাঁহারা সত্যযুগের আবিষ্কার করিয়াছেন। মহাত্মা ভীমাদি এই অসাধারণ কার্য্য সম্পন্ন করিয়া একচক্রা সমাজে বিশেষ প্রতিষ্ঠা লাভ করিলেন। ক্রমশঃ শুনিলেন, পাঞ্চালরাজ্যে পাঞ্চালকন্যার স্বয়ম্বর হইবে। যুধিষ্ঠির শুনিয়া কহিলেন, পাঞ্চালদেশ অতি ধনধান্যসম্পন্ন, সে স্থলে ভিক্ষা প্রচুরপরিমাণে পাওয়া যায়, চল আমরা এ স্থান ত্যাগ করিয়া পাঞ্চালনগরে গমন করি। এই বলিয়া তাঁহারা পাঞ্চাল-গমনে কৃতসঙ্কল্প হইয়া পাঞ্চালযাত্রা করিলেন। পথে কত স্বভাবশোভাদর্শন করিতে লাগিলেন;—কোন স্থলে গগনস্পর্শী বৃক্ষ, কোন স্থানে নানা বিটপিশোভা, নদী-তীরে রাখালদিগের গানে দিক পুরিত হইতেছে।—স্নিগ্ধ পথ দিয়া উত্তরাভিমুখে যাইতে যাইতে সোমাশ্রয়ণ নাম তীর্থ প্রাপ্ত হইয়া

সায়ংকালে ভাগীরথীতীরে উপস্থিত হইলেন। তথায় অঙ্গারপর্ণনামা এক গন্ধর্ব্বরাজ রমণীগণের সহিত ক্রীড়া করিতেছিল। মনুষ্যের পদসঞ্চার শ্রবণ করিয়া গন্ধর্ব্ব, রাগে প্রজ্জ্বলিত হইয়া শরাসন গ্রহণপূর্ব্বক পাণ্ডববিনাশে উত্থিত হইলেন। দেখিলেন সম্মুখে পঞ্চ দিব্য নর ও একটী বৃদ্ধা অগ্রগামিনী। দেখিয়া কহিলেন তোমাদের কি কিছু বিবেচনা নাই। তোমরা অতি মূঢ়, জান না, সন্ধ্যার কিঞ্চিৎকাল পূর্ব্বাবধি সমস্ত রজনী যক্ষ, গন্ধর্ব্ব ও রাক্ষসদিগের সময়। দেখিতেছি, তোমরা লোভপরতন্ত্র হইয়া রাক্ষসী বেলায় নদীতীরে ভ্রমণ করিতেছ। রাত্রিকালে নদীতীরে ভ্রমণ মনুষ্যদিগের নিষিদ্ধ। অতএব আমি আমার জলক্রীড়াবিঘ্ন দেখিয়া, তোমাদিগকে বিনাশ করিব। অর্জ্জুন রাক্ষসের সেই উদ্ধত বচন শ্রবণ করিয়া অস্ত্র ধারণ করিয়া কহিলেন, রে দুর্ব্বোধ। হিমালয়ের পার্শ্বদেশ, সমুদ্র ও গঙ্গাকূল এই তিন স্থান কাহারও অধিকৃত নহে। ভুক্ত হউক বা অভুক্ত হউক দিবা বা রজনীতে গমন করিলে দোষস্পর্শী হয় না। এই বলিয়া অর্জ্জুন মহাসমর আরম্ভ করিলেন। বাণেতে আকাশমণ্ডল ব্যাপ্ত হইল। অঙ্গারপর্ণ যুদ্ধে পরাজিত হইয়া অর্জ্জুন-সন্তোষার্থে কহিলেন আমি এই চাক্ষুষী-বিদ্যা তোমাকে প্রদান করিলাম। ভগবান মনু সোমকে, সোম বিশ্বাবসুকে, বিশ্বাবসু আমাকে এই বিদ্যা দান করেন। আর গন্ধর্ব্ব অবধ্য পঞ্চশত অশ্ব পাণ্ডবদিগকে প্রদান করিয়া কহিলেন, তোমাদিগের হইতে আমি আগ্নেয়াস্ত্র ও বৃদ্ধি ঔষধ এককালে গ্রহণ করিব। পরে পাণ্ডবেরা কুন্তীলসীসনাথ গন্ধর্ব্বরাজকে সান্ত্বনা করিয়া কহিলেন, গন্ধর্ব্বরত্ন! অতঃপর প্রয়োজনকালে আগ্নেয়াস্ত্র দান করিয়া অশ্ব গ্রহণ করিব, এই বলিয়া তাহার করে অশ্ব সমর্পণপূর্ব্বক তাঁহারই উপদেশে উৎকোচনামক তীর্থে দেবলভ্রাতা ধৌম্যকে পৌরহিত্যে বরণ করিয়া পাঞ্চালাভিমুখী হইলেন।—

ভীম কুন্তীকে বহন করিতেছেন। যুধিষ্ঠির কহিলেন, দেখ ভাই! মনুষ্যের কত বিপদ্। পিতার পরলোক হইয়াছে, আমাদিগের আর কেহ নাই বলিয়া, সুযোধন আমাদিগের প্রাণনাশে কৃতসঙ্কল্প হইয়াছিল। একদিকে সুযোধন শত্রু, আর একদিকে পুরোচন শত্রু, আর একদিকে হিড়িম্বাক্রমণ, আবার দেখ বকরাক্ষসসংগ্রাম। ভাই। বিধাতা বাম হইলে এইরূপই ঘটিয়া

থাকে। রাজ্য ধন কি বিপত্তির আস্পদ! রাজ্যলোভেই সুযোধন আমাদিগকে বিনাশ করিতে নরহত্যা-পাপ ভয় করে নাই। যে ব্রহ্মাণ্ডপতি জগৎপালন করিতেছেন, তাঁহার রক্ষিত ধর্ম্মপথে থাকিলে কখনই ক্লেশ পাইব না। যুধিষ্ঠির এইরূপ নানা নীতিগর্ভপরিপূর্ণ বচন কহিতে কহিতে পাঞ্চালনগরে * উপস্থিত হইলেন। দেখিলেন তথায় অসংখ্য লোক সমবেত হইতেছে। পাঞ্চালনগরের চতুর্দ্দিকে আম্র, খর্জ্জুর, প্রিয়াল, সালতরু প্রভৃতি শোভা পাইতেছে। স্বচ্ছ সলিল কত সরোবর রহিয়াছে। পাঞ্চালেরা কি সুখী। তাহারা নিয়মিত পরিশ্রম করিয়া আপনাদিগের দেশ কৃষিকার্য্যের এমন উপযোগী করিয়াছে, যে বসুমতী আশার অতিরিক্ত শস্য প্রদান করে। পূর্ণ তড়াগসকল বারি দ্বারা পাঞ্চালদেশ প্লাবিত করিয়া হৃষ্টপুষ্ট করিয়াছে। কৃষি দেবমাতৃকা নহে। কৃষিকার্য্যের অসুবিধা তাহাতে কেন হইবে? তাঁহারা পবিত্র পুণ্যতোয়-চর্ম্মণ্বতী-শোভিত পাঞ্চালদেশ প্রবেশ করিয়া দেখিলেন, পাঞ্চালদেশ অতি বিভূষিত। রত্নমালা গেহে, গেহে, রাজপথে শোভা পাইতেছে। সকল স্থানেই পূর্ণঘট। নর্ত্তকনর্ত্তকীরা নৃত্য করিতেছে। দুন্দুভিধ্বনিতে গগন প্রতিধ্বনিত হইতেছে। বেণুবীণাপণবশব্দে দিক্ আমোদিত হইতেছে। কত স্কন্ধাবার বিমানের ন্যায় শোভা পাইতেছে। অতিথিপ্রিয় পাঞ্চালেরা অকাতরে দান করিতেছে।—সকলেই হর্ষমত্ত। অর্জ্জুনের কিন্তু দক্ষিণ বাহু স্পন্দন করিতে লাগিল। তিনি তাহার ফল অনুমান করিতে না পারিয়া পাঞ্চালদিগের আমোদে হর্ষোন্মত্ত হইতে লাগিলেন।—বিবাহ স্থান বঙ্গভূমির ন্যায় সজ্জিত করা হইয়াছে। চতুর্দ্দিকে প্রাকার ও পরিখা। মধ্যে মধ্যে কমলবিকশিত সরোবর। স্বয়ম্বর সভাস্থান উত্তুঙ্গ স্তম্ভ দ্বারা পরম শোভা পাইতেছে। চারিদিকে উপবেশনের উচ্চ, তদুচ্চ স্বর্ণাসন চক্রাকারে রক্ষিত হইয়াছে। মধ্যে মধ্যে তোরণসমূহ। লোকরুতপূর্ণ সুধাধবল সৌধশ্রেণী তুষারে সাগরস্পর্শী হিমালয় ন্যায় শোভা পাই-

---

* Panchala extends from the foot of the Himalaya to the river Chambul, It was governed by the five sons of Heri Ashwa. Panchala is Kanyakubja. 19-2. Kalluktika, Manu.—

তেছে। এই সকল প্রাসাদের কুট্টিমভূমি মনিময় পট্টে বিকশিত। দ্বারসকল সমসূত্রপাতে ন্যস্ত। সোপানসকল কি রমণীয়! চন্দ্রাতপ আকাশে কি বিস্তীর্ণ। রত্নমালা চারিদিকে লম্বমানা। গন্ধদ্বারা দিক আমোদিত হইতেছে। দ্বারেতে দ্বারপাল সকল রঞ্জিতবস্ত্রে দণ্ডায়মান। পূর্ণকুম্ভ ও কদলীবৃক্ষ শোভা পাইতেছে। শূন্যদেশে যন্ত্র স্থাপিত হইয়াছে। তৎসঙ্গে লক্ষ্যসংযোজনা রহিয়াছে। নিম্নে চুরানম্য শরাসন বাসবের চাপের ন্যায় শোভা পাইতেছে। যে ব্যক্তি ঐ সজ্য শরাসনে শরসন্ধানপূর্ব্বক যন্ত্র অতিক্রম করিয়া লক্ষ্যভেদ করিতে পারিবে, অর্থাৎ যিনি যন্ত্রের ছিদ্র দ্বারা পঞ্চশর নিক্ষেপ করিয়া লক্ষ্য ধরাতলে পাতিত করিতে সমর্থ হইবেন, তিনি কন্যারত্ন লাভ করিতে পারিবেন। নিরূপিত দিবসে অঙ্গ, বঙ্গ, যবন, * কলিঙ্গ, কাশী, কাশ্মীর, দ্রাবিড় প্রভৃতি মহামহাসম্ভ্রান্ত নরপতিরা পাঞ্চাল-রাজ্যে আসিতে লাগিলেন। ক্রমশঃ সকলেই স্বয়ম্বরস্থানে উপস্থিত। সিংহগ্রীব নৃপসন্তানেরা সিংহগ্রীবা বক্র করিয়া সিংহাসনে উপবেশন করিয়া আছেন, ইহাতে বোধ হইতেছে যেন স্থলী বন হইয়াছে। অলঙ্কৃতা পাঞ্চালী সভাস্থলে উপনীত হইলে হীরকশোভিত অঙ্গুলী দ্বারা কোন রাজা নিজ মুকুট স্পর্শ করিতেছেন। ইহাতে বোধ হইতে লাগিল, তাহাদিগের মুখকমল নক্ষত্রমালায় বিভূষিত হইয়াছে। রাজারা মধ্যে মধ্যে ইহার দিকে উহার দিকে পাঞ্চালীবিষয়িনী দৃষ্টি করিতেছেন। ইহাতে বোধ হইতেছে যেন রাজাদিগের দেহপিঞ্জরস্থ আশা-পক্ষী ইহার গাত্রে উহার গাত্রে বসিতেছে। জনমণ্ডলী রাজাদিগকে দেখিতেছে, ইহাতে বোধ হইতেছে, যেন পার্থিবজনেরা হিমালয়ের উন্নত শৃঙ্গে দৃষ্টি করিয়া রহিয়াছে। রাজাদিগের মুখকমল, তত্রস্থ দীর্ঘিকার প্রস্ফুটিত কমল ও ত্রিভুবনললামভূতা পাঞ্চালীর বদনকমলে যেন স্থলী ক্ষণকাল কমলময়ী হইল।

দ্রৌপদী রক্তবসনপরিধানা ও হস্তে একটি কমল ধারণ করিয়া আছেন ইহাতে বোধ হইতেছে যেন শচী রক্ত মেঘে অবতরণ করিয়া পার্থিব একটী কমল দেখিতেছেন। কুমাররূপ ভ্রমরেরা পাঞ্চালীর গাত্রের পদ্মগন্ধে উন্মত্তের ন্যায় প্রকাশ পাইতেছে। তপস্যার ফল স্বরূপ পাঞ্চালী সেই স্থলে দণ্ডায়মান রহিলেন। ধৃষ্টদ্যুম্ন গাত্রোত্থান করিয়া বলিতে লাগিলেন। কাশীকাশ্মীরপ্রভৃতি

* Possibly the Bactrian Greeks—Ionians

দেশস্থ রাজগণ! আমাদিগের এই প্রতিজ্ঞা, যিনি এই শরাসনে জ্যারোপণ করিয়া যন্ত্রচ্ছিদ্রদিয়া পঞ্চবাণদ্বারা এই লক্ষ্যভেদ করিতে পারিবেন, তিনি রূপ-লাবণ্যসম্পন্না মদীয়া ভগিনী কৃষ্ণাকে লাভ করিবেন, এইরূপে তিনবার বলিয়া বসিলেন। এই শ্রবণ করিয়া কাশ্মীর-দেশীয় রাজা উঠিলেন, তিনি চক্রের নিকট গমন করিয়া লক্ষ্যে শর সন্ধান করিলেন। কিন্তু শর মধ্যে না লাগিয়া ব্যর্থ হইল। রাজা লজ্জিতমুখে মস্তক অবনত করিয়া সিংহাসনে উপবেশন করিলেন। তৎপরে কাশীরাজ গাত্রোত্থান করিলেন, তিনি বিশেষ দৃষ্টি করিয়া লক্ষ্যে শর নিক্ষেপ করিলেন। কিন্তু তাঁহারও দৃষ্টি বিফল হইল। তিনি অপ্রতিভ হইয়া নিজাসনে উপস্থিত হইলেন। পরে অঙ্গরাজ কর্ণ সদর্পে চক্রের নিকট গমন পরিয়া দক্ষতার সহিত ঊর্দ্ধে বিশেষ দৃষ্টি করিলেন এবং চতুর্দ্দিকে নিরীক্ষণ করিয়া শরাসনে শরসন্ধান করিলেন। কিন্তু দ্রৌপদী কহিলেন, আমি সূতপুত্রকে কখনই বরণ করিব না। কর্ণ সামর্ষহাস্যে তৎক্ষণাৎ শরাসন ত্যাগ করিলেন। এইরূপ দুর্য্যোধন দুঃশাসন এবং অনেকানেক নরপতিগণ চক্র ভেদ করিতে অক্ষম হইলে ধৃষ্টদ্যুম্ন ভারাতুর হইলেন।—তিনি দেখিলেন কন্যাদান কঠিন হইল। পরে অর্জ্জুন নম্রভাবে শিবকৃষ্ণকে স্মরণ করিয়া শরাসনগ্রহণ করিলেন। সকল রাজারা, রে ব্রাহ্মণ! তিষ্ঠ, তিষ্ঠ, ব্রাহ্মণের স্বয়ম্বর নহে বলিয়া কোলাহল করতঃ উপহাসপুরঃসর হাস্য করিতে করিতে উঁহাকে নিবারণ করিতে লাগিল।—

এদিকে অর্জ্জুন গম্ভীরভাবে দ্রোণাচার্য্যকে একবার উদ্দেশে বন্দনা করিয়া যুধিষ্ঠিরের চরণরজঃ মস্তকে লইয়া, একেই লক্ষ্যভেত্তাদিগের মধ্যে অদ্বিতীয়, তাহাতে আবার গন্ধর্ব্বদত্তচাক্ষুষীবিদ্যাসম্পন্ন, নিমিষমধ্যে শরগ্রহণ করিয়া তীক্ষ্ণ দৃষ্টিতে ঊর্দ্ধহস্তে যন্ত্রচ্ছিদ্র দিয়া চক্র ভেদ করিলেন। লক্ষ্য ধরাতলে পড়িল। † সকলে একটা কোলাহল করিয়া উঠিল। অর্জ্জুন লক্ষ্যভেদ

† The text seems to say that a movable mark was suspended in the air whirled rapidly round upon a pivot, that upon a level with the plane of the circle which was fixed, upon one side of it a hoop or ring; and that five arrows were to be simultaneously shot through the ring as the mark came

করিয়া যুধিষ্ঠিরের নিকট গমন করিলেন। দীন যুধিষ্ঠির অর্জ্জুনের মুখচুম্বন করিলেন। ধৃষ্টদ্যুম্ন প্রতিজ্ঞানুসারে অর্জ্জুনকে ভগিনীদান করিলেন। রক্ত-বসনাবগুণ্ঠিতা পাঞ্চালী স্বাহা যেমন যজ্ঞের, পতির অনুগামিনী হইলেন।

রাজারা দ্রুপদকে কন্যা ব্রাহ্মণগামিনী করিতে দেখিয়া নিজ নিজ অপমান বুঝিয়া কন্যানাশ-উদ্যোগে দ্রুপদকে আক্রমণ করিলে অর্জ্জুন শরজালে দিক্ সমাচ্ছন্ন করিয়া সকলকে নিরস্ত্র করিয়া পরাভূত করিয়া দ্রুপদকে প্রাণ দিলেন। পরে পঞ্চভ্রাতা পাঞ্চালী সমভিব্যাহারে গৃহে জননী সন্নিধানে গমন করিলে কুন্তী জিজ্ঞাসা করিলেন, বৎসগণ! কি ভিক্ষালাভ হইয়াছে? তনয়েরা কহিল, মাতঃ! আজ অত্যুৎকৃষ্ট রত্নলাভ করিয়াছি। জননী কহিলেন, বৎসগণ! পাঁচভায়ে বিভাগ কর। যুধিষ্ঠির কহিলেন মা! এযে পাঞ্চাল রাজার কন্যা, পাঁচভায়ে কিরূপে বিভাগ করিব। কুন্তী দেখিলেন এই যে বধূ আসিয়াছে! কিন্তু যাহা বলিয়াছেন তাহাত মিথ্যা হইবার নহে এই জন্য মাতৃবাক্যে যুধিষ্ঠিরাদি পঞ্চ ভাইই পাণ্ডব প্রকাশ পাইয়া ক্ষত্রিয় বিধানানুসারে দ্রুপদভবনে পাঞ্চালীকে বিবাহ করিলেন। * বিধাতার নির্ব্বন্ধ যেন কে খণ্ডন করিবে!—

---

opposite to it. Perhaps even Robin Hood could not try the chance. Like the suitors of Panelope many as the kings of the Ionians or Yavanas who were Greeks present on the occasion and as the Parthians the celebrated archers, even could not bend this bow.

* Sir William Jones calls Droupodi "a five maled, single femaled flower" It is not that this was the practice in Bharatvarsa, The Pandavas married one wife jointly by some divine interference. See Chap. 79 196—199. Adi-M. Not like the savage Bhotias or nomadic Scythians according to Herodotus, if this would be a borrowed practice, why are a few cases of Barksi and Jatila ?—197 Ch. Adi. M.

রাজা তনয়াকে সর্ব্বাঙ্গ রত্নাভরণে ভূষিত করিয়া সভাস্থলে আনয়ন করিলেন। প্রফুল্লপঙ্কজমালিনী সভা নক্ষত্রশালিনী আকাশ-সভার ন্যায় শোভা পাইতে লাগিল। লজ্জা-নম্রমুখী দ্রৌপদী পাঞ্চালপরোক্ষ করিয়া অবগুণ্ঠন মধ্য দিয়া পাণ্ডবগণকে ঈষৎ বিলোকন করিতে লাগিলেন। চন্দ্রের পুষ্যাসঙ্গমে পুরোহিত বহ্নিস্থাপন ও মন্ত্রোচ্চারণ করিয়া হুতাশনে আহুতি প্রদানপূর্ব্বক কৃষ্ণাকে একে একে পাণ্ডব-সহ অগ্নি প্রদক্ষিণ করাইয়া পরিণয় কার্য্য সমাধা করিলেন। দ্রুপদ জামাতৃগণকে ধনহস্তিবেশভূষণবর্ম্ম প্রভৃতি অনেক দান করিলেন। সমাগত দর্শকবৃন্দকে অনেক বিভূষণও ধন দিলেন।

তৃতীয় সর্গ।

ভীষ্ম দ্রোণ বাহ্লীকপ্রভৃতি কুরুশ্রেষ্ঠেরা, পাণ্ডবগণ জীবিত আছেন শ্রবণ করিয়া, হর্ষের পরাকাষ্ঠা প্রাপ্ত হইয়া ধৃতরাষ্ট্রকে বুঝাইতে লাগিলেন, রাজন্! ভাগ্যাৎ পাণ্ডুনন্দনেরা জীবিত আছেন। বিধাতার কৃপায় আজ তাহারা পাঞ্চালরাজকে সহায় পাইয়াছেন। অতএব আমাদিগের পরামর্শে, পাণ্ডবদিগকে রাজধানীতে আনিয়া অর্দ্ধেক রাজ্য সম্প্রদান করুন। জল দিয়া যেমন বহ্নি নাশ হন, তেমনি জ্ঞান দ্বারা দুরাশা উপশম কর। ধৃতরাষ্ট্র পাণ্ডবদিগের অদৃষ্ট স্মরণ করিয়া ভীষ্মাদির পরামর্শে, তাহাদিগকে, কাহার কথা না শুনিয়া, অর্দ্ধেক রাজ্য সম্প্রদান করিলেন। তদনুসারে যুধিষ্ঠির ইন্দ্রপ্রস্থে রাজধানী করিয়া অপত্যনির্ব্বিশেষে পুনঃ রাজ্যারম্ভ করিলেন।—

ধৃতরাষ্ট্র কহিলেন, যুধিষ্ঠির! রাজার সদা দণ্ডশীল বা পৌরুষমতি হওয়া উচিত নহে; বিপক্ষেরা যেন তাহার কোষ বলাদির কোন সন্ধান না পায়। ভ্রূণহত্যা পাপ রাজ্যে হওয়া উচিত নহে। রাজা নিজ দোষ গোপন করিবেন। পরচ্ছিদ্রান্বেষণ করিবেন। শত্রু দুর্ব্বল হইলেও নাশ করিবে। সামাদি দ্বারা শত্রুকে বশে আনয়ন করিয়া বিনাশ করিবে। শরণাপন্ন হইলে তাহার প্রতি অনুকম্পা করিবে না। শরাসন তৃণতুল্য ত্যাগ করিবে। মৃগের ন্যায় আত্মসাবধান থাকিবে। আচার্য্যও নিন্দনীয় কার্য্য করিলে দণ্ডনীয়। প্রহার জন্য প্রীতিবাক্য বলিবে। যেমন কৃষ্ণবর্ণ মেঘ উন্নত মহীধরকে আচ্ছন্ন রাখে,

সেইরূপ ধর্ম্ম-মেঘ বারিবর্ষণ করে। বিশ্বস্ত ব্যক্তিকেও অধিক বিশ্বাস করিবেনা। প্রার্থীকে আশা দিবে, আশাপূরণ করিবে না। যদি করা হয়, বিলম্বে। সংশয় শ্রেয়োলাভের মূল। পরমর্ম্মবিদারণ দারুণ কর্ম্ম সম্পাদন ও শত শত শত্রুসংহার বিনা মনুষ্য বৃদ্ধি পায় না। অনাগত কার্য্যকেও অচিরাগত বোধ করিয়া চলিবে। যুধিষ্ঠির কহিলেন, ধর্ম্ম আমার প্রিয়ভূষণ, শত্রু আমার জীবনধন, আমি কাহারও অনিষ্ট করিতে পারিব না, রাজনীতি মনের প্রশস্তভাবে রহিতেছে, অতএব আপনার কথা শুনিলাম, আশীঃ করুন, ধর্ম্মবলে যেন শত্রুকে চুম্বন করিতে পারি।

যুধিষ্ঠির ইন্দ্রপ্রস্থের সিংহাসনে আরোহণ করিলে নগরের অতীব শোভা হইল। সমুদ্র-স্বরূপ পৃথিবীর পরিখা, সেইরূপ বলয়াকৃতি পরিখা দ্বারা ইন্দ্রপ্রস্থ শোভিত হইল। মেঘমালা-সদৃশ গগনস্পর্শী প্রাচীর প্রস্তুত হইল। তাহাতে গরুড়ের পাখার ন্যায় দ্বারকপাট সকল শোভা পাইতে লাগিল। মন্দরভূধরসদৃশ প্রাসাদমালা পরম রমণীয়তা সম্পাদন করিল। ইন্দ্রপ্রস্থকে বিদ্যুৎসমাবৃত মেঘবৃন্দের ন্যায় অকাল মেঘ হইতে লাগিল। তীক্ষ্ণ-অস্ত্রশস্ত্রশতঘ্নীপ্রভৃতি নগরের দ্বারেতে শোভা পাইতে লাগিল। যুধিষ্ঠির অপত্যনির্ব্বিশেষে প্রজাপালন করিতে লাগিলেন। তাঁহার শাসনকালে ইন্দ্রপ্রস্থে সকলেই সমৃদ্ধিসম্পন্ন হইলেন। পর্জ্জন্য যথাকালে বারিবর্ষণ করিতে লাগিল। কোন প্রকার দৈবপীড়া নাই। দুরাকাঙ্ক্ষা ও কেবল অপরিমিত ধনতৃষ্ণা কাহাকেও ক্লেশ দিতে লাগিল না। সকলেই সকলের সুখ ভালবাসিতে লাগিল। অসূয়া, ব্যাধি, ইন্দ্রিয়সেবা একেবারে রাজ্য হইতে গমন করিল। পরিশ্রমী কৃষকদিগকে বসুন্ধরা দেবী আশাতিরিক্ত শস্য প্রদান করিয়া সকলকে আনন্দিত করিতে লাগিলেন। ঐকান্তিকী ইন্দ্রিয়সেবা কেহই করিতে লাগিল না। যুধিষ্ঠির রাজার প্রজা-সকল অতুল ঐশ্বর্য্যে শ্রদ্ধা ও দারিদ্র্যতার তীব্রশরকেও গ্রহণ করিয়া রণস্থলে মৃত্যুমুখে অভিভূত ব্যক্তি অপেক্ষা ভীষণ হইল। কৃতঘ্নতা, অবহিত্থা ও অর্থগৃধ্নতা অসৎকর্ম বলিয়া সকলে ঘৃণা করিতে লাগিল। যুধিষ্ঠির সকলের আহার না হইলে আহার করিতেন না। চন্দ্রমা যেমন নক্ষত্রমণ্ডলীকে পালন করে, তেমনি যুধিষ্ঠির প্রজাপুঞ্জকে শাসন করিতে লাগিলেন। রাত্রিশেষে অর্থাগম চিন্তা, বালকদিগকে বিদ্যা-দান ও

সত্যভাষণ এই সকল বিষয়ে যুধিষ্ঠির বিশেষ মনোযোগ করিতে লাগিলেন। সকলের স্বচ্ছন্দে ও সুপ্রণালীতে সংসারযাত্রা নির্ব্বাহ হয়, এই তাঁহার বিশেষ চেষ্টা রহিল। প্রকৃতিবর্গ সকলই হোমপরায়ণ। তাহারা স্বাস্থ্য, বীর্য্য ও নীরোগত্বে পরম সুখে কালযাপন করিতে লাগিল। পৃথিবীর অনেক ইতিহাসে রাজারা নিজের সুখের জন্য রাজ্যধন বাসনা করেন, কিন্তু যুধিষ্ঠির ফলে পরের জন্য রাজ্যধন গ্রহণ করিয়াছিলেন। ফলতঃ, তদীয় অধিকার কালে প্রজাবর্গের যাদৃশ সুখসম্ভোগ হইয়াছিল, তাদৃশ সুখসম্ভোগ রামরাজ্য ভিন্ন আর কোন রাজ্যে শ্রুত হওয়া যায় নাই। রক্ত-পতাকা-সকল উড্ডীন হইতেছে। কত কত বিচিত্র গৃহ, লতাগৃহ ও পাতাল গঙ্গা শোভা পাইতে লাগিল।

চতুর্দ্দিকে আম্র, আম্রাতক, নাগ, চম্পক, পুন্নাগ ও নাগপুষ্প, বকুল, জম্বু, পাটল, করবী প্রভৃতি বৃক্ষ শোভা পাইতেছে। নানা দীর্ঘিকা ও হোমগৃহ বিরাজ করিতেছে। তাহাতে ভ্রমর সকল গুন্ গুন্ করিয়া এক পুষ্প হইতে অন্য এক পুষ্পে বসিতেছে। হংস, বক, চক্রবাক, কারণ্ডব প্রভৃতি জলচর পক্ষিগণ ক্রীড়া করিতে লাগিল। প্রফুল্ল-কমল-সকল মারুতভরে সঞ্চালিত হইতেছে। আর তথায় নানা উদ্যানের কি শোভা! মত্ত ময়ূর ও কোকিলসকল নৃত্য ও কুহুরব করিতেছে। নগর মধ্যে বেদবেত্তা ব্রাহ্মণগণ বাস করিতে লাগিলেন।

মহামহান্ত বণিক্‌সকল আসিয়া বাস করিতে লাগিল। আকাশযান সর্ব্বত্র গতিবিধি করিতে লাগিল। ইতি মধ্যে দেবর্ষি নারদ এক-পত্নী উপলক্ষে তাঁহাদের ভ্রাতৃবিবাদ নিবারণার্থ পত্নী-সম্ভোগ-সম্বন্ধে এক নিয়ম সংস্থাপন করিয়াছিলেন,—একজন করিয়া দ্রৌপদীকে উপভোগ করিতে পারিবেন। সেই সময় দ্রৌপদীর নিকট আর কেহ গমন করিতে পারিবে না। গমন করিলে ব্রহ্মচারী হইয়া তাঁহাকে দ্বাদশ বৎসর বনে বাস করিতে হইবেক।

অর্জ্জুনাদিভ্রাতৃচতুষ্টয় রাজ্যপর্য্যালোচনা করিতেছেন। যুধিষ্ঠির দ্রৌপদীর সহিত অস্ত্রাগারে আছেন। এমন সময় এক ব্রাহ্মণ তস্কর কর্ত্তৃক হৃতগোধন হইয়া পাণ্ডবদ্বারে উপনীত হইল। রক্ষস্তারণ করিয়া কহিতে লাগিল, হে ধর্ম্মপুত্র যুধিষ্ঠির! আপনি কি দীনপালনব্রত ত্যাগ করিয়াছেন? বিপত্তের্মধুসূদন আপনি কি আর নন্? ঐ দেখুন চোরে আমার গোধন হরণ করিয়া লইয়া যায়। অর্জ্জুন ব্রাহ্মণের কাতর বাক্য শুনিয়া "মা ভৈষীঃ"

"মা ভৈষীঃ" বাক্যে সাহস দানকরতঃ অস্ত্রাগারে প্রবেশ করিতে যাইতেছেন, এমন সময়ে দেখিলেন যুধিষ্ঠির দ্রৌপদীর সহিত বিশ্রাম করিতেছেন, দেখিবা-মাত্র পদস্খলিতগতি হইলেন।—কিন্তু ব্রাহ্মণের উপকারের জন্য পূর্ব্বনিয়ম উল্লঙ্ঘন করিতে কাতর না হইয়া গৃহপ্রবেশপূর্ব্বক অস্ত্র লইয়া ব্রাহ্মণের গোধনাহরণার্থ গমনকরিলেন। আহরণ করিয়া তিনি প্রতিগমন পূর্ব্বক পূর্ব্ব প্রতিজ্ঞানুসারে দ্বাদশ বৎসর বনে গমন করিতে কৃতসঙ্কল্প হইলেন। যুধিষ্ঠির বক্ষস্তাড়ণ করিয়া ক্রন্দন করিতে লাগিল। কিন্তু কোন ক্রমেই তিনি প্রবোধ ধারণ করিতে পারিলেন না। তিনি গাত্রে ভস্ম, শিরে জটাধারণ, ও করে কমণ্ডলু গ্রহণ করিয়া পরিব্রাজকবেশে বনে গমন করিলেন। বেদ-বেদাঙ্গ ও দিব্যাখ্যানবেত্তা এবং অধ্যাত্ম শাস্ত্রবিৎ ব্রাহ্মণগণ, পৌরাণিক সূতগণ ও কথকগণ এবং বনচারী সন্ন্যাসিসকল অনুগমন করিল। দ্বাদশ বৎসর অতিক্রান্ত হইলে অর্জ্জুন রাজধানী প্রত্যাগমন করেন। ঐ দ্বাদশ বৎসরের মধ্যে অর্জ্জুন কোন স্থলে দারপরিগ্রহ, কোন স্থলে তীর্থদর্শনাদি করেন। দারপরিগ্রহ কালে নাগকন্যা উলূপী, মণিপুরেশ্বরদুহিতা ও দ্বারাবতীতে যাদবনন্দিনী ভদ্রা অনুগৃহীতা হন। তীর্থদর্শনকালে তিনি অগস্ত্য-বট, বশিষ্ঠ-শৃঙ্গ, ভৃগুতুঙ্গ ও সৌম্যাশ্রম প্রভৃতি তীর্থ সন্দর্শন করিয়া আত্মাকে কৃতার্থ করিলেন। পুরপ্রবেশকালে যাদবেরা পুষ্পপ্রহাসসমন্বিত কতই আনন্দ করিতে লাগিল।—অর্জ্জুন রাজধানীতে প্রত্যাগমন করিলে সকলে পরম সন্তোষ লাভ করিলেন। নষ্টদ্রব্য প্রাপ্ত হইলে গৃহী যেরূপ সুখী হয়, মৃতপুত্র জীবিত হইলে পিতা যেরূপ সুখী হন, অনাবৃষ্টিতে বর্ষা হইলে কৃষক যেরূপ আনন্দ প্রাপ্ত হয়, সেইরূপ যুধিষ্ঠির অর্জ্জুন সমাগমে প্রীতি লাভ করিলেন। কালে ভদ্রার গর্ভে মহাত্মা অভিমন্যু ও দ্রৌপদীর গর্ভে পঞ্চ পুত্র উৎপন্ন হইল। কিয়দ্দিন পরে অর্জ্জুন শ্রীকৃষ্ণসমভিব্যাহারে বৃহৎ খাণ্ডববন দাহ করিয়া লোকবসতির অনেক উপকার করিলেন। এই খাণ্ডববন দাহনকালে তিনি অগ্নির আদেশে বরুণ হইতে গাণ্ডীব ধনুঃ, অক্ষয় তূণীর ও কপিধ্বজ রথ প্রাপ্ত হন। এবং ময়দানবকে অগ্নি হইতে রক্ষা করিয়া উহার বৎসলতা প্রাপ্ত হন। এই সময়ে অগ্নি কৃষ্ণকে সুদর্শন চক্র ও কৌমোদকী গদা প্রদান করেন।

পক্ষিসকল যেরূপ মহীরুহকে আশ্রয় করিয়া নিশা অতিবাহিত করে, সেইরূপ প্রকৃতিবর্গ যুধিষ্ঠিররূপ মহাবৃক্ষকে আশ্রয় করিয়া ত্রই কাল নিশা অতিবাহিত করিতে লাগিল। যেরূপ ঐ সুমেরু-শৃঙ্গে অনেক তাপস বাস করেন, সেইরূপ সুমেরুরূপ যুধিষ্ঠিরকে প্রাপ্ত হইয়া অনেকে তপস্যা বৃদ্ধি করিতে লাগিল। যেরূপ ঐ সুমেরু হইতে ভগবতী গঙ্গা প্রবাহিতা হইতেছেন, সেইরূপ নীতি-সলিল ও শান্তি নদী ঐ যুধিষ্ঠির সুমেরু হইতে প্রবাহিত হইয়া জগন্মণ্ডল প্লাবিত করিল। যেরূপ সুমেরু পার্শ্বদেশে মেঘসমূহ বিচরণ করিতেছে, সেইরূপ হোমধূম-রূপ মেঘ ঐ যুধিষ্ঠিরসুমেরুর চতুর্দ্দিকে বিচরণ করিতে লাগিল। যেমন পৃথিবীরূপ পদ্মের কর্ণিকা ঐ সুমেরু, তেমনি অখিল রাজন্যনিকরের কর্ণিকা ঐ যুধিষ্ঠির বোধ হইতে লাগিল। যেমন অরুণোদ, অসিতোদ, মানস, ও মহাভদ্র সরোবর ঐ সুমেরুর চতুর্দ্দিকে শোভা করিতেছে, তেমনি অর্জ্জুনাদিরূপ শান্তিস্থাপক সরোবরচতুষ্টয় ঐ যুধিষ্ঠিরের চতুর্দ্দিকে শোভা পাইতে লাগিল। যেরূপ ঐ সুমেরুর চতুষ্পার্শ্বে দেবদারু-কর্ণিকার প্রভৃতি বৃক্ষ ও নানা উদ্যান শোভা পায়, সেইরূপ ইন্দ্রপ্রস্থের উদ্যান ও বৃক্ষ সকল ঐ যুধিষ্ঠিরের চতুর্দ্দিক শোভা করিতে লাগিল। অধ্যয়নশীল, যজ্ঞশীল ব্রাহ্মণেরা ঐ যুধিষ্ঠিরের রাজ্যে অতি প্রীতমনে বাস করিতে লাগিলেন। সিংহভয়ে যেরূপ বনমধ্যে কেহ প্রবেশ করেনা, তেমনি যুধিষ্ঠিরপুণ্যভয়ে কেহ অধর্ম্ম করিতে লাগিল না।

চতুর্থ সর্গ।

জয়শীল পাণ্ডবেরা পুরোহিত ধৌম্য ও ব্যাসের আদেশে রাজসূয় মহা-যজ্ঞের অনুষ্ঠান করিবেন, এমন সময় খাণ্ডবদাহে উপকৃত ময় আসিয়া কহিতে লাগিল, মহারাজ! কৈলাসের উত্তরে মৈনাকসন্নিধানে দানবযজ্ঞ হয়। ঐ দানব যজ্ঞে বিন্দুসরোনিকট আমি মণিময়দ্রব্যসম্ভার করি। দানবরাজ্যে বৃষপর্ব্ব-নিহিত দ্রব্য যদি নষ্ট না হইয়া থাকে, আমি উহা আনয়ন করিয়া মনঃপ্রহ্লা-দিনী যশস্বিনী সভা প্রস্তুত করিব। বিন্দু সরোবরে এক গদা নিহিতা আছে। আর বরুণ পরিগৃহীত দেবদত্ত মহাশঙ্খও তথায় আছে। এই সমস্ত আনয়ন

করিয়া ভীম ও অর্জ্জুনকে দান করিব। চতুর্দ্দশ মাসে দেবসভামানিনী ময়নির্ম্মিতা এক বিচিত্র সভা প্রস্তুত হইল। রত্নপ্রাকারা সভা পঞ্চসহস্রহস্ত বিস্তীর্ণা। হুতাশন, সূর্য্য, চন্দ্র যেন সভায় জ্বলিতেছে। নক্ষত্রমণ্ডল যেন সভার উপরিভাগে দীপ দীপ করিতেছে। কনক তরুরাজি চারিদিকে শোভা পাইতেছে। জলজশালিনী দীর্ঘিকা সকল সভাতল তল তল করিতেছে। উহার সোপানপরম্পরা স্ফটিকময়। পরিসরবেদি মণিময়। সলিল মণিমৃণাল-কনক-কমল-কহ্লারময় ও তীর মুক্তাফল ও নানাবিধ রত্নময়। হংস, কারণ্ডব, সারস ও বক প্রভৃতি জলচরগণ তীরে ভ্রমন করিতেছে। স্বর্ণ মৎস্য ও কূর্ম্মসকল উহার নীল সলিলে কিরা বিহার করিতেছে! ঐ সরোবর অনেক রাজন্যবর্গে স্থলভ্রান্তি উৎপন্ন করিয়াছিল। সুরভি কাননমালা ও অন্যান্য পুষ্করিণীমালা সভার চতুর্দ্দিকে শোভা পাইতে লাগিল। গন্ধবহ তথায় পদ্মগন্ধ সর্ব্বত্র বিস্তীর্ণ করিতে লাগিল। অষ্টসহস্র কিঙ্কর সকল সেই সভা বহন করিত। সমস্ত আয়োজন হইতেছে, এমন সময় শ্রীকৃষ্ণ কহিলেন, মহারাজ। এই রাজসূয়যজ্ঞে সম্রাট জরাসন্ধ জীবিত থাকিতে আপনি সম্রাট নাম লইতে পারিবেন না। অতএব অগ্রে জরাসন্ধ বধ করিয়া রাজসূয়যজ্ঞে ব্রতী হউন। যুধিষ্ঠির তৎসাহসে অনিচ্ছা করিলেও কৃষ্ণের উপদেশে জরাসন্ধ বিনাশে ভীম ও অর্জ্জুনকে বাসুদেব সমভিব্যাহারে প্রেরণ করিলেন।—

ভীম অর্জ্জুন ও কৃষ্ণ কুরুজঙ্গল পদ্মসর, কালকূট, গণ্ডকী, মহাশোণ, সদানীরা প্রভৃতি নানা স্থান অতিক্রম করিয়া নানা বৃক্ষশোভিত পঞ্চগিরিবিরাজিত, রাখালদিগের গ্রাম্যগান নিনাদিত মত্ত-কোকিলসন্দোহ মগধদেশ প্রাপ্ত হইয়া প্রাসাদের চৈত্যকশৃঙ্গ ভেদ করিয়া জরাসন্ধ ভবনে প্রবেশ করিয়া কার্ত্তিকে ব্রতোপবাসী জরাসন্ধকে বিনাশ করিলেন। জরাসন্ধকে বধ করিয়া অর্জ্জুনাদি প্রত্যাগমন করিলে, যুধিষ্ঠির মহাযজ্ঞে ব্রতী হইলেন। প্রাকারবলয়িত যজ্ঞস্থলে চীবরমালা শোভা পাইতে লাগিল। কোন স্থানে মঞ্চ, কোন স্থলে বিমান, কোন স্থলে প্রাসাদমালা শোভা পাইতে লাগিল। দ্বারেতে মুকুটধারী দ্বারপাল শোভা পাইতেছে। * কৃষ্ণদ্বৈপায়ন যজ্ঞের ব্রহ্মকার্য্যে নিযুক্ত হইয়াছেন। কৃষ্ণ

* The gate-keepers wore crowns similar to those of the present sovereigns. The Emperor Yudhistir had another crown.—

ব্রাহ্মণদিগের পরিচর্য্যায় ব্যস্ত। এই অবসরে অর্জ্জুনাদি দিগ্বিজয় করতঃ অশ্ব মোচন করিলেন। অর্জ্জুন উত্তরদিকে গমনকরতঃ কুলিন্দ, কালকূট আনর্ত্ত, সুমণ্ডল, শাকলদ্বীপ প্রভৃতি জয় করিয়া প্রাগ-জ্যোতিষপুরে উপস্থিত হইয়া তদ্দেশজয় করতঃ তথা হইতে বৃহন্ত রাজ্য, মোদাপুর, বামদেব, সুদামন প্রভৃতি স্থান জয় করিয়া ত্রিগর্ত্তদেশে উপনীত হইলেন। ত্রিগর্ত্তজয় হইলে তিনি তদনন্তর নানা স্থান জয় করিয়া জয়পতাকা উড্ডীন করতঃ অভিসারী নগরীপ্রভৃতি দরদকাম্বোজ স্থান, কিম্পুরুষবর্ষ ও হরিবর্ষ জয় করিলেন। পূর্ব্বদিকে মহাবীর ভীম পাঞ্চাল, বিদেহ, গণ্ডক, সুহ্ম, বঙ্গ প্রভৃতি স্থান জয় করিয়া রাজসূয়যজ্ঞের মহিমা বৃদ্ধিকরিতে লাগিলেন। সহদেবও দক্ষিণদিকে মথুর মৎস্য, পটচ্চর প্রভৃতি স্থান জয় করিয়া কিষ্কিন্ধ্যা, মাহিষ্মতী, সুরাষ্ট্র, দ্বীপ-বাসী, রামক, পাণ্ড্য, কলিঙ্গ, দ্রাবিড়, অন্ধ্র যবনরাজ্য এবং লঙ্কা প্রভৃতি স্থান জয় করিলেন। সেইরূপ পশ্চিমদিকে নকুল পঞ্চনদ, দশার্ণ প্রভৃতি রাজ্য অধিকার করিয়া বর্ব্বর কিরাত যবন শক প্রভৃতি জাতি পরাজিত করিলেন।—

এইরূপে পৃথিবী জয় হইলে ধর্ম্মরাজ যজ্ঞে দীক্ষিত হইলেন। রাজারা উপহার লইয়া আগমন করিতে লাগিল। কাম্বোজরাজ ঊর্ণানির্ম্মিত, সামুদ্রিকবিড়ালরোমবিরচিত, কাঞ্চন সদৃশ পরিচ্ছদ লইয়া ও মরুকচ্ছদেশ-বাসীরা অতুৎকৃষ্ট তুরঙ্গম লইয়া উপস্থিত হইতে লাগিল। বৈরাম, পারদ আভীর ও কিরাতগণ বিবিধ বলি ও বিবিধ রত্ন লইয়া আসিতে লাগিল। শক, তুখার, চীন, দরদ, ওড্র, মদ্র, কেকয়, বাহ্লীক, মালব, অঙ্গ, বঙ্গ, কাশ্মীর প্রভৃতি দেশীয়জাতিরা ও সমুদ্রান্তরবাসী ভূপতিগণ নানা উপহার লইয়া যুধিষ্ঠিরের সম্মান করিতে লাগিল। পৃথিবীর সর্ব্বলোকই রাজসূয় যজ্ঞে আগমন করিল। রোমক জাতিরাও* কর লইয়া আসিয়াছিল। যজ্ঞস্থলে পতাকা উড্ডীন হইল। মহাসাগরের কল কল শব্দের ন্যায় ভীষণ শব্দ শ্রুত হইতে লাগিল।

অর্ঘ দিবার সময় উপস্থিত হইলে ভীষ্ম কৃষ্ণকে সর্ব্বাগ্রে অর্ঘ্য দিতে আদেশ করিলেন, তাহাতে অনেক নৃপাল অসন্তোষ হইল। তখন কৃষ্ণলক্ষ্য চেদিরাজ কঠোরবাক্যে কৃষ্ণকে ভর্ৎসনা করিতে লাগিল। কৃষ্ণ সেই ভর্ৎসনা শ্রবণ

---

* The hairy nation or possibly the Romans; 50, ch. Sova. Any predecessor of Augustus Caesar, in Roman fame, came to

করিয়া পূর্ব্বপ্রতিজ্ঞানুসারে সভামধ্যে দারুণ ক্রোধান্ধ হইয়া তাহাকে বিনাশ করিলেন।—অসংখ্য রাজারা উপস্থিত হইতেছে। কিরীটধারী রাজারা সিংহের ন্যায় ইতস্ততঃ দৃষ্টি সঞ্চরণ করিতেছে, ইহাতে বোধ হইতেছে যেন সুমেরু শৃঙ্গে সিংহ সকল উঠিয়াছে। রাজসূয় যজ্ঞে কৃষ্ণ ব্রাহ্মণসেবায় নিযুক্ত। যুধিষ্ঠির ঐ রাজসূয়যজ্ঞে সকলের নিকট অবনত মুখে বসিয়া শোভা পাইতে লাগিলেন যেন তাহার তুল্য দীন আর নাই।—

এমন সময় শ্রীকৃষ্ণ কহিলেন, রাজন! তোমার তুল্য শ্রেষ্ঠ আর নাই, ঐ দেখুন পৃথিবীর সমস্ত নরপতি আপনার নিকট শিরঃ নত করিয়াছেন। অসংখ্য ব্রাহ্মণ আপনাকে আশীর্ব্বাদ করিতেছেন, আরও দেখুন, অসিত, দেবল, ব্যাস, সমস্ত রাজাদিগের মুকুটে পাদদেশ শোভিত করিয়া আনন্দে আপনার দিকে চাহিতেছে। যুধিষ্ঠির শ্রীকৃষ্ণের বাক্য শ্রবণ করিয়া কহিল দয়াধার! আমি বড় নই, এটা তোমার মাহাত্ম্য। এই অসংখ্য ভূপাল, এই ভূপালমস্তক-সেবিতপদ ব্রাহ্মণেরা, আর এই মনোহর সভাস্থলী এই প্রকাশ করিতেছে যে, কৃষ্ণের প্রসাদ কণামাত্র যেস্থানে আছে, সে স্থলে আর কিছুরই অভাব নাই। পাণ্ডবধন! তুমি তাহাই প্রকাশ করিতেছ। তোমার কৃপাতে আমাকিগের সর্ব্বভয় দূর হয়। কৃষ্ণ শ্রবণ করিয়া হাস্য করতঃ ব্রাহ্মণদিগের পদ ধৌত করিতে লাগিলেন।

যুধিষ্ঠির ব্রাহ্মণদিগকে প্রভূত দক্ষিণা দান করিলেন। যজ্ঞ সম্পন্ন হইলে তাঁহার নাম পৃথ্বীময় পরিব্যাপ্ত হইল। লোকসকল আপন আপন দেশে চলিয়া যাইতে লাগিল। সমস্ত রাজারা বিদায় লইলেন।

---

the Rajsuya theatre. The arguments are :—Pandion, king of Pandya had correspondence with Augustus Caesar of Rome. (see F Johnsons' note P. 47 M.) The Romans had commercial intercourse with the Lanka Raksasas. Pandya fought with Sahadeva 30. Sova. While Sanskrit Bharat says the Romakas came, possibly any Roman predecessor of Augustus Caesar might come to give tribute. There is a little difficulty about the era, 753. B. C.—

পঞ্চমসর্গ।

রাজসূয়যজ্ঞস্থলে দুর্য্যোধন জলে স্থলভ্রম ও স্থলে জলভ্রমাদি সূত্রে ভীম, অর্জ্জুন ও পাঞ্চালীকর্ত্তৃক মর্ম্মঘাত উপহসিত হইয়া পাণ্ডবশাসনের চেষ্টা করিতে লাগিল। এক দিন সকলে মন্ত্রণাভবনে প্রবেশ করিয়া মন্ত্রণা করিতে লাগিল,—চেকিতান তূণীর, কাশ্মী ও অসি এবং শল্য রত্নশৈক্য যুধিষ্ঠিরকে প্রদান করিয়াছে। সত্যে ব্রহ্মা ইন্দ্রকে যে শঙ্খ দান করেন, কলশোদধি সেই শঙ্খ যুধিষ্ঠিরকে দান করিয়াছেন। মদ্র, কেকয় বাহ্লীক, মালবপ্রভৃতিদেশীয় লোকেরা ও সর্ব্বপ্রকার ম্লেচ্ছজাতিরা উপনীত হইয়া যুধিষ্ঠিরকে উপহার দিয়াছে। রোমকেরাও আসিয়াছিল।—কৃষ্ণ বিশ্বকর্ম্মনির্ম্মিত শৈক্যদ্বারা যুধিষ্ঠিরকে অভিষেক করিলেন। রন্তিদেব, নাভাগ, যৌবনাশ্ব, মনু, পৃথু, বৈশ্য, ভগীরথ, যযাতি ও নহুষ অপেক্ষা যুধিষ্ঠির সম্মান লাভ করিয়াছে। রাজসূয় যজ্ঞে দীক্ষিত হরিশ্চন্দ্র অপেক্ষা রাজা শোভা পাইতেছেন। সমস্ত পৃথিবী যুধিষ্ঠির বশবর্ত্তিনী দেখিয়া আমি কাতর হইতেছি। পাণ্ডবদিগকে কিরূপে রাজ্যচ্যুত করিতে পারা যায়। শকুনি কহিলেন, আমার পরামর্শ, যুধিষ্ঠিরকে দ্যূতে আহ্বান করি। সমর ও দ্যূতে নিমন্ত্রিত হইলে ক্ষত্রিয়বীর্য্যানুসারে রাজারা আসিতে বাধ্য? * আমি তাঁহাকে কপট দ্যূতে পরাজয় করিব। যুধিষ্ঠিরের অক্ষবিদ্যায় বিশেষ নৈপুণ্য নাই। আমার পণ ধনুঃ, অক্ষশর নিকট অর্জ্জুনের গাণ্ডীব কি করিবে? দুঃশাসন তাহা শ্রবণ করিয়া বিশেষ আহ্লাদ প্রকাশ করিলেন। তখন দুর্য্যোধন বিদুরের অনভিমতে ভারতের অবনতির মূল দ্যূত-ক্রীড়ার চেষ্টা করিতে লাগিলেন। তিনি সমস্ত কৌশল স্থির করিয়া যুধিষ্ঠিরকে আহ্বান করিলেন। দ্যূতপ্রিয় যুধিষ্ঠির দুর্যোধনকর্ত্তৃক দ্যূতে আহূত হইয়া আনন্দ-মনে হস্তিনাপুরে আগমন করিলে শকুনি, দুঃশাসন এবং অপরাপর কৌরবেরা তাহার বিশেষ সম্বর্দ্ধনা করিলেন। যুধিষ্ঠির গুরুজনদিগকে প্রণাম করিয়া নির্দ্দিষ্ট সময়ে অনর্থের

* Sova, 48 ch. It was a sort of backgammon in which pieces are moved according to the cast of the dice.

মূল, দ্যূতক্রীড়ায় উপবেশন করিলেন। হায় বিধাতঃ! তুমি কি কাহারও ভাল দেখিতে পার না? যে রাজা যুধিষ্ঠির রাজসূয়যজ্ঞে অসংখ্য নৃপাল দিগকে আনয়ন করিয়া সম্রাট নাম ধারণ করিলেন, যাহার পুণ্যবলে পৃথ্বী পবিত্র হইল, সেই মহারাজচক্রবর্ত্তী যুধিষ্ঠির এক্ষণে কলিদুর্য্যোধনকর্ত্তৃক কপট দ্যূতে পরাজিত হইয়া শেষ বনবাসী হইবেন!

দ্যূতপরাজিত যুধিষ্ঠির নষ্টসর্ব্বস্ব হইয়া, দ্রৌপদীর বস্ত্র ও কেশাকর্ষণ প্রভৃতি অপমান সহ্য করিয়া বর্দ্ধমানপুরদ্বার দিয়া বহির্গমনপূর্ব্বক, সর্ব্বশেষ দ্বাদশবৎসরজন্য বনবাস ও আর এক বৎসর অজ্ঞাতবাস করিতে চলিলেন। সূর্য্যের তেজ তমোতে গ্রাস হইতে পারে, বহ্নি ভস্মে আচ্ছাদিত হইতে পারে, কিন্তু পাণ্ডবপ্রতিজ্ঞা যাইবার নহে। হিমালয় বিচলিত ও মহাসাগর ক্ষুভিত যেমন অসম্ভব, তেমনি পাণ্ডবধৈর্য্য স্থির। পঞ্চপাণ্ডব-বনগমনকালে সূর্য্য অন্ধকারাচ্ছন্ন, পৃথ্বী কম্পিতা, সাধুদিগের মনে ধর্ম্মের অপচয় হইল। কৌরবরূপগ্রহশালিনী আশাযামিনী পৃথ্বীতে প্রকৃতিশোকরূপমলিনবসন পরিধান করিয়া আগমন করিল। সাধুরা চিন্তিত হইল। ভূতলে যেন শশী খসিয়া পড়িল। মহাসাগর যেন শুষ্ক হইয়া গেল। যে যুধিষ্ঠিরের কিরণে জীবের বুদ্ধিশতদল বিকসিত থাকিত, আজ সেই যুধিষ্ঠির-শশধর-কিরণাভাবে শতদল মলিন হইল। ফলতঃ পাণ্ডব নির্ব্বাসনে লোকের আর ধর্ম্মার্থে আদর রহিল না। সকলেই ঈশ্বরের আশ্চর্য্য রাজ্য স্বীকার করিতে লাগিল। ধেনু সকল হুম্বারব করিতে লাগিল। ব্রহ্মর্ষিগণ সামগানে নিরত হইলেন। দুঃখিদিগের চক্ষের জলে ও হাহাকারে গগন হইতে বিনা মেঘে বারিবর্ষণ ও অশনিনাদ বোধ হইতে লাগিল। অনেক ব্রাহ্মণ পাণ্ডবদিগের অনুসরণ করিলেন। এ দিকে পাণ্ডবেরা রথারোহণ করিয়া ইন্দ্রসেনপ্রভৃতি সহ জাহ্নবীতীরে প্রমাণ নামে মহাবট লক্ষ্য করতঃ দিবাবসানে তথায় উপনীত হইলেন। উহার পবিত্র সলিল স্পর্শ করিয়া আত্মাকে চরিতার্থ করিলেন। সেই রাত্রি তথায় বাস করিয়া পরদিন অর্কস্থালী প্রাপ্ত হইয়া ক্রমশঃ তাঁহারা দৃশদ্বতী, যমুনা দর্শন করিয়া তৃতীয় দিবসে সরস্বতী-তীরস্থিত মরুস্থলসন্নিবর্ত্তী মুনিজনপ্রিয় পরম রমণীয় কাম্যকবন প্রাপ্ত হইলেন।—

যুধিষ্ঠির কিম্মীরবধান্তে জটাবল্কলপরিধান করিয়া কাম্যকবনে মৃগচর্ম্মের

উপরে অধ্যাসীন আছেন। ভ্রাতৃবৃন্দ চতুর্দ্দিকে শোভা পাইতেছেন, এমন সময় স্নেহশীল বিদুর তথায় উপস্থিত হইলেন।—কহিলেন, অন্ধরাজ তোমাকে বনে দিয়া বিশেষ সুখী হইয়াছেন, তিনি তোমায় বনবাসী করিয়া কিঞ্চিন্মাত্র দুঃখিত হন নাই, আমি তাঁহাকে তোমাদিগের কষ্ট নিবারণ জন্য অনেক বলিলাম, কিন্তু কিছুতেই তিনি প্রবোধ মানিলেন না। বিদুরকে দর্শন করিয়া পাণ্ডবেরা সাতিশয় হৃষ্ট হইলেন এবং কহিতে লাগিলেন, আর্য্য! আপনি কি বিবাসিত পাণ্ডবদিগকে বিস্মরণ করেন নাই? লোকের বিপৎকালে কেহ সহায় হয় না।—আসুন, আসুন, আপনার দর্শনে অর্জ্জুনের গাণ্ডীব অপেক্ষা আমরা সাহস পাইলাম।—বিদুর অশ্রুজলে মুখকমল সিক্ত করিয়া হস্তিনা প্রত্যাগমন করিলেন। পাণ্ডবদিগকে বনবাস দিয়া যাহাতে তাহাদিগের সমূলে উৎপাটন হয়, তদ্বিষয়ে দুর্য্যোধন, কর্ণ, দুঃশাসনপ্রভৃতি মন্ত্রণা করিতে লাগিল।—চল আমরা বনমধ্যে নিঃসহায় পাণ্ডবদিগকে অস্ত্রশস্ত্রদ্বারা নিধন করি।—কৃষ্ণদ্বৈপায়ন দিব্যচক্ষু দ্বারা সমস্ত অবগত হইয়া দৈবশক্তিপ্রভাবে তাঁহাদিগকে ক্ষান্ত করিলেন।—

এই সময় মৈত্রেয় ভ্রমণ করিতে করিতে কুরুসভায় উপনীত হইয়া বলিতে লাগিলেন, কৌরবগণ! তোমরা পাণ্ডববিবাসন করিয়া ভাল কর নাই, ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকে জটাবল্কল পরাইয়া বনে দিয়া সুকার্য্য কর নাই। আমি তীর্থ পর্য্যটন করিতে করিতে যদৃচ্ছাক্রমে কুরুজাঙ্গলে উপস্থিত হইয়া দেখিলাম, ধর্ম্মরাজ বনমধ্যে ভস্মদিগ্ধাঙ্গকলেবরে অজিনাসনে বসিয়া আছেন। পতিপরায়ণা দ্রৌপদী দুর্ম্মনায়মানা স্বামিচরণতলে সমাসীনা। আমাকে সমাগত দেখিয়া যুধিষ্ঠির গাত্রোত্থান করিয়া পাদ্য অর্ঘ্য প্রদানকরিলেন।—মহারাজ! সেস্থলে শ্রবণ করিলাম ভীম দুর্দ্দান্ত কির্ম্মীরকে বধ করিয়াছে। পথে কির্ম্মীরশরীর পতিত রহিয়াছে দেখিয়া আসিলাম।—এদিকে পাণ্ডবদিগের বনবাস শ্রবণ করিয়া ভোজ, অন্ধক, বৃষ্ণিবংশীয়েরা, কৈকেয়, ও পাঞ্চালরাজ বনমধ্যে আসিতে লাগিলেন। তাঁহারা ভীষণ দুঃখপ্রবাহে নিমগ্ন হইয়া পাণ্ডবদিগের সহিত কথা কহিতে লাগিলেন। পাঞ্চালরাজ ক্ষত্রিয়দিগের প্রতিজ্ঞাভঙ্গ অসম্ভব বোধ করিয়া হতবীর্য্য ফণীর ন্যায় বনমধ্যে বিষণ্ণবদনে বসিয়া রহিলেন। বৃষ্ণিবংশীয় কৃষ্ণ তখন সমবেত নরপতি-সমক্ষে অবনী কম্পিত করতঃ

বলিতে লাগিলেন, দ্যূতক্রীড়াকালে দ্বারাবতীতে আমি উপস্থিত থাকিলে * এরূপ কে করিতে পারিত? প্রাণসম পাণ্ডুনন্দনদিগকে বিবাসন করিয়া দুর্য্যোধন নিজ বংশ ক্ষয়ের মূল সৃষ্টি করিয়াছে। আমি প্রতিজ্ঞা করিলাম, কপটদ্যূতে যে দুর্ম্মতি দুর্য্যোধন পাণ্ডবদিগকে বিবাসিত করিয়াছে, রণস্থলে, তাহার শিরঃ পতিত দর্শন করিব। কৃষ্ণ রোষগম্ভীরবচনে এই কথা বলিলে পাঞ্চালী কমল কোষ সন্নিভ করদ্বয় যুগল করিয়া বলিতে লাগিলেন, বাসুদেব! আমরা আপনার আশ্রিত, আমাদিগের গতি তুমি। সভামধ্যে একবস্ত্রা আমার দুঃশাসন কর্ত্তৃক বস্ত্রাপকর্ষণ স্মরণ করিয়া কাহার হৃদয় না দ্রবীভূত হয়?—আমি তখন একমনে তোমার নবঘননমূর্ত্তি স্মরণ করিতে করিতে সভামধ্যে বিবস্ত্রা হই নাই।—অনন্ত মেঘ যেমন হিমালয়ের রমণীদিগের তিরস্করিণী হয়, তেমনি তোমার নবঘন মূর্ত্তি আমার লজ্জা নিবারণ করিয়াছিল।—অন্ধক, ভোজ ও বৃষ্ণিবংশীয়েরা প্রস্থান করিলে, কমলপত্রে যেমন জলবিন্দু চঞ্চল হয়, তেমনি যুধিষ্ঠিরের কমলনয়ন হইতে অশ্রু পতিত হইতে লাগিল। সেই সময় কুরুজাঙ্গলবাসী প্রজারা যুধিষ্ঠিরকে অভিবন্দন করিলেন।

কাম্যক বনে কিছুকাল বাস করিয়া পাণ্ডবেরা দ্বৈতবনে গমন করিলেন। বর্ষাকাল উপস্থিত। তমাল, হিন্তাল, আম্র, মধূক, নীপ, কদম্ব, সর্জ্জ, কর্ণিকার প্রভৃতিমহীরুহ প্রফুল্ল কুসুমসমূহে শোভিত হইল। ময়ূর, চকোর, কোকিল, দাত্যূহপ্রভৃতি বিহঙ্গমগণ উত্তুঙ্গ পাদপশিখায় উপবেশন করিয়া সুললিত গান করিতে লাগিল। মত্তমাতঙ্গগণ ইতস্ততঃ ভ্রমণ করিতে লাগিল। নদীতীরে বলাকাশ্রেণী শোভা পাইতে লাগিল। স্বভাব যেন পাণ্ডবদুঃখে নয়নবর্ষণদ্বারা বর্ষণ করিতেছে। পৃথিবী নবশস্যে বিভূষিতা হইয়া যেন মরকতমণির শোভা ধারণ করিলেন। উন্মার্গগামী সলিল সমুদয় নিম্নস্থান প্রাপ্ত হইতে লাগিল। ইহাতে বোধ হইতে লাগিল যেন উন্মার্গগামী দুর্য্যোধন নবলক্ষ্মী প্রাপ্ত হইয়া বিনীত হইয়াছে বা। যুধিষ্ঠির নির্ম্মল হইয়াও বনবাসমেঘে সমাচ্ছন্ন হইয়া

---

* কৃষ্ণ সে সময় শাল্ব রাজাকে আক্রমণ করিতে সৌভ নগরে গমন করেন।

শোভাবিহীন হইলেন না। অতিথিভোজন করাইয়া অজিনাচ্ছন্ন পাণ্ডুনন্দন মেঘাচ্ছন্ন শশধরের ন্যায় তখন শোভা পাইতে লাগিলেন। ইন্দ্রচাপ নির্গুণ হইয়া উচ্চস্থান আকাশে স্থান লাভ করিয়া এই প্রকাশ করিতে লাগিল যেন এইরূপ নির্গুণ দুর্য্যোধন ভারত-সিংহাসনাধিরোহণ করিয়াছে! বলাকাশ্রেণী আকাশমণ্ডলে উড্ডীন হইয়া সংকুলসম্ভূত যুধিষ্ঠিরের চেষ্টার ন্যায় মেঘপৃষ্ঠে শোভা পাইতে লাগিল। সাধু যুধিষ্ঠিরের সহিত দুর্জ্জন দুর্য্যোধনের যেরূপ মৈত্রী অসম্ভব, সেইরূপ অতি চঞ্চলা বিদ্যুৎ আকাশে স্থৈর্য্য লাভ করিতে পারিল না। শিখী, সারঙ্গ উন্মত্ত হইয়া ক্রীড়া করিতে লাগিল। অনেক মুনি পাণ্ডবাশ্রমে আসিতে লাগিলেন। পাণ্ডবগণ সরস্বতীতীরস্থিত শালবনে অবস্থিতি করিয়া অতিকষ্টে ভ্রমণ করিতে লাগিলেন।—

এক দিবস কৃষ্ণা যুধিষ্ঠিরকে ধূলিধূসরিতদর্শন করিয়া কহিতে লাগিলেন, রাজন। আপনি রাজসূয়, অশ্বমেধ, গোমেধ, পুণ্ডরীকপ্রভৃতি যজ্ঞ করিয়াছেন। আর বনক্লেশে কাজ নাই, চল আমরা যুদ্ধ করিগে। প্রহ্লাদ ও বলি সংবাদ স্মরণ করিয়া দেখুন, এরূপ অবস্থায় ক্ষমা কর্ত্তব্য নহে। আপনার ভ্রাতৃগণ আপনার জন্য কত ক্লেশ পাইতেছেন। ধর্ম্ম ধর্ম্ম করিয়া আপনি যে গেলেন। যে ধর্ম্মের জন্য আপনি বনক্লেশ ধারণ করিয়াছেন, সে ধর্ম্ম কোথায়? যুধিষ্ঠির পাঞ্চালীর ক্রোধ দর্শন করিয়া কহিতে লাগিলেন, যাজ্ঞসেনি! তোমার ঋজুতা, মৃদুতা, বদান্যতা, লজ্জাশীলতা, সত্যবাদিতা ও তেজস্বিতা দর্শন করিয়া পরমতুষ্টি লাভ করিলাম; কিন্তু আমি ক্ষমা করিয়াছি বলিয়া তোমার ক্রোধ করা উচিত নয়। নাভাগ, ভগীরথপ্রভৃতি মহাত্মগণ কেবল সত্য আশ্রয় করিয়া পৃথ্বীজয় করিয়া সসাগরা ধরত্রীর একাধিপত্য লাভ করেন। দেখ পণ্ডিতেরা ক্ষমাকে সত্য বলিয়া স্বীকার করিয়াছেন। ক্ষমাভিন্ন কেহ ব্রহ্মদর্শন করিতে পারেন না। ক্ষমাতেই জগৎ স্থাপিত, তেজস্বীদিগের ক্ষমাই তেজঃ, তপস্বীদিগের ক্ষমাই তপঃ, যাজ্ঞিকদিগের ক্ষমাই যজ্ঞ ও শমীদিগের ক্ষমাই শম। যাজ্ঞসেনি! মাদৃশ দুরদৃষ্ট হতভাগ্য লোক তবে কিরূপে ক্ষমাদেবতার উপাসনা না করিবে? আমি যজনযাজনাদিবিহীন হইয়া আজ সুযোধনকে ক্ষমা করিয়া সেই ফল পাইব। এক সহ্যগুণ আমার সাহস! মনুষ্যের মধ্যে সর্ব্বসংহার ন্যায়

ক্ষমাশীল না হইলে মনুষ্যদিগের শুভ হইতে পারে না। পাঞ্চালী যুধিষ্ঠিরের বদনসুধাকর হইতে এই অমৃত বাক্য শ্রবণ করিয়া লজ্জিতা হইলেন এবং কায়মনোবাক্যে ক্ষমার প্রশংসা করিতে লাগিলেন।—সুযোধনের রাজ্য-প্রণালী কিরূপ চলিতেছে, ইহা জানিবার জন্য যে ব্রহ্মচারী দূতকে প্রেরণ করা হইয়াছিল, সেই ব্রহ্মচারী দূত হস্তিনাহইতে প্রত্যাগমন করিয়া যুধিষ্ঠিরকে অভিবাদনপুরঃসর কহিতে লাগিলেন, রাজন। দুর্য্যোধন নীতিবলে সমগ্রধরাশাসন করিয়া একাধিপত্য করিতেছেন। তিনি যজ্ঞ, হোম, দীনদুঃখীর পালন বিশেষবিধানে করিতেছেন। আপনাকে নির্ব্বাসিত করিয়া তিনি আপনার অপেক্ষা যশস্বী হইবার চেষ্টা করিতেছেন। তিনি ব্রহ্মদেবের উপাসনা গৃহে গৃহে উপনীত করিয়াছেন।—যুধিষ্ঠির সুযোধনের এরূপ কার্য্য শ্রবণ করিয়া হা! হতোস্মি! বলিয়া ধরাতলে পতিত হইয়া কহিলেন, কেন আমি প্রাণের সুযোধনের উপরি অপ্রসন্ন হইয়াছিলাম? কেন আমি তাহাকে অধার্ম্মিক বোধ করিয়াছিলাম? সেত আমার অবোধ ভ্রাতা নহে। আমি এতদিনে বুঝিলাম, সুযোধন ব্রহ্মোপাসনার্থ আমায় বনে পাঠাইয়াছেন। রাজধানীতে বিপত্তিনাশন ব্রহ্মকে এমন স্মরণ করিতে পারিতাম না;—আর এই জন্য আমার সেবার্থ অর্জ্জুনাদিকে সমভি-ব্যাহারে দিয়াছেন। প্রাণের সুযোধন আমাকে রাজ্য হইতে অবসর দিয়া নিজে এখন অপত্যনির্ব্বিশেষে প্রজাপালন করিতেছেন। মনুষ্যের সুখ-বিধানই মানুষের কর্ত্তব্য, সে দুর্জ্জন হইলে কখনই প্রকৃতিপুঞ্জের সুখবিধান করিতে পারিত না। অর্জ্জুনাদি! দেখিতেছ কি? রাজ্যক্লেশে আমাদের প্রয়ো-জন কি? সুযোধন আমার, জীবের দুঃখ দূর করিয়াছে। রাজ্যক্লেশ সে আপনার স্কন্ধে লইয়াছে। এক্ষণে এস, নিবিড়বনে গভীরমনে ব্রহ্মচিন্তা করি।—হৈমবত জন্ম আমাদিগের,—হৈমবতভ্রমণ ও গৃহভ্রমণ সমান; বনভবনে সাধনা-অধিক আরাধনা। সুযোধনের মহৎমনঃ।—যুধিষ্ঠির এই কথা বলিলে, সকলে অবাক্ হইয়া বলিল, মহারাজ! বলেন কি? সুযোধন কি আপনার কুশলের জন্য আপনাকে বনে দিয়াছেন! দূত শেষ কি বলিল? সে কহিল দুর্য্যোধন পাণ্ডব-অনিষ্টের জন্য চেষ্টা করিতেছে, তাহা কি আপনি শুনিলেন না? শেষ না শুনিয়া আপনি বলিতে আরম্ভ

করিলেন?—সেও আর দুই এক কথা বলিয়া নিস্তব্ধ হইল। তখন যুধিষ্ঠির ভ্রাতৃগণের মুখদর্শন করিয়া নিস্তব্ধ রহিলেন।—ভীম কহিলেন, রাজন! আপনার জন্য আমাদের এই কষ্ট। সর্ব্বস্ব অপহৃত হইয়াছে। আপনি এত মৃদু ও সহ্যশীল যে তাহাতে জগতে স্থান নাই।—শাস্ত্রে কথিত আছে, পূর্ব্বাহ্নে ধর্ম্মানুষ্ঠান, মধ্যাহ্নে অর্থচিন্তা, অপরাহ্নে কর্ম্মচিন্তা করিবে। ধর্ম্মার্থ-সংগ্রহে প্রমত্ত হইবে না। রাজ্যরক্ষা ক্ষত্রিয়ের কর্ম্ম। যে পুরুষ ক্ষীণ, নিরুদ্যোগ ও বৈরনির্য্যাতনে অকৃতসংকল্প, সে পুরুষই নয়। কাল অপেক্ষা পণ্ডিতের কর্ত্তব্য নহে। কাল অনন্ত। মৃত্যুর সময় নাই। অতএব আর ক্ষমা কেন? দান, সাধুগণের পূজা, বেদাধ্যয়ন ও আর্জ্জব এই কয়েকটী ধর্ম্মলক্ষণ। বিপুল অর্থ থাকিলেই ধর্ম্ম হয়। কি সুযোধনকে ক্ষমা করিয়া আপনার কি পুণ্য? আদেশ করুন, এইক্ষণে বিনাশ করি। যুধিষ্ঠির কহিলেন, দ্যূতস্থলে তুমি আমাকে পরিহাস লইয়া বিনাশ করিতে যাইলে, অর্জ্জুন তোমাকে ক্ষান্ত করে। তুমি যদি আমাকে বিনাশই করিতে, আমি দুর্য্যোধনকে যেরূপ, সেইরূপ তোমাকে ক্ষমা করিতাম। আর আমি কি বলিব। আমি ইচ্ছা করিয়া বনবাসী হই নাই। ভীম চরণে ধরিয়া অশ্রুপাত করিয়া কহিলেন, দেব! আমি আর এরূপ কথা কহিব না। আপনার জন্য নরকে যাইতে হয়, যাইব। ইত্যবসরে সত্যবতীনন্দন তথায় উপস্থিত হইলেন। পাণ্ডবেরা গাত্রোত্থান করিয়া তাহাকে পাদ্য, অর্ঘ্য প্রদান করিলেন। পরাশর-তনয় সৎকার গ্রহণ করিয়া কহিতে লাগিলেন, বৎস কৌন্তেয়। অদ্য এই প্রতিস্মৃতি বিদ্যা তোমাকে প্রদান করিলাম। ইহার প্রভাবে দেবরাজ ও গিরীশ প্রসন্ন হইয়া থাকেন। এই বলিয়া সত্যবতী-নন্দন প্রস্থান করিলে, যুধিষ্ঠির পুনরায় কাম্যকবনে আগমন করিলেন। এক দিবস অর্জ্জুন মহাগিরি হিমালয়ের এক দুর্গম প্রদেশে প্রবেশ করিলেন। তথায় এক কিরাত এক বরাহকে লক্ষ্য করিয়াছে।—অর্জ্জুনও তাহাকে লক্ষ্য করিলেন।—বরাহ তাহাতেই প্রাণত্যাগ করিল।—কিন্তু কিরাত বিশেষ কোপান্বিত হইয়া অর্জ্জুনকে শরসন্ধান করিলেন।—অর্জ্জুন সেই কিরাতের সহিত যুদ্ধে পশ্চাদ্বর্ত্তী হইলেন না, বরং সাহসসহকারে ঘোর রণ আরম্ভ করিলেন। কিন্তু তাঁহার একটা শরও উঠিল না।—তিনি চিত্রার্পিতের ন্যায় দণ্ডায়মান রহিলেন। কিরাত অর্জ্জুনের সাহস ও শিক্ষা দর্শন করিয়া

বিস্ময়াবেশে অন্যভাব ধারণ করিলেন। পরিধান তাঁহার বাঘাম্বর হইল। ধনুঃ পিনাকবেশ ধারণ করিল। ত্রিশূল তাহার হস্তে শোভা পাইতে লাগিল। তিনি সম্মুখস্থ ধবলশৃঙ্গের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন। মূর্ত্তি-দর্শনে আর কাহারও কোন ভয় থাকে না। তিনি মেঘগম্ভীরস্বরে কহিলেন, তৃতীয় পাণ্ডব! তুমি ধর্ম্মাত্মা পাণ্ডুর পুত্র ও আচার্য্য দ্রোণের প্রধান শিষ্য, তাহাতেই আজ আমার হস্তে রক্ষা পাইলে, আমি কৈলাসগিরিবাসী পশুপতি। জানিবে আমিই হলাহল পান করিয়া জীবিত আছি। ত্রিপুর অসুরকে আমিই বিনাশ করি। আমারই সাধন করিয়া লোকে অনায়াসে ভবনাগর পার হয়। তুমি বর প্রার্থনা কর,—কি মোক্ষ চাও? অর্জ্জুন কহিলেন, চাই না সাযুজ্য, চাইনা শম,—পাঞ্চালীর বেণীসংযমন—মুক্তবেণী কুরুকামিনীরা করিবে, দারুণ গ্রহনক্র-সমাকুল কুরুকুল রণস্থলে আমি একা বিনাশ করিব, এই বর চাই।—রণস্থল আমাদের শয্যা ও শান্তি।—এই বলিয়া ত্রিশূলীর পদদ্বয় ধারণ করিলেন। অদ্য আমি তোমার অদৃষ্টবশতঃ প্রসন্ন হইয়া এই আমার পাশুপত অস্ত্র তোমাকে প্রদান করিলাম, তোমার সমস্ত জয় হইবে, তুমি দেবরাজ সমীপে গমন কর। ধূর্জ্জটি এই কথা বলিয়া উমাপ্রভৃতিসমভিব্যাহারে অন্তর্হিত হইলে, অর্জ্জুন বিস্ময়ভীতিসহকারে ক্ষণকাল দণ্ডায়মান রহিলেন, এবং শিবকে মনে মনে বারম্বার স্তব করিতে লাগিলেন।—ইত্যবসরে কুবের, বরুণ, যম, দেবতারাও প্রসন্ন হইয়া তথায় উপস্থিত হইয়া, পাশাদি নিজ নিজ অস্ত্র শস্ত্র তাঁহাকে সমর্পণ করিলেন। যম নিজ যমদণ্ড তাহাকে দান করিলেন।

বাসবাদিষ্ট মাতলি অসি, শক্তি, প্রাস, বিদ্যুৎ, বজ্র ও কনকভূষণ-ভূষিত, ইন্দীবরশ্যাম বৈজয়ন্তীপতাকাবিকশিত রথ লইয়া উপস্থিত হইলে অর্জ্জুন গিরিবরকে প্রণাম করতঃ বাসব-রথে আরোহণ করিয়া অমরাবতী—উদ্দেশে প্রস্থান করিলেন। পথে গমন করিতে করিতে কোন স্থলে বিহগমুখসমীরিত শ্রোত্ররম্য মনোহর সুমধুর ধ্বনি শ্রবণ করিতে লাগিলেন। কোন স্থলে ফল-ভারাবনত আম্র, আম্রাতক, কর্ম্মরঙ্গ, নারিকেল প্রভৃতি গিরিসানুদেশে দেখিতে লাগিলেন। ক্রমশঃ সহস্র-দ্বারশোভিত* পারিজাতকাননসুগন্ধিত স্বর্ণপতাকা-

* Adi 89 Ch. Compare Thebes of hundred gates &c.

মণ্ডিত অমরাবতী হিমালয়শৃঙ্গে নয়নপথে পতিত হইল। অর্জ্জুন দর্শনমাত্র দেবপুরীকে প্রণাম করিলেন।

অনন্তর মালাধারিণী অমরাবতীতে প্রবিষ্ট হইলে অর্জ্জুনের অভিনন্দনার্থ অপ্সরারা গান আরম্ভ করিল। স্তোতৃগণ স্তুতি করিতে লাগিল। পারিজাত-কানন পুষ্পবিকাশ দ্বারা যেন অর্জ্জুনকে সম্বর্দ্ধনা করিতে লাগিল। বেণু-বীণাদির শব্দে অমরাবতী পুরিয়া গেল। ক্রমশঃ দেবরাজ পাণ্ডবকে নিজ সিংহাসনের অর্দ্ধাসনে বসাইয়া অর্জ্জুনের প্রীতিবর্দ্ধন করিলেন।

অর্জ্জুনের গুণসমূহ শ্রবণ করিয়া উর্ব্বশী নামে অপ্সরা পার্থসমাগমবাসনায় স্নানাদিক্রিয়া সমাপন করিয়া গন্ধ মাল্য ও রমণীয় বেশভূষা পরিধান করতঃ গৃহ হইতে বহির্গতা হইল। সুকোমল, কুঞ্চিতকেশ বেণী সর্পীর ন্যায় তাহার পৃষ্ঠে রহিল। পীনপয়োধরযুগল যেন হিমালয়-চূড়ার ন্যায় চতুর্দ্দিকে গগনভেদ করিতেছে, সেই ভাবনায় হিমালয়ের উচ্চশিরঃ অশ্বিনীকুমারদ্বয়কথায় তুহিনযুক্ত। কটিদেশ সিংহমাঝার ন্যায়, তাহাতে নিতম্বিনী সর্পাবলম্বনা গিরিবরাস্তীর্ণা সিংহবাহিনীর ন্যায় শোভা ধারণ করিল। মদোন্মত্তা এইভাবে চলিতে লাগিল। চন্দ্র সমুদিত। কন্দর্প সদর্পে শরাসনে শরসন্ধান করিয়া উর্ব্বশীকে যেন সাহস প্রদান করিতে লাগিল। দ্বারপালেরা দ্বার প্রদান করিল। উর্ব্বশী সব্যসাচীর নিকট গিয়া কহিতে লাগিল। পাণ্ডব। নন্দনবনে ঐ দেখ কমল-বিকশিত, কোকিল কুহুরব করিতেছে, বকুলমুকুল উদ্গত, ভ্রমর ঝঙ্কার দিতেছে, আমি তোমার নিরুপম রূপলাবণ্যে এরূপ অনুরাগিণী ও ভাবভঙ্গিতে এরূপ পক্ষপাতিনী হইয়াছি যে, হংসী যেমন মুক্তামালায় মৃণাল ভ্রম করে সেইরূপ আমিও তোমার প্রণয়সলিলে মৃণালিনী ভ্রমিতেছি।

পার্থ কহিলেন অমরাবতীবাসিকে! মাদৃশ সামান্য ব্যক্তিকে এরূপ পরিহাস করা আপনার কর্ত্তব্য নহে। মূঢ় ব্যক্তিরাই চঞ্চল চিত্তকে স্থির করিতে পারে না। ধৈর্য্য, গাম্ভীর্য্য, বিনয়, জিতেন্দ্রিয়তা-রক্ষা পাণ্ডবদিগের কুলভূষণ, ব্রাহ্মচার্য্য, তপস্যায় অভিনিবেশ, যৌবনের শাসন, মনের বশীকরণ মুনিসত্তমেরা আমাদিগকে উপদেশ দিয়াছেন। পরিণাম-বিরস বিষয়ভোগে যাহারা সুখ-প্রাপ্তির আশা করে, ধর্ম্মবুদ্ধিতে বিষলতা বনে তাহারা জল সেক করে, কুবলয়-মালা বলিয়া অসিলতা হস্তে করে।

উর্ব্বশী কহিল তাপস। কুসুমশরাসনের অলঙ্ঘ্যতা, এই এই প্রদেশের রমণীয়তা ও ইন্দ্রিয়গণের অবাধ্যতা বলেতে আমাকে তোমার বশবর্ত্তিনী করিতেছ। এই কুসুমমঞ্জরী আনয়ন করিয়াছি তোমাকে প্রদান করিলাম। সমস্ত দিন আজ তোমার বদনকমল ভাবনা করিয়াছি, দিবাবসানে দিবাকরের বিরহে পূর্ব্বদিক্ আমার ন্যায় দশা পাইয়াছিল। নলিনী যেরূপ রবির পক্ষপাতিনী, কুমুদিনী যেরূপ চন্দ্রমার পক্ষপাতিনী, আমিও সেইরূপ তোমার অনুরাগিণী হইয়াছি। অর্জ্জুন কহিলেন, মকরধ্বজের নিশিত শরপাতে আপনি বিশেষ কাতর হউন না কেন, আমি আপনার কথায় সম্মতি দিতে পারিব না। এই বলিয়া অর্জ্জুন মস্তক অবনত করিয়া রহিলেন। উর্ব্বশী তাঁহাকে অভিসম্পাত করিলেন। ইন্দ্র সেই বিষয় শ্রবণ করিয়া পরম পরিতোষ লাভ করিয়াছিলেন। অর্জ্জুন ইন্দ্রলোকে অস্ত্র নৃত্য গীতবাদ্য শিক্ষা করিতে লাগিলেন। *

লোমশ যুধিষ্ঠির সকাশে কাম্যকবনে আগমন করিয়া কহিলেন, দেব। তুমি তীর্থাদি দর্শন করিয়া আত্মাকে পবিত্র কর। পঞ্চম বৎসরে অর্জ্জুন আগমন করিবেন। যাহার শস্ত্রপ্রতাপে অঙ্গ, বঙ্গ, পৌণ্ড্র, উড্র, চোল দ্রাবিড়, অন্ধ্রক, সাগর, অনুপক, সিংহল, ম্লেচ্ছ, লঙ্কা, শতশত সাগরান্তিক, পল্লব, দরদ কিরাত, যবন, শক, চীন, তুষার, স্ত্রীরাজ্য, কাশ্মীরক প্রভৃতি আপনার রাজসূয়ের মান্যবর্দ্ধন করিয়াছিলেন তিনি আবার আপনাকে সসাগরা সদ্বীপা পৃথিবীর অধীশ্বর করিবেন। ইক্ষ্বাকু, মুচুকুন্দ ও মরুত্তন্যায় আপনাকে ঐশ্বর্য্যশালী করিবেন। তীর্থদর্শন করিয়া আপনি মহাবীর কার্ত্তবীর্য্য, অষ্টক, লোমপাদ ও সার্ব্বভৌম ভরত ন্যায় দিব্যলোক প্রাপ্ত হউন।

এ দিকে যুধিষ্ঠির প্রভৃতি চীরাজিন জটাধারী হইয়াও অভেদ্য কবচ, করে শরাসন ও অসি প্রভৃতি অস্ত্র গ্রহণ পূর্ব্বক মৃগশিরোনক্ষত্রে পৌর্ণমাসী অতীত হইলে পুষ্যানক্ষত্রে ধৌম্য লোমশ প্রভৃতি তাপস ও ব্রাহ্মণগণ সহ তীর্থ পর্য্যটনে বহির্গমন করিলেন। ইন্দ্রসেন প্রভৃতি ভৃত্যগণ, চতুর্দ্দশরথ, সূপকার-

* It is injudicious to dwell at large on the life of Nala as it is not connected with the plot of the present Poem. Brihadaswa describes here the story of Nala to console Yudhisthir &c.

গণ ও অন্যান্য পরিচারিকা সকল তাহাদিগের সঙ্গে চলিল। কখন রাক্ষস-স্কন্ধে সরস্বতী, যমুনা, ইলা, সাগর, পুষ্কর, রুদ্রবট, প্রভাস, মানুষতীর্থ, কপিলা, রামহ্রদ, মণিনাগ, নৈমিষ, ক্ষীরাবতী, সরস্বতীরুণাসঙ্গম, রেণুকা, সরযূ, মুঞ্জবট প্রভৃতি বহুতীর্থ মনন করিয়া ঘটোৎকচবাহিতা দ্রৌপদীর সহিত মৈনাক ও বিন্দুসরঃ দর্শন করতঃ ভাগীরথী সলিলে উপস্থিত হইয়া সেইস্থলে তাঁহারা ছয় রাত্রি বাস করিলেন।—

একসময় এক সূর্য্যসন্নিভ সহস্রদলপদ্ম সমীরণবেগে অকস্মাৎ ঈশানকোণ হইতে আসিয়া দ্রৌপদীর নিকট উপনীত হইল। পাঞ্চালী সেই পুষ্প দর্শন করিয়া তজ্জাতীয় পুষ্পপুঞ্জ পাইতে প্রার্থনা করিলেন।—ভীম শরাসন ধারণ করিয়া অনবরত ঈশান কোণে যাইতে লাগিলেন। ষট্‌পদকুলসেবিত মত্ত-কোকিল-কূজিত নির্ঝরঝর্ঝরিত নানাকন্দরবিশোভিত গন্ধমাদনে উপস্থিত হইয়া দেখিলেন কোন স্থানে কুসুমসুষমাসম্পন্ন রমণীয়বন, কোন স্থানে বিকশিত তরুরাজি, কোন স্থানে সজলজলদতুল্য পঙ্কদিগ্ধাঙ্গ মাতঙ্গ সমূহ, কোন স্থানে করলিতশাখা কুরঙ্গবধূ।—সমীরণসঞ্চালিত আরণ্য পাদপগণ কুসুমসুরঞ্জিত কোমলকমনীয়করদ্বারা যেন তাঁহাকে আহ্বান করিতে লাগিল। সুরম্যসলিলসরোবর যেন পদ্মাঞ্জলিবন্ধন পূর্ব্বক মধুকরস্বনচ্ছলে তাঁহার স্তুতি করিতে লাগিল। বিহগমুখসমীরিত শ্রোত্ররম্য সুমধুরধ্বনি, ফলভারাবনত আম্র, আম্রাতক, কর্ম্মরঙ্গ, নারিকেল, জম্বু, বট, অশ্বত্থ, চম্পক, অশোক, কেতক, বকুল, পুন্নাগ, সপ্তপর্ণ, কর্ণিকার, পাটল, কূটজ, দাড়িম, কোবিদার, দেবদারু, শাল, তাল তামাল, শাল্মলী, কিংশুক, শিংশপা, প্রভৃতি গিরির সানুদেশে শোভা পাইতেছে। ঐ সমুদয় বৃক্ষে চকোর, শতপত্র, ভৃঙ্গ, শুক, কোকিল, কলবিঙ্ক হারীত, জীবঞ্জীবক, প্রিয়ক, চাতক প্রভৃতি নানাবিধ বিহঙ্গগণ সুমধুর রব করিতেছে। সরোবরে কুমুদ, কহ্লার, কোকনদ, কমল, পুণ্ডরীক প্রভৃতি জলজ-পুষ্প শোভা পাইতেছে। তাহাতে কদম্ব, কুরর, কারণ্ডব, চক্রবাক, জলকুক্কুট, হংস প্রভৃতি জলচর পক্ষীরা বিচরণ করিতেছে। পদ্মকিঞ্জল্কমণ্ডিত মধুকরগণ পথিকগণকে আহ্বান করিতেছে। সানুদেশে ময়ূরকুল মেঘনির্ঘোষশ্রবণে প্রিয়াসহ নৃত্য করিতেছে। ইন্দ্রচাপযুক্ত মেঘমালা বিস্তীর্ণ ময়ূরবৃন্দের নিকট নিন্দা পাইয়া যেন দিক্‌বিদিকে চলিয়া যাইতেছে। যাইতে যাইতে কদলীবনে

মারুতির * সন্দর্শন করিলে মারুতি কহিলেন বৎস ভীম। রাম ভিন্ন কিছু আমি জানিনা। এই বনে নিত্য তাঁহার পূজা করি। বিদ্বানের সহিত মন্ত্রণা, সমর্থ ব্যক্তির দ্বারা কার্য্য সম্পন্ন ও হিতৈষিব্যক্তির সহিত নীতি আলোচনা কর্ত্তব্য। মূর্খকে সকল বিষয়েই ত্যাগ করা কর্ত্তব্য। ধর্ম্মকার্য্যে ধার্ম্মিক ও অধর্ম্মকার্য্যে পণ্ডিতকে নিযুক্ত করিবে। ক্ষত্রিয়ের প্রধান ধর্ম্মরক্ষণ। বৎস! এই বুঝিয়া পৃথ্বী পালন করিবে। পিপাসার অন্ত নাই। মূর্খেরাই অসন্তুষ্ট। বীর্য্যপ্রকাশ প্রকৃত প্রশমন। বৃকোদর দেখিলেন এক মনোহর তরঙ্গিণী গন্ধমাদনের মালারূপে শোভা পাইতেছে। ঐ স্রোতস্বিনীর তটে সৌগন্ধিক বন রহিয়াছে। রাক্ষসপরাভবান্তর পাণ্ডবগণ হৃষ্ট হইলেন। কৈলাস পর্ব্বতে জটাসুর পাণ্ডবত্রয় ও পাঞ্চালীকে অপহরণ করিলে বৃকোদর বলি ও ইন্দ্রের সমর ন্যায়, বালী ও সুগ্রীব যুদ্ধন্যায় যুদ্ধ করিয়া উহাদিগকে মোচন ও জটাসুরকে বিনাশ করিলেন। যুধিষ্ঠির বদরিকাশ্রমে আগমন করিলেন।

গন্ধমাদনের প্রত্যন্ত দেশ, হিমাচলের অন্যান্য স্থান ও নদীসকল দর্শন করিতে করিতে বৃষপর্ব্বাশ্রমে তাঁহারা ক্রমশঃ আগমন করিলেন। তাঁহার আশ্রমে দণ্ডপাত্র, রত্ন ও আভরণ সমুদয় রক্ষা করিয়া মাল্যবান পর্ব্বতে উপস্থিত হইলেন। গন্ধমাদনের আর্ষ্টিসেনের পাদবন্দনা করিলে এক মালা সম্মুখে পতিত হইল।— পাঞ্চালী সুষমা স্থান দর্শন বাসনা করিলে ভীম মণিমানপ্রভৃতিকে বধ করিয়া সুষমা স্থানে বিচরণ করিতে লাগিলেন।—

পাণ্ডবেরা গন্ধমাদনে বাস করিতেছেন, এমন সময় পঞ্চবৎসরপরে মস্তকে কিরীট, গলদেশে দিব্যমালা, অঙ্গে নানাভরণসুশোভিত অর্জ্জুন মাতলি-পরিচালিত রথে আরোহণ করিয়া গন্ধমাদনে অবতরণ করিলেন। অর্জ্জুন-ভাবনাকাতর পাণ্ডবগণ অর্জ্জুনকে দেখিয়া সাতিশয় প্রীতিলাভ করিলেন। অর্জ্জুন পুরোহিত ধৌম্য ও যুধিষ্ঠিরের পাদবন্দনা করিয়া কহিতে লাগিলেন আমি কাম্যক বন হইতে গমন করিয়া ভৃগুতুঙ্গে তপস্যা আরম্ভ করি। প্রথম

---

* Maruti, a man, son of a Marut, (man) a substitute of God. Kis, Yudha, Uttara, Val. Vedas.—

মাসে ফলমূল ভোজন, দ্বিতীয়মাসে জলমাত্র পান, তৃতীয় মাসে নিরশন—চতুর্থমাসে ঊর্দ্ধবাহু হইয়া তপশ্চরণ করিলাম। পঞ্চমমাসের প্রথম বাসর হইলে অবলোকন করিলাম এক বরাহ আমাকে আক্রমণ করিতে আসিতেছে। এক কিরাত স্ত্রীগণপরিবৃত হইয়া ধনুঃ, খড়্গ লইয়া তাহার পশ্চাৎ পশ্চাৎ ধাবমান। আমি বরাহোপরি শরাঘাত করিলে কিরাতও শরবর্ষণ করিল। বরাহ তাহাতেই প্রাণত্যাগ করিল। কিন্তু কিরাত আমার প্রতি ক্রোধ প্রকাশ করিয়া কহিল তুমি মৃগয়া ধর্ম্মের কিছু জাননা, কেন তুমি আমার পূর্ব্বলক্ষ্যমৃগোপরি শরবর্ষণ করিলে? এই বলিয়া শরবর্ষণ করিতে লাগিল। আমিও শরবর্ষণ করিতে লাগিলাম। কিরাত সামান্য মানুষ নহে কৈলাশাধিপতি। তাঁহার পাশুপত অস্ত্র পাইয়া ও ইন্দ্রাদি দিকপালগণেরও অস্ত্র পাইয়া আমি অস্ত্রশিক্ষা করিতে অমরাবতী চলিলাম।—অস্ত্রাদিশিক্ষা হইলে, নিবাতকবচ নামক প্রচণ্ড দৈত্যগণ দেবরাজের যে অরি হইয়াছিল, আমি তাহাদিগকে তাঁহার আদেশানুসারে বিজয় করিতে বহির্গত হইলাম, দেখিলাম সাগরকূলে নিবাতকবচগণ রহিয়াছে। অনন্তর দেবদত্ত মহাশঙ্খ বাদন করিলাম। সহস্র সহস্র নিবাতকবচগণ যুদ্ধ করিতে আসিল।—ঘোর সমরে ফেণপরিপ্লুত অত্যুন্নততরঙ্গমালান্দোলিত সাগরবারি আন্দোলিত হইতে লাগিল। তিমি, তিমিঙ্গিল, মকর, কচ্ছপ প্রভৃতি জলজন্তুরা ভয়ে পলায়ন করিতে লাগিল। শতসহস্র তরণী ভাসিয়া যাইতে লাগিল।—নিবাতকবচগণকে পরাভব করিয়া অমরাবতী আগমন করিতেছি, এমন সময় এক কামচারী নগর আমার নয়নপথে পতিত হইল। ঐ নগর পাবক ও প্রভাকরের ন্যায় প্রভাসম্পন্ন, গোপুরনিকরে পরিপূর্ণ, নাম উহার হিরণ্যপুর। মাল্যধারী দানবগণ শূল, ঋষ্টি, মুষল প্রভৃতি দ্বারা নগরের চতুর্দ্দিক রক্ষা করিতেছে। ঐ নগর প্রবেশ করতঃ কালকেয় ও পুলোমানন্দনদিগকে পরাভব করিয়া অমরাবতী আগমন করিলাম।—দেবরাজ পরম সন্তোষ পাইয়া কহিলেন, দেবাস্ত্রসকল তোমার বশবর্ত্তী হইল, এই কুলিশ তোমাকে দান করিলাম। তদনন্তর আমাকে এই অভেদ্য তনুত্রাণ, গলদেশে হিরণ্ময়ী মালা, ও দেবদত্ত শঙ্খ এবং স্বহস্তে এই দিব্য কিরীট আমার মস্তকে পরাইয়া দিলেন। দেবাস্ত্র সকল শত্রুনাশন কেবল, অর্জ্জুন পরে বুঝিলেন।

দশবৎসর বনবাস করিয়া আর্ষ্টিসেন ও বৃষপর্ব্বার আশ্রম দর্শনও চীন তুষার দরদ, যামুনগিরি মরুধন্ব প্রভৃতি দেশ সকল পরিভ্রমণ করিয়া পরিশেষে কোথাও দেবর্ষিসিদ্ধ ও অপ্সরগণসেবিত কোথাও সিংহগণ-শোভিত স্থান, কোথাও বৈদুর্য্য সন্নিভশালিনী স্রোতস্বিনী দর্শন করিতে করিতে দ্বৈতবনে তাঁহারা পুনঃ আসিলেন। অজগরসর্পবিপৎ হইতে উদ্ধার পাইয়া বর্ষাকাল দর্শন করিলেন। সৌরপ্রভা একবারে মেঘাচ্ছন্ন ও বিদ্যুৎ-পাতস্ফুরিত।—ইহাতে বোধ হইতে লাগিল যে মন্দ হইতে যে উৎকর্ষ পাওয়া যায় তাহা প্রকৃত উৎকর্ষ অপেক্ষা শোভনীয়।—বনবাসাচ্ছন্ন যুধিষ্ঠিরও সেই শোভা পাইতেছেন। ছিন্নরক্তমেঘসকল কুরুক্ষেত্রে সমরচ্ছিন্ন পতাকার সূচনা করিতেছে।—বিদ্যুদ্রূপ-কনককশা যেন বর্ষারাজের অশ্বের ন্যায় বিরাজমান। গিরিপ্রমাণ মেঘ বিদ্যুদ্রূপপতাকায় যেন বর্ষারাজের দিগ্‌হস্তী। মেঘধ্বনি সমরগর্জ্জন। গিরিবর যেন বসন্তশ্রীরূপ পদ্মিনীর বিরহী।—অশ্রুসিক্ত মৃদুবায়ু উহার নিঃশ্বাস।—জলদশ্রী উহার পাণ্ডুতা। গিরি মেঘরূপ কৃষ্ণাজিন, ধারারূপ যজ্ঞসূত্র, গুহামুখদ্বারা যেন বনরাজ যুধিষ্ঠির সম্মুখে বেদাধ্যয়ন করিতেছে। সুনীল জলদে বিদ্যুৎ রাবণাঙ্কে সীতার ন্যায় শোভা পাইতেছে। আকাশ ধূমাচ্ছন্ন মহাসাগরের ন্যায় প্রকাশ। আকাশে তারকা। সাগরে মুক্তা। সাগরের চন্দ্রমা আকাশে শোভা পাইতেছে। 'অপরাহ্নে বনের কি শোভা।' ভূমি তৃণাচ্ছন্ন ও সলিলসিক্ত। ময়ূরেরা নৃত্য করিতেছে। উড্ডীন বকমালা গগনে পবনচালিত পঙ্কজমালার ন্যায় কেমন শোভা করিতেছে। হিমালয়াদি যেন রাজসূয়ে যুধিষ্ঠির ন্যায় শোভা পাইতেছে। বিহঙ্গমেরা তরুতে লীন। কমল মুকুলিত। মালতীপুষ্প বিকশিত।

শরৎকাল উপস্থিত। শৈলশৃঙ্গে অসন, কোবিদার, বন্ধুজীব, তমাল ও সপ্তপর্ণের বিকাশ। কাশ, কমল ও শশাঙ্ক শোভা কি চমৎকার। চক্রবাকেরা মানস সরোবর হইতে প্রত্যাগত। সরিৎ সলিল স্বচ্ছ, পঙ্ক আর নাই। বালুকাপ্রকাশ, হংস সারসগণ সঞ্চরণ করিতেছে। মৎস্যমেখলা সরিৎ প্রত্যূষে সম্ভোগকৃশা কামিনীর ন্যায় গমন করিতেছে,—চক্রবাক ও শৈবাল দ্বারা সুশোভিত বধূমুখের পত্র রচনা ও গোরোচনার অনুকরণ করিতেছেন। পুলিনদেশ নবসঙ্গমোৎসুকা কামিনীর জঘনদেশ ন্যায় দৃষ্ট হইতেছে। হংসশ্রেণীমেখলা কমলদলমালা

সরসী বারযুবতীর ন্যায় বিরাজমানা। ভৃঙ্গ গুন্‌গুন্ কি মনোহর। কনককান্তি অসন বৃক্ষের শাখা পুষ্পে অবনত হইয়া সৌরভ বিস্তার করিতেছে। সপ্তপর্ণের গন্ধে মাতঙ্গগণ নিয়ত হৃষ্ট। আকাশ নির্ম্মল। কহ্লার পুষ্পবাসে সুরভি বায়ু বহিতেছে। পাণ্ডবগণ নারায়ণাশ্রমবাসকালে শারদীয় কার্ত্তিকী পৌর্ণমাসী যামিনী সন্দর্শন করিয়া ক্রমশঃ কাম্যকবনে উপনীত হইলেন।

যুধিষ্ঠির কহিলেন ভ্রাতৃগণ! শুনিয়াছি পিতা এইদিকে উত্তরে দেবভূমিতে নাগশত পর্ব্বত হইতে চৈত্ররথ, তথা হইতে কালকূট, তথা হইতে হিমালয় তথা হইতে গন্ধমাদনে গমন করেন। গন্ধমাদন হইতে তিনি ইন্দ্রদ্যুম্ন সরঃ তথা হইতে হংসকূট গমন করেন। হংসকূট হইতে তিনি শতশৃঙ্গে গমন করেন। জননী মাদ্রীর তুল্য সতী আর নাই।—তিনি মৃতপতির হৃদয়ে শয়ন করিয়া অমনি চেতনাশূন্যা, আর অগ্নির প্রয়োজন রহিল না। শাস্ত্রকারেরা কহিয়াছেন সজীব ব্যক্তির অগ্নিতে দাহ ব্যামোহ মাত্র। স্বাভাবিক শোকে কিছুকাল মধ্যে মৃতস্বামীর অনুগমন যথার্থ সহমরণ। মহর্ষিরা পিতৃমাতৃশব ও আমাদিগকে লইয়া হস্তিনায় গমন করেন। পিতা জীবিত মাতাকর্ত্তৃক চিন্তামান আমাদিগের জন্মভূমি শতশৃঙ্গে সে দিবস কেমন গমন করিয়াছে। আইস, বৎস নকুল সহদেব? আহা! বৎসেরা অল্প বয়সে মাতৃহীন! মাতা কুন্তী আমাদিগের অপেক্ষা ইহাদিগকে স্নেহ করেন। এই বলিয়া যুধিষ্ঠির নকুল ও সহদেবের মুখচুম্বন করিয়া অশ্রুপাত করিতে লাগিলেন।—

এক দিন যুধিষ্ঠির বনক্লেশে নিতান্ত পীড়িত হইয়া ব্যাধবিদ্ধ মৃগের ন্যায় ইতস্ততঃ ভ্রমণ করিতেছেন, এমন সময়ে দেখিলেন, দারুক-পরিচালিত এক রথ আসিতেছে। ক্রমশঃ কৃষ্ণ সত্যভামাসহ তাঁহার সম্মুখীন হইলে যুধিষ্ঠির কহিলেন, বৎস। তুমি কি আসিয়াছ? আমরা আর বনক্লেশ সহিতে পারি না। এই বলিয়া যুধিষ্ঠির কৃষ্ণের গললগ্ন হইয়া কাঁদিতে লাগিলেন। কৃষ্ণ কহিলেন, ধর্ম্মরাজ। আমি আপনার ক্লেশ স্মরণ করিয়া আসিতেছি, ভয় নাই, ঈশ্বর আপনাদের ক্লেশ মোচন করিবেন।—পাঞ্চালী সত্যভামার নিকট কত দুঃখ করিলেন।—

এক দিন যুধিষ্ঠির সংসারের ভাবাভাব চিন্তা করিয়া নিজের বনক্লেশে ধূলি-ধূসরিতগাত্রে অবনীতলে পতিত আছেন,—কিরূপে অজ্ঞাতবাস হইবে এই

ভাবনা তাঁহার হৃদয়ে বদ্ধমূল। মুখ তাঁহার ম্লান।—হতাশভাবে আকাশ-দিকে মধ্যে মধ্যে তিনি দৃষ্টি করিতেছেন। এমন সময় মার্কণ্ডের তথায় উপস্থিত। তাঁহার বয়স সহস্র বৎসর, কিন্তু দেখিতে যেন তিনি পঞ্চবিংশতিবয়স্ক। তিনি কহিলেন রাজন্! গাত্রোত্থান কর, যে সকল রাজকুমারের দুঃখাস্বাদ হয় নাই, তাহারা সুখাস্বাদনে অনধিকারী। বৎস! দেবতারা তোমাকে বসুন্ধরা সাম্রাজ্য প্রদান করিবেন বলিয়া, তোমাকে এত ক্লেশ দিতেছেন। ক্লেশ কি পরম পদার্থ তুমি না জানিতে পারিলে লোকের ক্লেশ দূর করিতে পারিবে না, এই জন্য বৎস! বিধাতা তোমায় এত ক্লেশ দিতেছেন।—এই ক্লেশের সৃষ্টি। ক্লেশ না থাকিলে কেহ সুখ জানিতে পারিত না। ত্রেতায় রামভদ্র এইরূপ তোমার মত কত ক্লেশ পাইয়া বনে বনে ভ্রমণ করিয়াছিলেন। মহারাজ নল এইরূপ কত ক্লেশ পাইয়াছিলেন। তপস্বীরা ইচ্ছা করিয়া ক্লেশ ধারণ করেন। বিধাতার কৃপায় তোমার যখন অবশ্যম্ভাবী ক্লেশ হইয়াছে, এই ক্লেশকে তুমি তপস্যা মনে করিয়া পরিণামে ব্রহ্মসাক্ষাৎ কর।—কেহ কেহ কহেন সকল কর্ম্মই হটবশতঃ হইয়া থাকে। কেহ কেহ কহেন সকল কর্ম্মই দৈবপ্রভাবেই হয়। কেহ কেহ বলেন মনুষ্যের পরিশ্রম ও ক্ষমতায় কার্য্য হইয়া থাকে। কেহ কেহ কর্ম্মসিদ্ধির হেতু ত্রিতয় যদি হয় এমন বলিতে প্রস্তুত নহেন। তাঁহারা কহেন দৈবহটাদি সকল প্রাক্তন কর্ম্মের ফল। এ সর্ব্ব মীমাংসা সুসাধ্য নহে। হট ও দৈব থাকে তাহারা নিজ নিজ সমাচার মীমাংসা স্থলে দিবে। কেহ কেহ পরমাত্মা ব্রহ্মকে জগদাকারে পরিণত বলেন। কেহ কেহ তাঁহাকে সৃষ্টভিন্ন বলেন। বস্তুতঃ ব্রহ্ম জগৎ ও সৃষ্ট সমস্তকে যেন অনুস্যূত ভাবে ব্যাপিয়া রহিয়াছেন। তাঁহার শক্তি সর্ব্বত্র। এই তাঁহার সর্ব্বব্যাপিত্ব। পাত্র বিশেষে ক্ষমা কর্ত্তব্য। যে পাত্রকে ক্ষমা করিলে তাহার অনুতাপ, বিবেক উপস্থিত হয় সেই পাত্রই ক্ষমার পাত্র। অন্যান্য দণ্ডার্হ। যজ্ঞ, দান, তপস্যা, বেদ, সত্য, গুরুশুশ্রূষা, অক্রোধ প্রভৃতিকে শিষ্টাচার বলে। বেদের রহস্য সত্য সহজ। সহজান্বেষণ জীবন্মৃতত্ব। জীবন্মৃতত্ব ঐষিক মাধুর্য্য অমরতা। ত্যাগের পতাকা দম। দম না থাকিলে সত্য সহজ থাকিতে পারে না। পুরুষ-যজ্ঞ-রক্ত ব্যতীত বেদ উপাসনা নিষ্ফল। যাঁহারা ধর্ম্মকে নিন্দা করেন,

তাহাদিগের ভ্রান্তি। নাস্তিক, অমর্য্যাদক, হিংস্রক লোক-সকলকে ত্যাগ করাই উচিত। কামক্রোধাদিষাদোগণসমাকীর্ণ জন্মনদীর জীবনসলিল ধীরতানৌকা দ্বারা পার হও। অহিংসা পরম ধর্ম্ম। অহিংসায় সত্য স্থাপিত। নিবৃত্তিরূপ উষা অহিংসা দেশে সতত বিরাজমানা। যদি বল অহিংসা সংসারে নাই। অহিংসাপরায়ণ যতিগণও কীটাদি ক্ষণে ক্ষণে কত নাশ করিতেছেন। জীব তাহা না পারিয়া কেবল পাপে লিপ্ত হইতেছে। হিংসা করিয়া যিনি জীবন দিতে পারেন, তাঁহার হিংসা অহিংসা। হিংসাকর্ত্তার দণ্ড আছেই আছে। যিনি হিংসিত হইয়া হিংসা না করিতে পারেন, তিনি যথার্থ তেজস্বী। শাশ্বত ধর্ম্ম হৃদয় বলিয়া দেয়। ধর্ম্ম নানা প্রকার থাকিলেও ফলবান্ ধর্ম্ম সেবনীয়।*

এক দিবস দুষ্ট দুর্য্যোধন শত ভ্রাতার সহিত চিত্রসেন নামক এক গন্ধর্ব্বের সরোবরে বলপূর্ব্বক প্রবেশ করিয়া জলক্রীড়া করিতে লাগিলেন। পরিচারকেরা সমস্ত বৃত্তান্ত গন্ধর্ব্বপতির নিকট নিবেদন করিয়া চিত্রসেন ক্রোধে অন্ধ হইয়া বহু সৈন্যসামন্তসমভিব্যাহারে কুরুদিগের নিকট উপস্থিত হইলেন এবং মহারণ করিয়া সমস্ত কৌরবদিগকে বন্ধন করিতে লাগিলেন। কুরুসৈন্যেরা ছিন্ন ভিন্ন হইয়া যুধিষ্ঠিরের শরণাপন্ন হইলে, যুধিষ্ঠির সমস্ত বৃত্তান্ত অবগত হইয়া ভীম ও অর্জ্জুনকে সুযোধনবিমোচনার্থ প্রেরণ করিলেন। ভীম ও অর্জ্জুন তাহা শ্রবণ করিয়া হাস্য করিতে লাগিলেন। অর্জ্জুন ও ভীম অসম্মত হইলেও যুধিষ্ঠির তাঁহাদিগকে প্রেরণ করিলেন, এবং যুধিষ্ঠির ভ্রাতৃবৃন্দের মনোগত ভাব বুঝিয়া কহিতে লাগিলেন, ভ্রাতৃগণ! সুযোধন ত আমাদিগের আত্মীয় বটে—যখন সুযোধন আমাদিগের সহিত যুদ্ধ করিবে, তখন সুযোধনেরা একশত আর আমরা পাঁচ, আর যখন সুযোধন অন্যের সহিত যুদ্ধ করিবে, তখন সুযোধন আমাদিগের সহিত এক শত পাঁচ

---

* Like Tapatya and Khandava accounts, Adi., pilgrimage subjects—Ashtabakra kahada &., the Markandeya *Samasyas* or instructions, such as, a Rishi giving life to his son killed bya king of Haihai, universal deluge, reasonable ages of yugas, of Dhundu of the desert of Marudhanwa &c. not connected so much with the present plot.

হইবে। শত্রুর প্রতি মমতা করিলে যত মহিমা, তত আর মিত্রের প্রতি নহে। অতএব প্রাণের সুযোধনকে মোচন করিয়া আনায়ন কর।—দুর্য্যোধনকে ক্ষমা না করিলে তিনি কি পাইতেন? পৃথিবীর সাম্রাজ্য। ক্ষমা করিয়া কি পাইলেন? স্বর্গসাম্রাজ্য।—এই অবসরে দুর্য্যোধন বৈষ্ণবযজ্ঞ এবং কর্ণ দিগ্বিজয় করিলেন। যুধিষ্ঠিরের প্রকৃতিবর্গ রাজসূয় দিগ্বিজয় স্মরণ করিয়া চন্দ্রের উত্তাপ ন্যায় উহা বোধ করিতে লাগিল। যুধিষ্ঠির অতিথি ভোজন না করাইয়া আহার করিতেন না।—

একদা যামিনীকালে ধর্ম্মরাজ স্বপ্ন দেখিলেন যে, কতকগুলি মৃগ বাষ্পকণ্ঠকম্পান্বিতকলেবরে কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান রহিয়াছে। ধর্ম্মরাজ জিজ্ঞাসা করিলেন, আপনারা কে? তাহারা কহিতে লাগিল, ধর্ম্মরাজ! আমরা মৃগ, এই দ্বৈতবনে বাস করি, প্রবলপ্রতাপ আপনার অনুজগণ আমাদিগকে সমূলে প্রায় নাশ করিয়াছে, সেই জন্য আমরা মরণভীত হইয়া আপনার শরণ লইলাম। ইহা শ্রবণ করিয়া দয়াময়! আমাদের জীবন ভিক্ষা দিন। যুধিষ্ঠির চক্ষের জল মোচন করিয়া বলিতে লাগিলেন, সৌম্যমৃগসকল! তোমাদিগকে অভয় দিলাম, তোমরা গমন কর, আমি জানি না, তাহাতেই এমন হইয়াছে, কল্য আমরা এ বন ত্যাগ করিয়া যাইব।

অনন্তর সায়ংকাল উপস্থিত। কমলিনীকমল সূর্য্য অস্তগিরি শিখরে গমন করিলেন। পক্ষিকুল কুলায় আসিতে লাগিল। কাম্যকবনবাসী ঋষিদিগের সামগানে দিক্ পূর্ণা হইল। হোমহুতাশন চতুর্দ্দিকে জ্বলিতে লাগিল। পাদপ সকল নিবিড় অন্ধকারে সমাচ্ছন্ন হইল।—দুর্ব্বাসার পারণ হইয়া গিয়াছে। একদিন সিন্ধুরাজ জয়দ্রথ বিবাহার্থী শাল্বের নিকট গমন করিয়া নানা ভূপালসঙ্গে রমণীর কাম্যক বনে উপনীত হইলেন। দেখিলেন এক অসূর্য্যম্পশ্যা কামিনী সৌদামিনী যেমন নীল জলধরকে উজ্জ্বল করে, তেমনি বনবিভাগ উজ্জ্বল করিয়া আছে। তিনি সুরথপুত্র কোটিকাস্যকে কহিলেন সৌম্য! দেখুন, দেখুন, ভূতলে অতুল শোভা। কোটিকাস্য কহিলেন, ভদ্রে তুমি কে? অবনীতল দীপ্ত করিয়া রহিয়াছ? দ্রৌপদী কহিলেন, আমি মহারাজ পাণ্ডুর পুত্রবধু, পাঞ্চালরাজার কন্যা, নাম আমার কৃষ্ণা।—ধূর্ত্ত সিন্ধুরাজ ধৌম্যশরণা পাঞ্চালী হরণ করিয়া লইয়া যাইতেছেন, এমন সময় পাণ্ড-

বেরা মৃগপক্ষিগণের করুণালাপ শ্রবণ করিতে করিতে আশ্রমে উপস্থিত হইয়া দেখিলেন, ধাত্রেয়িকা ধূলায় পতিতা হইয়া রোদন করিতেছে। জিজ্ঞাসা করিলেন, ধাত্রেয়িকে! ধূলায় পতিতা হইয়া তুমি রোদন করিতেছ কেন? আর্ষ্টিসেনের নিকট পাঞ্চালীরক্ষা করিয়া যেমন যক্ষযুদ্ধে নিশ্চেষ্ট ছিলাম, তেমনি শাস্ত্রাকে ধৌম্যচরণে রাখিয়া শান্তমনে বনে গমন করিয়াছিলাম। পাণ্ডবশরীরসমা দেবী দ্রৌপদীকে কে হরণ করিল? কাম্যকবনজ্যোৎস্না পাঞ্চালী আজ কোথায়? ধাত্রেয়িকা কহিল, দুষ্ট সিন্ধুরাজ কৃষ্ণাকে হরণ করিয়াছে।—শ্রবণ করিয়া সরথ পাণ্ডবেরা, পঞ্চবটীবনে রাঘবদ্বয় ন্যায়, তদনুসরণ করিয়া কিয়ৎক্ষণ পরে জয়দ্রথকে বন্ধন করিলেন। কিন্তু পরম কৃপালু যুধিষ্ঠির দুষ্ট জয়দ্রথকে মোচন করিয়া ধর্ম্মের মহিমা বর্দ্ধন করিলেন।* পাণ্ডবেরা দ্বৈতবনে গমন করিলে কোন তপস্বী ব্রাহ্মণের অরণীসনাথ মন্থদণ্ড বৃক্ষে সংলগ্ন ছিল। এক মৃগ সহসা আসিয়া তথায় গাত্রঘর্ষণ করাতে উহার শৃঙ্গ সেই মন্থদণ্ডে লগ্ন হইল। মৃগ উহা লইয়া পলায়ন করিল। সহানুজ অজাতশত্রু ব্রাহ্মণের মন্থদণ্ড আহরণ করিতে মৃগের পশ্চাৎ গমন করিলে, মৃগ এতদূর গমন করিল যে, তাঁহারা নালীকাদি দ্বারা তাহার অনুসরণ করিতে পারিল না। তাঁহারা বিশ্রামার্থ এক ন্যগ্রোধপাদপের মূলে উপবেশন করিলেন। তখন রাজা যুধিষ্ঠির পিপাসার্ত্ত হইয়া জলান্বেষণে ভ্রাতৃগণকে প্রেরণ করিলেন। তাঁহারা ককবরাহ পাদপশোভিত এক স্বচ্ছসরোবর প্রাপ্ত হইয়া যেমন জলপান করিলেন, অমনি পঞ্চত্ব প্রাপ্ত হইলেন। এদিকে যুধিষ্ঠিরের বামদিক নৃত্য করিতে লাগিল। তিনি আর আশ্রমে থাকিতে না পারিয়া ভ্রাতৃগণের অন্বেষণে বহির্গত হইলেন। অদূরে এক নির্ম্মনুষ্য নলিনীশোভ সরোবরসন্নিধানে ভ্রাতৃচতুষ্টয় প্রফুল্লকুসুমের ন্যায় মৃতদেহে পতিত রহিয়াছে দেখিয়া যুধিষ্ঠির ছিন্নমূল সুরতরুর ন্যায় ধরাতলে পতিত হইয়া কহিলেন হায়! অন্ধের যষ্টি আমার,

---

* The history of Rama and Savitri, related by Markandeya, as consolatory for the sufferings of Yudhisthir and *Draupadi*. Full life of them is not necessary here as not connected with the present plot.

আজ কে লইল? আমি কাহার সর্ব্বনাশ করিয়াছিলাম যে, আমার ঐ প্রফুল্লমুখকমল অর্জ্জুন নয়ন মুদিত করিয়া রহিয়াছে। ভীম আমার দেহ-লতিকা ত্যাগ করিয়াছে। এই বলিতে বলিতে যুধিষ্ঠির উর্দ্ধদিকে দৃষ্টি করিয়া যেমন মূর্চ্ছিত হইবেন, অমনি দৈববাণী শ্রবণ করিলেন, ভয় নাই, যুধিষ্ঠির! এই প্রশ্নের উত্তর করিতে পারিলে তোমার সাহসিক ভ্রাতৃগণ জীবন পাইবে। ঐ ভ্রাতা আমার প্রতি নালীক নিক্ষেপ করে।—প্রশ্নোত্তর না করিয়া জলপান করিও না।—যুধিষ্ঠির বিস্মিতমুখে দণ্ডায়মান রহিলেন। দেখিলেন এক শৈবাল ও মৎস্যভোজী বক। যুধিষ্ঠির কহিলেন ধর্ম্মাত্মন্! কোন পাপে আজ আমার ভ্রাতৃগণকে হরণ করিলেন? হিমালয়, পারি-পাত্র, বিন্ধ্য ও মলয় পর্ব্বতকে আজ কে বিচলিত করিল?—

রকরূপান্তর যক্ষ কহিলেন, কে আদিত্যকে উন্নমিত করে?

যুধিষ্ঠির কহিলেন, ব্রহ্মাই আদিত্যকে উন্নমিত করেন।

যক্ষ কহিলেন, জগৎ কি?

যুধিষ্ঠির কহিলেন, হাওয়াই জগৎ।

যক্ষ কহিলেন, ধর্ম্মের আশ্রয় কি?

যুধিষ্ঠির কহিলেন, রাজাই ধর্ম্মের আশ্রয়।

যক্ষ কহিলেন, প্রকৃত মৃত পুরুষ কে?

যুধিষ্ঠির কহিলেন, দরিদ্র ব্যক্তিই প্রকৃত মৃত পুরুষ।

যক্ষ কহিলেন, নাস্তিক কে?

যুধিষ্ঠির কহিলেন, অসুরই নাস্তিক, আর "অস্তিনকঃ" এই বাদী হওয়া অসম্ভব।

যক্ষ কহিলেন, প্রবাসী ও গৃহীর মিত্র কে?

যুধিষ্ঠির কহিলেন প্রবাসীর মিত্র সঙ্গী, গৃহীর মিত্র ভার্য্যা।

যক্ষ কহিলেন, ক্লেশ সংসারে আছে কেন?

যুধিষ্ঠির কহিলেন, ক্লেশ না থাকিলে সুখ থাকিতে পারিত না।

যক্ষ কহিলেন, বার্ত্তা কি?

যুধিষ্ঠির কহিলেন, প্রজাপতি যজ্ঞে আগমন করিবেন, এই বার্ত্তা।

যক্ষ কহিলেন, প্রজাপতির আশ্রয় কি?

যুধিষ্ঠির কহিলেন, মানুষ।

তখন যক্ষ কহিলেন যুধিষ্ঠির! আমি প্রসন্ন হইয়াছি, কিন্তু তুমি একটী ভ্রাতাকে জীবিত পাইবে,বল আমি কাহাকে প্রাণ দিব? যুধিষ্ঠির কহিলেন, প্রাণের নকুলকে আমার, প্রাণ দিয়া মাদ্রীর পিণ্ডবর্দ্ধন করুন। বক কহিল পাণ্ডুর পরমপ্রাজ্ঞ পুত্র! তোমার তুল্য ধার্ম্মিক আর নাই।—আমার প্রসাদে তোমার সকল ভ্রাতাই জীবন পাইল। এই মন্থদণ্ড তাপসকে দিও। যুধিষ্ঠির চক্ষুরুন্মীলন করিয়া দেখিতেছেন—সম্মুখে প্রশান্তমূর্ত্তি এক মহাপুরুষ অন্তর্হিত হইতেছেন।—

ষষ্ঠ সর্গ।

দ্বাদশ বৎসর অতীত হইলে, পাণ্ডবেরা এক বৎসর অজ্ঞাতবাসের জন্য চিন্তিত হইলেন। কেহ কহিলেন, চল আমরা চেদিরাজ্যে অজ্ঞাতবাস করিগে। কেহ কহিলেন, চল আমরা দশার্ণে বাস করিগে। কেহ কহিলেন, চল আমরা গিরিশৃঙ্গে অজ্ঞাতবাস করিগে। নানা বাদানুবাদের পর যুধিষ্ঠির কহিলেন,বিরাটরাজ্য আমার মতে অভিলষণীয় স্থান। বিরাটরাজও অতি ধার্ম্মিক ও অতিথিপ্রিয়। অতএব অদ্য আমরা বিরাটরাজ্যে গমন করি। যুধিষ্ঠির বাক্যানুসারে সকলে বিরাটরাজ্যে অজ্ঞাতবাস ইচ্ছা করিলেন। তখন যুধিষ্ঠির কহিলেন, অনুজগণ! বিরাটরাজ্যে অজ্ঞাতবাস ত স্থির হইল, কিন্তু কি উপায়ে, অজ্ঞাতবাস করিবে তাহার বিষয় স্থির কর। আমি ত স্থির করিয়াছি, আমি কঙ্ক নামে পরিচয় দিয়া বিরাটসভায় অক্ষক্রীড়া করিব। ভীম কহিলেন, আমি বল্লভ নামে সুপকার হইব।

---

* 4 years in Kuver's park 6 years in Tirthos, etc, 176. Banaparva. the other 2 years . . . It may strike good many critics, how they entered Virat's house simultaneously without striking him and when their face was known. Vyasa says by the grace of Dharma &, they passed in disguise. Vide. 313, Bana 6. and 13. Virat.—

তখন যুধিষ্ঠির অর্জ্জুনকে কহিলেন, ভাই! তুমি কি স্থির করিয়াছ? অর্জ্জুন কহিলেন, আমি বৃহন্নলা নামে ক্লীব বলিয়া পরিচয় দিয়া বিরাটমহিলাগণকে নৃত্যগীতাদি শিক্ষা করাইব। আমার ভুজদ্বয়ে যে জ্যাঘাত চিহ্ন আছে, তাহা আমি বলয় দ্বারা আচ্ছাদন করিব, আর আমি কর্ণে কুণ্ডল ও মস্তকে বেণী ধারণ করিয়া স্ত্রীজনসুলভ আখ্যায়িকা দ্বারা সকলের মনঃ মোহিত করিব। নকুল কহিলেন, আমি গ্রন্থিক নামে অশ্বরক্ষক হইয়া বিরাটভবনে অশ্বপালক হইব। সহদেব কহিলেন, আমি তন্ত্রিপাল নামে গোপালক হইয়া বিরাট রাজার অসংখ্য গোপালন করিব।

সকলে আপন আপন মত প্রকাশ করিলে যুধিষ্ঠির কহিলেন, তোমরা ত সকলে নিজ নিজ উপায় স্থির করিয়াছ, কিন্তু সুখোচিতা পাঞ্চালী কি করিবেন, আমি তাই ভাবিতেছি। তখন পাঞ্চালী কহিলেন, নাথ! আমার জন্য ভাবনা নাই, আমি সৈরিন্ধ্রী বলিয়া পরিচয় দিব, বিরাটমহিষী সুদেষ্ণার পরিচর্য্যা করিব। যখন আমাকে জিজ্ঞাসা করিবে তুমি কে? আমি কহিব, আমি মহারাজ যুধিষ্ঠিরের মহিষী দ্রৌপদীর পরিচারিকা ছিলাম, পাণ্ডবেরা বনে গমন করিলে অনেক রাজ্যে ভ্রমণ করিয়া সম্প্রতি এই স্থলে উপস্থিত হইয়াছি।—

এমন সময় পুরোহিত ধৌম্য কহিতে লাগিলেন, বৎস! তুমি রাজা হইয়া রাজসভায় পারিষদ্‌ভাবে কিরূপে থাকিতে হয়, জান না। অতএব শিক্ষা দিতেছি শ্রবণ কর, রাজসমীপে অবস্থান সর্পসহবাসের ন্যায়। নৃপতিগণের অসংখ্য শত্রু ও মিত্র থাকে। বিরাটসভায় বাসকালে কদাচ সময় পাইলে সিংহাসনে বসিবে না। রাজার সম্মুখে বাহুল্য হাস্য করিবে না। কোন কথায় হাস্যোদ্রেক উপস্থিত হইলে স্মিতবদন থাকিবে। আমি মহৎ বা পণ্ডিত এতাদৃশ ভাব রাজসমক্ষে দেখাইবে না। রাজ-সভায় স্থিরভাবে সমাসীন থাকিবে। রাজপুরের কোন গূঢ় বিষয় দর্শন করিলেও প্রকাশ করিবে না। আহ্বান করিলে তৎক্ষণাৎ উপনীত হইবে এবং সতত তাঁহার ছায়ার ন্যায় থাকিবে। এতদ্ব্যবহার দেখিয়া রাজা যদি অতি প্রীত হন, তাহা হইলে তজ্জন্য তুমি ঔচিত্যসীমা লঙ্ঘন করিও না। নিজ পরিমাণ করিয়া না চলিলে রাজভবনে ও সমবস্থানে বিষম বিপদে

পতিত হইতে হয়, এই জন্য পুরবাসীদিগের সহিত কোন বিশেষ কথা কহিবে না। রাজপুরের বাহুল্যকথায় থাকিবে না, এইরূপ হইলে তবে বিরাট রাজ্যে বাস করিতে পারিবে। কেননা জগতের এই নিয়ম জানিও। আত্মা অবমত মনে করিও না। দেবগণও শত্রুনাশ জন্য প্রচ্ছন্নবেশে কত বাস করিয়াছেন।—ইন্দ্র নিষধদেশে গিরিপ্রস্থাশ্রমে বাস করেন। বিষ্ণু অশ্বশিরা হইয়া অদিতিগর্ভে বাস করেন।—

ধৌম্য এই কথা বলিয়া দ্রৌপদীর পরিচারিকা, সূত ও পৌরগবগণসহ পাঞ্চালে গমন করিয়া পাণ্ডবদিগের অগ্নিহোত্র রক্ষা করিলেন। ইন্দ্রসেন প্রভৃতি দ্বারকানগরীতে গমন করিলেন।—যুধিষ্ঠির ধৌম্যের নীতিগম্ভীর এই উপদেশ শিরোধার্য্য করিয়া, কালিন্দী নদী দশার্ণ শূরসেন প্রভৃতি পার হইলেন এবং অস্ত্রশস্ত্র সমুদায় বন্ধন করতঃ, রাজ্যের প্রান্তে হিংস্রজন্তুসমাকুলবনবৃত মহাশ্মশাননিকট গিরিশৃঙ্গস্থ এক দুরারোহ শমীবৃক্ষের উপরি রক্ষা করিয়া নিকটস্থ গোপালগণকে, মৃতজননী বন্ধন রহিল, বলিয়া, বিরাটরাজ্যে প্রবেশ করিতে যাইতেছেন, দেখিলেন নগরের চতুঃপার্শ্বে পশুযূথ শষ্প ভক্ষণ করিতেছে। রাখালগণ গান করিতেছে।—

বিরাটরাজ সভা করিয়া অধ্যাসীন আছেন। রত্নসিংহাসন শোভা পাইতেছে। চতুর্দ্দিকে পাত্র মিত্র ও সভাসদেরা সমাসীন। দ্বারে দৌবারিকেরা ফিরিতেছে। মাণিক্য যেন মধ্যাহ্ন ভাস্করের ন্যায় জ্বলিতেছে। এমন সময় যুধিষ্ঠির রাজসভায় উপস্থিত হইলেন। বিরাট যুধিষ্ঠিরকে দর্শন করিয়া মন্ত্রিগণকে কহিতে লাগিলেন, প্রভাতভাস্করের ন্যায় কে এই মহাপুরুষ মন্থরগতিতে আমার সভায় আসিতেছেন? তখন যুধিষ্ঠির প্রণাম করিয়া কহিলেন, মহারাজ! আমি কঙ্ক, মহারাজ যুধিষ্ঠিরের প্রাণসম সখা, তিনি বনগমন করিলে আমরা আশ্রয় অন্বেষণ করিয়া ভ্রমণ করিতেছি। শুনিলাম আপনি অতি মহাপুরুষ এই জন্য আপনার সভায় উপস্থিত। আমি অক্ষক্রীড়াদ্বারা আপনার আমোদবর্দ্ধন করিব। বিরাটরাজ কঙ্কের ধীরপ্রশান্ত বাক্য শ্রবণ করিয়া মোহিতাননে তাঁহাকে আসন প্রদান করিলেন। তদনন্তর ভীম প্রবেশ করিলেন। আজানুলম্বিত গিরিশৃঙ্গসদৃশ মহাবল ভীমকে দর্শন করিয়া সভাস্থ সমস্তজন চকিত হইয়া উঠিল। তখন

ভীম কহিল, মহারাজ! আমি মহারাজ যুধিষ্ঠিরের সূপকার। পাণ্ডবচূড়ামণি বনগমন করিলে, আমি আশ্রয়শূন্য হইয়া সম্প্রতি মহারাজের সেবা করিবার জন্য আসিয়াছি। ভীমের মধুর বাক্য শ্রবণ করিয়া বিরাটরাজ ভীমকে সূপকার ভবনে প্রেরণ করিলেন।—পরে স্ত্রীবেশধারী অর্জ্জুন প্রবেশ করিয়া নিজ সন্দেশ প্রকাশ করিলে, রাজা তাঁহাকে অন্তঃপুরে প্রেরণ করিলেন।—এই রূপে নকুল ও সহদেব প্রবেশ করিলে, সায়ংসন্ধ্যার ন্যায়, হোমের স্বাহার ন্যায়, বশিষ্ঠধেনুর ন্যায়, রাজ্যের কমলার ন্যায়, আকাশের জ্যোৎস্নার ন্যায়, অগ্নিশিখার ন্যায়, যাজ্ঞসেনী সভায় প্রবেশ করিলে, সকলে মেঘাচ্ছন্ন সৌদামিনী গগনে উদিত হইলে, মর্ত্তবাসীরা যেমন তদ্দিকে দৃষ্টপাত করে, সেই রূপ দৃষ্টি তাঁহার দিকে করিলেন। পাঞ্চালী বীণাবিনিন্দিতবচনে কহিতে লাগিলেন, নরনাথ! আমি মহারাজ যুধিষ্ঠিরের ধর্ম্মভার্য্যা দ্রৌপদীর দাসী, সৈরিন্ধ্রী নাম। মহারাজ সস্ত্রীক বনগমন করিলে, ধর্ম্ম কোথায় শরণ লইয়াছেন, জানি না, কে যেন বলিল, আপনি ধার্ম্মিকগণের আশ্রয়। এই জন্য প্রার্থনা করিতেছি, আপনার লক্ষ্মীস্বরূপা রাজমহিষীর সেবা করিয়া আত্মাকে চরিতার্থ করিব। নরপতি সৈরিন্ধ্রীর বচন শ্রবণ করিয়া সাতিশয় মুগ্ধ হইয়া অতি যত্নে ও আদরের সহিত তাঁহাকে সুদেষ্ণার বাসভবনে প্রেরণ করিলেন।—দ্রৌপদী রাজমহিষী-ভবনে গমন করিয়া তাহার চরণ বন্দনা করিলেন।—শ্মশ্রুও বনবাসক্লেশনিবন্ধন আকার বৈলক্ষণ্য ও বহুদিবস অদর্শন প্রভৃতি দ্বারা ঈশ্বর কৃপায় বিরাটরাজ ইহারা যে সম্রাট যুধিষ্ঠির অনুমানও করিতে পারিলেন না। কীচক দ্রৌপদীর রূপে মোহিত হইয়া ভদ্রে! কুসুমশর আমাকে প্রহার করিতেছে, রক্ষা কর বলিলে, দ্রৌপদী বৃত্তান্ত ভীমসকাশে নিবেদন করিল।—মহাবল ভীম কৌশলেকীচককে বধ করিলেন।—এদিকে কুরুদূতেরা কোথাও পাণ্ডবদিগের অন্বেষণ পাইল না।—

কীচকবধ ও গোধন উদ্ধার প্রভৃতি কার্য্য করিয়া অজ্ঞাতবাস অতিক্রান্ত হইলে, পাণ্ডবগণ নিজ পরিচয় প্রদান করিলেন। তখন বিরাটরাজ গলদশ্রুকৃতবাসে যুধিষ্ঠিরের চরণে পতিত হইয়া কহিলেন, হায়! আমি কি করিয়াছি! মহারাজ যুধিষ্ঠির, মহাবীর ভীম, মহাত্মা অর্জ্জুন এতদিন

কি আমার দাস্যক্রিয়া করিতেছিলেন? হায়! যজ্ঞবেদিসমুৎপন্না যাজ্ঞসেনী কি আমার গৃহে সৈরিন্ধ্রীভাবে বাস করিতেছিলেন? বিরাটরাজ এই বলিয়া চক্ষুর্জলে ধরা যখন সিক্ত করিতে লাগিলেন, তখন যুধিষ্ঠির মৃদুমধুরবাক্যে বিরাটকে সান্ত্বনা করিয়া কহিতে লাগিলেন, রাজন্! সংসারের গতিই এই, আপনার তুল্য বিজ্ঞ লোকের আশ্রয়ে আমরা স্থান প্রাপ্ত হইয়াছিলাম। দুঃখ করিবেন না।—বিরাট যুধিষ্ঠির কর্তৃক সৎকৃত হইয়া যুধিষ্ঠিরকে রাজসিংহাসনে উপবেশন করাইয়া স্বয়ং সভাতলে বসিলেন। গাঢ় আলাপের পর বিরাট প্রেমগদ্গদভাবে উত্তরার সহ অভিমন্যুর বিবাহকার্য্য স্থির করিলেন। বিবাহকার্য্য সম্পন্ন হইলে অন্ধক, ভোজ ও বৃষ্ণিবংশীয় প্রভৃতি নরপতিরা নিজ রাজধানী গমন করিবেন, শ্রীকৃষ্ণ বিরাটভবনে একটী সভা করিলেন। বিরাটরাজ প্রথমে আসন গ্রহণ করিলে অন্যান্য নৃপগণ ও যদুপ্রবীর শ্রীকৃষ্ণও স্ব স্ব আসন গ্রহণ করিলেন। রাজন্যবর্গ এইরূপ উপবিষ্ট হইলে সেই সভা গ্রহনক্ষত্রসম্পন্ন আকাশমণ্ডলের ন্যায় শোভা পাইতে লাগিল। তখন শ্রীকৃষ্ণ কহিলেন, হে নরেন্দ্রগণ! ধর্ম্মরাজ যুধিষ্ঠির গান্ধাররাজ শকুনিকর্তৃক কপটদ্যূতে পরাজিত হইয়া অগস্ত্যশাপে স্বর্গভ্রষ্ট নহুষের ন্যায়, যেরূপে বনবাসী হন, তাহা আপনারা সকলেই জ্ঞাত আছেন। সম্প্রতি উপরাগ নির্ম্মুক্ত ভাস্করের ন্যায় যুধিষ্ঠির প্রতিজ্ঞামেঘ হইতে মুক্ত হইয়াছেন। অতএব পাণ্ডবেরা যাহাতে রাজ্য প্রাপ্ত হন, তাহাতে আপনাদিগের অনুমোদন করা কর্ত্তব্য। দুই একজন বিসম্বাদ উত্থাপিত করিলে, পাঞ্চালরাজ দ্রুপদ গাত্রোত্থান করিয়া বলিতে লাগিলেন, আমি সমস্ত বুঝিয়াছি, সৈন্যসংগ্রহ ভিন্ন আর কিছুই দেখিতেছি না। অন্ধক ভোজ বৃষ্ণিবংশীয়েরা নিজ নিজ রাজধানী প্রতিগমন করিলেন।—

সপ্তম সর্গ।

† এদিকে ধৃষ্টদ্যুম্ন ভগদত্ত, হার্দ্দিক্য, রোচমান, চেদীশ্বর সুশর্ম্ম প্রভৃতি নরপতিগণের নিকট দূত প্রেরণ করিতে লাগিলেন। রাজাদিগের আগমনে পৃথ্বী মত্তসিংহ-সমাকুলা, বারি ধারা ও বিদ্যুৎ আচ্ছন্না বনস্থলীর ন্যায় কম্পমানা হইতে লাগিল। ইত্যবসরে দুর্য্যোধন ও অর্জ্জুন শ্রীকৃষ্ণকে সহায় করিবার জন্য দ্বারাবতীতে গমন করিলেন। অবারিত-গতি দুর্য্যোধন কৃষ্ণের বাসভবনে উপস্থিত হইয়া নিদ্রাগত কৃষ্ণের মস্তক-দেশে উপবিষ্ট হইলেন। অর্জ্জুন বন্ধুর পদতলে বসিয়া কৃতাঞ্জলিপুটে রহিলেন। কৃষ্ণ নিদ্রা ভাঙ্গিয়া দেখিলেন, প্রাণসম অর্জ্জুন পদতলে আসীন রহিয়াছেন, ক্ষণপরে নয়ন উর্দ্ধ করিয়া দেখিলেন, দুর্য্যোধন শিরোদেশে।—কহিলেন তোমরা কি মনে করিয়া আসিয়াছ? দুর্য্যোধন কহিলেন, উপস্থিত ভারতসমরে আপনাকে আমার সাহায্য করিতে হইবে, দেখুন আমি অগ্রে আসিয়াছি! শ্রীকৃষ্ণ কহিলেন, দুর্য্যোধন! আপনি অগ্রে আগমন করিয়াছেন কিন্তু অর্জ্জুন আমার নয়নপথে অগ্রে পতিত হইয়াছেন। অতএব আপনি ইহাতে অন্যথা ভাবিবেন না। আমি উভয়পক্ষেরই সাহায্য করিব,—কুরুক্ষেত্রসমরে আমি কিন্তু অস্ত্র ধারণকরিব না।—আমি স্বয়ং যে পক্ষে থাকিব, সে পক্ষে আমার সেনা থাকিবে না, আর আমার সেনা যে পক্ষে থাকিবে সেপক্ষে আমি থাকিব না।—আর অর্জ্জুন অনুজতায় প্রথমে আমাকেই হউক বা আমার সেনাকেই হউক বরণ করি-বেক। তদনুযায়িক অর্জ্জুন কৃষ্ণকে বরণ করিলেন। দুর্য্যোধন আনন্দিত মনে অসংখ্য নারায়ণী সেনা লইয়া হস্তিনায় প্রতিগমন করিলেন। তখন কৃষ্ণ কহিলেন অর্জ্জুন! আমি অস্ত্র ধারণ করিব না, মৎসম নারায়ণী সেনা ত্যাগ

---

† The reader will mark here that in ancient time, there were two laws in Bharatvarsa. (1) The first forced the princes to attend war when they were invited. 48 *Sovaparva*. (2) The second caused them to join that party which party invited them first. 3, Udyoga Parva. This saved the Pandavas and created a great war.—

করিয়া তুমি যে নিরস্ত্র কৃষ্ণকে বরণ করিলে? অর্জ্জুন কহিলেন, সখে! মুমুক্ষুরা যেমন অপ্রমাণ সত্ত্বেও ব্রহ্ম বস্তুকে দারুণ দয়াময় বলেন, তেমনি আমরা, আপনাকে কুরুক্ষেত্রে অস্ত্র না ধারণ করিলেও ছাড়িব না।—কৌরব্য-দাবানল জ্বলিলে, তোমার নবঘনমূর্ত্তি দেখিয়া আমরা শান্তি পাইব।—মৃত্যু হয় বন্ধুসমক্ষে মরিয়া শান্তি পাইব। আর একটী অন্তঃকারণ এই—যখন প্রব্রাজিত যুধিষ্ঠির কুরুক্ষেত্রে দ্রোণ, কর্ণ, দুঃশাসন প্রভৃতির অপ্রধৃষ্যতা দর্শন করিয়া নৈরাশ্যে ও বিহ্বলনয়নে আমার দিকে দৃষ্টিকরিবেন— আমাকে রণে রত হইতে হইবে— আমি কখনই ধর্ম্মরাজের চক্ষে জল দেখিতে পারিব না। আমি যখন এই কুরুকুল দুরাত্মাদিগের সহিত যুদ্ধে অক্ষম হইয়া চতুর্দ্দিক শূন্য দেখিব।—তখন আমি কৃষ্ণরূপ দর্শন করিতে করিতে দারুণ ভীষণ শত্রু গ্রহনক্র-সমাকুল কুরুকুল ঐ কুরুক্ষেত্রে নাশ করিব।—অতএব সখে! তোমাকে আমার রথরজ্জু ধারণ করিতে হইবে।—

পাঞ্চালপুরোহিত, সন্ধিস্থাপনের জন্য নিযুক্ত হইয়া পুষ্যানক্ষত্রে হস্তিনায় উপস্থিত হইলেন।—তিনি ভীষ্ম ও বিদুর প্রভৃতি কর্ত্তৃক সৎকৃত হইয়া নিরূপিত সময়ে কৌরবগণ সমক্ষে বলিতে লাগিলেন।—ধর্ম্মকৌরব-গণ! পাণ্ডবদিগের বনবাস ও রাজ্যনাশ আপনারা সকলেই জ্ঞাত আছেন। ধৃতরাষ্ট্রের পুত্রেরা, কোনবিচারে পাণ্ডবদিগকে এখন রাজ্য না দেন? পাণ্ডবেরাও প্রতিজ্ঞাপালন করিয়াছেন, ধর্ম্মপরায়ণ পাণ্ডবদিগকে রাজ্যে বঞ্চিত করা কখনই আপনাদিগের কর্ত্তব্য নহে। ইহা তাঁহাদিগেরই পৈতৃক রাজ্য। তখন কর্ণ দুর্য্যোধনের ইঙ্গিতে সদর্পে কহিতে লাগিলেন, যদি দুর্য্যোধন মহারাজ তাহাদিগকেই রাজ্য দিবেন, তবে তাঁহার এ দ্যূতক্রীড়ার প্রয়োজন কি ছিল? যুদ্ধ না করিয়া রাজ্যধন কে পায়? আমরা প্রতিজ্ঞা করিয়াছি রণক্ষেত্রে পাণ্ডবদিগকে অধ্যাসীন না দেখিলে, রাজ্য দিব না। কথায় কি কখন রাজ্য প্রাপ্ত হওয়া যায়? দ্রোণ,ভীষ্মাদি সকলেই সন্ধি মত করিলে ধৃতরাষ্ট্রও সন্ধিসম্মত হইয়া সন্ধিস্থাপনার্থ সঞ্জয়কে পাণ্ডব সকাশে প্রেরণ করিতে ইচ্ছা করিলেন এবং কহিলেন সঞ্জয়কে আমার নিকট লইয়া আইস। সঞ্জয় আগমন করিলে, রাজা কহিতে লাগিলেন, সূত! শুভক্ষণে

তুমি আসিয়াছ। আমি তোমাকে অজাতশত্রু বৎস যুধিষ্ঠিরের নিকট প্রেরণ করিতেছি, তুমি তাহাদিগের কুশল সংবাদ জিজ্ঞাসা করিয়া কহিবে, যে অন্ধরাজ সন্ধিস্থাপনার্থ আমাকে আপনাদিগের নিকট প্রেরণ করিয়াছেন।—রাজার বচন শ্রবন করিয়া মনোমারুতগামী রথে আরোহন করিয়া সঞ্জয় মৎস্যদেশে যুধিষ্ঠির সকাশে উপস্থিত হইলেন।

যুধিষ্ঠির সঞ্জয়কে দর্শন করিয়া হর্ষবিকশিত-নেত্রে কহিতে লাগিলেন, হে সূত! তুমি ত নির্ব্বিঘ্নে আসিয়াছ? তোমাকে দর্শন করিয়া আমাদিগের বিশেষ আনন্দ হইল। কুরুবৃদ্ধ ধৃতরাষ্ট্র ত কুশলে আছেন? মহাত্মা বাহ্লীক, ভীষ্ম, বিদুর, কর্ণ ইহারা ত কুশলে আছেন? হে সঞ্জয়! বৈশ্যাগর্ভ সম্ভূত প্রাণাধিক যুযুৎসু ত শুভ আছেন? যশস্বিনী জননী গান্ধারী ত কুশলিনী? সন্তান দৌহিত্র ও ভাগিনেয়প্রভৃতি শিশুসকল ত উত্তম আছে? আর প্রাণাধিক দুর্য্যোধন কি কিছু অমর্শ আমাদিগের উপরি ত্যাগ করিয়াছেন? বৎস! তুমি এস্থলে কি কারণ আসিয়াছ? সঞ্জয় যুধিষ্ঠিরকর্ত্তৃক সৎকৃত হইয়া কহিতে লাগিলেন, মহারাজ! সকলেই কুশলে আছেন, অন্ধরাজ ধৃতরাষ্ট্র আমাকে আপনার নিকট প্রেরণ করিয়াছেন।—তিনি যুদ্ধে অনুমোদন করিতেছেন না। পুত্রগণের পাপকার্য্যে ও আপনাদিগের বনক্লেশে তিনি বিশেষ সন্তাপিত হইয়াছেন। ভাবিঘটনা কেহ জানিতে পারে না। মিত্রদ্রোহ শাস্ত্রের অনুমোদনীয় নহে। অতএব হে অজাতশত্রো! সুবুদ্ধি করিয়া যাহাতে সন্ধিস্থাপন হয়, এমন কর। যুধিষ্ঠির কহিলেন, সূত! সমরাপেক্ষা সন্ধি যে শত অংশে শ্রেষ্ঠ, তাহা আমি মান্য করি। সন্ধিস্থাপন করিতে পারিলে কে আর সমর করিতে বাসনা করে। সমর না করিয়া যদি অল্প লভ্য হয় তাহাও কর্ত্তব্য। প্রজ্জ্বলিত অনলে যেমন দেশ জ্বলিয়া যায়, তেমনি সমরানল জ্বলিলে কৃষি বাণিজ্য বিদ্যাবুদ্ধি প্রভৃতি সর্ব্বই লোপ পায়। সেই অনলের অত্যাচার শিখা আকাশমণ্ডলপর্য্যন্ত উত্থিত হইয়া দেবগণকে রুষ্ট করে। আমাদিগের প্রাণনাশের জন্য সুযোধন কত চেষ্টা করিয়াছে। পাণ্ডবহিংসালতা মন্যুময় সুযোধনকে আশ্রয় করিয়া কৌরবকুল ব্যাপিয়া উঠিয়াছে। কৌরবকুল বনে রাগলোভাদি অনেক ব্যাঘ্র আসিয়া বাস করিতেছে।

সাধুলোকেরা ঐ ব্যাঘ্রভয়ে অন্য স্থানে পলায়ন করিয়াছে। অতএব ঐ হিংসালতা উৎপাটিতা ও রাগলোভাদি ব্যাঘ্র শাসন না করিতে পারিলে, আমরা কিরূপে সুযোধনের সহিত মিলিত হই? সঞ্জয় কহিলেন, হে যুধিষ্ঠির! দেখ তুমি নীতিমান্, লোকে তোমার আচরণ অনুকরণ করিয়া থাকে, আর অসিত, দেবল, ব্যাস তোমাকে পরমাংশমধ্যে গণ্য করেন। মনুষ্যজীবন অল্পস্থায়ী, পাপপিশাচগ্রস্ত দুর্য্যোধন যে বিনা যুদ্ধে তোমায় অর্দ্ধেক রাজ্য দেয়, এ বিশ্বাস হয় না, অতএব আমার বিবেচনায় প্রাণিহত্যা অপেক্ষা মনুষ্যময় দুর্য্যোধনকে ক্ষমা করাই শ্রেয়ঃ। অশেষ প্রাণিহত্যা করিয়া রাজ্যলাভ অপেক্ষা ভিক্ষায় দিনযাপন নীতিশুদ্ধ। আমার বিবেচনায় আপনি যদি অর্দ্ধেক রাজ্য না প্রাপ্ত হন তবে যুদ্ধ করা অপেক্ষা আপনার অন্ধক ও বৃষ্ণিরাজ্যে ভিক্ষা করিলে ভিক্ষা মিলিবে? লোভশূন্য আত্মা নদী। পুণ্য তাহার তীর্থ। সত্য উহার জল। ধৃতি উহার কূল। দয়া উহার প্রবাহ। যেরূপ রাশি রাশি কাষ্ঠ প্রদান করিলে বহ্নি তৃপ্তি পায় না, শত শত নদী সমাগমে সমুদ্র অতৃপ্ত, সেইরূপ আশার অবধি নাই। সময় ধূমকেতুর ন্যায়। আপনি বেদাধ্যয়ন, ব্রাহ্মচার্য্য সমস্তই করিয়াছেন, আপনাকে বুদ্ধি দিতে পারে এমন কেহ নাই। সামান্য রাজ্যের জন্য, পণ্ডিতেরা যাহাকে মায়ার কার্য্য বলে, ভবাদৃশ জনের যুদ্ধ করা অতি প্রশংসনীয় নয়। যুধিষ্ঠির সঞ্জয়ের এই বাক্য শ্রবণ করিয়া গম্ভীরভাবে কিছুকাল উপবেশন করিয়া সহসা গাত্রোত্থান করিয়া বলিলেন, সঞ্জয়! আমি অন্ধক ও বৃষ্ণিরাজ্যে ভিক্ষা করিয়া দিন যাপন করিব, আমার রাজ্যে কার্য্য নাই। আমি প্রাণের সুযোধনের আর কোন হিংসা করিব না।—ধর্ম্মের গতি অতি সূক্ষ্ম। ধর্ম্মের অপমান করিয়া আমি জীবন ধারণ করিতে বাসনা করি না, এই বলিয়া যুধিষ্ঠির ক্রন্দন করিতে লাগিলেন।

যুধিষ্ঠিরের সেই সর্ব্বসন্ন্যাসভাব দর্শন করিয়া অনুজেরা বিক্রতনেত্রে কহিতে লাগিলেন, মহারাজ! করেন কি? লাক্ষাগৃহরচনা, বিষভক্ষণ, পাঞ্চালীর কেশাকর্ষণ দুর্য্যোধনের কি সমস্ত বিস্মরণ করিলেন? প্রাণিহত্যা পাপ সত্য বটে, কিন্তু সে প্রাণী যদি সাধু হয়। অসুরাবতীর্ণ দুর্য্যোধনকে নাশ করিলে কোন দোষ নাই। পাপাত্মা প্রাণিগণকে বিনাশ না করিলে

মনুষ্যকুলের শ্রেয়ঃ নাই। যুধিষ্ঠির কৃষ্ণকে আহ্বান করিলেন। কৃষ্ণ নানা শান্তিবচন দ্বারা কহিতে লাগিলেন, সঞ্জয়! আমি যেমন পাণ্ডবগণের হিতচেষ্টা করি, কৌরবগণেরও সেইরূপ করিয়া থাকি। কৌরব ও পাণ্ডব উভয়েই আমার সমান। কুরুপাণ্ডবগণের সন্ধিস্থাপন হয় ইহাতে আমার সম্যক্ মত আছে। অন্যান্য পাণ্ডবগণসমক্ষে সহজবিরাগী যুধিষ্ঠিরকে এরূপ উত্তেজনা দেওয়া ভাল হয় নাই। তিনি একেই সর্ব্বস্বত্যাগ করিয়াছেন। ধার্ত্তরাষ্ট্রদিগের দুষ্কার্য্য স্মরণ করিয়া তোমার যুধিষ্ঠিরকে শমিত্রস করা উচিত হয় নাই। তখন অর্জ্জুন কহিতে লাগিলেন, সঞ্জয়! আমাদিগকে ভিক্ষা করিতে বলিতেছেন, কিন্তু দুর্য্যোধনকে কিছু বলিতে পারেন না, ক্ষত্রিয়দিগের ধর্ম্মই যুদ্ধ, যুধিষ্ঠির যদি যুদ্ধ না করেন, তবে তিনি ক্ষত্রিয়-কুলের কলঙ্কস্বরূপ। বিধাতা যাহাকে যে কর্ম্মে নিযুক্ত করিয়াছেন, তিনি সেই কর্ম্মই করিবেন। দেখ সূর্য্য ও চন্দ্রমা নিয়ত আকাশমণ্ডলে পরিভ্রমণ করিতেছে। সরিৎসকল অনবরত প্রবহমাণা। সমরে আমরা ভয় করিব না। আমার অদ্বিতীয় গাণ্ডীব ইন্দ্রধনুর ন্যায় যখন সমরস্থলে অশনি-টঙ্কার করিবে তখন দেখিব কত ভীষ্ম, কত কর্ণ, কত দুর্য্যোধন সম্মুখে দণ্ডায়মান হয়? কৌরবরূপ বনে ধার্ত্তরাষ্ট্র ব্যাঘ্রগণকে এই অর্জ্জুন ব্যাধ প্রবেশ করিয়া বিনাশ করিবে,নিশ্চয় জানিবে। হয়গ্রীব যেরূপ শ্রুতিকে,ইন্দ্র যেরূপ শচীকে, রাম যেরূপ সীতাকে উদ্ধার করিয়াছিলেন,—তেমনি আমি পাণ্ডবলক্ষ্মী উদ্ধার করিব, নিশ্চয় জানিবে।—সঞ্জয় এইরূপ বাক্য শ্রবণ করিয়া হস্তিনাপুরে প্রত্যাবৃত্ত হইলেন এবং যথাযথ সমস্ত বৃত্তান্ত বর্ণন করিলে, ভীষ্ম কহিতে লাগিলেন, দুর্য্যোধন! তোমার সন্ধিস্থাপন অবশ্য কর্ত্তব্য হইয়াছে। তুমি কি ভাবিতেছ না, পৃথিবীতে যিনি অদ্বিতীয় ধনুর্দ্ধর বলিয়া বিখ্যাত, যিনি হিড়িম্ব, কির্ম্মীর, কীচককে বধ করিয়া অসাধারণ শৌর্য্য প্রকাশ করিয়াছেন, যিনি কাশী,কাঞ্চী,বঙ্গ,কলিঙ্গ, বিদেহ, দশার্ণ প্রভৃতি রাজগণকে বশীভূত করিয়া রাজসূয়যজ্ঞে অবনত করিলেন, সেই ভীম বৃকোদর যখন গদা ধারণ করিবে, তখন কুরুক্ষেত্রে কে তাহার সম্মুখে দণ্ডায়মান হইবে? আর তুমি দেখিতেছ না, যিনি কৃষ্ণকে সঙ্গে করিয়া খাণ্ডব দাহন করিয়াছেন, যিনি দেবাদিদেব পশুপতিকেও ভয় করে

নাই, যিনি ইন্দ্রলোকে কত অস্ত্র শিক্ষা করিয়া আসিলেন সেই অর্জ্জুন কৃষ্ণকে সঙ্গে লইয়া সমরে আগমন করিয়া যখন গম্ভীর টঙ্কারে দিক নিনাদিত করিবে তখন সুরাসুরও ভয় পাইবে।—তৎকালে আবার ধৃতরাষ্ট্র কহিতে লাগিলেন, সঞ্জয়! আমি স্বপ্নে যেন দর্শন করিয়া থাকি ভীম সমরস্থলে দুর্য্যোধনকে বিনাশ করিয়া নৃত্য করিতেছে। সমুত্থিত ব্রহ্মদণ্ডের ন্যায় স্বর্ণময় অষ্ট কোণ গদা তাহার রণস্থলে প্রকাশ পাইতেছে। এদিকে সঞ্জয় প্রস্থান করিলে, সন্ধিসমুৎসুক মহারাজ যুধিষ্ঠির কৃষ্ণকে কুরুসভায় প্রেরণ করিলেন। অগ্নি যেমন দেবতাদের দূত, তেমন পাণ্ডবদূত হইয়া, ভগবান মরীচিমালী মৃদুভাবে স্বীয় করজাল বিস্তার করিতে থাকিলে, যদুবংশাবতংস বাসুদেব রেবতীনক্ষত্রযুক্ত কার্ত্তিকমাসে মৈত্রমুহূর্ত্তে কৌরবসভায় গমনোদ্যোগ করিলেন। ব্রাহ্মণেরা পুণ্য নির্ঘোষদ্বারা সম্বর্দ্ধনা করিতে লাগিলেন। শঙ্খচক্র গদাতূণীরশক্তিপ্রভৃতি আয়ুধ রথোপরি স্থাপিত হইল।

যদুকুলপ্রবীর কৃষ্ণ কামগ বিমান সদৃশ রথে আরোহন করিয়া গমন করিতে থাকিলে বায়ু অনুকূল বহিতে লাগিল। পার্থিব ধূলিপটল একবারে প্রশান্তভাব ধারণ করিল। মাঙ্গল্য মৃগ ও পক্ষিগণ তাঁহার অনুগমন করিতে লাগিল। সারস, শতপত্র, হংসপ্রভৃতি সুস্বনে রব করিতে লাগিল। কিন্তু বিনা মেঘে বজ্রপাতও দৃষ্টি হইতে লাগিল। নদী সমুদয় প্রতিকূলবেগে প্রবাহিত হইতেছে। পৃথ্বী কম্পিতা। সুখস্পর্শ বায়ু বহিতেছে। পদ্মপ্রভৃতি বিবিধ সুগন্ধি পুষ্পবৃষ্টি পথে হইতে লাগিল। অনেক স্তুতিধ্বনি চতুর্দ্দিকে শ্রুত হইতে লাগিল। কামিনীগণ পথিমধ্যে যাদবকে সুগন্ধি বন্যপুষ্পদ্বারা আচ্ছাদন করিল। শ্রীকৃষ্ণ অনেক পুর ও রাজ্য অতিক্রম করিলেন। ভগবান মরীচিমালী কিরণজাল অন্য দিকে সন্নিবেশ করিতে লোহিতবর্ণ ধারণ করিলে অরাতিনিসূদন কৃষ্ণ বৃকস্থলে উপস্থিত হইয়া সন্ধ্যাবন্দনা পুরঃসর যামিনীযাপন করিলেন। এদিকে ধৃতরাষ্ট্র দূতমুখে কৃষ্ণের আগমনবার্ত্তা শ্রবণ করিয়া রোমাঞ্চিত-কলেবর হইয়া মহাভুজ ভীষ্ম, দ্রোণ, সঞ্জয় ও ধার্ম্মিক বিদুরসমক্ষে অমাত্য সমবেত দুর্য্যোধনকে কহিতে লাগিলেন, বৎস! অতি আশ্চর্য্য কথা শ্রবণ করিলাম। দশার্হাধিপত বাসুদেব পাণ্ডবগণের কার্য্য সাধনার্থ, অগ্নি যেমন

দেবতাদিগের দূত, তেমতি আমাদিগের নিকট আগমন করিতেছেন। আবাল-বৃদ্ধ-বনিতা সকলেই সর্ব্বত্র এই কথা জল্পনা করিতেছে। মহাত্মা কৃষ্ণ সামান্য ব্যক্তি নহেন। তাঁহাতে ধৈর্য্য, বীর্য্য, প্রজ্ঞা, তেজঃ দিব্য আছে। তাঁহার সম্মাননা করা কর্ত্তব্য।" তিনি বৃকস্থলে যামিনীযাপন করিয়া উপপ্লব্য নগরে অবস্থিতি করিতেছেন। কল্য প্রভাতে এই স্থলে আগমন করিবেন। তিনি অন্ধকদিগের অধিপতি, সমস্ত সাত্বতগণের মান্য, অতিবিশাল বৃষ্ণিরাজ্যের ভর্ত্তা ও রক্ষা কর্ত্তা। একবর্ণ মনোহর বাহ্লিক-অশ্বচতুষ্টয়যুক্ত স্বর্ণনির্ম্মিত ষোড়শ রথ, নিত্য মদস্রাবী বিশাল-দশন মাতঙ্গ, মণি ও রত্ন প্রভৃতি আমরা উপহার দিব। আমার পুত্র ও পৌত্র দিব্যরথে আরোহণ করিয়া তাঁহার অভ্যুদ্গমন করুক। পতাকা উচ্ছ্রিত হউক। নগর অলঙ্কৃত ও রাজপথ বহুবিধ রত্নে সমাচিত হউক। প্রাসাদারূঢ় যে যিৎসকল মুখকমলদ্বারা আকাশমণ্ডলকে কমলময় করুক। সাত্বতপতি ভগবান্ ভরতবংশের দৌত্য কার্য্য স্বীকার করিয়াছেন—ইহা অপেক্ষা আর বৎসলতা কি আছে।

কৃষ্ণ নগরে উপনীত হইয়া ধৃতরাষ্ট্র, ভীষ্ম, দ্রোণ, কৃপ, সোমদত্ত, বাহ্লীক প্রভৃতিকে পূজা করিয়া বিদুরকে সম্ভাষণ করতঃ পিতৃষ্বসা কুন্তীর চরণ বন্দনা করিলেন। পৃথা সলোহ চক্ষের সহিত কৃষ্ণকে দর্শন করিয়া বক্ষস্তাড়ন করিয়া কহিলেন, কৃষ্ণ! এ বক্ষঃ আমার শিলাময়। স্নেহমমতা কিছুই নাই। বিদুলা যেরূপ পুত্রসঞ্জয়কে রণ পরাঙ্মুখ দেখিতে বাসনা করেন নাই, বরং বলিয়াছিলেন ওরূপ পুত্রের মুখ দেখিব না, মৃত্যু হয় শ্রেয়ঃ। সেই-রূপ আমিও বলিতেছি সমরানুৎসাহী পার্থগণের মুখ আর আমি দেখিব না। আমার তনয় রাজ্যভ্রষ্ট হইয়া বনে বনে ভ্রমণ করে ইহা অপেক্ষা আর ভীষণ মৃত্যু কি? কৃষ্ণ হৃততনয়া সিংহীর ন্যায় গর্জ্জনকারিণী পিতৃষ্বসার অগ্নিময় বাক্য শ্রবণ করিয়া বিমর্ষমুখে চরণে, যেমন প্রণিপাত করিবেন অমনি কুন্তীর উষ্ণ শোকাশ্রু তাঁহার উন্মুক্তমুকুটশিরে পতিত হইয়া সমস্ত বিধান সূচনা করিল।—

কমলাক্ষ বাসুদেব বিদুরভবনে আতিথ্য গ্রহণ করিলেন। যামিনীতে নিদ্রা শূন্য বিদুর ও কৃষ্ণ কথোপকথন করিতে লাগিলেন। বিদুর কহিলেন.

দেব। আপনার আগমন যুক্তিসঙ্গত হয় নাই। দুর্য্যোধন অতি মূর্খ, অধার্ম্মিক, কামক্রোধপরায়ণ, মাননাশক অকৃতজ্ঞ। আমি অত্যন্ত কাতর হইতেছি যে আপনার অপমান হইবে। দুষ্টাত্মা সন্ধি কখনই করিবেক না। যেমন যথার্থ ব্রাহ্মণ অনার্য্যকে ব্রহ্মোপদেশ করিবেনা তেমনি মূঢ়াত্মাকে আপনার উপদেশ কর্ত্তব্য নহে। গর্ব্বিত দুর্য্যোধন আপনাকে অপমান করিবে। পাণ্ডবরিবাসন করিয়া সমগ্র ধরায় একাধিপতি আপনাকে মনে করিয়াছে। কৃষ্ণ কহিলেন, বিদুর! তুমি বনস্থল হইতে পলায়ন করিয়াছ সত্য, কিন্তু দারিদ্র্যতার তীব্র শর তোমাকে সতত আশ্রমে ব্যথিত করিতেছে তাহাতে তুমি যেমন ব্যথিত না হইয়া পাণ্ডবকুশল প্রার্থনা করিতেছ তেমনি প্রাণনাশেও সমস্ত জীবকে হিতশ্রাবণ শাস্ত্র এবং সাধুর কর্ত্তব্য। দুষ্ট যদি সন্মার্গ বাসনা না করে, সাধু অযাচিত হইয়াও তাহাকে শাস্ত্রোপদেশ রত্ন একবার দান করিবে। ভরতকুলের কুশল জন্য আমি কুরুপাণ্ডব সন্ধি বাসনা করি। আমি সৎপরামর্শ দিব। তাহাতে তাহার যাহা ইচ্ছা করিতে পারে। আমি সন্ধি করিতে বল প্রকাশ করিব না, তাহাতে যদি দুষ্টাত্মা অপমান আমার করে, ইতিহাসে প্রাজ্ঞেরা আমার অযশঃ করিবেন না। কৃষ্ণবিদুরের কথোপকথনে গ্রহনক্ষত্রশালিনী যামিনী প্রভাতা হইল। মুনি ঋষিরা সামগান আরম্ভ করিল। কৃষ্ণ* নিরূপিত সময়ে কৌরবসভায় উপনীত

---

* ব্যাস বলিয়াছেন আমি বেদসম্মিত ভারত লিখিলাম। তাহার অর্থ এই বেদে যেমন দেবাসুরের—পাপপুণ্যের সংগ্রাম, ভারতেও কলি ধর্ম্মের সংগ্রাম। অহি মনুষ্য মাতাকে বঞ্চনা করিলে, স্রষ্টা মানুষীপুত্র হইয়া সুমেরুদিকে কালবেদী যজ্ঞশৃঙ্গে যে আত্মবলি যজ্ঞদ্বারা অহি মস্তকে পদ দান করিয়াছিলেন, সেই মহাসমরের ছায়া ইহা। যদি কেহ বলেন অসুর কাহারা? তাহার উত্তর এই ঈশ্বরের অনিচ্ছা কার্য্যকারীরা। ৬৭, সম্ভবপর্ব্বে লেখে, দুর্য্যোধন কলির অংশ, কৃপ রুদ্রের অংশ, সাত্যকি বায়ুর অংশ, যুধিষ্ঠির ধর্ম্মের অংশ এইরূপ ইত্যাদি। এস্থলে অংশ শব্দের অর্থ, পুত্র, তদাবেশ বা তদনুপ্রবেশ ইত্যাদি। দুর্যোধনে কলির আবেশ। যুধিষ্ঠির ধর্ম্ম নাম রাজার ক্ষেত্রজ পুত্র। অর্জ্জুন ইন্দ্রনাম রাজার ক্ষেত্রজপুত্র। ভীম বায়ুনাম রাজার ক্ষেত্রজ পুত্র। নকুল সহদেব অশ্বিনীকুমারযুগলের ক্ষেত্রজ পুত্র। এইরূপ ইত্যাদি।—অংশশব্দের অর্থ অবতার ও "তদনুপ্রবিশাৎ" ইতিশ্রুতেঃ। ঈশ্বর মানুষে প্রবেশ করে এইরূপ। গোস্বামি মতে আসুর কৃষ্ণ ভিন্ন দেবতা

হইলে ধৃতরাষ্ট্র ভীষ্ম দ্রোণাদি সহিত গাত্রোত্থান করিলেন। সংকৃত কৃষ্ণ দণ্ডায়মান হইয়া মেঘগম্ভীরধ্বনিতে কহিতে লাগিলেন, ভরতকুলমহাত্মগণ। কুরুপাণ্ডবের যে সন্ধি, ইহা ধার্ম্মিক মাত্রেরই অনুমোদনীয়। পাণ্ডবেরা ন্যায়তঃ সমস্ত রাজ্যেশ্বর, তবে তাঁহারা রাজ্যাংশও বা পঞ্চজনের অবস্থিতি-প্রমাণ স্থান কেন না প্রাপ্ত হন? যুদ্ধ হইলে কোন পক্ষের জয় নিশ্চয় নাই। অনর্থক এরূপ অন্যায় যুদ্ধে কেন প্রাণিহিংসা আপনারা করেন? সরলতা, সদাচার পাণ্ডবদিগের সকলই আছে।—এখনও রণস্থলে ভীম গদা হস্তে নৃত্য করেন নাই, এখনও পাণ্ডব নরপতিগণ যুদ্ধসজ্জা করেন নাই, এখনও অর্জ্জুনের গাণ্ডীবনিনাদ হয় নাই, অতএব এই সময় সন্ধি স্থাপন কর। নীতি অনুসারে চলিলে কখনই নিন্দনীয় হইতে হয় না। কুরুকুলবনে মন্যুময় দুর্য্যোধন বৃক্ষস্বরূপ হইয়াছে, কর্ণ তাহার স্কন্ধ, শকুনি তাহার শাখা, দুঃশাসন তাহার পুষ্প ও ফল এবং ধৃতরাষ্ট্র তাহার মূল।—অতএব ঐ বৃক্ষ-

---

কৃষ্ণ দুইটী। একটী বৃন্দাবনের ও আর একটী কুরুক্ষেত্র, মথুরা বা দ্বারকার। বচন আছে কৃষ্ণোন্যো যদুসম্ভূতঃ। "যশোদার একনাম দেবকী, নন্দকেও বসুদেব বলে, অর্থাৎ দ্রোণবসুনামে দেবতানন্দ" নন্দকে বসুদেব বলা যায়। দ্রোণপত্নীধরা দেবী দেবকী। দীব্যতীতি দেবকী। স্বার্থেক। স্ত্রিয়ামীপ। দেবকী শব্দে যশোদা। আর বসুদেব কর্ত্তৃক নন্দালয়ে রক্ষিত পুত্র নন্দ পুত্রে মিশিয়া যান। লীনে নন্দসুতে রাজন ঘনে সৌদামিনী যথা। পুরাণ। ভাগবতে আছে নিশীথেতম উদ্ভূতে জায়মানে জনার্দ্দনে। দেবকাং দেবরূপিণ্যাং বিষ্ণুঃ সর্ব্বগুহাশয় আবিরাসীৎ। ৩।১০ম। নচেৎ ভগবতীকে সাবিষ্ণবনুজা ভগিনী বলা যায় না। ৪।১০ম। নন্দনন্দন না হইলে পশুপাঙ্গজায় স্তব হয় না। উভয় কৃষ্ণের সমবিচার্য্য। বৃন্দাবনের কৃষ্ণ রাসলীলায় কোন প্রকৃত ব্যভি-চার করেন নাই। কেননা সেস্থলে আত্মন্যবরুদ্ধসৌরতঃ বিশেষণ আছে। ৩৩ রাসপঞ্চ। আর অভ্যন্তরে রতিং (মনসি অনুরাগং) কৃত্বা বহিঃ ক্রীড়াং (বিশুদ্ধ প্রেমলীলাং) চকার। ব্রহ্মবৈবর্ত্ত, জন্মখণ্ড। ২৮। ইত্যাদি। কৃষ্ণ আত্মাতে সুরত কার্য্যবোধ করিয়া লতাসাধনে শুক্রবোধ রতিবৎ চুম্বনালিঙ্গনাদি করেন। রাস-ক্রীড়া লতাসাধনবৎ তন্ত্র কার্য্য বা সে সময়ের ও সেস্থলের দেশাচার মাত্র। মনঃকৃতং কৃতং রাম ন শরীর কৃতং কৃতং। যেনৈবালিঙ্গিতা কান্তা তেনৈবালিঙ্গিতাসুতা॥—গোস্বামীরা দুইটী কিম্বা কখন তিনটী কৃষ্ণ ব্যাখ্যা করেন।—যমুনা হইতে বসুদেব অঙ্কে উত্থিত দ্বিতীয় বা তৃতীয় কৃষ্ণ সম্ভব।—

চ্ছেদন না করিলে আপনারা কি সন্ধি করিবেন না? ক্ষত্রিয়বন্ধুগণ! বন ভিন্ন ব্যাঘ্র থাকে না এবং ব্যাঘ্র ভিন্ন বন থাকে না, সেইজন্য পাণ্ডব ব্যাঘ্র ঐ কুরুবন শীঘ্র অধিকার করিবে। সাধুরা যে ঐ বিষবৃক্ষ দর্শন করিয়া পলায়ন করিয়াছেন, তাঁহারা পুনরায় ঐ বনে আগমন করিবেন। অতএব যদি আপন কুশল বাসনা কর, শীঘ্র সন্ধিস্থাপন কর। যুধিষ্ঠির সহিত আলিঙ্গন করিয়া অনুতাপ জলে বক্ষঃ ভাসাইয়া দাও। পরস্পর আলিঙ্গন করিয়া ভ্রাতৃ-প্রেমে জগৎ কাঁদাইয়া নিমন্ত্রণদ্বারা সখিত্বভোজনামোদসম্ভাষণ কর। ধৃতরাষ্ট্র, সভাগতা গান্ধারী, দ্রোণ, ভীষ্মাদি সন্ধি উপদেশ করিলে, কেশবের সেই অমৃত ও বিষমিশ্রিত বচন শ্রবণ করিয়া দুর্য্যোধন বলিতে লাগিলেন, হে কৃষ্ণ। তোমার এরূপ কথা ন্যায্য হইতেছে না। এক পত্নী উপভোগকারী বিরাটকিঙ্করগণের দৌত্যকার্য্য স্বীকার করায় তোমার আর্য্যত্ব পণ্ডিতেরা দেখিতে পাইতেছেন। পাণ্ডবদিগের তুমি পক্ষপাতী, কেন তুমি অকারণ আমাদিগকে নিন্দা করিতেছ? পাণ্ডবদিগকে দ্যূতে পরাজিত আমি করি নাই, শকুনি করিয়াছেন, অতএব সেই লক্ষ্য করিয়া তুমি যে রাগ প্রকাশ করিতেছ, ইহাতে আমার দোষ কি আছে? প্রতিজ্ঞানুসারে পাণ্ডবেরা বনবাসী, ইহাতেই বা কাহার দোষ? হে কৃষ্ণ! জানিও, আমি কাহাকেও ভয় করি না, রণস্থল আমাদিগের প্রাসাদশয্যা তুল্য। আমি তোমার ও পাণ্ডবপক্ষপাতিত্ব কথা শুনিতে চাহি না, কেন তুমি নানারূপ বচনদ্বারা রাজপুরের সমস্ত অঙ্গকে ব্যথিত করিতেছ? আমি প্রতিজ্ঞা করিয়াছি, সূচীর সুতীক্ষ্ণাগ্রপ্রমাণভূমি পাণ্ডবদিগকে আমি দিব না। তুমি কি জানিস, কর্ণ এবং আমি রণযজ্ঞ করিব, যুধিষ্ঠির সেই যজ্ঞের পশু নির্দ্দিষ্ট হইয়াছে, সমরভূমিবেদি, শরসমূহ দর্ভ, শোণিত ঘৃত। এই বলিয়া দুর্য্যোধন ক্রোধতাম্রাক্তনয়নে কৃষ্ণকে যখন বন্ধনবাসনা করিবেন, কৃষ্ণ অমনি নিজ শক্তিতে আত্মমোচন করিয়া আকাশে রথারূঢ় হইয়া বলিতে লাগিলেন, রে দুর্ব্বুদ্ধে! তুই কি জানিস না?—

রণস্থলে শরাঘাতের কথা দূরে থাকুক, দারিদ্র্যতার তীব্র শরেও সত্য বলে যে পাণ্ডবেরা ব্যথিতহৃদয় নন, সেই পাণ্ডবেরা, বিশেষ ধর্ম্মচারী রাজা যুধিষ্ঠির যখন প্রব্রাজিত হইয়া অরণ্যে ক্লেশ পাইয়াছেন, যখন পৃথ্বীসম ক্ষমাশীল যুধিষ্ঠির পঞ্চখানি গ্রামও পাইলেন না, তখন অসুর বৃত্তিসাধক দুর্য্যোধনকে

দুঃখদায়ক অনন্তশয্যায় শয়ান হইতে হইবেক। অন্যায়াচারসম্পন্ন দুর্য্যোধন হ্রী, জ্ঞান, তপস্যা, দম, শৌর্য্য, ধর্ম্ম ও বল দ্বারা পাণ্ডবদিগকে পরাভব করিতে পারে নাই, কেবল কপটতাতে পরাজয় করিয়াছে। সরলতা, মহানুভাবতা, ঔদাসীনতা প্রভৃতি গুণে মহারাজ যুধিষ্ঠির কুরুকুল জয় করিবে সন্দেহ নাই। যেমন অসুরদিগের কলি, হৈহয়দিগের উদাবর্ত্ত, বলীহদিগের অর্কজ, চীনদিগের ধৌতমূলক, বিদেহদিগের হয়গ্রীব বংশকলঙ্ক, আর যে রূপ তালজঙ্ঘদিগের বহুল, ক্রমীদিগের উদ্ধত রথ, সুবীরদিগের অজবিন্দু, চেদিমৎস্যদিগের সহজ কলঙ্ক সেইরূপ ভরতবংশের কলঙ্ক তুই। এই উদাসীন যুধিষ্ঠির একবার অনুজ্ঞা প্রদান করিলেই, দেখিতে পাইবে যে কোপন ভীমসেন ভয়বেশে রথারোহণ করিয়া গদাহস্তে রণস্থলে নৃত্য করিতে আরম্ভ করিতেছে।—ভীমগদা সেনাগণের সম্মুখীন হইয়া ক্রোশবিষ উদ্গার করিতেছে।—তখন চিত্রযোধী নকুল দক্ষিণ তূণীর হইতে শত সহস্র শর নিক্ষেপ করিয়া কুরুকুল ব্যথিত করিতেছে।—সেনা সকল ছিন্ন ভিন্ন হইয়া পলায়ন করিতেছে।—নকুল ধীবর কুরুসেনামীনদিগকে সমরসলিলে নাশ করিতেছে। সহদেব ধৃতাস্ত্র হইয়া দান্ত তুরঙ্গমযুক্ত নিঃশব্দচক্র সুরিতথ রথে আরোহণ করিয়া ভূপতিগণের শিরশ্ছেদন করিতেছে। সিংহশিশুর ন্যায় দ্রৌপদীর পঞ্চপুত্র সকল, শর শোভিত হইয়া ঘোর বিষ আশীবিষের ন্যায় আগমন করিতেছে। তখন পরবীরঘাতী ধৃতাস্ত্র অভিমন্যু বারিধারাবর্ষী ধারাধরের ন্যায় অরাতিগণের মস্তকে শর বর্ষণ করিবে। রণবিশারদ সিংহসমান প্রভদ্রকগণ সহস্র ব্যাঘ্রের ন্যায় ধার্ত্তরাষ্ট্রগণকে আক্রমণ করিবে, অধিক কি বলিব, রণস্থল পাণ্ডবপতাকায় সমাকীর্ণ হইবে। দেখিবে দ্রুপদ মহীপতি রথারোহণ করিয়া রোষাবেশে কুরুযোধগণের মস্তকচ্ছেদন করিতেছে।—বিরাটরাজ গ্রহনক্রসমাকুল কুরুসাগরে অবগাহন করিতেছে, তখন তনুত্রসনাথ শিখণ্ডী দিব্য তুরঙ্গমযোজিতরথে আরোহণ করিয়া শত্রুগণকে বিমর্দ্দিত করিবে, বিরাটপুত্র উত্তর বদ্ধপরিকর হইয়া রণস্থলে কার্ত্তিকেয়ের ন্যায় শোভা পাইবে, আবার কি দেখিবে—ভগবান কৃষ্ণকর্ত্তৃক পরিচালিত রথে সমারূঢ় সর্ব্বলোকভয়াবহ তৃতীয়পাণ্ডবের গাণ্ডীবমৌর্ব্বী বজ্রনির্ঘোষ কঠোর শব্দ করিতেছে, বিদ্যুৎস্ফুলিঙ্গ যেন মেঘ হইতে ছুটিতেছে, অস্থিচ্ছেদী মর্ম্মভেদী নিশিত

শর গাণ্ডীব হইতে বিগলিত হইয়া শত্রুদিগকে আক্রমণ করিতেছে, কত তুরঙ্গ, মাতঙ্গ, বর্ম্মিতাঙ্গ দূরে গমন করিতেছে,—যুগান্তকালীন প্রলয় উপস্থিত হইতেছে।——

কৃষ্ণ সন্ধিস্থাপনার্থ কুরুসভায় গমন করিলে, সহদেব মত্ত ভীমকে কহিতে লাগিলেন, আর্য্য! আর শ্রবণ করিয়াছেন? অজাতশত্রু, দুর্য্যোধনের নিকট স্বয়ং বাসুদেবকে সন্ধির জন্য প্রেরণ করিয়াছেন। তিনি পাঞ্চালীর কেশাকর্ষণ, আমাদিগের বিষাশনাদি সব্ব বিস্মরণ করিয়াছেন।—দুর্য্যোধন এত অনিষ্ট করিয়া তাহার প্রিয় হইলেন, আর আমরা আজ্ঞা পালন করিয়া চিরবনবাসী রহিলাম।—ভীম বিকাঙ্ক্রকুটীভীষণ দৃষ্টিতে কহিলেন, কি জ্যেষ্ঠের এইরূপ সন্ধি? কুরুকুলহিতে ভগবান কৃষ্ণকে আবার তজ্জন্য প্রেরণ? হায়। যখন ভীম জীবিত রহিল, পাণ্ডবদিগের বনবাস আর রাজ্যনাশ কি অগ্রজ সর্ব্ব বিস্মরণ করিলেন? হায়! কি দারুণ পাপ করিয়াছি!—চল আজ অগ্রজের নিকট মনোবেদনা প্রকাশ করিব। এই বলিয়া বিকটগতিতে গমন করিয়া অগ্রজকে বলিতে লাগিলেন, অগ্রজ। কুরুকুলের প্রশমন প্রিয় আপনার তাতেই আশ্রিত ভীমের। অর্জ্জুন ও সহদেব ও পাঞ্চালী মত দেয় নাই, কিন্তু পাঞ্চালীর কেশাকর্ষণ সীতাধর্ষণে রাঘবন্যায়, আমি বিস্মরণ করিনাই, আপনি কি বিস্মরণ করিয়াছেন? —চঞ্চদ্ভুজ- ভ্রমিত বিকট গদাঘাত দ্বারা দুর্য্যোধনের উরুস্থল এখন ত সংচূর্ণিত করি নাই, যে আপনি যুদ্ধে ক্ষান্ত হইতেছেন?—দুষ্ট দুঃশাসনের উরু মন্থন করিয়া গঙ্গার বারিধারার ন্যায় উরুস্থল হইতে রুধির পান এখনও করি নাই যে আপনি যুদ্ধে নিবৃত্ত হইতেছেন? মুক্তকেশী দ্রৌপদী বেণী এখনও বন্ধনকরেন নাই— মুক্তকেশী রণরঙ্গিণী কৃষ্ণা কালিকার ন্যায় অদৃশ্য ভাবে যে সমরাঙ্গনে নৃত্য করিতেছে, কে তাহাকে নিবারণ করে? আপনার যদি সন্ধি মত হয়, তবে আপনি আর আমার অগ্রজ নহে। যুধিষ্ঠির কহিলেন, ভাই। সভামধ্যে দ্রৌপদীর কেশাকর্ষণ সুযোধন করিয়াছিল, তাহা আমি স্মরণ করি, কিন্তু দ্রৌপদী আমার পত্নী হইয়া সুযোধনের মাতৃতুল্যা, সন্তান যদি মাতার বসন বা হস্ত ধরে, তাহা কি অন্যায় দিকে লইতে হয়? বিষপ্রদান, যতুগৃহ, সর্ব্বই ঐ দুষ্ট করিয়াছিল, অতএব সেকি তাহা হইলে ক্ষমার পাত্র নহে? সহস্রবার ক্ষমা করিলে, ভরতবংশের সুযোধন একবার না একবার অনুতাপানলে এমনি পড়িবে, যে সে

একবারেই ক্ষমার বশবর্ত্তী হইয়া যাইবে। আমরা বিনা প্রাণিহিংসাতেই দুর্য্যোধন ব্যাঘ্রকে পোষ মানাইব। আর একটী বিশেষ কারণ এই দুষ্ট এমনি মায়া পাতিয়াছে, যে কুরুকুল শশাঙ্ক দ্রোণ, ভীষ্ম, অশ্বত্থামা, কর্ণ প্রভৃতি মহোদয়গণ ঐ পাপ কৌশলে পতিত হইয়াছেন। পাপ দুর্যোধনকে হনন করিতে যাইলে, পাছে ঐ রত্ন সকল হনন হয়,—পাছে ভারত রত্নশূন্য হয়, এই ভয়ে উহাদিগকে হনন করিতে যাইতেছি না। সুযোধনকে হনন করিতে যাইলে পাছে উপস্থিত পূজাহত্যা, ব্রহ্মহত্যা হয়।—রত্নহানি ও প্রাণিগণ হিংসা নিবারণার্থ ভরতকুলহিতৈষী বাসুদেবকে সন্ধি করিতে প্রেরণ করিয়াছি।—এদিকে স্ববিতস্তন্দন ব্যস্ত বাসুদেব উপস্থিত।—

তখন বিদুর কহিতে লাগিলেন।—

যে ব্যক্তি শাস্ত্রজ্ঞানশূন্য অথচ আপনারে বিদ্বান্ বলিয়া গণ্য করে এবং যে ব্যক্তি দরিদ্র হইয়া ধনাভিমান করে, এই দুই ব্যক্তিই মূঢ়। যে ব্যক্তি স্বার্থ বিসর্জ্জন করিয়া পরার্থে যত্নবান হয় এবং বন্ধুর প্রয়োজনসাধনে কপটতা করে সে ব্যক্তি ও মূঢ়। যে ব্যক্তি কামনার অতিরিক্ত প্রার্থনা এবং প্রকৃত কাম্য বিষয় ত্যাগ ও বলবানকে বিদ্বেষ করে, সে ব্যক্তিও মূঢ়। যে ব্যক্তি শত্রুকে মিত্রজ্ঞান, মিত্রকে শত্রুজ্ঞান এবং নিন্দনীয় কর্ম্মের অনুষ্ঠান করে সে ব্যক্তিও মূঢ়। যে ব্যক্তি সতত সংশয়াচ্ছন্ন, সে ব্যক্তি ও মূঢ়। যে ব্যক্তি অনাহূত হইয়া প্রবেশ করে, জিজ্ঞাসিত না হইয়া বহুবাক্য বলে, আত্মবল বিচার না করিয়া পরাক্রম প্রদর্শন করে, এই তিন ব্যক্তিও মূঢ়। যে ব্যক্তি দুর্দ্দমনীয়কে শাসন করিতে চেষ্টা, ধনহীনের উপাসনা এবং কৃপণের আরাধনা করে, সে ব্যক্তিও মূঢ়। হে রাজন্! আর যে ব্যক্তি বিপুল ধন ও বিদ্যায় উদ্ধত না হয়, তিনিই পণ্ডিত। যে ব্যক্তি সম্পত্তিশালী হইয়া ধার্ম্মিককে সম্মাননা করে, তিনি প্রকৃত পণ্ডিত। ধনুর্দ্ধর ব্যক্তির শরও বিফল হইতে পারে, কিন্তু বুদ্ধিমানের বুদ্ধি বিফল হইবার নহে। মৃগয়া, পানাদিব্যসন পণ্ডিত মাত্রেরই ত্যাগ করা কর্ত্তব্য। ক্ষমাশীল ব্যক্তির এইএক মাত্র দোষ, যে, তিনি ক্ষমা করিলে লোকে তাঁহাকে অক্ষম বিবেচনা করেন, কিন্তু তাহা ধর্ত্তব্য নহে, কেননা সাধুরপ্রতি ক্ষমাই মনুষ্যের পরমবল, ক্ষমাই মনুষ্যের পরম সন্তোষ, ক্ষমাই মনুষ্যের জগৎ—ভূষণ, ক্ষমাই মনুষ্যের সাধন।—

অনন্তর যুদ্ধসজ্জা হইতে লাগিল। যুধিষ্ঠির কুরুক্ষেত্রে শ্মশানদেবযজ্ঞ মহর্ষিতীর্থস্থান পরিহার করিয়া সমতল সুশীতল তৃণরাশিসম্পন্ন ভূমি আশ্রয় করিলেন। ধৃষ্টদ্যুম্ন সাত্যকি ও যুযুধান ইঁহারা শিবির পরিমাণ করিতে লাগিলেন। কৃষ্ণ পঙ্ককর্দ্দমশূন্য সলিলা হিরণ্বতী প্রাপ্ত হইয়া পরিখা রীতিমত প্রস্তুত ও ইহার তত্ত্বাবধান করিতে লাগিলেন। পাণ্ডবদিগের শিবিরে কুরুক্ষেত্র সাগর তরঙ্গমালা হইল।—কখন কখন বোধ হইতে লাগিল যেন অসংখ্য বিমান সকল অবনীতলে পতিত রহিয়াছে। নানা শিল্পকর কার্য্য করিতে লাগিল। সমরকার্য্যে আহত সৈন্যদিগকে ঔষধ দিবার জন্য, অভিজ্ঞ অস্ত্র চিকিৎসক* ও চিকিৎসকসকল সমানীত হইল। ইন্দ্রধনু সদৃশ শরাসন, জ্যা, বর্ম্ম, শতঘ্নী† নালীকা ও বহুবিধ অস্ত্র সকল আনীত হইল। লৌহগোলসকল রণস্থলে

---

* কত উন্নত অবস্থা। ১৫০। উ।

† নালীকং দ্বিবিধং জ্ঞেয়ং বৃহৎক্ষুদ্রবিভেদতঃ।
তির্য্যগূর্দ্ধং ছিদ্রমূলং পঞ্চবিতস্তিকম॥
মূলাগ্রয়োর্লক্ষ্যভেদি তিলবিন্দুযুতং সদা।
যন্ত্রাঘাতাগ্নিকৃতং গ্রাবচূর্ণধৃক মূলকর্ণকম।
সুকাষ্ঠোপাঙ্গবুধ্নঞ্চ মধ্যাঙ্গুলিবিলান্তরম্।
স্বান্তে অগ্নিচূর্ণসন্ধাত্রী শলাকা সংযুতা দৃঢ়ং॥
লঘুনালীকমপ্যেতৎ প্রধার্য্যং পত্তিসাদিভিঃ।
যথাযথাতু ত্বক্সারং যথাস্থল বিলান্তরম্।
যথা দীর্ঘং বৃহদ্গোলং দূরভেদি তথাতথা।
মূলকীল দ্রুমাল্লক্ষ্য সমসন্ধানং ভাজয়েৎ॥
বৃহন্নালীকসংজ্ঞান্তৎ কাষ্ঠবুধ্নবিবর্জ্জিতং।
প্রবাহ্যং শকটাদ্যৈস্তু সুযুতং বিজয়প্রদং॥

অগ্নিচূর্ণ।—
সুবর্চ্চিলবণাৎ পঞ্চ পলানি গন্ধকাৎপলম্।
অন্তর্ধূমবিপক্বার্ক মুহ্যদঙ্গারপলম্॥

নালীকের উল্লেখ শুক্রনীতি। প্রথম আবিষ্কার।

৫১, ১০৪।১৪০ উদ্যোগ। ৩০ দ্রোণ। ৯৬ ভীষ্ম। ৯০ কর্ণ। ১০ ঐশীক। ১৯ স্ত্রীপর্ব্ব। শতঘ্নী বা বৃহন্নালীক (কামানও বন্দুক)। ১২০ ভীষ্ম। ৩০ দ্রোণ। ইত্যাদি।

গোলা। গোলো লৌহময়ো—বন। ভা।

কৃষ্ণোপলশোভিগিরির ন্যায় শোভা পাইতে লাগিল। অনেক হস্তীও সমানীত হইল। এদিকে মহারাজ দুর্য্যোধন রজনী প্রভাত হইবামাত্র একাদশ অক্ষৌহিণী সেনা সমভিব্যাহারে কুরুক্ষেত্রে উপস্থিত হইলেন। যুযুৎসু বিচিত্র সৈন্যগণ অঙ্কুশ, তূণীর, তোমর, খড়্গ, পতাকা, ধ্বজ, শর, শরাসন, শক্তি, নিষঙ্গ, রজ্জু আস্তরণ, কবচ, গ্রহবিক্ষেপ, তৈল, গুড়, সলিল, ঘৃত, বালুকা, সর্পকুম্ভ,* ধূনকচূর্ণ, ঘণ্টিকা, ফলক, লৌহাস্ত্র, উপল, শূল, ভিন্দিপাল, মধুচ্ছিষ্ট, মুদ্গর, কাণ্ডদণ্ড, লাঙ্গল, বিষ,* শূর্প, পিটক, দাত্র, অঙ্কুশ, কণ্টকযুক্তকবচপ্রভৃতি ধারণ করিয়া প্রজ্বলিত পাবকের ন্যায় শোভা পাইতে লাগিল। কোষসমূহ রত্নজাতের ন্যায় শোভা পাইতে লাগিল। অনেক প্রাসাদ প্রস্তুত হইল। বেশ্যা,† বিপণি অনেক সমবেত হইল। ঘণ্টিকাযুক্ত তুরগ সকল যেন নৃত্য করিতে লাগিল। কবচধারী পতাকাসম্পন্ন অশ্বারোহী ভিন্দিপাল হস্তে লইয়া কি সুসাদৃশ্য করিল। সমস্ত সমাধান হইলে, দুর্য্যোধন বিনীতবেশে ভীষ্মের নিকট যাইয়া কহিতে লাগিলেন, আর্য্য! আপনি আমাদিগের রক্ষাকর্ত্তা, আপনি ভিন্ন আমাদিগের গতি নাই। বর্ত্তমান কুরুসমরে আপনি এই একাদশ অক্ষৌহিণী সেনার পতি না হইলে, আমার কুশল নাই। যেমন হিমালয় সমস্ত গিরির কর্ত্তা, যেমন সূর্য্য জগতের তেজঃ, তেমনি আপনি আমাদিগের শ্রেষ্ঠ স্থান। যেমন অমরগণের অগ্রগামী কার্ত্তিকেয় তেমনি আপনি আমাদিগের অগ্রগামী হইবেন। ভীষ্ম দুর্য্যোধনের অনুনয় শ্রবণ করিয়া বলিলেন, বৎস! আমি তোমার সেনাপতি হইলাম।—কিন্তু আমি বালককাল হইতে নিরাশ্রয়, অকারণ বনবাসী সত্যপক্ষ পাণ্ডবদিগকে উৎসন্ন করিতে পারিব না। পাণ্ডু মহীপতিকে মনে করিলে হৃদয় আমার বিদীর্ণ হয়।—যুধিষ্ঠিরের সেই নিরাশ্রয় মুখকমল মনে করিলে আমার আর কিছু থাকেনা। আর আমার প্রতিজ্ঞা এই, আমি স্ত্রীপূর্ব্ব, স্ত্রী, স্ত্রীনামধারী বা স্ত্রীস্বরূপ পুরুষকে শরলক্ষ্য করিতে পারিব না। ভীষ্ম সেনাপতিপদে অভিষিক্ত হইলে ভেরীধ্বনি ও মহান্ আনন্দনাদ হইল। অনন্তর ভীষ্ম সেনাপতির পদে শ্রবণ করিয়া যুধিষ্ঠির

* নাগবাণ অর্থাৎ বিষনির্ম্মিত বাণাদি জন্য। † উ।

সাতিশয় কাতর হইয়া কৃষ্ণের শরণাপন্ন হইলে, কৃষ্ণ কহিলেন, মহারাজ! ভীত হইবেন না, ঈশ্বর রক্ষা করিবেন। ঐ দেখ সাগরোর্ম্মির ন্যায় সপ্ত অক্ষৌহিণী সেনা আপনার। দ্রুপদ, বিরাট, ধৃষ্টদ্যুম্ন, চেকিতান, সাত্যকি ও ভীম ইহারা নায়ক। ইঁহারা সকলে যথাযোগ্য। যেমন তুলারাশি সামান্য বহ্নিতে নাশ পায় তেমনি আপনার পুণ্যরাশিতে অসংখ্য কুরুসেনা নাশ পাইবে। অনন্তর পাণ্ডবশিবিরে যুধিষ্ঠির, দ্রুপদ, বিরাট, সাত্যকি, ধৃষ্টদ্যুম্ন, ধৃষ্টকেতু, শিখণ্ডী ও মগধাধিপতি সকলে সেনাপতি পদে বৃত হইলেন। যুদ্ধের এই নিয়ম স্থির হইল, শিখণ্ডী ভীষ্মের সহিত, শল্য ধৃষ্টকেতুর সহিত, দুর্য্যোধন ও একশতভ্রাতাগণ ভীমের সহিত, দিগ্বিজয়ী কর্ণ অর্জ্জুনের সহিত, ও ধৃষ্টদ্যুম্ন দ্রোণের সহিত, যুদ্ধ করিবেক। আর অভিমন্যু ও বৃষসেন, সহদেব ও শকুনি, দ্রৌপদীর পঞ্চপুত্র ও ত্রিগর্ত্তগণ, ইত্যাদি পরস্পর যুদ্ধ করিবে। বলভদ্র ভাবিযুদ্ধঘটনায় অসংখ্য প্রাণিহত্যার সম্ভাবনা করিয়া, চক্ষে না দেখিতে ইচ্ছুক হইয়া, তীর্থপর্য্যটনে বহির্গত হইলেন। কুরুপাণ্ডবেরা যুদ্ধে ব্যস্ত, এমন সময় রুক্মী রাজা কুবেরের নিকটে বিজয় নামক ধনুক লাভ করিয়া সাহায্য করিবার জন্য কুরুপাণ্ডব সকাশে উপনীত হইলেন, কিন্তু রুক্মীকে কেহই গ্রাহ্য করিল না। তিনিও লজ্জিত হইয়া তীর্থ পর্য্যটনে গমন করিলেন।—

অষ্টমসর্গ।

সকলে যুদ্ধ যাত্রা করিলেন।—কেকয়গণ, ধৃষ্টকেতু, শিখণ্ডী যুধিষ্ঠিরকে বেষ্টন করিয়া গমন করিতে লাগিলেন।—দ্রৌপদী উপপ্লব্য নগরে রহিলেন। মহাত্মা পাণ্ডবগণ হিরণ্বতী তীরে অবস্থান করিতেছেন, এমন সময় দুর্য্যোধন উলূককে আহ্বান করিয়া বলিলেন, বৎস! তুমি পাণ্ডব নিকট গমন করিয়া বল, বহুকাল সম্ভাবিত কুরু সমর ত উপস্থিত, আর বিলম্ব কেন? ধর্ম্মধ্বজী পাণ্ডবগণ আর কত কপটতা করিবে। তাঁহারা যে সত্বগুণাবলম্বী, তাহার দিব্য প্রমাণ পাওয়া গিয়াছে। ভীষ্ম দ্রোণ প্রভৃতি আশ্চর্য্য হইয়াছেন যে অখিল

রাজ্যের মমতাত্যাগ করিয়া সত্তজ্ঞানী সকল বনচারী, যে পাপ রাজ্য ত্যাগ করিয়া রঘুবীর জটাবল্কলধারণ পূর্ব্বক বনে গেলেন, সেই রাজ্যসংসারের জন্য আজ শমী যুধিষ্ঠির কি সমরে অবতীর্ণ! উলূক! আর এই কথাটী বল, যে অর্জ্জুনাদি যুধিষ্ঠির জন্য কেন রজোনাম লয়? যুধিষ্ঠির রাজা হইয়া কেন সত্ত্ব প্রশংসা পাইবে? নিয়মে বলে, যুধিষ্ঠির কৌশলধূর্ত্ত। তাহাহইলেও ভ্রাতৃগণকে ত্যাগ করিয়া যুধিষ্ঠির যদি রাজা হয়—আমি অজাত শত্রু যুধিষ্ঠিরকে রাজ্য দিব। আর এই কুরুক্ষেত্রে দুর্য্যোধন প্রতিজ্ঞা করিয়াছে—ভীমশোণিত তাঁহারা শতভ্রাতায় পান করিবে।——

উলূক দুর্য্যোধন বন্ধু এক চার্ব্বাক তপস্বী সহিত আসিয়া যথাবৎ বলিলে, যুধিষ্ঠির কহিতে লাগিলেন উলূক। আমি বনচারী শমিতুল্য, বা আপনাকে কখন ত্রেতাবতার রঘুবীর তুল্য, মনে করি নাই। আমার তুল্য অধম জগতে আর নাই। উলূক। শমিগণ অরণ্যে বাস করিলে, সিংহেরা পর্য্যন্ত কৃপা করে, কিন্তু আমি বনে বাস করিলে, দুর্য্যোধন কতবার আমার হিংসা করিয়াছিল। দুর্য্যোধনের জন্য যে বনেও আমার রক্ষা নাই। দুর্য্যোধন অতিনীচ-প্রকৃতি, নিষ্ঠুর ও ক্রূড়, তাহা না হইলে বস্ত্রদ্রব সমরানল না জ্বালিয়া প্রাণান্তেও সন্ধি করিল না। উলূক। পাপভয়ে পঞ্চ গ্রাম যাচঞা করিয়াছিলাম, সামান্য প্রকৃতির ন্যায় পঞ্চ ভ্রাতা তথায় বাস করিব; কিন্তু দুর্য্যোধন তাহাও দিলেক না। কি করি উলূক। পা রাখিতে স্থান না পাইলে, কাজেই সমর করিতে হয়। দুর্য্যোধন যে প্রতিজ্ঞা করিয়াছেন, সূচিকাগ্র-প্রমাণ ভূমি পাণ্ডবদিগকে দিব না।—নইলে প্রাণান্ত প্রব্রজ্যাই করিতাম কিন্তু পাণ্ডবজীবন কৃষ্ণ কহিয়াছেন, দুর্য্যোধন কলির অবতার, দুর্য্যোধনকে বিনাশ না করিলে এ সৃষ্টি থাকিবেক না। ও এখন আমাদিগের যশোলিপ্সু হইয়া জাগতিক অনেক সৎকার্য্য করিতেছে। আমরা অন্তর্ধান হইলেই সংসার সুযোধন কর্ত্তৃক পাপলিপ্ত হইবেক। আজ্ঞাবহ সুশীল অর্জ্জুনাদির কোন দোষ নাই। তাহারা বালককাল হইতে পিতৃহীন। আমি তাহাদের পিতৃস্বরূপ। কিরূপে আশ্রিত ত্যাগ করি। সুযোধন যেমন আমার স্নেহের, অর্জ্জুনাদি সেইরূপ আমার।—বড় দুঃখের বিষয়, তোমরা দেখিতে পাইবে, অর্জ্জুন গাণ্ডীব লইয়া কুরুক্ষেত্রে রথোপরি নৃত্য করিতেছে। ভীমের গদাচালন

ও রণস্থলে ভীষণ নৃত্য হইতেছে। উলূক এই সমাচার লইয়া প্রস্থানোদ্যত হইলে, যুধিষ্ঠির কৃষ্ণকে পরামর্শার্থে আহ্বান করিলেন।——

তখন চার্ব্বাক তপস্বী কহিতে লাগিল, যুধিষ্ঠির! স্বর্ণদীতীরে নিরঞ্জনের এমন প্রকাশ আছে যে তিনি অযাচককে ক্ষমা দিয়া জগৎ প্রশান্ত করিবেন। তাঁহার অনুরাগীরা প্রহৃত হইয়াও প্রহর্ত্তাকে আলিঙ্গন করিবে। এ শব ত্যাগ করিবেনা। প্রেম শবে জগৎ বাঁধিবে। শত্রুর পদচুম্বন করিবে। তুমি সত্ত্বগুণাবলম্বী বলিয়া খ্যাত, অযাচক কলি দুর্য্যোধনকে কেননা প্রেমে এ রাজ্য দিয়া বন্ধন কর। কেন বৃথা প্রাণিহিংসা কর? যুধিষ্ঠির কহিলেন, তপস্বিন্। সুযোধন কি আমার জীবে প্রেম বুঝিয়াছে? তবে আমাদিগকে বিষ জতুগৃহানল প্রভৃতি অনুতাপানলে বংস দহ্যমান হইতেছে।—সেই সুযোধনকে আমি ক্ষমামৃত দিলাম। অন্য বন্ধু কহিল, যুধিষ্ঠির! তুমি রঘুবীর অপেক্ষা যশঃ গ্রহণ কর। এই অষ্টাদশ অক্ষৌহিণী সেনা তোমাদের সন্ধি দেখিয়া কলিতে নিরঞ্জনের স্বর্ণদীতীরে পতাকাবৎ পতাকা উড্ডীন করতঃ বর্ষা নালীক রূপ যূপ উত্তোলন করিয়া ধর্ম্মক্ষেত্র কুরুক্ষেত্র মহিমা প্রকাশ করিতে, যাহা অনেকে সম্ভাবনা করিতেছেন, নৃত্য করিতে থাকুক। শতঘ্নী নিনাদ তাহাতে দুন্দুভি নাদ হউক। ভীম কহিলেন, দুর্য্যোধন যখন কৃষ্ণকে চিনিল না তখন ক্ষমা কিরূপে হয়?—দুর্য্যোধন ও দুঃশাসন অশ্লেষা ও মঘা নক্ষত্রের ন্যায় সম্মিলিত।

কৃষ্ণ কহিতে লাগিলেন, তবে ইন্দ্র কেন বৈষ্ণব * বৃত্রকে হনন না করিয়া সুরাসুর সমেত জম্বুখণ্ডে প্রেমে নৃত্য করেন নাই। রঘুবীর কেন বেদজ্ঞ † রাবণকে জীবন ক্ষমা করিয়া লঙ্কারণস্থলে দাক্ষিণাত্য সেনাসহ নৃত্য করেন নাই? কলি সময়ে নিরাশ্রয় জীবোপরি সহজ কৃপা এই কলি সৌভাগ্য। দুর্য্যোধন ভরতবংশীয় সত্য কিন্তু সে কলিদেহধারী। সে দেহ নাশ যতদিন না হয় ততদিন সে অধর্ম্ম করিবে। ক্ষমা পাইয়াও কি দুর্য্যোধন বনে পাণ্ডবহিংসা করে নাই? অতএব দুর্য্যোধনের এদেহ নাশ সৃষ্টিসম্মত। দুর্য্যোধন কলিসময় নহে, কলি বিগ্রহ। কলিতে

---

* ২৮১, শান্তি। † বাল্মীক। ৯৩, যুদ্ধ।

কল্‌কি ম্লেচ্ছ দেহ এইরূপ নাশ করিবে। ভীষ্ম দ্রোণাদিরত্নকে তুমি অবকাশ লইতে বলগে।

এ দিকে অস্ত্রের ঝন্ ঝন্ ও কবচাদির আভা সূর্য্যকিরণের সহিত ঝক্‌মক্ করিয়া আকাশে উঠিতে লাগিল। করিদিগের বৃংহিত, অশ্বের হ্রেষারব, চতুর্দ্দিকে শ্রুত হইতে লাগিল। বীররসে কুরুক্ষেত্রভূমি পরিপূর্ণ হইল। স্যমন্তক পঞ্চক তীর্থের বহির্ভাগে যুধিষ্ঠির সহস্র সহস্র শিবির সন্নিবেশিত করিলেন। পৃথিবীর সমস্তই রাজারাই আসিয়াছেন। পৃথ্বীতে আর রাজা নাই। পৃথ্বীপাল অসংখ্য রাজারা আগমন করিয়াছেন দর্শন করিয়া অর্জ্জুন কহিলেন, মহারাজ! ভরতকুলে, হিমাদ্রিতে আমার জন্ম। মহাত্মা পাণ্ডুর পুত্র আমি, গাণ্ডীব আমার সহায়, কৃষ্ণ আমার জীবন। আহূত মহাপরাক্রান্ত রাজারা আগমন করিয়াছেন, ইঁহারা যদি নাই আসিতেন, আমি কিন্তু একাই কুরুকুল ধ্বংশ করিতাম। ঘোষযাত্রাকালে কৌরবসমরে কে আমার সহায় হইয়াছিল? নিবাতকবচগণপরাজয়কালে কে আমার সাহায্য করিয়াছিল? বিরাট গোধন উদ্ধার কালে কে আমার সহায় হইয়াছিল? মহামতি পশুপতির শরনিকর সহ্য হিমাদ্রিশিখরে কে করিয়াছিল? অতএব জানিবেন, গাণ্ডীবধন্বা অর্জ্জুন কৃষ্ণ সহায়ে সসাগরা ধরাতল করতলে আনিতে পারে।

কৌরব পাণ্ডব ও সোমকেরা নিয়ম সংস্থাপন করিলেন।—এ যুদ্ধ ধর্ম্মযুদ্ধ, আরব্ধ যুদ্ধ নিবৃত্ত হইলে পুনর্ব্বার পরস্পর সম্মেলন হইবে। তুল্যাতিক্রম, প্রতারণা করা হইবে না। সেনা হইতে নিষ্ক্রান্ত হইলে তাহারে আর প্রহার করা যাইবে না। রথী রথীর সহিত, গজারোহী গজারোহীর সহিত, অশ্বারোহী অশ্বারোহীর সহিত, যুদ্ধ করিবে। অগ্রে সতর্ক করিয়া পশ্চাৎ প্রহার করিবে। ভয়বিহ্বল ব্যক্তিকে আলিঙ্গন দিবে, কদাচ প্রহার করিবে না। যোদ্ধা যদি ক্ষীণশস্ত্র হইয়া রণে ভঙ্গ দেয়, তাহাকে আর প্রহার করিবে না। এই নিয়ম করিয়া সকলে ধর্ম্মস্মরণ করিয়া সকলের দিকে বিস্ময়ে দৃষ্টিপাত করিলেন। যখন চন্দ্রাতপনক্ষত্রক্রৌঞ্চহংসকুলসপ্তচ্ছদধবলা দিক শরতের স্মার নাই, সেই কার্ত্তিক মাসে মহাভারতসমর আরম্ভ। দুর্য্যোধন কুরুক্ষেত্রের পূর্ব্বদিক আশ্রয় করিলেন। যুধিষ্ঠির পরিচায়ক চিহ্ন ও অলঙ্কার নিজ বর্গকে দান করিলেন।—অনেক চিকিৎসক সমানীত হইয়াছে। কত বণিক্, বেশ্যা কুরু-

ত্র বিরাজ করিতে লাগিল।* গাণ্ডীবধন্বা অর্জ্জুন এবং অন্যান্য পাণ্ডবগণ কৌরবপক্ষে বজ্রাখ্য ব্যূহ নির্ম্মাণ করিলেন। সূর্য্যোদয়ে সৈন্যগণ সন্ধ্যা বন্দনাদি করিলেন। আকাশে মেঘ নাই, তথাপি সগর্জ্জন সমীরণ জলবিন্দু সহ বহিতে লাগিল। অনিল কর্করবর্ষণ সহ ধূলিপটল উৎক্ষিপ্ত করিতে লাগিল। সূর্য্য নিষ্প্রভ। পৃথ্বী কম্পমানা। অস্ত্র ঝঞ্ঝনায়মান নভঃ। যুধিষ্ঠিরাদি পাণ্ডব কৃষ্ণসকাশে ভাব প্রকাশ করিলেন যুদ্ধে কার্য্য নাই।— কৃষ্ণ সমস্ত বুঝিয়া কহিলেন, অভিমন্যুও ভদ্রাকে আমি রক্ষা করি, কুন্তী বিদুরাশ্রয়িণী, অতি কষ্টে বিদুর তাঁহাকে প্রতিপালন করেন, কুন্তী বলিয়াছিলেন বুদ্ধিমান আপনার পতন সময়েও শত্রুর জয়াগ্রহণ করিয়া তাহার সহিত পতিত হইবেক। ছিন্নমূল হইলেও উদ্যম ত্যাগ না করিবে। পুরুষকার, সত্ত্ব ও মান মনুষ্যের কর্ত্তব্য। ভিক্ষাবৃত্তি ক্ষত্রিয়ের উচিত নহে। কৃষিকার্য্যও শোভা পায়না। কৃষ্ণ কৌন্তেয়কে সম্মানে কহিলেন। ধর্ম্মপুত্র। তুমি হিমাদ্রিতে মেরুসাবর্ণি কর্ত্তৃক অনুশিষ্ট হইয়াছ, বারণাবতে দ্বৈপায়ন কর্ত্তৃক শিক্ষিত আছ, ভৃগুতুঙ্গে রামের নিকট শিক্ষা পাইয়াছ, দৃশদ্বতীতীরে মহাদেবের নিকট জ্ঞান লাভ কর। কল্মাষী নদীতীরে ভৃগুর নিকট উপদেশ পাও। দেবর্ষি তোমার সর্ব্ববিষয়ে পরিপ্রেক্ষক। যুদ্ধকালীন ঋষিপ্রশংসিত স্বীয় অসামান্য বুদ্ধি ত্যাগ করিওনা। বুদ্ধিতে পুরুরবাকে জয় করিয়াছ, শক্তিতে রাজগণকে পরাভব করিয়াছ, ধর্ম্মে ঋষিগণকে অতিক্রম করিয়াছ, সন্তোষে ইন্দ্রকে জিতিয়াছ, ক্রোধসম্বরণে যম রাজাকে পরাজয় করিয়াছ, বদান্যতায় কুবেরকে জয় করিয়াছ, সংযমে বরুণকে পরিহীন করিয়াছ, ক্ষমাতে পৃথ্বীকে জয় করিয়াছ। কলি দুর্য্যোধনকে নাশ করিতে তোমার সঙ্কুচিত হওয়া উচিত নহে। উভয় পক্ষীয় সৈন্যেরা তূরীভেরীশংখনাদ করিতে লাগিল। পুরোহিত পাণ্ডবদিগকে রণযজ্ঞে বরণ করিলেন। রণবাদ্য আরম্ভ হইল। উভয় পক্ষের ধ্বজপতাকা গগনমণ্ডল সমাচ্ছন্ন করিল। ভীষ্ম শ্বেত উষ্ণীষ ধারণ করিয়া রজতময় রথে আরোহণ করতঃ শারদীয় শশাঙ্কের ন্যায় শোভা পাইতে লাগিল। দর্শকেরা দূর উচ্চ বৃক্ষে আরোহণ

---

* ১৯৫।১৯৬। উদ্যোগ। ১২৩। ভীষ্ম।—

করিল। ব্রহ্মা যেমন রুদ্রের সারথি* তেমনি কৃষ্ণ রথবজ্জুধারণ করিয়াছেন। যে রথের অশ্ব অগ্নি[illegible]ছিল, যে রথ ব্রহ্মা, ঈষাণ ও বরুণ রাজগণকে বহন করিয়াছিল সেই কৃষ্ণসারথি রথ অর্জ্জুনকে বহন করিতেছে। জ্যাজিহ্বা বেষ্টিতোৎকটকোটিদ্রংষ্ট্রধন্বা অর্জ্জুনের ধর্ম্মক্ষেত্র কুরুক্ষেত্র প্রভাবে রণস্থলে নির্ব্বেদ উপস্থিত। তিনি গাণ্ডীব ত্যাগ করিয়া রথোপরি বল্কল, কমণ্ডলু ধারণ করিয়া কহিলেন, কৃষ্ণ! আমি যুদ্ধ করিতে পারিব না। গাণ্ডীব আমার স্রংসিত হইতেছে, ত্বক্ আমার পরিদহ্যমান, আমি জ্ঞাতিবিনাশ করিতে পারিব না। যে ভীষ্মের চরণে কণ্টক বিদ্ধ হইলে আমাকে মোচন করিতে হয়, যে দ্রোণের অঙ্গে ব্যথা লাগিলে আমায় সেবা শুশ্রূষা করিতে হয়, তাঁহাদিগের সহ কিরূপে সমর করিব? পিতা, ভ্রাতা, মাতুল, শ্বশুর, শ্যালক প্রভৃতি পরস্পর যুদ্ধ মানসে সজ্জিত হইয়াছে। এই পাপ প্রায়শ্চিত্ত জন্য আমি আগ্নেয়াস্ত্রে অগ্নি করিয়া বহ্নি প্রবেশ করিব।—

শোভিছে কমণ্ডলু হস্তে, ঝুলি কক্ষে, গাত্রে বল্কল, যেন ত্রিশূলী সন্ন্যাসিবেশে হিমালয় শিখরে, অথবা বৃত্র যেমন বৈষ্ণব চিহ্নে—অদ্রি প্রদেশে ইন্দ্রযুদ্ধে, অথবা তীর্থতুঙ্গে যথা তীর্থচারী বলদেব লাঙ্গলধারী অথবা লক্ষ্মণ যেমন ত্রিকূট গিরির উপরি রণস্থলে। পাণ্ডব সেনাসকলও তাহাই করিল। উন্মুক্ত কেশকলাপ† আবরিয়াছে মুখ যেন ভীষ্ম দ্রোণের নিকট অর্জ্জুন লজ্জিত। সুর অসুর আকাশে চমৎকৃত। কহে গাণ্ডীবীর আজ একি ভাব! কোথা গেল স্বর্গ শিক্ষা! কহিল অর্জ্জুন সমেঘ অশনি নিনাদে, ‡রাজন্যগণ! নাহি কায রাজ্যে মম বা জিগীষায়, বাসনা আমার পতিত হউক অনলে—ভীষ্ম দ্রোণ বধের সাধিনী। যাঁহাদের পাদ ফুটিলে কণ্টক, মুখদিয়া তুলিতে হয় আমারে, তাহাদের সহ যুদ্ধ? বাসনা তাঁহাদের জীবননাশ? রণাগত ক্ষম অর্জ্জুনেরে। এই থাকুক গাণ্ডীব। এই থাকুক শর। এই থাকুক শতঘ্নী।—অর্জ্জুন চলিল বিজন বহ্নিদেশে। কৌরবেরা হাসিতে লাগিল। প্রাসাদারূঢ় দুর্য্যোধন পক্ষীয় বারাঙ্গনারা হাসিতে লাগিল।—সে একাদশ

* ৩৬, কর্ণ। † ৯১, কর্ণ।

‡ The lacture (Gita) of the politician Krisna in the battle field.

অক্ষৌহিণীর হাসি উঠিল গগনে।—কমণ্ডলু আদি বণিকসকলের অনেক আনন্দ। ব্রহ্মা যেরূপ শিবি রাজার কার্য্য বহন করেন সেইরূপ পাণ্ডব হিতৈষী কৃষ্ণ সম্মুখে অগ্নি দেখিয়া পশ্চাতে দেখিলেন অর্জ্জুনের কক্ষে ঝুলি, হস্তে কমণ্ডলু, গাত্রে বল্কল, গাণ্ডীব কুরুক্ষেত্রে পতিত, যেন তীর্থচারী বলদেব তীর্থ ভুঙ্গে।* কহিল এই কি তোমার যুদ্ধ! সখে। কহিবে কি মাতা কুন্তী বিদুলা সঞ্জয় সংবাদ শুনাইল যে তোমারে আমাদিয়া। কহিবে কি পাঞ্চালী বেণীসংযমনী যিনি আছেন এখন উপপ্লব্য নগরে।—হিবণ্যী রূপে যিনি কহিছে তোমারে। ঐ দেখ তীরতৃণ বিকীর্ণ সে বেণী। চক্রবাক যুগল বিষণ্ণ স্তনদ্বয়। শুষ্ক পুলিন জঘনদেশ। নিমীলিত পদ্ম যেন নেত্রদ্বয়।—হাসিছে কুরু সেনা। একি সহে। সূচিকাগ্রপ্রমাণ ভূমি নাহি তোমাদের পা রাখিবার। নির্ব্বেদ যদি ধর, তার ভিত্তিধন কোথায়? ক্ষত্রিয়ের এ কর্ম্ম রণে নহে।—সখে! ধর গাণ্ডীব। ধর সমর ভূষা।—চালাই রথ। অস্ত্ররূপ শিখা দ্বারা নাশ অরাতি। ক্ষাত্রয় কীর্ত্তি রাখ জগতে।—কহিলা অর্জ্জুন, সখে! না সরে গাণ্ডীব মম।—দেখি ভীষ্ম দ্রোণে—আচার্য্য।—তাহাদের সহ কেমনে সমর? কার্য্য নাই এ রাজ্যে।—কৃষ্ণ কহিলা তখন গম্ভীর বচনে—কারে মার অর্জ্জুন? কে তোমারে মারে? আত্মা অবিনাশী, সতের পক্ষ যারা, বাচুক তোমার বলে। অসৎপক্ষ যারা, মরুক তোমার শরে।—ক্ষত্রিয়ের রীতি এই। তুমি কি বলিতে পার এই সবরাজা ছিল কখন, থাকিবে চির কাল? মরণ যখন নিশ্চয়, মরুক আজি অধর্ম্মের পক্ষে। কহিলা অর্জ্জুন, আমি কেন পাপভাগী, কৃষ্ণ! সে হিংসার দোষে? কেন সখে। তুমি নিরস্ত্র? মারনা কেন এদিকে? কহিল কৃষ্ণ বিলম্ব না সহে, ঐ দেখ নাদিছে কুরুসেনা, বাজিছে রণবাদ্য। এসব কথা কহিব পরে। দেখিলা গাণ্ডীবী অদ্ভুত মূর্ত্তি। কহিলা বিস্ময়ে সখে! বাসনা আমার কুরুক্ষেত্রে নাশিতে রাজগণে। নাচিল অর্জ্জুন রথোপরি। দূরে গেল জটাজুট, কমণ্ডলু দূরে, রাজরথী বেশে বীর ধরিল গাণ্ডীব উৎসাহে।—নাচিল পাণ্ডব বৃন্দ জয় পাণ্ডব নাদে। সিংহ যেমন মৃগদলে প্রবেশ করে, ভীম সিংহ তেমনি অরাতিগণে প্রবেশ করিল। অসমসাহসী সৃঞ্জয়েরা তীক্ষ্ণঅস্ত্র বর্ষণ করিতে লাগিল। দুর্ম্মুখ, দুঃসহ, দুঃশাসন,

* Read as in acting verse and so on here and there.

দুর্ম্মর্ষণ, মহারথ, বিকর্ণ, ধৃষ্টদ্যুম্ন, ধৃষ্টকেতু, চেকিতান, কাশীরাজ, কুন্তীভোজ সকলেই যুদ্ধসম্মুখ হইলেন। অভিমন্যু বৃহদ্বলকে আক্রমণ করিলেন। ভীমসেন দুর্য্যোধনকে আক্রমণ করিলেন। দুঃশাসন মহারথ নকুলকে আক্রমণ করিলেন। তিনি তীক্ষ্ণবাণ দ্বারা তাঁহাকে বিদ্ধ করিতে লাগিলেন। উত্তান তুমুল লেলিহান ভীষ্ম শরবর্ষণকালে দর্শন করিতে লাগিলেন, যেন অদৃশ্য কৃষ্ণ পাণ্ডবীয় সকল শরীরকে পশ্চাতে থাকিয়া রক্ষা করিতেছে। তিনি অমনি ভয় পাইলেন। হতবীরগণের সুবর্ণ শরাসন, মহামূল্য তূণীর, খড়্গ, চর্ম্ম, সৌবর্ণ প্রাস, শতঘ্নী বিকীর্ণ হইতে লাগিল। ভেরী, পণব প্রভৃতি শব্দ হইতে লাগিল। পদাতিকেরা ঊর্দ্ধাস্যনালীক লইয়া কি শোভায় গমন করিতে লাগিল। শতঘ্নীর ধূম সহস্র মাতঙ্গের ন্যায়ও ধ্বনি হিরণ্বতী কাঁপাইয়া ধাবমান হইল। অনেক চিত্রযোধী যুদ্ধ করিতে লাগিল। যেমন নিদাঘে দিবাকর আকাশমণ্ডলের মধ্যবর্ত্তী হইয়া অগ্নিস্ফুলিঙ্গ ন্যায় কিরণ শর ত্যাগ করিতে থাকিলে তাহার দিকে কেহ দৃষ্টিপাত করিতে পারে না তেমনি শরবর্ষণকারী রথারূঢ় শান্তনুনন্দন প্রতি কেহ দৃষ্টিপাত করিতে সমর্থ হইল না। শুকপক্ষভূষিত অশ্ব নকুলকে বহন করিতেছ। বনায়ুজ, কাম্বোজ, বাহ্লিক ও পার্ব্বতীয় অশ্ব সকল ছুটিতেছে। তুমুলসমরে পিতা পুত্রকে, পুত্র পিতাকে, সহোদর সহোদরকে, সখা সখাকে, চিনিতে পারিলনাই। ক্ষণকাল মধ্যেই রণসাগরে সকলেই অবগাহন করিলেন। যোদ্ধৃগণ রথের উপরি বাণ বর্ষণ করিতে করিতে যেন নৃত্য করিতেছে বোধ হইতে লাগিল। শোণিতনদীতে মস্তক পাষাণ, কেশকলাপ শৈবাল ও মাংস পঙ্ক স্বরূপ হইল। সৈন্যসমুত্থিতধূলি সকল শ্বেত মেঘকে আকাশে আস্পর্দ্ধা করিতে লাগিল। রণস্থল বনস্বরূপ হইল।—তথায় যোদ্ধাদিগের গর্জ্জন সিংহ গর্জ্জন, নারাচ ভিন্দিপালাদি বৃক্ষ, সর্পবাণসকল সর্প, শোণিতপ্রবাহ সরোবর, পতিত মুণ্ড সকল তালফল, শরনিকর দর্ভ, পতাকাসমূহ বৃক্ষপত্র ইত্যাদি। আবার কুরুক্ষেত্র বোধ হইল যেন সাগর স্বরূপ।—সৈন্যগর্জ্জন যেন সাগর নাদ, দ্রোণকর্ণগণ যেন নক্র কুম্ভীর, সমরস্রোতঃ যেন সাগরস্রোতঃ, রাজাদিগের মুকুট যেন মণিমুক্তা, ভীষ্মরূপ চন্দ্র যেন ঐ সাগর হইতে উত্থিত হইতেছেন। যেরূপ বর্ষাকালে ইন্দ্র বারি বর্ষণ করে, সেইরূপ ভীষ্ম শর বর্ষণ করিতে লাগিলেন।

আবার রণস্থলকে আকাশ বলিয়া বোধ হইতে লাগিল। রাজাদিগের ছিন্ন শিরোমুকুট নক্ষত্রমালা। পতাকা আকাশের শ্বেতাম্বুবাহত্বসম্পাদিনী। শাণিতনদী রক্ত মেঘ, গাণ্ডীব ইন্দ্র ধনুঃ, গাণ্ডীবনাদ অশনিটঙ্কার, অর্জ্জুন সূর্য্য, ভীষ্ম ঐ আকাশে শশাঙ্কের ন্যায় শোভা পাইতেছেন। পতিত নরমুণ্ডে রণস্থল পূর্ণ হইল। শ্যেন, কাক, কঙ্কোল সকল উড়িতে লাগিল। এই যুদ্ধে বিরাটপুত্র শ্বেত জীবন হারাইলেন। বিভাবরী উপস্থিত। ভাস্কর নিজ দেশে চলিলেন। কুরুক্ষেত্রপক্ষিসকল কোন রাজ্যে গমন করিল, তাহার স্থিরতা নাই। যোদ্ধৃবর্গেরা আজ যেন ভগবান্ ভাস্করকে রক্ত চন্দন অর্ঘ্য দিয়া বিদায় করিলেন। আকাশে নক্ষত্রমালা যেন রাজাদিগের ছিন্নমুণ্ডকে অনুকরণ করিতে লাগিল। সকলেই অস্ত্র হস্তে দণ্ডায়মান। যথারূঢ়ভাবে সকলেই রহিল। শতঘ্নীর ধূম গগনমণ্ডলে উড্ডীন হওয়ায় রণস্থল আরও ভীষণ হইল। গাঢ়তমস্বিনী কুরুক্ষেত্রে কালযামিনীর ন্যায় বোধ হইতে লাগিল। দুর্য্যোধন সেনাগণের বেশ্যামোদ। প্রভাতে ক্রৌঞ্চব্যূহ নির্ম্মাণ পাণ্ডবেরা স্থির করিলেন। বিভাবরী অতীতা। ভাস্কর কিরণরূপ শরনিকর দ্বারা অন্ধকার দূর করতঃ পাণ্ডবদিগকে যেন এই দ্যোতন করিতে লাগিল, তোমরা কুরুকুল অন্ধকারগণকে এইরূপ দূর কর। ভাস্কর তেজস্মান হইয়া ক্রমশঃ উদিত হইয়া যেন পশ্চিমদিগ্‌বাসী পাণ্ডবদিগকে আশ্বাস দিতে লাগিলেন। পক্ষিকুল বেণু-বাদ্য আরম্ভ করিলে নারদাদি মানস সরোবরে স্নান করিয়া বলিলেন জগতের যেন কুশল হয়। সূর্য্যসারথি অরুণ শশধরকে ক্ষীণকান্তি করিয়া উদিত হইলে কৌরব ও পাণ্ডবগণ উপাসনা করিলেন। যুধিষ্ঠির স্নানাদি করিলেন। ক্রৌঞ্চ-ব্যূহনির্ম্মাণ হইল। যোদ্ধৃবর্গ বর্ম্ম, শরাসন, তূণীর ধারণকরতঃ সজ্জিত হইতে লাগিল। অশ্বাতক, বিকর্ণ, কোশল, সোমদত্ত, অশ্বত্থামা, কৃতবর্ম্মা প্রভৃতি সকলে বদ্ধপরিকর হইয়া মত্ত সিংহের ন্যায় সমরস্থলে আসিতে লাগিলেন। কহিলেন, মহারাজ দুর্য্যোধন। কুরুসমরূপসাগরে আমরা তোমার জন্য জীবন সমর্পণ করিয়াছি। সাহস অর্ণবযান গুণ বৃক্ষ ধারণ কর। বাসুদেব লোমহর্ষণ দারুণ ভীষণ পাঞ্চজন্য শঙ্খনিনাদ করিলেন। কুন্তীপুত্র যুধিষ্ঠির অনন্তবিজয় নামক শঙ্খধ্বনি করিলেন। গাণ্ডীবী দেবদত্ত শঙ্খনাদ করিলেন। সেই ঘোষ আকাশমণ্ডল বিদীর্ণ করতঃ ধার্ত্তরাষ্ট্রদিগের ভীষণ ভয়াবহ হইল।

অর্জ্জুন ও ভীষ্মে সমর আরম্ভ। ধৃষ্টদ্যুম্ন দ্রোণকে আক্রমণ করিলেন। বাণে আকাশমণ্ডল আচ্ছন্ন হইল। শর নক্ষত্রবেগে পতিত হইতে লাগিল। ইরম্মদ-বেগে যোদ্ধৃসকল ধাবমান। পতাকাকুল আকাশমণ্ডলে ভীষণ পতপত শব্দ করিতে লাগিল। বেলা যেমন বর্ষাকালীন পূর্ণিমায় মহাসাগরের পথ রোধ করে, যুধিষ্ঠির, নকুল, সহদেব কুরুসেনা রোধ করিতে লাগিল। অশ্বগণ সিংহ নিহত বনজন্তুর ন্যায় পতিত হইতে লাগিল। পুরন্দর যেমন দৈত্য সেনা ব্যথিত করিয়াছিলেন তেমনি ভীষ্ম পাণ্ডব সেনা নাশ করিতে লাগিলেন। অগ্নিস্ফুলিঙ্গের ন্যায় ভগবান ভাস্কর দুর্য্যোধনের উপরি কিরণক্ষেপ করিতে লাগিল। কৃষ্ণ রথরজ্জু ধারণ করিয়া যুদ্ধ দেখিতেছেন। তৃতীয়দিবসে কৌরবেরা গরুড়ব্যূহ ও পাণ্ডবেরা অর্দ্ধ চন্দ্রব্যূহ নির্ম্মাণ করিলেন। ঘোরঘনঘটা সমনিকর মহাযুদ্ধ। প্রবল বাতাবলি ক্ষোভগম্ভীর-গুণগুণায়মান মেঘমেদুর ভীষণ শতঘ্নীশতনিনাদ। * শান্তনুনন্দন শরশয্যা করিলে জ্ঞানসমুদয় একবারে যাইবে এই ভাবিয়া ও অসংখ্য প্রাণিহত্যা দর্শন করিতে ইচ্ছুক না হইয়া কৌস্তুভমণি ও রাজাদিগের অঙ্গদের দ্যুতিতে কৃষ্ণ যেন কনক কান্তি ধারণ করিয়া অর্জ্জুনের বল্কল ও কমণ্ডলু লইয়া সন্ন্যাসিবেশে স্বর্ণদী তীর যাইবার উয়োগ করিতেছেন। ভীষ্ম কহিলে, অর্জ্জুন! আমি আশ্চর্য্য হইয়াছি, এক কৃষ্ণ তোমার রথরজ্জু ধারণ করিয়াছেন, আমি দেখিতেছি, আর এক কৃষ্ণ তোমার সম্মুখে কুরুসেনা নাশ করিতেছেন। † এইরূপে নয় দিবস ঘোর রণ করিয়া ভীষ্ম দশম দিবসে দারুণ শর সংযোগ করিলেন। পাণ্ডব-পক্ষীয় কলিঙ্গ, ইরাবাণ প্রভৃতি জীবন হারাইয়াছে। দেবাসুর সংগ্রাম তারকা-সুরসংগ্রাম ন্যায় সমর হইতেছে। পাণ্ডব সৃঞ্জয়গণ শিখণ্ডীকে অগ্রসর করিয়া শতঘ্নী পরিঘ শক্তি প্রভৃতি দ্বারা ভীষ্মকে ব্যথিত করিতে লাগিল। দ্রোণ, কৃতবর্ম্মা, জয়দ্রথ, ভূরিশ্রবা, শল, শল্য, ভগদত্ত, বঙ্গাধিপতি ‡ ভীষ্মকে রক্ষা করিতে লাগিল। সাত্যকি, ভীম, ধৃষ্টদ্যুম্ন, দ্রুপদ, অভিমন্যু অর্জ্জুনকে রক্ষা করিতে লাগিলেন। অর্জ্জুন ভীষ্মকে সে দিবস যমমূর্ত্তি দর্শন করিয়া

---

* সমরাদি বর্ণনা হইল সমস্ত পদ। নাটকাদি স্থলে সুললিত ও গ্রাম্যকথা সুমিষ্ট। †৮ মুষল। ‡ ২৩, কর্ণ।

কৃষ্ণের পরামর্শে শিখণ্ডীরূপ কালস্ত্রীবাণ সমরে যোজনা করিলেন।—শিখণ্ডী অর্জ্জুনের রথোপরি দাঁড়াইল। ভীষ্ম স্ত্রীপূর্ব্ব শিখণ্ডীকে দর্শন করিয়া নিরস্ত্র হইয়া অর্জ্জুনশরব্যথিত হৃদয়ে বলিতে লাগিলেন, যুধিষ্ঠির! আমি জানিয়াও তোমার বিপক্ষে অস্ত্র ধারণ করিয়াছিলাম। অজাতশত্রো! সেই পাপে আজ আমার এই শরশয্যা হইল। ধর্ম্ম পুত্র! সতের পক্ষ না হইয়া অসৎ দুর্য্যোধনের পক্ষে থাকিয়া আজ দারুণ রণস্থলে জীবন হারাইতে হইল। ঐ দেখ প্রতিজ্ঞারূপক্ষত্রিয়দেবতা আমাকে শর ধরিতে বারণ করিতেছে। আমি প্রতিজ্ঞা ভঙ্গ করিলে স্বয়ং ঈশ্বরও প্রতিজ্ঞা ভঙ্গ করিবেন। অর্জ্জুনের শরে আমার প্রাণ গেল। এই বলিয়া ভীষ্ম শরশয্যা করিলেন।

ভীষ্ম কাতর নয়নে একবার অর্জ্জুনের দিকে চাহিয়া আকাশমুখ হইলেন। দিনমণি ভীষ্মের শরশয্যা দর্শন করিতে ইচ্ছুক না হইয়া যেন অস্তগিরি আরোহণ করিলেন। যুধিষ্ঠির ব্যস্ত সমস্তে ভীষ্মের পাদদেশে গমন করিয়া কহিতে লাগিলেন, আর্য্য! পাণ্ডববংশ যুধিষ্ঠির আজ সর্ব্বস্ব নাশ করিল। হায় বিধে! আমার প্রাণে কেন গেল না। কুরুকুলচূড়ামণি ভীষ্মকে কেন আজ সমর শয্যায় দর্শন করি।—অর্জ্জুন গাণ্ডীব ত্যাগ করিয়া ভীষ্মকে বক্ষে লইলেন। যুধিষ্ঠির কাঁদিতে লাগিলেন।—

সংগ্রামে দেবব্রত ভীষ্ম শরশয্যা করিলে রাজা ধৃতরাষ্ট্র ভূমিতলে পতিত হইলেন, ক্রন্দন করিতে লাগিলেন হায় দেবব্রত! ভৃগুরাম, ইন্দ্র ও অসংখ্য রাজারা যাহার নিকট পরাজয় স্বীকার করিয়াছেন, ও সাঙ্গবেদ যাহার অধিগত সে তুমি কোথায়? ব্যাধবিদ্ধ সিংহের ন্যায় এইরূপ বিলাপ করিতে লাগিলে ভারতীসেনা নক্ষত্রহীন দ্যুলোকের ন্যায়, বাতশূন্য খমণ্ডলের ন্যায়, শস্যবিহীনা পৃথ্বীর ন্যায়, বলহীন অসুরের ন্যায়, পতিহীনা নারীর ন্যায়, শার্দ্দুলাক্রান্তা মৃগীর ন্যায়, শুষ্কজলা নদীর ন্যায়, বজ্রাহতা লতার ন্যায় শোচনীয় বেশ ধারণ করিল। রণসাগরে কুরুভবনা নৌকা মগ্নপ্রায় হইলে গৃহী ব্যক্তি যেমন সাধু অতিথিকে, বিপন্ন ব্যক্তি যেমন মিত্রকে, রোগী যেমন ভিষক্‌কে স্মরণ করে, তেমনি দুর্য্যোধন কর্ণকে স্মরণ করিলেন। কর্ণ উপস্থিত হইলে দুর্য্যোধন কহিতে লাগিলেন, সখে! কুরুকুলের ভরসা তুমি অজেয় জগতে। ভীষ্মরূপ সিংহ কৌরব কানন ত্যাগ করিয়া শিখণ্ডীরূপ পাশে বদ্ধ

হইয়াছেন। অতএব মদীয় গুরুভাবা কৌরবসেনা তোমায় স্মরণ করিতেছে। তুমি এখন দীপ্যমানশরজাল দ্বারা পাণ্ডব অনীকিনী আচ্ছন্ন কর। কর্ণ কহিলেন, ক্রূরকর্ম্মা নীচপ্রকৃতি অর্জ্জুনের এই কলঙ্ক জ্ঞানীরা বিবেচনা করিবেন। অনন্তর কর্ণ ভীষ্মের সকাশে গমন করিয়া দেখিলেন, ভূতলে যেন ভাস্কর খসিয়া পড়িয়াছে। দেখিয়া বলিতে লাগিলেন, ক্রূরকর্ম্মা পাণ্ডবেরা কি কৌশলে আজ পৃথিবীর রত্ন হরণ করিল। আমি যদি বীর হই, আজ দিব্য কবচ, দিব্য শরাসন, তূণীর ধারণ করিয়া সমরাঙ্গনে অবতীর্ণ হইয়া নিশ্চয়ই অগণ্য পাণ্ডবসেনা বিনাশ করিব। আজ কিরীটীর কৌশল বুঝিব, আজ ভীমের গদার তেজঃ জানিব। দেখুক চন্দ্র সূর্য্য কর্ণের এই প্রতিজ্ঞা, আজ সমরে অর্জ্জুন নাশ করিব। পুরনারী ও বালকগণের ক্রন্দন আমার সহ্য হয় না। রণক্ষেত্রযাত্রী কর্ণ এইরূপে দ্রোণকে সেনাপতি করিয়া সমরভূমিতে অবতীর্ণ হইলেন। লক্ষ লক্ষ বর্ষা চূড়ার ন্যায় কুরুক্ষেত্রে ঊর্দ্ধে উঠিতে লাগিল। অগণ্য রথ, পদাতিক, একত্রীভূত হইল। পতাকার পতপত শব্দ কর্ণ বধির করিতে লাগিল। অশ্বের চঞ্চলতা, করিদিগের কর্ণ চালন কুরুক্ষেত্রে অনেক সৈনিককে ত্রাস্ত করিতে লাগিল। জয়দ্রথ, কলিঙ্গ, বিকর্ণ, শকুনি, কৃপ, কৃতবর্ম্মা, চিত্রসেন, বিবিংশতি নাম, প্রাসযোধী বর্দ্ধমান সেনাপতি দ্রোণের অনুগমন করিলেন। কাম্বোজ, শক, যবন, মদ্র, ত্রিগর্ত্ত, অম্বষ্ঠ, বঙ্গ শূরসেন, মলদ, সৌবীর প্রভৃতি রাজগণ সমরস্থলে গমন করিলেন। কর্ণের সিংহ লাঞ্ছন মহাকেতু আকাশ মণ্ডলে প্রকাশ পাইল। সাজিল কুরুবৃন্দ বীরমদে মাতি দেব দৈত্য নরত্রাস। বাহিরিল বেগে গিরিপুঞ্জ সম রাবণ, সজ্জিত বক্রগ্রীব রাজিরাজী, চিরাইয়া রোষে মুখস। অশনিবেগে ধাইল স্বর্ণচূড় রথ বিভায় পূরিয়া দশ দিশ। পদাতিকব্রজ কনকশিরস্কশিরে, পৃষ্ঠে চর্ম্ম অভেদ্য, ভাস্বর পিধানে অসিবর, কাতারে কাতারে গমন করিল। টলিল কুরুক্ষেত্র বীরপদভরে। কর্ণ দ্বিতীয় সূর্য্য যেন কুরুক্ষেত্রে অবতীর্ণ। তখন পাণ্ডবপক্ষীয় কেকয়গণ, ভীমসেন, অভিমন্যু, ঘটোৎকচ, নকুল, সহদেব, বিরাট, দ্রুপদ, শিখণ্ডী, দ্রৌপদীতনয়গণ, ধৃষ্টকেতু, সাত্যকি, চেকিতান, যুযুৎসু প্রভৃতি যোদ্ধৃবর্গ আকাশমুখ হইয়া রণস্থলে দণ্ডায়মান হইলেন। শতসূর্য্য যেন রণস্থলে জ্বলিল। রণোদ্গমের বৃহদ্ঢক্কা

নাদিত হইতেছে। রণবাদ্য বাজিতেছে। কর্ণ সমরে নামিলেন। এদিকে দেখিতে দেখিতে অর্জ্জুন ত্বরিতবাসুদেবনুদ্যমানব্যাবল্গৎ প্রজব বাজিনা রথেন যেন নৃত্য করিতে করিতে আবর্ত্তে রণস্থলে প্রবেশ করিলেন। তিনি গাণ্ডীব আকর্ষণ করিলেন। ক্বণৎকনককিঙ্কিণী ঝনজ্ঝনায়িত স্যন্দন কি ভীষণতা ধারণ করিল। ইরম্মদ বেগে তীর তারা ছুটিতে লাগিল। শতঘ্নী নালীক প্রভৃতির ভীষণ নাদে কর্ণ বধির হইয়া গেল। সকলেই রণসাগরে মত্ত। ঝনজ্ঝনায়িত-কঙ্কণক্বণিতকিঙ্কিণীক ধনুর্গুণাটনী কৃতকরাল কোলাহল শতঘ্নী শতনিনাদে স্থলী ভীষণা হইল। রণস্থল গ্রীষ্ম কালের আকাশের ন্যায়। তথায় শরবর্ষণ সূর্য্যকিরণ, অগ্নিবাণ বহ্নি, রুধিরস্রোতঃ সরিৎ, শূন্য দেশ যোদ্ধাদিগের ক্রীড়া-ভূমি, কর্ণ স্বয়ং সূর্য্য। ইত্যবসরে এক সৈনিক ভীমের পশ্চাদ্দেশে নারাচ ও খড়্গাঘাতে ভেদ করিয়া চলিয়া গেল। আবার যেন বোধ হইল, কুরুক্ষেত্র প্রলয় কালের ন্যায়, অনবরত নিগুঞ্জৎকোটিকার্ম্মুক শরবর্ষণ বারি, সমর-নিনাদ অশনি, রণঝটিকা প্রলয়বাত ইত্যাদি। যোদ্ধৃগণ রণদেবের পূজা করিতেছে, ইহারই জন্য যেন পতাকা উড্ডীনা করা হইয়াছে। শঙ্খনাদ হইতেছে। জয়পটহ বাদিত হইতেছে। ভগদত্ত সুধন্বা প্রভৃতি শমন ভবনে গমন করিয়াছে। সপ্তরথীতে দারুণ চক্রব্যূহ সৃজন করিয়াছে। অর্জ্জুন এ দিকে সংসপ্তকগণের যুদ্ধে ব্যস্ত। দ্রোণাচার্য্য চক্রব্যূহ করিয়া-ছেন শুনিয়া যুধিষ্ঠিরাদি সকলেই ভীষণ ভয় পাইল। পাণ্ডবকুলচূড়ামণিদিগকে ভয়কাতর দর্শন করিয়া পাণ্ডবকুলহর্য্যক্ষ অভিমন্যু কহিতে লাগিলেন, পাণ্ডববীরগণ। ভয় করিবেন না, আজ যদি আমি সপ্তরথীর মধ্যে প্রবেশ করিয়া দ্রোণ কর্ণকে হনন না করিতে পারি, তবে আমি সমরে আত্মহত্যা করিব। ধর্ম্মপুত্রের চক্ষের জল আমি যদি দেখি আমি অর্জ্জুনপুত্র নহি। আজ যদি আমি পামর কুরুকুলদিগকে নাশ না করিতে পারি, তবে অর্জ্জুনের পুত্র বলিয়া পরিচয় দিব না। আজ যদি আমি কুরুপাংশুল-দিগকে লজ্জা দিতে না পারি, তবে আমি আর আপনাদের চরণ স্পর্শ করিব না। আজ যদি আমি অধার্ম্মিক নীচ প্রকৃতি দুর্য্যোধনকে না বশ করি, আমি বহ্নি প্রবেশ করিব। আজ আমি সপ্তরথীর ব্যূহে মত্তসিংহশিশুর ন্যায় প্রবেশ করিব। আজ আমি কুরুকুল নাশ করিব। এই বলিয়া রথীন্দ্রর্ষভ

অভিমন্যু বীরবেশে সাজিয়া হৈমবতীসুত যথা তারকাসুরকে নাশ করিতে সংযাত্রা ব্যগ্র, যুদ্ধে গমনোদ্যত। উত্তরা * যুদ্ধসজ্জা করিয়া কহিলেন নাথ! কেমন সজ্জা হইয়াছে আপনার, দর্পণে দেখ। যাব সঙ্গে যুদ্ধে তোমার, নাথ! অর্দ্ধ অঙ্গ থাকিবে কোথায়? যুদ্ধে দিয়া তোমায় ক্ষণকাল বাঁচিব কিরূপে আমি? দ্রোণ কর্ণ আদি সপ্তরথী হেরিবে আমার বীর পণা, যদি গাত্রে লাগে শর আপনার বা হয় মূর্চ্ছা, দিব জল আমি দাসী যথা কৈকেয়ী শম্বর বিজয় কালে দশরথে।—ক্ষত্রিয়ের রীতি এই।—সস্ত্রীক রণে যেতে। ঘরে বনে রণে দাসী পত্নী ক্ষত্রিয়ের। কহিলা অভিমন্যু অর্দ্ধাঙ্গভাগিনি। অর্দ্ধেক অঙ্গ মোর আশ্বাস ধর্ম্মরাজে। অর্দ্ধেক অঙ্গ আমার নাচুক রণক্ষেত্রে, অন্তঃসত্ত্বা তুমি, নাহি বিধি লইয়া যাইতে রণস্থলে।—আমি কি পারি উৎপাটিতে বংশাঙ্কুর? কহিলা উত্তরা যদি জানে তোমা, বাহিরাবে পুত্র তোমার আমার গর্ভ হইতে যথা চ্যবন পুলোম সমীপে।—ভয় কি তাহার। গিরিকন্যা স্মরণ করি নাচিব সমরে।

"ফিরে যাও বিধুমুখি। শিবিরে তোমার, রক্ষুক প্রহরিদল। একা নাশিব কুরুকুল সপ্তরথী, ভয় কি তোমার। আসিব রণজয়ী চুম্বিব তোমারে।" ধরিল বীর শর, হেরিল চতুর্দ্দিকে অযুত কুরুসৈন্য, ব্যূহের চারিদিকে সপ্তরথী। চতুর্দ্দিকে কহিলেন দেখুক চন্দ্রসূর্য্য, দেখুক নক্ষত্রগণ, আজ, আজ আমি সপ্তরথীর যুদ্ধে প্রবেশ করিতেছি। দেখুক দ্রোণ কর্ণ আমার বীরত্ব, আজ আমি দ্রোণ কর্ণ কাহাকেও ভয় করিব না। অর্জ্জুন আমার পিতা, বাসুদেব আমার মাতুল, আজ একাকী আমি কুরুকুলপাংশুল নাশ করিব। দেখুক চন্দ্র সূর্য্য।— এই বলিয়া প্রবেশিলা অভিমন্যুব্যূহ। দিক বাণে সমাচ্ছন্না। ষোড়শবর্ষস্থ † অসীম সাহস, প্রবেশ করিতে শিক্ষাছিল,—কিন্তু বিনির্গমনের না ছিল শিক্ষা। দ্রোণ কর্ণের শরে অমনি ভূমিশায়ী। কহিলেন, বীরকুলগ্লানি তোমারা। শত ধিক্ তোমাদিগকে, আমাকে বধিয়া এত উল্লাস, অর্জ্জুন নন্দন আমি, না ডরি শমনে, কিন্তু মরিনু যে তোমাদের অস্ত্রাঘাতে এই দুঃখ রহিল, চির এই মম হৃদে।

* ৭৭।৭৮ দ্রোণ। The Teuton wives followed their husbands to battle to incite them and sometimes took part in the fight Gn. His Brewer † ৬৭, আদি।

কি পাপে বিধাতা দিলেন এ তাপ দাসে জানি না। এ বার্ত্তা পাইবেন যবে, পিতা, জানি না কে রাখিবে এই দুষ্ট জয়দ্রথে, মম হত্যার মূল কারণ, বিঘ্নদায়ী।—জলধির অতল সলিলে ডুবিস্ যদি তুই পামর। পশিবে সে দেশে গাণ্ডীবধন্বা বাড়বাগ্নি সম তেজে, দাবাগ্নি সদৃশ তোরে দগ্ধিবে এই কুরুক্ষেত্রে, রোষে। এতেক কহিয়া বিষাদে সুমতি মাতৃ পিতৃ পাদপদ্ম স্মরিলা অন্তিমে। কহিলা পুনঃ আচার্য্য দ্রোণ। পিতা গাণ্ডীবী আপনার শিষ্য। পতিত আমি সম্মুখসমরে। যতক্ষণ মাতা ভদ্রা ও পিতা গাণ্ডীবী আমার মুখচুম্বে না সাদরে এস্থলে, এ দেহ আশ্রিত আপনার, অশ্বসৈন্য করুক রক্ষা। উত্তরা যদি আশে বীরবেশে কপটতা সমর নাকর তারে। লিখিল বীর শোণিতে নিজ বক্ষোবর্ম্মোপরি—দেখুক গাণ্ডীবী পিতা মম কপট সমরে সপ্তরথী মোরে।—যথা সপ্তপদার্থ ঘেরে পৃথিবীরে—যথা সপ্তদ্বীপ বেষ্টে পৃথ্বীপদ্মে। জয়দ্রথ বিশেষ বিঘ্নদায়ী। দুঃশাশনতনয় বধিল জীবন। সম্মুখসমরে দিয়াছি জীবন। মাতুল যাহার কৃষ্ণ পিতা যাহার গাণ্ডীবী সেইঅভিমন্যু রণে শয়ান। কহিবেক কৃষ্ণে নিয়তি কি আপনা অপেক্ষা বলবতী। অন্তঃসত্ত্বা উত্তরা যেন না আসে সমরে। আর না পারি লিখিতে অমর দেশবাসী একজন লইয়া দেবরথ সম্মুখে,—কহিছে ধর্ম্মযুদ্ধে দিয়াছ জীবন, ত্বরা এস অমর দেশ। চলে যাই স্বর্গপুরে। দেখিও ধর্ম্মরাজে।—অধীর হইলা বীর ভাবি, লোহ সহ মিশি অশ্রুধারা আর্দ্রিল মহীরে।—বসন্তবাতে গিরিকর্ণিকার যথা পতিত ধরাতলে। পাণ্ডব প্রভাতকুসুম গেল শুখাইয়ে। কৌরবশিবির দিকে রহিলা চাহিয়া। মুখে নাহি ভয় রেখা, নিকুম্ভিলা যজ্ঞগৃহে যথা ইন্দ্রজিৎ পতিত লক্ষ্মণের শরে।—যেন জাগাইবে, অর্জ্জুন বাহুবল্লী দ্বারা। কিন্তু দ্রোণের আদেশে নাদিল শতঘ্নী অভিমন্যুর পুরস্কার।—সম্মুখ সমরে পতিত বীর কুরুক্ষেত্রে সপ্তরথী নিবেদিলা করপুটে দুর্য্যোধনে ও পদ প্রসাদে গতজীব আজ অভিমন্যু, শক্রজিৎ, ভীষ্মনাশীর পুত্র, কপট যুদ্ধে! কুরুবংশ অবতংশ দুর্য্যোধন জয়ী আজ এ রণে। ধন্য বীরকুলে তুমি, গান্ধারী জননী ধন্যা, কুরুকুলনিধি ধন্য পিতা ধৃতরাষ্ট্র জন্মদাতা তব। নিবেদিল যুধিষ্ঠিরে রণদূত গতজীব অভিমন্যু আজ। কাঁদিলা যুধিষ্ঠির বৎস অভিমন্যো! তোমার জন্য কি ছিল কুরুসমর? হায়! কেন না গেল আমার প্রাণ। হায়! এ দারুণ শেল ভিন্ন অন্য শর

কেন সপ্তরথী আমায় মারিল না। অভিমন্যো।—শিবিরে কাঁদে বিরাটনন্দিনী উত্তরা, পতিবিরহে কাতরা রমণী। অশ্রু আঁখি বিধুমুখী ভ্রমে শিবিরে, চারিদিকে প্রহরিণী। কহিলা বিরাট বালা উত্তরা মহতী, যাব আমি রণস্থল, গিরিগৃহ ছাড়ি বাহিরায় যথা নদী সিন্ধুর উদ্দেশে। কহিলা প্রহরিণী কেমনে যাইবে? দেবি! আশ্চর্য্য কৌরবচমু ঘেরিয়াছে রণস্থলে তব স্বামী চক্রব্যূহ মধ্যে। কহিলা পাণ্ডববধূ, কি কহিলা সখি! বিরাটনন্দিনী আমি, পাণ্ডুবংশবধূ, অর্জ্জুন শ্বশুর মম, অভিমন্যু স্বামী, আমি কি ডরাই সখি! ভিখারী সে দ্রোণে? পশিব ব্যূহে আজি নিজ বাহুবলে, দেখিব কেমনে মোরে নিবারে কুরুমণি। চড়িলা অশ্ব বিরাট বালা, ঝঞ্ঝনিলা অসি অশ্বে, নাচিল শীর্ষক চূড়া। দুলিলা কৌতুকে পৃষ্ঠে মণিময় বেণী তূণীরের সাথে। হেন কালে পার্থ রথী দেখিলা পথে নয়নে পুত্র বধূ, লইয়া ধাইলা শিবিরোদ্দেশে।

সিংহ যেরূপ মৃগহনন করিয়া সূর্য্যোস্তের সময় গুহায় প্রতিগমন করে, তেমনি অর্জ্জুন সংসপ্তকগণকে বধ করিয়া সায়ংকালে শিবিরে প্রতিনিবৃত্ত হইয়া দেখিলেন সকলেই বিষণ্ণ। অর্জ্জুন বিস্মিত হইয়া কহিলেন, শিবিরে আজ সকলেই বিষণ্ণ কেন? সংসপ্তকগণ বধকালে প্রাণটা আমার যাতনা পাইয়াছিল, কই কিছুইত অমঙ্গল হয় নাই? সকলকেই দেখিতেছি, প্রাণের অভিমন্যু তাহাতে ত প্রবেশ করে নাই? প্রবেশ করিতে কিরূপে হয় শিখাইয়াছিলাম, বিনির্গমনের উপায় শিখাই নাই।—যুধিষ্ঠির, ভদ্রা, সকলে ক্রন্দন করিয়া উঠিলেন। "অভিমন্যু কি সেই ব্যূহে প্রবেশ করিয়াছিল?—কোন দুষ্ট রথী আজ আমার প্রাণতুল্য অভিমন্যুকে বধ করিল? ভদ্রার হৃদয়নন্দন অভিমন্যুকে আজ কে নষ্ট করিল? তার ভয় কি? ধর্ম্মযুদ্ধেত অভিমন্যু জীবন দিয়াছে?" এই বলিয়া অর্জ্জুন নশ্বর শরাহত কেশরীকে তুচ্ছ করিয়া ভূমিতে না পতিত হইয়া চিত্তসংযম করিয়া দণ্ডায়মান। যুধিষ্ঠির কহিলেন বৎস! আমরা সেই ব্যূহে প্রবেশ করিতে যাইলে জয়দ্রথ নিবারণ করে।—"কাল যদি সূর্য্যাস্তের পূর্ব্বে আমি জয়দ্রথকে বধ না করিতে পারি, যে ব্যক্তি আমার, মৃদুকুঞ্চিতকেশান্ত পুত্র অভিমন্যুকে বধ করিয়াছে, তাহা হইলে আমি বহ্নি প্রবেশ করিব। আমি এই সত্য

শপথে প্রতিজ্ঞা করিতেছি, কাল যদি আমি জয়দ্রথকে বধ করিতে না পারি, যানাবতীর্ণ ব্যক্তিকে হনন করিলে যে পাপ, কৃতাঞ্জলিকে বধ করিলে যে পাপ, শরণাগতকে বিনাশ করিলে যে নিঋতি, নিদ্রিত বা নিরস্ত্র ব্যক্তিকে বিনাশ করিলে যে দুর্গতি, সমর দর্শক কে বিনাশ করিলে যে পাপ, সেই পাপ যেন আমার হয়। কেন আমি কি শত্রুকে রক্তপান করাই নাই?—কাল আমি অজয়দ্রথা পৃথ্বী বা অনর্জ্জুনা পৃথ্বী করিব। এই আমি অসিকে রুধির পান করাইলাম। আমি অস্ত্রকে মৎস্য পিত্ত পান করাইলাম। কাল আমি কুরুমাতঙ্গসকল কাটিব। জয়দ্রথ আমার পুত্রের বিনাশের কারণ হইয়াছে, কাল আমি জয়দ্রথকে শমনসদনে প্রেরণ করিব, গন্ধর্ব্ব যক্ষনর কেহ আমাকে নিবারণ করিতে সমর্থ হইবে না।

যত্রবাণাঃ সম্পতন্তি কুমারা বিশিখাইব।
তত্রনো ব্রহ্মণস্পতি রদিতিঃ শর্ম্ম যচ্ছতু বিশ্বাহা শর্ম্ম যচ্ছতু॥

এই বেদ মন্ত্র উচ্চারণ করিলাম। তখন বিলাপ করিতে লাগিলেন, হা বৎস অভিমন্যো! তুমি সমরস্থল হইতে প্রত্যাবর্ত্তন কর নাই, ধর্ম্মপুত্রের জন্য সম্মুখ-সমরে প্রাণ দিয়াছ ইহা আমার পুত্রের সমুচিত হইয়াছে। কিন্তু তোমার আমি কি করিয়া সমরস্থলে বিবর্ণ মৃদুকুঞ্চিত-কেশান্ত মুখকমল দর্শন করিব। শিবাগণ হস্ত তোমার আকর্ষণ করিতেছে, গৃধ্রগণ তোমার চক্ষুঃ তুলিয়া খাইতেছে, কেমন করিয়া দেখিব। এই বলিয়া তিনি যথায় অভিমন্যু পতিত, গমন করিলেন। রণস্থলে প্রবেশ করিয়া অর্জ্জুন শোণিতসংস্কৃত পাঠ করিয়া কাঁদিলেন সুপুষ্ট শয়নশায়ী তুমি বৎস! কি বিষাদে এবে তবে পড়ি ভূমিতলে? কি কহিবেন ভদ্রা তব জননী যদি আসেন এখানে?—মাতুল গোবিন্দ, শরদিন্দু নিভাননা উত্তরা রূপসী, সুরবালা ম্লানিপায় যাহার কাছে? কি কহিবে কুন্তী আজ বৃদ্ধা পিতামহী? কি কহিবে ধর্ম্মরাজ ভরতচূড়ামণি! উঠ বৎস! কিশোর নিঋতি? কেন তুমি আসিলে না বলি মোরে? পিতা তোমার অর্জ্জুন—গাণ্ডীবী কাঁদিছে এই ভগ্ন হৃদয়ে, অভগ্ন যাহা পশুপতির শরে। কাল করিব বিনাশ জয়দ্রথ হে কুরুকুলগর্ব্ব। প্রভাতে কি কভু অস্ত যায় দিনমণি? বজ্র কি শুকায় কখন পাংশুলে? কেন না শুনিছ বচন মোর জীবন আমার! ঐ শোন নাদে শৃঙ্গনাদী, সাজে পাণ্ডু-অনী কিনী, সম্মুখে অরি, উঠ অরিন্দম! সাহায্য কর ধর্ম্মপুত্রে, এ বিপুল কুলমান রাখ এ সমরে।—এরূপ বিলাপিয়া রণস্থলে মূর্চ্ছিত সে পাণ্ডব। এদিকে বাজিছে মঙ্গলবাদ্য দুর্য্যোধন শিবিরে।—ভীমাদি ফিরাইলা শিবিরে পাণ্ডবে।—

এলোকেশী উত্তরা প্রবেশিলা রণে, সাধিলা, উত্তরা তোমার দাসী হিমাদ্রি বালিকে! সাধে তোমা কৃপাদৃষ্টি কর পাণ্ডবপানে, কহিলা দেখুক দ্রোণ কর্ণ, দুর্য্যোধন অর্দ্ধেক অঙ্গ অভিমন্যুর নাচিতেছে রণে, এই কেতকীবজ্র, মহিষাখ্য, দমনবক্ত্র প্রভৃতি অসি ঘুরিতেছে, নহে হত অভিমন্যু সমগ্র এ দারুণ রণে, দেহ রণ, অর্জ্জুনপুত্রবধূ আমি, স্বামিশোক বিস্মরিব, যাইব স্বর্গপুরে অথবা ধর্ম্মরাজের চরণ বন্দিব। সপ্তরথী মানিল বিস্ময়। কহিলা, নাহি দেখি কৌরব! এ বীরপণা ভরতকুলে, অন্তঃসত্ত্বা বালা, স্ত্রীহত্যা কেমনেতে করি? হেরি বৎসার মুখ বিদরে পরাণ, মুখ চুম্বিছে বৎসা অভিমন্যুরে। আহা প্রশংসা বটে, এনা হলে বীর প্রসবিনী কেন ভারতভূমি। মূর্চ্ছিতা উত্তরা ফিরিলা শিবিরে। এলোকেশী পাঞ্চালী, ভদ্রা গন্ধীবা শিবিরে।

সিন্ধুপতি জয়দ্রথ অর্জ্জুনপ্রতিজ্ঞা শ্রবণ করিয়া দারুণ ভীত হইয়া কহিলেন, করি স্বদেশে পলায়ন। কুরুরাজ! সর্ব্বশরীর কম্পমান আমার, দেব, গন্ধর্ব্ব, অসুর, ভুজঙ্গ অর্জ্জুনকে নিবারণ করিতে কেহই নহে ক্ষম। মহারাজ! কুশল আপনাদিগের, নিজ দেশে করি গমন। শুনিয়া জয়দ্রথ কহিলা দুর্য্যোধন কি মহারাজ! সামান্য অর্জ্জুন, প্রতিজ্ঞা এই, আপনি যে বজ্রাহত পথিকতুল্য। করিব রক্ষা আমি, কর্ণ, দুঃশাসন।

মর্ম্মাণিতে বর্ম্মণা ছাদযামি সোমস্ত্বা রাজামৃতেনানু বস্তাম।
উরোর্বরীয়ো বরুণস্ত্বে কৃণোতু জয়ন্তংত্বানু দেবা মদন্তু॥

এই বেদ মন্ত্র উচ্চারণ করিলাম। রণস্থলে ভঙ্গ দেওয়া কি বীর পুরুষের কর্ম্ম? দ্রোণ কহিলেন, ভয় কি, জয়দ্রথ! আমি কালি এক বিচিত্র ব্যূহ সৃজন করিব। সে ব্যূহ আমার ঈশ্বর ভিন্ন সুরনরদেব গন্ধর্ব্ব কেহ ভেদ করিতে পারিবে না।

"অস্তে গেলা দিনমণি। আইলা গোধূলি, একটী রতন ভালে।—মুদিলা সরসে আঁখি বিরসবদনা নলিনী। কূজনি পাখী পশিলা কুলায়ে।" কুরুক্ষেত্রে ঝিম্ ঝিম্ ঝম্ ঝম্ নিক্কণে জাগিছে যামিনী। অশ্বের খট্ খট্, মাতঙ্গের কর্ণাস্ফোটন ক্ষণে ক্ষণে শ্রুত কুরুক্ষেত্রে। বাসব কিন্তু এদিকে বিষণ্ণ।—কিরূপে 'পুত্র' অর্জ্জুন কাল নাশিবে জয়দ্রথে —বামে শচী পুলোমনন্দিনী, উর্ব্বশী বিরাজে চারি দিকে।—কহিতে লাগিল, সুরেশ! কি দোষে আজ দোষী আমরা, কথা নাই শ্রীমুখে? নয়ন প্রীতিবর্দ্ধন কামিনীগণ পাণ্ডু ভগবান কুমুদিনী নায়ক মাহেন্দ্রী দিক্ অলঙ্কৃত করিয়া উদয় গিরি সিংহের ন্যায় পূর্ব্ব দরী হইতে নির্গত হইয়া শাস্ত্ররূপ দন্তিযূথ নাশ করিতে থাকিলে কন্দর্প

চাপ সদৃশ নববধূ হাস্য ন্যায় দিঙমণ্ডল, ভূমণ্ডল, আকাশমণ্ডল শোভাশালী হইলে সৈন্যগণ মহাসাগর ন্যায় বৃদ্ধি পাইতে লাগিল।

এদিকে অর্জ্জুনের হঠাৎ এই প্রতিজ্ঞা শ্রবণ করিয়া পাণ্ডবেরা অধিকতর ম্রিয়মাণ। কৃষ্ণ বিশেষ ভাবাতুর। দারুকসকাশে তিনি কহিতে লাগিলেন, অর্জ্জুন আমায় জিজ্ঞাসা না করিয়া, দারুণ প্রতিজ্ঞা করিয়াছেন, উপস্থিত এই বিষম প্রতিজ্ঞা হইতে অর্জ্জুন কি রূপে মুক্ত হইবে আমি বড়ই ভাবাতুর। অর্জ্জুনের নিকট গমন করিয়া দেখিলেন রোহিণী, ময়ূরপৈরক, সুবর্ণবজ্র, মৌষস্বরজ্র প্রভৃতি লৌহ দ্বারা নির্ম্মিত অসি সকল আর কেতকবজ্র কান্তিলৌহ কালখড়্গ নকুলাঙ্গ মহিষাখ্য প্রভৃতি অসি ও বঙ্গচীনবিদেহ প্রভৃতি খড়্গ সকল চতুর্দ্দিকে লম্বমান। চন্দ্র যেমন প্রতি নক্ষত্রে গমন করে তেমতি প্রতি অসিতে অর্জ্জুন প্রতিবিম্ব পতিত। উপলখণ্ড শোভা। অর্জ্জুন বৃত্রবধ শ্রুতি, যুদ্ধকাণ্ড বাল্মীকি পাঠ করিতেছেন। কহিলেন সখে। হঠাৎ এ প্রতিজ্ঞা ভাল হয় নাই। কালকের কুরুক্ষেত্র ভাবনায় আমি কাতর হইয়াছি। উপপ্লব্য নগর হইতে তুমি আমাকে বরণ করিতে গিয়াছিলে। অর্জ্জুন কহিলেন, সখে! দেখিতেছ কি রণক্ষেত্র আমার শয্যা, মৃত্যুকে কি আমি ভয় করি? দেখিতেছ না যথা পাঞ্চালী এলোকেশী তথাভদ্রা, সে কেশ আবরিছে মুখ যথা ঘন সৌদামিনী, ছেড় দিল ময়ূর ময়ূরী শুক সারিকা। অভিমন্যুর শোক কাল বিস্মরণ করিব। কাল যদি জয়দ্রথকে বধ না করিতে পারি, চন্দ্র সূর্য্য আর আমি দেখিব না, আর পৃথিবীতে থাকিব না। কৃষ্ণ অর্জ্জুনের দারুণ প্রতিজ্ঞা ও আক্রোশ শ্রবণ করিয়া শিবিরে প্রত্যাগত হইলেন। ভাবাতুর জলধি যথা। নাই নিদ্রা পাণ্ডব চক্ষে। কহিলা কৃষ্ণ দারুক! সায়ং সন্ধ্যা কাল কি আমি করিব? অর্জ্জুন বহ্নি প্রবেশ করিলে, আমিও ত বন্ধুশোকে বহ্নি প্রবেশ করিব না। যাহা হউক কালি যদি তেমন তেমন বুঝি, পাণ্ডব জন্য আমি কালি অস্ত্র ধারণ করিব। আমার প্রতিজ্ঞা ভঙ্গ হইবে। অর্জ্জুন স্বপ্নযোগে পাশুপতীয় অস্ত্র স্মরণে পাইলেন।—

প্রভাতিল বিভাবরী। জয় পাণ্ডব নাদে নাদিল কটক ঠাট। শ্বেতবসন স্নাপকগণ স্নানিল রাজা যুধিষ্ঠিরে। পাণিগ্রহক, মাগধেরা সুস্বরে গান করিতে লাগিল। ভেরী, পণব, শঙ্খ ও দুন্দুভিনাদে দিক পুরিয়াগেল। যুধিষ্ঠির স্তোত্রপাঠ করিলেন।—

অর্জ্জুন [illegible] লইয়া যুধিষ্ঠির সকাশে গমন করিলে কৃষ্ণও সমভিব্যা-

হাবে চলিল! কৃষ্ণ প্রণাম করিয়া কহিলেন রাজন! অর্জ্জুনকে আজ আশীর্ব্বাদ করুন, যেন সমরজয়ী হয়। যুধিষ্ঠির কহিলেন, কৃষ্ণ! করিস কি ভাই। আমাকে তোর প্রণাম কি। অসিত, দেবল, তোকে ব্রহ্মলোকে দেখে।—ভাই, বাসবাশ্রিত যেমন দেবতা তেমনি পাণ্ডব তোমার, রণমগ্ন পাণ্ডবের আজ তুমিই তরণী। আমার আশীর্ব্বাদ কি লাগিবে? আজ তোর হস্তে অর্জ্জুনকে সঁপিলাম। দেখিস যেন তোর সমক্ষে আজ পুত্রশোকাতুর অর্জ্জুন শোকানলে প্রতিজ্ঞানলে জীবন ত্যজে না। বৎস! পাণ্ডবের সর্ব্ব ভরসা তুমি, অধিক কি বলিব,—আজ তুমি অর্জ্জুনের সর্ব্বমাঙ্গল্য। অনন্তর কৃষ্ণ রাজন। আগ্নেয়, বরুণ বায়ব্য পাশুপতীয় অস্ত্র কেহ জ্ঞাত নহে। সেই পাশুপতীয় স্মরণ পথে অর্জ্জুনের, কহিয়া প্রণাম করতঃ সমর স্থলাভিমুখী। কপিধ্বজা উড়িল। হস্তে গাণ্ডীব লইল গাণ্ডীবী। দেখিলা উত্তরা সমরসাজে অভিমন্যু যথা পিতার পশ্চাতে। কিন্তু নিবারিল তারে অন্তঃসত্ত্বা বলি। কহিলা উত্তরা মরিয়া বাঁচিবে গর্ভ, দেখুক কুরুকুল সে অভিমন্যুতেজঃ। নকলাঙ্গ মহিষাখ্য ধ্বনিছে যেন কিঙ্কিণী।—চুম্বিলা অর্জ্জুন ভাবি সন্তান। সজ্জিত যোদ্ধারা সমর। অগ্রসর। কলম্বকল আকাশমার্গে উড্ডীন।

শুনিলা আকাশে কৃষ্ণ যাহাদের রথরজ্জুধারী, গাণ্ডীবী যাহাদের যোদ্ধা তাহাদের জয়াশঙ্কা কি? ভীমসেন উগ্রযোজা, ধৃষ্টদ্যুম্ন প্রভৃতি সঙ্গে চলিল। রথের পুরোভাগে কৃষ্ণ রজ্জুধারণ করিয়া শ্বেতাশ্ব রথ চালাইতেছে। দ্রোণাচার্য্য শকটচক্র ব্যূহ সৃজন করিয়াছেন।—অর্জ্জুন দেখিলেন, অদূরে আচার্য্য শরাসন হস্তে দণ্ডায়মান। শৈব্য সুগ্রীব, মেঘপুষ্প, বলাহক, রক্তাশ্ব তাঁহার রথ বহিতেছে। শিরে তাহার উষ্ণীষ। কৃষ্ণ কহিলেন, পাণ্ডব! দ্বারদেশে ইহাঁকে সন্তোষ না করিতে পারিলে, তোমার মঙ্গল নাই। অতএব নিকটে যাইয়া উহাকে প্রণাম কর।

অর্জ্জুন তথাবৎ করিলে, দ্রোন কহিলেন বৎস! যুদ্ধ ভিন্ন আমি দ্বার ছাড়িব না। দুর্য্যোধন রাজার আদেশ নাই। শাস্ত্রশর তখন নিরস্ত কৃষ্ণ পাণ্ডব জন্য দ্রোণে পরিত্যাগ করিতে লাগিলেন। আচার্য্য! বলেন কি? শিষ্য তোমার অর্জ্জুন—পুত্র শোকে মনের জ্বালা নিবাইতে তোমার প্রসাদে আজ সমরাঙ্গনে অবতীর্ণ। কোথায় তুমি আজ উহাকে সাহস দিবে, না পুত্রের প্রতি শত্রুতা চরণ করিতেছেন। সাধুলোকে আপনাকে কি বলিবে? পাপ কুরুকুলে জন্য আপনার এত স্নেহ! আচার্য্য! "অর্জ্জুন তুল্য আমার শিষ্য নাই, অর্জ্জুন আমার প্রাণস্বরূপ, এ সকল কথা কি আপনি বিস্মৃত করিলেন?

অর্জ্জুনের জন্য আপনি কি না করিয়াছেন? মহাবীর একলব্যের অঙ্গুলি কাটিয়া লইয়াছেন। আপনার প্রসাদে পিনাকপাণি পর্য্যন্ত অর্জ্জুনকে স্নেহ করিয়াছেন। সুররাজ ইন্দ্র দেব অস্ত্র সকল দিয়াছেন, ছি! আচার্য্য! করেন কি? এখন পথ দিন। প্রাণের অর্জ্জুন আপনার, ভবদীয় রূপ দর্শন করিয়া জয়দ্রথের শিরশ্ছেদন করুক। দ্রোণ যুদ্ধ ভিন্ন দ্বার ছাড়িলেন না। সর্পবাণ সকল, সর্প বল্মীকে যেমন প্রবেশ করে তেমতি গাত্রে প্রবেশ করিতে লাগিল। রণযজ্ঞে সেনাপতিগণ ঋত্বিক, মস্তিষ্ক হবিঃ, শৃগাল গৃধ্রগণ সদস্য, ছিন্ধি, ভিন্ধি, ধর্ম্মযুদ্ধে দেহ দিলে স্বর্গ, হাপিতঃ হামাতঃ শব্দ শুনিতে শুনিতে প্রাণ দেওয়া অপেক্ষা উৎসাহ বাক্যে প্রাণ দান শ্রেয়ঃ ইত্যাদি ধ্বনি সামগান। গঙ্গাপ্রপাতের ন্যায় শব্দ হইতে লাগিল। অনন্তর অর্জ্জুন কৃষ্ণের প্রসাদে অর্জ্জুনস্নেহপ্রবণ দ্রোণকে অস্ত্রময় ভক্তিতে পরাজয় করিয়া ব্যূহমধ্যে প্রবেশ করিয়া দেখিলেন অযুত সৈন্য রক্ত উষ্ণীষ ধারণ করিয়া যেন জপাবিকসিত মুখে শোভা পাইতেছে। তীর, তোমর, বর্ষা, অনুক প্রভৃতি অগণ্য প্রকাশ পাইতেছে। লক্ষ লক্ষ যোদ্ধারা অশ্বপৃষ্ঠে ভিন্দিপালে বিরাজ করিতেছে। পতাকাসকল পত পত করিতেছে। অর্জ্জুন শরজালে দিক্ সমাচ্ছন্ন করিলেন। শোণিতবধূসরা বহিতে লাগিল। জ্যাজিহ্বা বেষ্টিতোৎকোটিদংষ্ট্র উল্কারি ঘোর-ঘন-ঘর্ঘর-ঘোষ গাণ্ডীব যেন কৃতান্তের মুখের ন্যায় শোভা পাইতে লাগিল। চতুর্দ্দিক অন্ধকারময়। অগ্নিকণা যেন ঘোরা যামিনীতে নক্ষত্রবৎ পড়িতে লাগিল। শতঘ্নীর ঘোর নিনাদ, নালীকের শব্দ, গাণ্ডীবের টঙ্কার স্থলীকে ভীষণা করিল।—অর্জ্জুন দেব অস্ত্র সকল ত্যাগ করিয়াছেন, ইহাতে বোধ হইতে লাগিল, যেন তৎপ্রেরিত দেব-অস্ত্র-রূপ বাহনে অষ্টদিক্‌পাল সকল কুরুক্ষেত্রে উড়িয়া যাইতেছে। সৈন্যদিগের আবর্ত্তনে বোধ হইতে লাগিল যেন কুরুক্ষেত্রে সৌর জগৎ ঘুরিতেছে। তথায় কর্ণাদি যোদ্ধাদিগের রথ সৌররথ, কর্ণাদি বীরের চক্র ঐ রথের কালচক্র, জয় পরাজয় ঐ রথের নেমি। মনোরম যুধিষ্ঠিররূপ স্থিরসূর্য্যোগ্রহণ হইতেছে। দুর্য্যোধনাদি গ্রহ সকল ঐ সূর্য্যের চতুর্দ্দিকে ভ্রমণ করিতেছে। অর্জ্জুন ঊর্দ্ধপথে চাহিলেন। সমর বর্ষাকালের ন্যায় বোধ হইতে লাগিল। তথায় শরবর্ষণ ধারা, গাণ্ডীব ইন্দ্রধনুঃ, শতঘ্নীনাদ মেঘ গর্জ্জন, ধূম বাষ্প, অস্ত্রের দীপ্তি বিদ্যুৎ। আবার কুরুক্ষেত্রকে বন বলিয়া বোধ হইতে লাগিল, তথায় রথ চূড়া শাল বৃক্ষ, দ্রোণাদি সিংহস্বরূপ, রথাদি উন্নত ভূমি, ধূম বনের নীলিমা,

ধ্বজার কপি বানর, অ[illegible]লঙ্গ স[illegible], কুরুকুল অসি ধ্বনি যেন কাক ধ্বনি, পাণ্ডব অসি যেন বনবাসিনী পঞ্চালীর কিঙ্কিণী। কঙ্কপত্রতীর সকল মুকুটপুচ্ছ সহ পক্ষীর ন্যায় ছুটিতেছে। সৈন্যনাদ সিংহগর্জ্জন, নারাচবিদ্ধ ললাট অশ্বত্থামাদি খড়্গী। এ দিকে বর্ষাকাল ও দিকে বন, ইহাতে বোধ হইতে লাগিল যেন তৃপ্ত হুতাশন আবার অর্জ্জুনের অশ্রয়ে ঐ ইন্দ্র বর্ষণ বিপক্ষে সমবাবনল রূপে কুরুক্ষেত্র রূপ খাণ্ডব বন দাহ করিতেছে। শ্যেন, কাক, কঙ্কোল গৃধ্র সব উড়িতে লাগিল। বায়ু যোগে * যেমন শব্দ শ্রুত হওয়া যায় তেমনি দূরে কুরুক্ষেত্র বার্ত্তা শ্রুত হইতে লাগিল।

শতঘ্নীর ধূম আকাশে ঘন উড়িতেছে। তন্মধ্যে অস্ত্রের দীপ্তি, ইহাতে বোধ হইতে লাগিল যেন ধূমাকালী ভীমা অসি করে কুরুসৈন্য নাশ করিতেছে।—ভীষণ সমরে রণদেব উর্দ্ধদেশে বসিয়া সমর দেখিতেছেন। দেবতারা আকাশে বিমানে দণ্ডায়মান। কাঁপাইয়া রণস্থল কাঁপাইয়া নদীর জল শতঘ্নীধূম। সেনাসকল উর্দ্ধদিকে কাতারে কাতারে করে গমন, রুধিরগন্ধমত্ত ইন্দ্রসেনারা বৃত্রবধের জন্য যেন অদ্রি শৃঙ্গে গমন করিতেছে। ছিন্ন শ্বেতবক্ত পতাকা সকল উড়িয়া যাইতেছে, ইহাতে বোধ হইতেছে যেন শ্বেতবক্ত কপোত সকল জয়দ্রথ বধ মহা সমরের সমাচার লইয়া দুর্য্যোধন শিবিরে যাইতেছে। বঙ্গ † কলিঙ্গ ‡ শকযবন ম্লেচ্ছগণ কুরুপক্ষে যুদ্ধ করিতেছে। জয়দ্রথবধকালে কুরুক্ষেত্রে অর্জ্জুন কয়েকটী গঙ্গা কাটিলেন।—ঐ গঙ্গা রুধিরজলে পরিপ্লুতা হইয়া রণক্ষেত্র ভাসাইতে লাগিল। গঙ্গা বিষ্ণুপদাকাশোদ্ভবা, এ গঙ্গা কৃষ্ণপদোদ্ভবা অর্থাৎ রথবর্জ্জ্ধারণকারী কৃষ্ণের পদ তল হইতে বহির্গতা হইতেছেন। ও গঙ্গায় স্নান করিয়া লোক সকল সদ্গতি পায়, এ গঙ্গায় স্নান করিয়া যোদ্ধৃবর্গ স্বর্গে যাইতেছে। ছিন্ন উষ্ণীষ সকল যেন এই গঙ্গায় কমল ভাসিয়া যাইতে লাগিল। পাইল আঘাত ধর্ম্মপুত্র দ্রোণের শরে যেন তিরস্কার। † কাঁদিল অর্জ্জুন কারে রাজ্য দিব। কাঁদিল দুর্য্যোধন চুল ‡ লোটাইয়া পদে। রণ স্থির একবারে উভয় পক্ষ অক্ষৌহিণী। সুষেণদ্বারা যথা রাঘবীয় চম্ § বাঁচিল যুধিষ্ঠির, চুম্বিল মুখ সুযোধনের, কর সন্ধি বৎস। নাহি কার্য্য এদারুণ রণে। ম্রিয়মাণ দুর্য্যোধন স্মরি ভীম, অর্জ্জুনে।—সাংখ্যে পুরুষ যেমন কিছুই করে না প্রকৃতিতে প্রতিবিম্বিত হয় তেমনি কৃষ্ণ কিছুই না করিয়া পাঞ্চালীতে প্রতিবিম্বিত হইতে লাগিল।—হত্যাকাণ্ড দর্শন করিয়া

---

*১৮৪, শান্তি। † ১৩, ভীষ্ম। ‡ ৮২৫, দ্রোণ।
† ১০, কর্ণ। ‡ ৩৩, শল্য। § ৯২, যুদ্ধ, রামায়ণ।

নিরীশ্বরবাদীর ঈশ্বর নাই শব্দ করিতে লাগিল। ইহা মায়া এই জন্য ঈশ্বর নিস্তব্ধ. বৈদান্তিকেরা ধ্বনি করিতে লাগিল। নৈয়ায়িকেরা বলিতে লাগিল ঈশ্বর অতঃপর ইহার বিচার করিবেন। সৈন্য সামন্ত সহ কুরুপতিরূপ কলি লইয়া ধর্ম্মরাজকে পরীক্ষামাত্র ইহাও শ্রুত হইতে লাগিল। অর্জ্জুন চতুর্ব্বিংশতিতত্ত্বকল্প চতুর্ব্বিংশতি ক্রোশব্যাপী শকট চক্রব্যূহ ভেদ করিয়া শ্রুতায়ুধ, সুদক্ষিণ, অম্বষ্ঠ, ভূরিশ্রবা প্রভৃতি যোদ্ধৃগণকে নাশ করিয়া সূর্য্যাস্তের পূর্ব্বে কহিলেন, আজ দেখুন চন্দ্রসূর্য্য, আজ দেখুক নক্ষত্রগণ, আমি এই জয়দ্রথকে বধ করি, কৃষ্ণ মায়া দ্বারা দিবাকরকে আচ্ছাদন করিলেন। সে যামিনী পাণ্ডব পক্ষে প্রাণহারিণী হইল। কৌরবগণ সময় যন্ত্রে স্তম্ভিত। কিন্তু প্রেরণায় ও মোহে দুর্য্যোধন সর্ব্বসমক্ষে জয়দ্রথকে বহির্গত করিল। অর্জ্জুন কৃষ্ণের কৃপায় দিবাকে যামিনী করিয়া জয়দ্রথের মস্তক কাটিলেন।—'কাটামুণ্ড' স্যমন্তকপঞ্চক তীর্থে জয়দ্রথের পিতার হস্তে পড়িল।—সূচীব্যূহে ছিন্নমুণ্ড জয়দ্রথ ছিন্নমুণ্ডার ন্যায় রক্ত উদ্গার করিতে লাগিল। কৃতবর্ম্মা যিনি ঐ ব্যূহ রক্ষা করিতেছিলেন, পলায়ন করিলেন। যুযুৎসু পাণ্ডব পক্ষে আসিয়াছে। কাম্বোজ, দুর্য্যোধন ও কর্ণ সকলে রণে ভঙ্গ দিলেন। সে যামিনী গমন করিল। সূর্য্যদেব হঠাৎ ঊর্দ্ধাকাশে প্রকাশ পাইয়া সকলকে চমৎকৃত করিল। জয় পাণ্ডবনাদে আকাশ বিদীর্ণ।

বলাসুরকে বধ করিয়া ইন্দ্র যেরূপ বিষ্ণুকে অর্চ্চনা করিয়াছিলেন সেই রূপ অর্জ্জুন জয়দ্রথবধ করিয়া যুধিষ্ঠির অর্চ্চনা করিলেন।

দ্রোণাচার্য্য অপ্রধৃষ্য ভাবে যুদ্ধ করিতেছেন। তাঁহার বাণে আকাশ মণ্ডল সমাচ্ছন্ন হইয়াছে। বৃত্রাদি সমরস্মর্ত্তা হিমালয় চূড়াদ্বারা কুরুক্ষেত্র সমর দেখিতে লাগিল। নৈশরণধ্বনি সাগরধ্বনিকে আস্পর্দ্ধা করিয়া লঙ্কা সমর ভুলাইতে লাগিল। পিতা পুত্রকে নাশ করিতে লাগিল। পাণ্ডব সেনা অগণ্য তিনি পাতিত করিলেন। অলম্বুষ, শ্রুতায়ু, জলসন্ধ, সৌমদত্তি, দ্রুপদ, অন্তরীক্ষ চারী ঘটোৎকচের নিধন হইয়াছে। কৃষ্ণ দেখিলেন, দ্রোণ যদি এই রূপে অর্দ্ধ দিবস যুদ্ধ করে, তাহা হইলে আর পাণ্ডবকুলে উদ্ধার নাই। চিন্তিত মনে কহিলেন প্রাণের অর্জ্জুন! ভাই ভীম!—দেখিতেছ কি? আচার্য্য কাল সমর আরম্ভ করিয়াছেন। এরূপ অর্দ্ধ দিবস যুদ্ধ করিলে কাহার জীবিতসম্ভবনয়। পাণ্ডবের রনবাদ্য বাজে ঝম্ ঝম্। বাসুদেব যুধিষ্ঠিরের নিকট করিলে গমন। যুধিষ্ঠির দ্রোণের শরজাল দর্শন করিয়া ভীত মনে মর্ম্মাসীন। এমন সময় কৃষ্ণ কহিলেন, মহারাজ! পাণ্ডুবংশত যায়!—কিন্তু

আমি থাকিতে পাণ্ডব বিনাশ করিতে দিব না। রাজন! আপনাকে একটী উপায় করিতে হইবে। তোমায় বিশ্বাসী দ্রোণ, পুত্র অশ্বত্থামা গতজীবন। 'অশ্বত্থামা হত' এই কথা বলিয়া পাণ্ডবদিগকে আপনি জীবন দিন। যুধিষ্ঠির কহিলেন, কৃষ্ণ! তাহাত আমি পারিব না, এমন সময় মিথ্যা কিরূপে বলিব? বৎস! আমার জীবনে আমি মিথ্যা বলি নাই। আজ কি করিয়া বলিব? কৃষ্ণ কহিলেন নইলে সব ত যায়, তখন যুধিষ্ঠির কহিলেন, বৎস! নিয়তি যাহা আছে, তাহাই হইবে। কিন্তু আমি সত্যের অপমান করিয়া পৃথিবীর সাম্রাজ্য চাই না। আমি ভিক্ষুক বেশে সত্য লইয়া ভিক্ষা করিয়া জীবন যাপন জীবনের পরাকাষ্ঠা করিব, সেও শ্রেয়ঃ, তথাচ সত্যের অপমান করিতে পারিব না। যুধিষ্ঠির মলিনমুখে অধোবদন হইয়া বসিলে, পাণ্ডবেরা দারুণ ভৎর্সনা করিতে লাগিলেন। তদনন্তর কৃষ্ণ চক্রে যুধিষ্ঠিররূপ তূণীর হইতে "অশ্বত্থামা হত" এই অগ্রভাগ "ইতি গজ" এই পশ্চাদভাগ সংযুক্ত ব্রহ্মাস্ত্র বহির্গত করিয়া ধৃষ্টদ্যুম্নরূপ ধনুকে যোজনা করতঃ চক্রী পঞ্চদিবস সমর পর দ্রোণাচার্য্যের প্রাণ সংহার করিলেন।

ভীম দুঃশাসন রক্ত পান করিলে পাণ্ডববিজয়লক্ষ্মী কর্ণ ও শল্যকে অর্জ্জুন ও যুধিষ্ঠির হস্তে রণস্থলে শয়ান করিলেন।—*

দুর্য্যোধন দ্বৈপায়নহ্রদে প্রবেশ করিলে, বাসব যেমন বৃত্রকে কুন্তীতনয় ভীম সলিল মধ্যস্থিত রাজা দুর্য্যোধনকে কহিতে লাগিলেন, কুলাধম! স্বপক্ষ সমগ্র নাশ করিয়া নিজপ্রাণরক্ষার্থ এখন তুমি হ্রদে প্রবেশ করিয়াছ, তোমার লজ্জা বোধ হয় না? তোমার সে দর্প ও অভিমান কোথায়? তোমার পারিষদেরা কোথায়? রে পাশুল! পাঞ্চালীর কেশাকর্ষণ এখন মনে কর। আমাকে বিষ ভোজন, বারণাবতে জতুগৃহ সব মনে কর। আজ তুই বাহির হ, আমি এই গদা দ্বারা তোর উরুভঙ্গ করিব। কুলদেবতা আজ প্রসন্ন হইয়াছেন,

---

*কর্ণ দুই দিবস, শল্য অর্দ্ধ দিবস মাত্র যুদ্ধ করেন। শল্য, ১—৪। ব্যাস সমাচার পাইয়া যুদ্ধ যেরূপ হইয়াছিল বর্ণনা করিয়াছিলেন; কিন্তু আমি সেই পাণ্ডব সেই কৌরব, সেই অস্ত্রাদি পুনরুক্তি নিবারণার্থ উপসংহার করিলাম।

প্রাণীর নিজমুখে বীরত্বাদ প্রকাশ ব্যভিচার; কিন্তু প্রাচীন কবিরা সেইরূপ বর্ণনা করিয়া গিয়াছেন। ইহা যেন তাহাদিগের অপরাত্মারকথা স্থলবিশেষে, এইরূপ ব্যাখ্যা।—

গ্রীক ও ইংরাজদিগের সেনাসন্নিবেশ অপেক্ষা আর্য্যব্যূহ কি চমৎকার। গদ্য ব্যতিক্রম প্রযোজ্যাদি ভাষাবৎ ভাষা সমরে প্রযুক্ত হইয়াছে। ইহা যেন শোভা পায়। করিল, তুমি প্রভৃতি চলিত সর্ব্ব স্থলে।—তুই আদি স্নেহেও হয়।

"সূচিকাগ্রপ্রমাণ ভূমি দিব না"? আইস; গর্ব্বিত! আইস। এই বলিয়া ভীম যখন তীব্ররোষে ভ্রূকুটি তাম্রবক্ত করিয়া দণ্ডায়মান হইলেন, তখন বলি যেমন দেবগণকে সেইরূপ দুর্য্যোধন কহিতে লাগিলেন দ্বিতীয় পাণ্ডব! আমি ভয়ে জলপ্রবেশ নাই। সৈন্য সামন্ত একাদশ অক্ষৌহিণী আমার বিনষ্ট হইয়াছে, আমি বিশ্রামার্থ জল প্রবেশ করিয়াছি। আমি শীঘ্রই তোমার সহিত সমর করিতেছি। এই বলিয়া দুর্য্যোধন জল হইতে উঠিয়া ভীমের সহিত সমরে অবতীর্ণ; কিন্তু তাঁহার যেমন ত্রাস হইল, মনঃপরিবর্ত্তন হইল না।—অবশেষে দারুণ গদাযুদ্ধে ভগ্নোরু হইয়া রণস্থলে ধরাশায়ী হইলেন।—ধর্ম্মব্যাধ দুর্য্যোধনক্রৌঞ্চকে নাশ করিলে মুকুটপুচ্ছসকল ভূমি হইতে উড়িতে লাগিল। যুধিষ্ঠির বল্কল পরিধান করিয়া কহিলেন বৎসগণ! আমি রণে আঘাত পাইলে সুযোধনও তোমাদের ন্যায় বল্কল পরিধান করে। বৎসর জন্য কাতর হইলাম।—রথ হইতে কৃষ্ণ ও অর্জ্জুন অবতরণ করিলে নিহিতাস্ত্র রথ ধূধূ করিয়া জ্বলিতে লাগিল।—

বলদেব-পুষ্যানক্ষত্রে তীর্থদর্শনে নির্গত হইয়া সারস্বত ও শুক্র তীর্থ, স্থানু তীর্থ,—যে তীর্থে দেবগণ কার্ত্তিকেয়কে সেনাপতি পদে অভিষেক করেন, অগ্নি-তীর্থ, ব্রহ্মযোনি তীর্থ, কৌরব তীর্থ, বদরপাচন তীর্থ, ইন্দ্র তীর্থ,—যে তীর্থে ইন্দ্র শতমখ করিয়া শতক্রতু নাম ধারণ করেন, সোম তীর্থ,—যে তীর্থে সোমরাজা রাজসূয় যজ্ঞ করিয়াছিলেন,—যে তীর্থে তারকাসুরের ঘোরতর সংগ্রাম হয়, প্রভৃতি দর্শন করিয়া দ্বিচত্বারিংশৎ দিবস পরে শ্রবণা নক্ষত্রে প্রত্যাগত হইয়া যুদ্ধান্তে দুর্য্যোধনের নাভিনিম্নভাগে গদাঘাত দর্শন করিয়া ভীম প্রতি লাঙ্গল উত্তোলন করিয়া ধাবমান হইলে বাসুদেব বাহুযুগল দ্বারা তাঁহাকে ধারণ করিয়া শান্ত করিলেন। তখন বোধ হইতে লাগিল যেন ধবলকান্তি শশাঙ্ক শিখরের কণ্ঠ ভিন্ন সর্ব্ব শরীর কৃষ্ণবর্ণ হইয়াছে। বলভদ্র কহিতে লাগিলেন বৎস। শিখণ্ডিসংযোজনা করিয়া ভীষ্ম বিনাশ তোমার উচিত হয় নাই। আর ইতিগজ কুটপুচ্ছযুক্ত অশ্বত্থামা হত বাক্য শব দ্বারা আচার্য্য নাশও তোমার সদৃশ হয় নাই। কুরুরাজের নাভিনিম্নভাগে গদাঘাতও তোমার যোগ্য হয় নাই; কেননা এরূপ শাস্ত্র নহে। কর্ণবধের জন্য পাণ্ডবাশ্রিত বৎস ঘটোৎকচ কে বধ তোমার সমক্ষে উচিত হয় নাই। চক্র ধরিয়া তোমার প্রতিজ্ঞা ভঙ্গ স্পষ্ট বিচার হয় নাই, যদিচ তাহা গূঢ় ধর্ম্ম হইতে পারে.—তর্কে যাহা আপত্তি করে। ভীষ্মদ্রোণাদিনাশ না করিয়া কুরুরাজকে শাসন করিতে পারিলে তোমার কৌশল, নীতি ও বুদ্ধি সর্ব্বপ্রশংসনীয় হইত।—আমি মনে করিয়াছিলাম কুরুক্ষেত্রে এরূপ ধর্ম্ম হইবে না। এ কি সৃষ্টি? কৃষ্ণ।—

ভীমের প্রহারে দুর্য্যোধনের উরুভঙ্গ শ্রবণ করিয়া ধৃতরাষ্ট্র কাঁদিতে লাগিলেন, নিশার স্বপন সম তোমার এ বারতা, সঞ্জয়! কুরুকুল যার ভুজবলে সাহসী, সে ধনুর্দ্ধর দুর্য্যোধনে, ভীম বিবাসিত বধিল সম্মুখ রণে।—"হা পুত্র! দুর্য্যোধন! শেষ তোমার এই পরিণাম। কি পাপে হারানু আমি তোমা হেন ধনে, কি পাপ দেখিয়া মোর রে দারুণ বিধি! হরিলি এ ধন তুই? হায় রে সহি কেমনে এ যাতনা আমি। কে আর রাখিবে

কুরুকুলের মান, এ কাল ভবে। যথা শাখাদলে আগে, একে একে কাঠুরিয়া কাটি, শেষে নাশে বৃক্ষ, তেমতি এ দুরন্ত রিপু, নির্ম্মূল করিল আমারে। হায়! তা না হলে মরিত কি কভু বসুসম বিশ্বজিৎ ভীষ্ম কৌশলে আমার দোষে! মরিত কি কভু দ্রোণ "অশ্বত্থামা হত গজ" এই বাক্য-বাণে!—কর্ণ দুঃশাসনাদি!—হায় পাঞ্চালি! কি কুক্ষণে বসন আকর্ষিলা তোর সভাস্থলে দুষ্ট দুঃশাসন, তাই তুই কাল ভুজঙ্গী রূপে দংশিয়াছিস্ মম কুরুকুলে, গত-জীব আজ তাই কৌরবেন্দ্র রণে। হায়! ইচ্ছা করে এ শ্মশান ছাড়ি গহন কাননে পশি জুড়াই মনের জ্বালা বিরলে।—

ঘোরা যামিনী। পৃথ্বী ঝিল্লীরবামোদিনী। গূঢ়মস্তক কম্বুগ্রীব ব্যাঘ্রাস্য মেরুগাত্র বৃষভস্কন্ধ শুক্রবুদ্ধি অশ্বত্থামা পিতৃবধ প্রতিহিংসায় গভীর যামিনীতে ব্রহ্মাস্ত্র দ্বারা ধৃষ্টদ্যুম্ন প্রভৃতি পাঞ্চালগণ ও দ্রৌপদীর পঞ্চ পুত্রের জীবন লইয়া পাণ্ডব হৃদয় ভূধরকে বিদীর্ণ করিলেন। প্রভাস হইতে সমাগত যুধিষ্ঠিরাদি হাহাকার করিয়া অন্যান্য পত্নীজ সন্তান সত্ত্বেও * বিনা অস্ত্রে যেন জীবনত্যাগ করিল। এলোকেশী পাঞ্চালী রণস্থলে ধূলিধূসরিতা ভ্রাম্যমাণা। অর্জ্জুন কৃষ্ণসাহায্যে অশ্বত্থামার মণিগ্রহণ করিয়া পাঞ্চালী সান্ত্বনা করিলেন।—

কুরুক্ষেত্রসমর শেষ হইলে, শোকাকুলা গান্ধারী কৃষ্ণকে কহিতে লাগিলেন কৃষ্ণ! তোমারই চক্রে এই সমস্ত হইয়াছে। যখন শুনিলাম কৃষ্ণ! জতুগৃহ হইতে পাণ্ডবেরা রক্ষা পাইয়াছে, তখন আর জয়াশা করি নাই। যখন শুনিলাম অর্জ্জুন ধনুর্গুণ আকর্ষণ করিয়া অসংখ্য রাজগণ সমক্ষে কৃষ্ণাকে লাভ করিয়াছে, তখন আর জয়াশা করিনাই। যখন শুনিলাম অর্জ্জুন যদুর নন্দিনী ভদ্রাকে হরণ করিলে যাদবের ক্রোধোদ্রেক হয় নাই, তখন আর জয়াশা করি নাই। যখন শুনিলাম অর্জ্জুন শরজালে দিক সমাচ্ছন্ন করিয়া বাসবের দর্প নাশ করতঃ খাণ্ডববন দাহ করিয়াছে, তখন আর জয়াশা করি নাই। যখন শুনিলাম সম্রাট জরাসন্ধ পর্য্যন্ত বধ হইয়াছে,—যুধিষ্ঠির রাজসূয় যজ্ঞ করিয়াছে, তখন আর জয়াশা করি নাই। যখন শুনিলাম কৌরবেরা নিরপরাধা অশ্রুমুখী কৃষ্ণাকে সভামধ্যে আনয়ন করতঃ বিবস্ত্রা করিতে গিয়াছে তখন আর জয়াশা করি নাই। যখন শুনিলাম কপটদ্যূতে পাণ্ডবকুলমণি বনচারী হইয়াছেন, তখন আর জয়াশা করি নাই। কৃষ্ণ! যখন শুনিলাম প্রব্রাজিত যুধিষ্ঠির বনমধ্যে অসংখ্য দ্বিজের সেবা দ্বারা আশীর্ব্বাদ পাইতেছেন, তখন আর জয়াশা করি নাই। যখন শুনিলাম অর্জ্জুন হিমাদ্রিশিখরে পশুপতির সন্তোষলাভ করিয়াছেন, তখন আর জয়াশা করি নাই। যখন শুনিলাম দেবরাজ পাণ্ডবকে দেব অস্ত্র সকল প্রদান করিয়াছে, তখন আর জয়াশা করি নাই। যখন শুনিলাম দয়ালু যুধিষ্ঠির মৎপুত্রদিগকে দারুণ শত্রু হইলেও গন্ধর্ব্ব হইতে মোচন করিয়া দিয়াছে, তাহাতেও দুর্ব্বুদ্ধি দুর্য্যোধনের মত পরিবর্ত্তন হয় নাই, তখন আর জয়াশা করি নাই। যখন শুনিলাম দ্বৈতবনসরোবরে পাণ্ডবেরা মরিয়া বাঁচিয়াছে, তখন আর জয়াশা করি নাই। যখন শুনিলাম বনবাসী পাণ্ডবেরা বিরাটরাজকে সহায় পাইয়াছে, তখন আর জয়াশা করি নাই। যখন শুনিলাম প্রব্রাজিত যুধিষ্ঠিরের

* ১৫। আদি, ভা। ২০।৪। বিষ্ণুপু।

সপ্ত অক্ষৌহিণী সেনা হইয়াছে তখন আর জয়াশা করি নাই। যখন শুনিলাম পণ্ডিতেরা যাঁহাকে সনাতন ত্রিবিক্রম বলে, সেই বাসুদেব তুমি পাণ্ডব হিতার্থে জীবন উৎসর্গ করিয়াছ, তখন আর জয়াশা করি নাই।—সকলে রণস্থল দর্শনে গমন করিলেন। রণস্থলে উপস্থিত হইয়া গান্ধারী কহিলেন, অহহ।—বহু ক্রোশ ব্যাপী রণস্থলে ছিন্নমুণ্ড, ছিন্ন হস্ত, ছিন্ন পদ কত পড়িয়া রহিয়াছে। দূরে আর দৃষ্টি যায় না। রাজাদিগের উষ্ণীষ সকল শোচনীয় অবস্থায় পড়িয়া রহিয়াছে। কাক, শৃগাল, কাকোল শব আকর্ষণ করিয়া ভক্ষণ করিতেছে। কত মাতঙ্গ গ্রীবা বক্রকরিয়া পড়িয়া রহিয়াছে। কক্ষ, ভগ্নরথ, শর, তূণীর, বিক্ষিপ্ত রহিয়াছে; শিবা সকল পরস্পর আক্রমণ করিতেছে। অসংখ্য প্রাণী ছিন্ন ভিন্ন দেহে পতিত। রণস্থল দর্শন করিয়া গান্ধারী মূর্চ্ছিতা। সংজ্ঞা পাইয়া বাসুদেবকে কহিতে লাগিলেন, কৃষ্ণ! তোমারই চক্রে এই সব ঘটিয়াছে। ঐ দেখ মম পুত্র দুর্য্যোধনকে শবাহারী শৃগালগণ বেষ্টন করিয়াছে। ঐ দেখ উত্তরা নিজ পতির মস্তক বক্ষে লইয়া মাংস-লোভী কাক, কঙ্কোলদিগকে তাড়াইতেছে। ঐ দেখ আমার দুঃশলা পতির মস্তক অন্বেষণ করিতেছে, দেখিতে না পাইয়া কত কাঁদিতেছে। ঐ দেখ, ঐ দেখ কর্ণ, দ্রোণ, ভীষ্ম মত্ত সিংহের ন্যায় পতিত রহিয়াছে। কৃষ্ণ! অসংখ্য দেশের কুলকামিনীগণকে তুই বিধবা করিয়াছিস? কৃষ্ণ! বিধাতার কি ক্রীড়া! পূর্ব্বে যাহারা নির্ম্মল দুগ্ধফেণনিভ শয্যায় শয়ান থাকিতেন, এখন তাহারা রণস্থলে শয়ন করিয়াছে। পূর্ব্বে যাহারা বন্দিগণের গানে প্রবোধিত হইতেন, এখন তাঁহারা শৃগাল গৃধ্রগণের গান চক্ষুঃ মুদিয়া শুনিতেছেন। কনকপুচ্ছ, চামরে ও পাখায় পূর্ব্বে যাঁহারা বীজিত হইতেন, এখন তাঁহারা ফেরুপালের লাঙ্গুলে ও গৃধ্রগণের পক্ষপুটে বীজিত হইতেছেন। সূর্য্য এই ভয়ঙ্কর হত্যাকাণ্ড দেখিতে ইচ্ছুক না হইয়া বোধ হয় সমরস্থলে রাহুগ্রস্থ হইয়াছিলেন। হা কৃষ্ণ। তুই যেমন এমন কর্ম্ম করিয়াছিস, আমিও অভিশাপ দিতেছি, অসংখ্য যদুবংশে তোমার এইরূপ একবারে কেহই থাকিবেক না।

যুধিষ্ঠির, কুরুপিতামহ ভীষ্ম নির্ব্বাণোন্মুখ হুতাশনের ন্যায় শরশয্যায় শয়ান হইয়া আমায় চিন্তা করিতেছেন, আমি আর থাকিতে পারিতেছিনা;

এই বলিয়া বাসুদেবসহ কুরুক্ষেত্রে উপস্থিত হইয়া রামচন্দ্রকে বন্দনা করিয়া রণস্থলে ভীষ্মের চরণে শিরঃ সংশ্রিত করিলেন।—ভীষ্ম কহিলেন, বৎস যুধিষ্ঠির! আমি মৃত্যুর সহিত সমর করিতে প্রস্তুত হইতেছি এমন সময় কি তুমি তোমাদের কৃষ্ণকে লইয়া আমাকে সাহায্য করিতে আসিলে? কৃষ্ণের রূপ এসময় বড়ই তৃপ্তিকর বোধ হইতেছে। শত্রুর প্রতি এই মমতা করিয়া তুমি কুরুক্ষেত্রে অতি মাহাত্ম্য প্রকাশ করিলে। শমনসহ সমরে এ রথ রথী চলিবেনা। রণস্থলে তোমাদের অশ্ব লইয়া ভোজন করাইতে পাদচারে শবগৃহে গমনকারী কৃষ্ণের শরীরে আমি কত শরাঘাত করিয়াছি,—সেই কৃষ্ণ কি তাহা ক্ষত্রিয় ধর্ম্ম বলিয়া আমায় মার্জ্জনা করিবেন?—যুধিষ্ঠির কহিলেন দেব! আমি কি কিছু আপনাকে জ্ঞান জিজ্ঞাসা করিতে পারি? কৃষ্ণ কহিলেন মহারাজ? শরশয্যা শয়ান ভগবান ভীষ্ম এখনও জ্ঞানোপদেশে বিচক্ষণ। আশ্চর্য্য দর্শন করুণ।—ভীষ্ম কহিলেন বেদত্রয় নির্ব্বিকার ব্রহ্মের আরাধনায় আশক্ত করে।* সেই ব্রহ্ম—আবেশ প্রকাশে ইন্দ্র চন্দ্র বায়ু বরুণাদি নররাজগণ ব্রহ্ম স্বরূপ। বেদের অনুভূত ব্রহ্ম বোধ চাই। ব্রহ্ম জগৎ, কি জগৎ হইতে পৃথক তাহার মীমাংসা শক্ত। ইচ্ছাতে যাহার সমস্ত হইতে পারে তাহার নিজদেহ উপাদান প্রয়োজন কি? সৃষ্টির কথা শক্ত। আনন্দ হইলে এ দৃশ্যমান রণস্থল কেন? ও নরকই বা কেন? মৎস্য কূর্ম্ম বরাহ অবতার রূপক নাম। ব্রহ্ম নর শরীরে আবেশ বা প্রবেশ বা প্রকাশ হইয়া জল হইতে বেদ উদ্ধার করিলেন বলিয়া মৎস্য সংজ্ঞা পাইয়াছেন।—ধরণীকে জল হইতে তুলিলেন বলিয়া অর্থাৎ বিশ্বপ্লাবন জল শুষ্ক হইল বলিয়া বরাহ সংজ্ঞা পাইলেন।—এইরূপ। আমরা যেপর্য্যন্ত সুমেরু হইতে শ্রুতি প্রাপ্ত হইয়াছি ইহাতে সমস্ত ধর্ম্মতত্ত্ব নাই।† শাস্ত্র সমস্ত জটিল। নানামত মুনি। অনুমান দেশ কাল ধরিয়া শাসন মান। বোধ হয় সকলে ধর্ম্ম অনুসারে কার্য্য করিলে সংসার একবারে লুপ্ত হইত। মহর্ষিরা যে অসম্ভব যোজন সমুদ্রাদির কথা বলেন তাহার প্রমাণ পাওয়া যায় না।‡ প্রজাপতি দেবতাদিগের

---

* ৮৯। শান্তি। ‡ ১৮২, শান্তি।

† ৭০ কর্ণ।

জন্য সৃষ্টির প্রারম্ভে আত্ম বিসর্জ্জন করিয়াছেন ইহা ভবিষ্যৎ জম্বুখণ্ডে শিতপ্রদেশ অঞ্চলে যজ্ঞশৃঙ্গে প্রকাশ পাইবে। বেদে তপস্যা দ্বারা শূদ্রও দেবত্ব পাইতে পারে। যুধিষ্ঠির! সম্রাট হইলে জানিও—ধর্ম্মানুসারে রাজা ও প্রজার সুখ অভিন্ন।

সূর্য্যের উত্তর গতি দেখিয়া ভীষ্ম আর জীবন রাখিলেন না। শান্তনু-নন্দন ভীষ্ম অষ্ট পঞ্চাশৎ দিবস শরশয্যায় থাকিয়া উত্তরায়ণে নয়ন মুদিত করিলে পৃথ্বী শশাঙ্কশূন্য শর্ব্বরীর ন্যায় শোভা পাইতে লাগিল। জ্ঞানসমুদায় সৃষ্টি হইতে একবারে গমন করিল। রাজা যুধিষ্ঠির তখন কৃষ্ণকে কহিতে লাগিলেন, দেখ কৃষ্ণ! আমি রাজ্যলোভে পুত্র, পৌত্র, ভ্রাতা, শ্বশুর, গুরু, মাতুল, সম্বন্ধী, সুহৃৎ ও নানা দেশাগত রাজাদিগকে বিনাশ করিয়াছি। আমি অন্তঃকরণে বড়ই তাহাতেই তাপিত হইতেছি। ঐ অনল আমার সর্ব্ব শরীর দগ্ধ করিতেছে। পৃথিবী ভূপালশূন্যা হইয়াছে। এই পৃথিবী লইয়া আমি কি করিব?—ইহা স্মরণে শোকসাগর আমার উচ্ছ্বলিত হইতেছে।—হায়! সে সমুদায় কামিনী, যাহারা পতি পুত্র কুরুক্ষেত্রে বিসর্জ্জন করিয়াছিলেন, এখন কি বলিতেছেন। আমি বোধ করি, তাঁহারা আমাদিগকে অতি ক্লিষ্টমনে অভিশাপ দিতেছেন। কৃষ্ণ! আমি একরূপ দারুণ স্ত্রী হত্যার পাতক পর্য্যন্তও করিয়াছি। কৃষ্ণ! আর আমার বাঁচিতে ইচ্ছা নাই। এই পাপ দেহ যাহা কুরুক্ষেত্রে রক্ষা করিয়াছি,—ঐ পতিপুত্রবিহীনাদিগের দুঃখানলে বিসর্জ্জন করিব। কৃষ্ণ! অসহ্য যন্ত্রণা আমার মনকে ক্লেশ দিতেছে।——

কৃষ্ণ কহিলেন, রাজন্! কালবশে রাজারা নিহত হইয়াছে, তাঁহাদিগের জন্য আপনার দুঃখ করা উচিত নয়। ধর্ম্ম সাক্ষী কালই সকলকে নাশ করে। কৃষ্ণ কহিলেন ভয় নাই যদি জীবিত আর্য্য বিধবা থাকে, অল্প, শুনিয়াছি। আর্য্যাবর্ত্তে স্থানে স্থানে হটাৎ অগ্নি কার্য্য হইয়াছে। যেমন রণস্থলে

---

* অনুশাসন ও শান্তি প্রভৃতি পর্ব্বে ধর্ম্মার্থ সম্বন্ধ, লোকব্যবহার, আচার বিনিময়, সত্যের স্বরূপ কথন দেশ কালানুযায়ী ধর্ম্মরহস্য কথনাদি বর্ণিত আছে। সেই সমগ্র কথা পাণ্ডবজীবন চরিতে (এই পুণ্য ভারতে কথায়) উক্ত প্রয়োজনীয় নয়।

তাহাদের পতি পড়িয়াছে ভবনে তেমনি তাহারা মরিয়াছে। অপরে ব্রহ্মচর্য্য, পতি বা সহমরণ লউক। যদি তুমি রাজাদিগের জন্য কাতর হইয়া থাক, তাহা হইলে তাঁহাদিগের রমণীদিগকে অর্থভোগ বা অন্যপতি প্রদান কর। নারদাদি মুনি এস্থলে অন্যপতি, ব্রহ্মচর্য্য বা সহমরণ ব্যবস্থা দেন।—আর স্ত্রীলোক ভোগপরায়ণ, তাঁহারা অর্থ ও পতি পাইলে শোক তাপ বিস্মরণ করিবে। সাগরমালিনী বসুন্ধরা এখন তোমার চরণে শরণ লইয়াছে। তুমি ক্ষত্রিয়গুণে সমস্ত পালন কর।

যুধিষ্ঠির কহিলেন, আমার রাজ্যের স্ত্রীলোকসকল অন্য পতি লয় কই? শাস্ত্রে তাহা প্রশস্ত নহে। যাহারা জননী মাদ্রীর ন্যায় একবারে সহমরণ করিবেক তাহারা চিরকাল স্বর্গ পাইবে। কিন্তু যাহারা ব্রহ্মচর্য্য করিবে তাহারাও স্বর্গ পাইবে। অন্য পতি যাহারা লইবে তাহারা সম্মান পাইবেনা, যাহারা না লইবে, সেই মাননীয়াদিগের সমাজে চলিবেনা। অন্য পতি প্রশস্ত হইলে সত্যত্রেতাতে অনেক প্রমিত হইত। বেদে দুই একটা হইয়া বন্ধ হইতনা। তেজস্বী পুরুষ একাধিক বিবাহ করিতে পারে বলিয়া নতা স্ত্রী তাহা পারেনা। অর্জ্জুনগতা ইরাবৎকন্যা এইজন্য মর্ত্তে প্রশংসিতা হইলনা। আমাদেরও বিবাহে অনেক কথা অনেকে কহে।—তাহারা বিরহে ব্রহ্মচারিণী হইয়া পতিব্রতানলে সহমরণ করুক। অন্য অনল, অন্য পতি ব্যামোহ, অহঙ্কার বা ব্যভিচার মাত্র।

অনন্তর ধর্ম্মরাজ যুধিষ্ঠির, কৃষ্ণ, অর্জ্জুন, ভগবান ব্যাস নক্ষত্র পরিবৃত শশাঙ্কের ন্যায় বন্ধু বান্ধবে পরিবেষ্টিত হইয়া ধৃতরাষ্ট্রকে অগ্রবর্ত্তী করিয়া স্বনগরে প্রবেশ করিতে মানস করিলেন। ধর্ম্মরাজ কম্বলাজিনসংবৃত সূতগণের পবিত্র মন্ত্র দ্বারা ধ্বনিত হইয়া শুভলক্ষণ শ্বেতবর্ণ ষোড়শ বলীবর্দ্দ কর্ত্তৃক আকৃষ্ট শুভ্ররথে আরোহণ করিলেন। ভীম রথরশ্মি ধারণ ও অর্জ্জুন শ্বেতাতপত্র তাঁহার মস্তকোপরি ধারণ করিলেন। শ্বেতাপত্র আকাশে তারাগণে শ্বেত জলদের ন্যায় শোভা পাইতে লাগিল। নকুল ও সহদেব জ্যোৎস্নাধবল শ্বেত চামর-দ্বয় ব্যজন করিতে লাগিল। ঐ রথ পাঞ্চভৌতিক দেহের ন্যায় শোভা পাইতে লাগিল। যুযুৎসুও রথারূঢ় হইয়া যুধিষ্ঠিরের অনুগমন করিল। বাসুদেব সাত্যকির সহিত শৈব্য সুগ্রীব সংযোজিত হেমময় শুভ্ররথে আরোহণ

করিয়া অনুগমন করিল। ধৃতরাষ্ট্র গান্ধারীর সহিত মনুষ্যযানে আরূঢ় হইয়া যুধিষ্ঠিরের অগ্রে অগ্রে গমন করিতে লাগিল। কুন্তী পাঞ্চালী প্রভৃতি অন্তঃপুরচারিণীগণ মহাত্মা বিদুর কর্ত্তৃক রক্ষিত হইয়া সুখযানে গমন করিতে লাগিলেন। সকলের পশ্চাৎ অসংখ্য অলঙ্কৃত রথ, হস্তী, অশ্ব ও পদাতি গমন করিতে লাগিল। নগরদ্বারে লম্বিতবেণী রক্তবসনা গৌরাঙ্গী কুমারী, অভিনব পূর্ণ কুম্ভ ও সুগন্ধি পুষ্প সমুদায় বিরাজ করিতে লাগিল। যুধিষ্ঠির নগরে প্রবেশ করিলে প্রাসাদ সকল দর্শনাকাঙ্ক্ষিণী একবেণী রক্তবসনা কামিনীগণে পরিপূর্ণ হইল। প্রাসাদ শিখরারূঢ়া কামিনীগণ পুষ্পপুঞ্জ কুন্তী ও পাঞ্চালীকে বর্ষণ করিতে লাগিল। সহস্র সহস্র ব্রাহ্মণ আশীর্ব্বাদ করিতে লাগিলেন। এই সময় অতি আশ্চর্য্য! অতীত দুর্য্যোধনের পরম মিত্র চার্ব্বাক রাক্ষস ভিক্ষুরূপ ধারণ করিয়া উচ্চৈঃস্বরে বলিতে লাগিল হে যুধিষ্ঠির! ব্রাহ্মণগণ আপনাকে জ্ঞাতিঘাতী ও অতি কুৎসিত রাজা বলিয়া ধিক্কার করিতেছেন। ফলতঃ এরূপ স্বজন ও পূজ্যপাদগণকে বিনাশ করিয়া আপনার কি যশঃ হইতে পারে? আপনার মৃত্যুই শ্রেয়ঃ। তোমার জীবন ধারণ করিবার আর কিছুমাত্র প্রয়োজন নাই। ব্রাহ্মণেরা চার্ব্বাকের সেই কথা শ্রবণ করিয়া ক্রোধাগ্নিতে তাহাকে ভস্ম করিল। মৃত্তিকা, সুবর্ণ, বিবিধ রত্ন, কাঞ্চন, তাম্র, রজত ও মৃৎকুম্ভ, পুষ্প, লতা, অগ্নি, দুগ্ধ, মধু, ঘৃত, শ্রব, হেম, শঙ্খ, শমী, পিপ্পিল, পলাশ প্রভৃতি অভিষেকের দ্রব্য সমাহৃত হইল। ধৌম্য বাসুদেব কর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া বিধানানুসারে পূর্ব্বোত্তরে ক্রমশঃ নিয়মবেদী নির্ম্মাণ পূর্ব্বক তদুপরি হুতাশনবৎ ব্যাঘ্রচর্ম্মাবৃত সর্ব্বতোভদ্র আসনে ধর্ম্মপুত্র যুধিষ্ঠির ও পাঞ্চালীকে উপবেশন করাইয়া বিবিধ মন্ত্র দ্বারা হুতাশনে আহুতি প্রদান করিতে লাগিলেন। মহাত্মা বাসুদেব, রাজা ধৃতরাষ্ট্র প্রজাগণের সহিত গাত্রোত্থান করিয়া পাঞ্চজন্য ধ্বনি পূর্ব্বক দেবতারা যেমন ইন্দ্রকে, যুধিষ্ঠিরকে অভিষেক করিলেন। যুধিষ্ঠির পাঞ্চজন্য জলে অভিষিক্ত হইয়া পরম শোভা ধারণ করিলেন। ঐ সময় পণব, অনক ও দুন্দুভির সুমধুর নিস্বন শ্রুত হইতে লাগিল।

নবম সর্গ।

যুধিষ্ঠির আত্মীয়গণের শ্রাদ্ধ সম্পাদন করিয়া রাজপদে প্রতিষ্ঠিত হইলেন। সপ্তদ্বীপে-জম্বুদ্বীপে ভারতবর্ষে আনন্দের আর সীমা রহিল না। ভারত-দিবাকর যুধিষ্ঠির হস্তিনাসিংহাসন আরোহণ করিল লোক সকলের মনের অন্ধকার দূর হইল। ব্রাহ্মণেরা সুখে সামগান আরম্ভ করিল।—পৃথিবী একচন্দ্রা। অন্য অন্য গ্রহেতে অনেক চন্দ্র আছে এই ক্ষতিপূরণের জন্যই যেন বিধাতা ধরিত্রীকে যুধিষ্ঠিররূপ আর একটি সূর্য্য দান দ্বারা উহার সেই দুঃখ নাশ করিল।* যুধিষ্ঠিরের প্রভায় যেন পৃথ্বী প্রভা আকাশমণ্ডলে উঠিতে লাগিল। হিমালয় যেমন উত্তর দিকে অটলভাবে বসিয়া আছেন, তেমনি যুধিষ্ঠির ভারত-সিংহাসনে বসিলেন। সুমেরু যেমন সমস্ত রত্নের আকর, তেমতি পাণ্ডুনন্দন সমস্ত গুণের আধার বলিয়া বোধ হইতে লাগিল। পাণ্ডব দিবাকর তেজে রাজ শশাঙ্কগণ মৃদু তেজঃ প্রকাশ করিতে লাগিলেন। দুর্ব্বিপাক জলদ ও সূর্য্যকে আচ্ছন্ন করিতে পারিল না। কাবেরী, শোণ, নর্ম্মদা, গোদাবরী সুমেরু নদীসকল ও অন্যান্য দ্বীপ, গিরিসরিৎ সকল তাঁহার স্তব করিতে আসিল।

জ্ঞাতিবধ-পাপ প্রক্ষালণার্থ মহারাজ যুধিষ্ঠির চৈত্রী† পূর্ণিমাতে অশ্বমেধ যজ্ঞ আরম্ভ করিলেন। মরুত্ত রাজার নিহিত ধনলাভ জন্য পাণ্ডবগণ ঋত্বিগ্‌গণ কর্ত্তৃক মাংসনির্ম্মিত পিষ্টকাদি দ্বারা পূজা বিধান পূর্ব্বক যুযুৎসুকে রাজ্য রক্ষা দিয়া গান্ধারী ও পৃথার অনুমতি লইয়া রথে সৈন্যসহ সুসজ্জিত বেশে নগর হইতে বহির্গত হইলেন। ঐ সময় ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের মস্তকে শিতচ্ছত্রিত কীর্ত্তিমণ্ডল শ্বেতচ্ছত্র কি শোভাই পাইয়াছিল। এদিকে যজ্ঞাশ্ব প্রথমতঃ উত্তর দিকে গমন করিতে লাগিল। অশ্ব কেতুবর্ম্মা, প্রাগ্যোতিষ্পতি বজ্রদত্ত প্রভৃতি জয় করিয়া মণিপুরে উপস্থিত হইল। মণিপুরে গজ অশ্ব নরদেহ শোণিতে ভীষণ নদী প্রবাহিতা। মাংস কর্দ্দম উহার পঙ্ক, পতাকা মৎস্য, শোণিতবর্ষী গজ সকল

* "Earth has one moon, Jupiter four, Saturn seven and Herschel perhaps six."

† 72,84, Anugita.

যেন আর্দ্র গাত্রে উঠিতেছে। বভ্রুবাহনের সহ যুদ্ধে অর্জ্জুন পতিত হইলে মণিপুর দুহিতা আলিঙ্গন করিয়া অর্জ্জুনকে জীবন দান করিলেন। অনন্তর অশ্ব মগধ, চেদি, দশার্ণ, কিরাত, একলব্য রাজ্য, দ্রাবিড়, মাহিষক, দ্বারকা, গান্ধার প্রভৃতি জয় করিয়া গজসাহ্বয় নগরে প্রত্যাগমন করিলেন।

ব্যাস, বৈশম্পায়ন, অসিত দেবল, পরাশর প্রভৃতি মহর্ষিরা সম্রাটকে যজ্ঞে দীক্ষিত করিলেন। যজ্ঞস্থলে মহাসমারোহ হইতে লাগিল। হিমালয় প্রমাণ স্বর্ণ ভৃঙ্গারকাদিস্তূপ সকল যজ্ঞভূমিতে স্তূপাকার রহিল। উন্নত শ্বেতবর্ণ প্রাসাদ সকল ধবল গিরির ন্যায় শোভা পাইতে লাগিল।

যজ্ঞ দীক্ষিত ব্রাহ্মণগণ অশ্বচ্ছেদ করিয়া অশ্বহৃদয় ও মেদ গ্রহণ করিয়া পাক আরম্ভ করিলে ধর্ম্মরাজ ভ্রাতৃগণসহ উহার পাপনাশন ধূম আঘ্রাণ করিলেন। যুধিষ্ঠির বিধিপূর্ব্বক বহু রত্ন ব্রাহ্মণগণকে উপহার দিয়া ব্যাসকে সমগ্র বসুন্ধরা দক্ষিণা দিয়া কহিলেন আমি অর্জ্জুননির্জ্জিতা পৃথ্বী চাই না। ব্যাস কহিলেন পাণ্ডুনন্দন! আমি পৃথ্বী লইয়া কি করিব? আমরা বনবাসী ঋষি, ব্রহ্মচরণকমল ধারণ করি। মদ্দত্তা এই বসুন্ধরা তুমি পালন কর। যুধিষ্ঠির কহিলেন দেব! ঈশ্বর ন্যায়পরায়ণ, ধর্ম্ম আমাদের সৌহৃদ্য গ্রন্থি। ধার্ম্মিকেরা নিত্য আনন্দক্ষেত্রে যে বাস করেন তাহা কি আমাদের হইবে? অশেষ গুণমালী কৃষ্ণ আমাদের হস্তিনাসিংহাসন আরোহণ করুক। কৃষ্ণ কহিলেন, যিনি অসাধারণ সত্যদ্বারা জগন্মণ্ডলে মহাশূর বলিয়া খ্যাত, যিনি কি সৌভাগ্য কি দুর্ভাগ্য সমস্ত সময়েই নির্ব্বিকারচিত্ত, যিনি কুরুসমর রূপসাগরে সত্য রূপ গুণ বৃক্ষদ্বারা কূল পাইয়াছেন, তাঁহাকে হস্তিনা-সিংহাসন পুরস্কার শোভা পায়। আমি দ্বারকাবাসী একজন দাস, কিরূপে পাণ্ডব সিংহাসন অধিরোহণ করিব? অশ্বমেধ সম্পন্ন হইলে যুধিষ্ঠির কহিলেন তুমি বিশ্রাম করিয়া কিছু দিবস হস্তিনায় বাস ও সুখস্বচ্ছন্দে ভোজন কর। কৃষ্ণ কহিলেন, ধর্ম্মরাজ! আপনার যাজ্ঞিক সমগ্র সমাধা না হইলে আমি বিশ্রাম করিতে পারিব না। ঐ দেখ মার্জ্জারের ন্যায় বীণা বাদন করিতে করিতে একজন নকুল বেশে তোমায় উপহাস করিতেছে। যুধিষ্ঠির কহিলেন, বৎস। যজ্ঞের কি এখনও অবশিষ্ট আছে? সপ্তদ্বীপবাসী কেহইত অনুপস্থিত ছিল না। সকলেই পরম পরিতোষ সহকারে ভোজন দান গ্রহণ করিয়া

তোমার যশঃ করিতে করিতে পৃথী মণ্ডলে বিস্তীর্ণ হইয়াছে। কৃষ্ণ কহিলেন দেব! সকলেই ভোজন করিয়াছে আপনি জানিয়াছেন কিন্তু আমি জ্ঞাত আছি এক তন্ত্র সহজপ্রসঙ্গ সাধু মাত্র অবশিষ্ট আছে। যুধিষ্ঠির কহিলেন, বৎস। অতি চমৎকার কথা! অনন্তর যুধিষ্ঠির কৃষ্ণ ও গাণ্ডীবী সহ কুরু-জাঙ্গল বল্মীকি হইতে বৎস মুখনিঃসৃত পয়ঃপায়ী শমীকন্যায়, পুত্তিকাহারাবশেষ ভোজনকারী, অনিষ্ট করিলে হাস্যকারী, অতি জীর্ণ শীর্ণ, কিন্তু কিছু নিদারুণ মহৎকে মস্তকে করিয়া হস্তিনাপুরে আনয়ন করতঃ রমণী, কুক বালক বালিকা সহ, ভোজন করাইয়া হৃদয়ে পরম পরিতোষ লাভ করিলেন। চতুর্দ্দিকে ঘণ্টা-নাদ হইতে লাগিল।—অনুকূল বায়ু বহিতে লাগিল। সাগরপারের রাজারা অর্ণবযানে আরোহণ করিলেন। হিমানী কাল সকলকে প্রশান্ত করিতে লাগিল। উন্নতস্তনদ্বয়া মুক্তবেণী কৃষ্ণা কৃষ্ণকে বনপুষ্পমালা গলে দিয়া প্রণাম করিলে কালিকা যেন রণজয় করিয়া স্ত্রীস্বভাবা নতি প্রশ্রয় করিতেছেন বোধ হইল। কৃষ্ণ দ্বারকা গমন বাসনা করিলে হস্তিনাকুলকামিনীরা প্রাসাদোপরি পুষ্প লইয়া দণ্ডায়মানা হইল। কুন্তী কহিতে লাগিলেন, কৃষ্ণ! তোমারই কৃপায় পুত্রেরা আমার দারুণ গ্রহনক্রসমাকুল কুরুক্ষেত্রে জয় পাইয়াছে। রণে, বনে তুমিই আমাদিগের সাহস। কৃষ্ণ! বিপত্তিতে তোমাকে যেরূপ স্মরণ হয় এমন আর কিছুতেই নয় অতএব সেই সেই বিপৎ আবার হউক। কৃষ্ণ সাশ্রুনেত্রে কুন্তীর বক্ষে শিরঃ দিয়া কহিলেন, জননি। আপনাদের সত্য আপনাদিগকে রক্ষা করিয়াছে। আমি করি নাই। দেব যুধিষ্ঠির প্রস্থান কালে বলিয়া যাই যেন পাণ্ডুর পরম যশঃ ও শোকাকুলা কুন্তীর ও ভারতমাতার চক্ষের জল আপনার চিত্তক্ষেত্র হইতে অপসৃত না হয়। সকলে অশ্রুবিসর্জ্জন করিতে লাগিলেন। পাঞ্চালীর মৃগশিশু পায়ে পড়িতে লাগিল,—ভদ্রাসহ রথারূঢ় কৃষ্ণের নয়নপথে পথে মেঘমালার ন্যায়, অনেক ভূধরমালা পতিত হইতে লাগিল। দ্বারকাপ্রবেশকালে অর্ণবযান পতাকাসকল পত পত শব্দ দ্বারা যাদবকে কতই অভ্যর্থনা করিতে লাগিল।

ইতি কাশ্যধীতি শ্রীযোগীন্দ্র নাথ তর্কচূড়ামণি কৃত
পুণ্য ভারত কথা বিরচিত।

পূর্ব্বখণ্ড সমাপ্ত।

পুণ্যভারত কথা।

উত্তর খণ্ড।

প্রথম সর্গ।

যুধিষ্ঠির রাজপদে অধিরূঢ় হইয়া অপত্যনির্ব্বিশেষে রাজ্যপালন করিতে লাগিলেন। * তাঁহার শাসন কালে কোন প্রকার দুঃখ রহিল না। দীন দুঃখীদিগের পালন, দারিদ্র্যত্রাণ চেষ্টা সবই তিনি করিলেন। মাভৈষীঃ, মাভৈষীঃ, শব্দ সদা তাঁহার মুখে শ্রুত হইতে লাগিল। ভারত তাঁহার শাসনে স্বর্ণপ্রসব করিতে লাগিল। বনরাজি সকল সুপুষ্পে শোভিত হইতে লাগিল। ষড়ঋতু বর্ত্তমান রহিল। নদীতে হংস শোভা, মনেতে জ্ঞান শোভা, বনেতে নম্রতা শোভা, সর্ব্বত্র প্রকাশ পাইতে লাগিল। সমাগত বণিকদিগকে সমাদর, বিদ্যার উন্নতি, তপস্যার পরিচর্য্যা সবই হইতে লাগিল। এমন সময় উত্তরদিগ্বাসী ঋষিগণ উপস্থিত হইয়া কহিলেন যুধিষ্ঠির। তুমিত তড়াগ সকল জলপূর্ণ রাখ? কৃষিত দেবমাতৃকা নহে? † উপায় অবলম্বন করিয়া শাসন করিবে। ছলপরিশূন্য দমগুণসম্পন্ন অমাত্য সন্নিবেশ করিবে। তোমার পুরের প্রাচীর ও তোরণ সুদৃঢ় হওয়া আবশ্যক। উহার মধ্যে ছয় প্রকোষ্ঠ, বিবিধ অট্টালিকা ও সুদৃঢ় দুর্গ থাকা বিধেয়।

---

* ভীষ্ম স্বর্গারোহণ পর যুধিষ্ঠির তৃতীয়বার রাজ্যে অভিষিক্ত হন। ভাগবত। ১স্ক। ৯। কিন্তু ভারত পাঠ রাজ্যাভিষেক পর্ব্ব ভীষ্মস্বর্গ। শান্তি। ৪০। ৫০। পাঠ ব্যতিক্রম বা এরূপ প্রাচীন স্থলে কিঞ্চিৎ বিচার বিশেষ নহে।—

† ৬, সভা।

কুলশীল বিদ্যা সম্পন্ন বিনম্র ব্রাহ্মণগণকে মন্ত্রিপদে নিযুক্ত করিবে। মন্ত্রণা গৃহ নিভৃত হওয়া আবশ্যক। নীতিরূপ অর্ণবযানে আরোহণ করিয়া সন্ন্যাস দ্বারা সংসার সাগর পার হও। বিশ্ব এবং ব্রহ্ম পৃথক।* সংসাররূপ অব্যয় অশ্বত্থ বৃক্ষের মূল স্বর্গে, শাখাপ্রশাখা অধোতে। রাজা ব্যসনাসক্ত হইলে পরাভূত হইতে হইবে। দেহ এবং আত্মা অবিনশ্বর।† জীব মরিয়া ফিরিয়া আসে নাই। ব্রহ্মরূপ অনন্তবন, আত্মদর্শন বৃক্ষ, মোক্ষ ফল, শান্তি ছায়া, ভক্তি সূর্য্য ঐ বনের অন্ধকার দূর করিতেছে। কর্ম্ম দ্বারা বর্ণ বিভাগ। সত্ত্বাদি গুণে জন্ম জাতি বীর্য্য হইতে অনেকে স্থির করেন, অতএব সকলে সমান নহে।‡ সুমুখ 'পক্ষী' সুমেরুতে পক্ষীর ইতর বিশেষ দেখিয়া উড্ডীন হন।¶ ব্রহ্মজ্ঞানেচ্ছু ব্যক্তির জনসমাজে প্রতিপত্তি বাসনা উচিত নহে। মানুষ সংকল্প দ্বারা সিদ্ধিপায়না। বিধিসংকল্পানুকূল। মান্ধাতা এক রাত্রিমধ্যে, নাভাগ সপ্তরাত্রি মধ্যে সচ্চরিত্রতা দ্বারা পৃথিবী জয় করেন। মন্ত্রণাগৃহ বিবেচনা পূর্ব্বক করিবে। ঋষি মন্ত্রী রাখিবে। বিরক্ত সূচক ভিক্ষুককে দণ্ড করিবে। রাজার সকল প্রার্থীকে, রোগ কে বিদ্যায়াদি রাজসংসার হইতে দেওয়া কর্ত্তব্য; কিন্তু তাহার ন্যায্য প্রতিশোধ ঐ সকল প্রার্থী হইতে সময়ে বুঝিয়া লওয়া বিধেয়।—শ্রুতিবিধানে দোষকে শাসন করিতে ভয় করিবে না। পণ্ডিতেরা দণ্ডকে ধর্ম্ম বলেন। উচ্চৈঃশ্রবা পুচ্ছ যেরূপ সর্প দ্বারা কৃষ্ণবর্ণ হয়, সেইরূপ সাধু লোকও বিনা কারণে দোষী হয় বিবেচনা করিবে।—যজ্ঞ ভিন্ন জীব হিংসা না কর। নিষিদ্ধ পশ্বাদিমাংস বিক্রয়কারী ও ক্রেতৃগণ পাপের ভাগী। হটাৎ কিছুই সম্ভব নয়। অতএব একজন স্রষ্টা আছে, তপস্যাদ্বারা তাহার উপাসনা কর। লব্ধরাজ্য এখন তোমার নীতি অনুসারে বিধান উচিত হইতেছে। বিধাতা যখন তোমাকে পৃথিবীর ভারত সিংহাসন প্রদান করিয়াছেন, তখন সেই ভারতকে তুমি রত্নময় কর। বসুন্ধরা তোমার যশঃ গান করিতেছে। নদীসকল স্রোতস্বিনী। সপ্তসাগরে অর্ণবযান ভাসিতেছে। আকাশে বিমান উড়িতেছে। স্বভাববিচার অনুকূল ও প্রতিকূল, সেই প্রতিকূলতাকে শম বা দম করিয়া ব্রহ্মর্ষি, রাজর্ষিরা ঈশ্বর অপেক্ষা মহত্তর নাম লইয়া গিয়াছেন। তুমিও সেইরূপ

* ৪২, উদ্যোগ। † ৩৪, আশ্রম। ‡ ১৮৮।১৮৯, শান্তি। ¶ ৬, ভীষ্ম।

কর। রাজন! মতিমান্ হউন। সাম্রাজ্য লাভ করিয়া তুমি এমন মনে কর না, যে তুমি শ্রেষ্ঠ হইয়াছ।* হে রাজন! লোকসকলকে পালন করা রাজার ধর্ম্ম। আত্মহত্যাকারীর বিপক্ষে যেরূপ,—অসদাচার ব্যভিচার ও বেশ্যাদিগকে বেশ্যা বৃত্তির জন্য সেইরূপ রাজার আপত্তি সর্ব্বপ্রথম ও দণ্ডবিধান কর্ত্তব্য, কেননা ধর্ম্মস্বরূপ তিনি। ইহা ধর্ম্ম গর্হিত।—পতিব্রতা বেশ্যা দেখিয়া চঞ্চল চিত্ত হইতে পারে। সন্তান সন্ততি তাহাতে অসৎ হইতে পারে, যদি বল বেশ্যারা স্বর্গে, মর্ত্তে সত্য ত্রেতা চিরকালই আছে কিন্তু তাহারা নিন্দা ভাবে আছে, বেশ্যাদিগকে, কুট্টিনী ও বিটগণকে রাজার শাসন সুশোভন*। রক্ষাই রাজধর্ম্মের সারাংশ। অশাসনে রাজার পাপ।* সতত মনোমধ্যে এই রাখ, তোমার তুল্য অধম নাই। রাজন্! মনোমধ্যে এই বোধ আমি কিছুই নই, তাহা হইলে সব স্বরীতে চলিবে। দেহের ষড়্‌রিপুকে বশ কর, আর কোন শত্রু তোমার থাকিবে না। তুমি ভীষ্মাদি রত্নহীনা অর্জ্জুন-নির্জ্জিতা পৃথ্বী ধর্ম্মের শেষ বিচারে পাইতে বাসনা কর নাই এখন তুমিই এক রত্ন, ধর্ম্মে পৃথ্বী জয় কর। সপ্ত অঙ্গ রক্ষা কর, সপ্ত দ্বীপ তোমার বশে থাকিবেক।—রাত্রি শেষে অর্থাগম চিন্তা কর, দুর্গ সকল ভাল করে রাখ। সসাগরা বসুন্ধরা আপনার সাম্রাজ্য, অতএব সেই সেই দেশের প্রধান প্রধান ব্যক্তিদিগের উপর সাম্রাজ্যের অংশ অংশ ভাগ করিয়া দিয়া, চন্দ্র যেমন নক্ষত্রমণ্ডলী শাসন করে, তেমনি তুমি বিরাজ কর। পাপাত্মার বিনাশ ও পুণ্যাত্মার রক্ষা কর। সীতানদীতে নৌকা যেমন মগ্ন হয়, তেমনি অসৎ রাজ্যে সতের লীনতা। অধীন ব্যক্তিকে প্রভুর বিনাশ করা কিছুই নহে কিন্তু ক্ষমা বড় শোভনীয়। সংশয়াচ্ছন্ন জ্ঞান জ্ঞানই নহে। তুমি বিবাসনচ্ছলে মুনি, ঋষি সন্তোষ করিতে বনবাসী হইয়াছিলে। যুধিষ্ঠির কহিলেন মুনি, ঋষিরা ক্ষত্রিয়কে রাজ্য দিয়া বনবাসী, বালক কাল হইতে বনে রণে মনুষ্য অভ্যাস করি অতএব আমি সকলের পূজা করি। নদী দুর্গ, বনদুর্গ, মহীদুর্গ, গিরিদুর্গ, মনুষ্যদুর্গ, জলদুর্গ ও ধনদুর্গ রাজ্য রক্ষা করিতে লাগিল। আকাশচারী পথের ন্যায় সপ্তসাগরে, সপ্তদ্বীপে, ভূমণ্ডলস্থ বৃহৎ নদীতে সেতু বিরাজ করিতে লাগিল। পৃথিবীময় পতাকা, দেবালয় ও প্রাসাদ

* ৮৮, শান্তি।

শোভা।—সর্ব্বত্র সুখ।" পতিপুত্রবতী নারী সকল সহজভাবে নদীকূল হইতে দোলায়মানশরীরে জলানয়ন করিয়া কি শোভাই সম্পাদন করিতে লাগিল। দক্ষিণ সাগর উপকূল হইতে এক শ্রমণ উপস্থিত, কহিলেন,—মহারাজ! বসুন্ধরাতে সর্ব্বস্থলে আপনার দেবালয় সব প্রতিষ্ঠিত হইয়াছে ইহার প্রয়োজন কি? ঈশ্বর নিরাকার ও সর্ব্বব্যাপী, তিনি কি কোন নির্দ্দিষ্ট স্থানে থাকেন? নিরাকারের আবার প্রতিমূর্ত্তি কি? আমি দেখিতেছি, আপনার রাজ্যে নানা স্থানে শিবালয়, দেবতার্চ্চা ও ধর্ম্মসভা হইয়াছে, ইহার প্রয়োজন কি? আমরা ত বিচারে কিছু অন্বেষণে পাই না। ব্যাস, বৈশম্পায়ন, নারদ, পরাশর প্রভৃতি বসিয়া আছেন। যুধিষ্ঠির হাস্যমুখে কহিলেন, নিন্দাজীবনে? তুমি কি ইহা সত্য বলিতেছ? বলিতে কি তোমার মনে ভয় হইতেছে না। সত্য বল দেখি, সংসারে এইরূপ দেবালয় পূজা প্রভৃতির কি কিছু বিচার নাই। বুদ্ধিমতী যুক্তি কি নাই? না তাহা কেবল তোমার প্রশ্নমাত্র? আমরা জানি, ঈশ্বর নিরাকার, অর্থাৎ তাহার ভৌতিক আকার কিছু নাই, কেবলমাত্র তিনি পরমাত্মা। আগন্তুক। তাহার প্রতিমূর্ত্তি তাহার রাজ্যে কেহ রাখে না, তাঁহার অবতারদিগের, তাঁহার স্বরূপদিগের, ভক্তদিগের, স্বভাবপ্রবণায় পূজা ভক্তি স্মরণীয় প্রতিমূর্ত্তি * রক্ষা করা হয়। তাহাকে কার্য্যের জন্য সেই প্রতিমূর্ত্তিতে আহ্বান করা হয়। উহাতে আগমন তাহার ইচ্ছা। ইহাতে ঈশ্বরের সর্ব্বব্যাপিত্ব অর্থাৎ সর্ব্বব্যাপি ক্ষমতা ও আত্মত্ব প্রভৃতির বিরোধ নহে। তিনি সর্ব্বব্যাপী সত্য কিন্তু সাধনযোগে তিনি সর্ব্বত্র থাকে না, অর্থাৎ সাধকের কাছে তিনি যে ভাবে আছেন, অসাধকের কাছে তিনি সে ভাবে নাই, এই জন্য আমরা তাহাকে মন্দিরে, সাধনাতে ডাকি।—সাধনার স্থান পবিত্র স্থান ভাল হয়। * কণ্ঠহরস্থাসুর কর্ত্তৃক পীড়া রাক্ষস ভোজনদেবতার জন্য অনেককে বিপথে লুণ্ঠনাদি মুখে অন্য কথা।

সাম্রাজ্য লাভ করিয়া যুধিষ্ঠির একদিন একটী সভা করিলেন, হস্তিনাপুরের প্রকৃতিবর্গ সকলকেই সেই সভায় মিলিত হইবে। 'যুধিষ্ঠির' কহিলেন বৎস অর্জ্জুন। বৎস ভীম! বৎস নকুল—বৎস সহদেব! তোমরা স্থপতি প্রভৃতি আনয়ন করিয়া বাসস্থান নির্ম্মাণ কর।—রাজপথে

* ৭১, অযোধ্যা, বাল্মীকি। ১৪, স্কন্ধ, ভাগবত। উদ্যোগ, অগ্নিপু। ইত্যাদি।

একটা ভেরীধ্বনি হউক যেন সকলে ঐ সভায় আসে। ভেরী বাজিল—যুধিষ্ঠিরের আজ্ঞা কাল রাজবাটীতে সকলে উপস্থিত হইতে হইবে। ভীত কৃষকেরা মনে করিল, অশ্বমেধ যজ্ঞটা করিয়া যুধিষ্ঠিরের কোষ শূন্য হইয়াছে, তাতেই করবৃদ্ধির জন্য তাহাদিগকে আহ্বান, আর কি? আর একজন কহিল, ভদ্রাবতীর যৌবনাশ্ব অশ্বমেধযজ্ঞে পরিভ্রমণ করে, তাহা কিরূপে সম্ভব হয়। নিরূপিত সময়ে হস্তিনাপুরের সমস্তলোক সভায় উপস্থিত হইল। যুধিষ্ঠির গুপ্তচর দ্বারা জানিতে পারিলেন যে, সাম্রাজ্যের প্রজাগণ অতি ভীত হইয়া সকলে সভায় উপস্থিত হইয়াছে। যুধিষ্ঠির বলিতে লাগিলেন, বৎসগণ! আমি রাজ্যধন গ্রহণ করিয়া যাহাতে সকলকে সুখী করিতে পারি, এই আমার চেষ্টা। রাজ্যের লোকসকল পরিণামে যাহাতে ব্রহ্মলোকে গমন করে, এই আমার বাসনা। বৎসগণ! অসারসংসারে দেহভার ধারণ করিয়া মনুষ্য কতই বিপদে পড়ে, অতএব তোমরা সকলে ব্রহ্মনাম ধারণ কর, আমাকে তোমরা কর দাও বা না দাও, আমার তাহাতে দুঃখ নাই, কিন্তু তোমারা দিনান্তে যদি একবার ব্রহ্মনাম না লও, আমি সমধিক দুঃখিত হইব।—এইজন্য তোমাদিগকে আহ্বান করিয়াছি। ভগীরথ, মান্ধাতা, সগর, নহুষ, যযাতি যখন এই নাম লইয়া স্বর্গে গমন করিয়াছেন, তখন আর কে আছে? যুধিষ্ঠির তপস্বীদিগের, দুঃখীদিগের বাসাঞ্চলে শিবির সন্নিবেশ করিয়া অনেক সময় অতিবাহিত করিতেন। জিজ্ঞাসা করিলে বলিতেন, এই স্থানে জগৎপতি অনেকক্ষণ থাকেন। সকলে আহার পাইয়াছে কি না ঘরে ঘরে জিজ্ঞাসা করিয়া আহার দিয়া স্বর্গে যান। দ্বারে দ্বারে তিনি তপস্বীর প্রহরী থাকেন। আমি সম্রাট্‌গণের আলয় অপেক্ষা এই স্থান ভাল বাসি।

পঞ্চদশ বৎসর অতীত হইলে, যুধিষ্ঠির কহিলেন, বৎস অর্জ্জুন! বৎস ভীমসেন! বৎস নকুল! বৎস সহদেব! তোমরা ত পিতৃস্থানীয় ধৃতরাষ্ট্রের সেবা শুশ্রূষা বিশেষ বিধানে করিতেছ? তিনি ত মনের দুঃখে কাতর নাই? মাতৃতুল্যা গান্ধারীও ত কোন দুঃখ করেন না? আমি দিবানিশি এই চিন্তা করি যে আমার পিতৃস্থানীয় ধৃতরাষ্ট্র ও মাতা গান্ধারী যেন ক্লেশ না পান। শতপুত্রশোকে তাঁহাদিগের শরীর বজ্রাহত তরুর ন্যায় হইয়াছে, অনুজগণ! আজানুলম্বিতবাহু মহারাজ ধৃতরাষ্ট্র ত কোন

দুঃখ করিতেছেন না? এরূপ তত্ত্বাবধান তোমরা করিবে। ভীম কহিলেন, আজ্ঞা তাই বটে, সমস্ত অনর্থের মূল ঐ কাণা। উহার আবার সেবা ও শুশ্রূষা? যুধিষ্ঠির কহিলেন ভাই! ওকথা কি বলিতে আছে? বৃদ্ধ পিতামহ শরশয্যায় শয়ান হইলেন, মৃত পিতা পাণ্ডু পরলোক গমন করিলেন, ধৃতরাষ্ট্র ভিন্ন পিতৃস্থানীয় আমাদের গোত্রীয় আর কেহ নাই, যাহাকে আমরা পূজা করি। ধৃতরাষ্ট্র, শতপুত্র শোকে আর সে অমর্ষ রাখে নাই, এখন তাঁহার মনঃ অনুতাপানলে দগ্ধ হইতেছে। অনুজ বৎস! পুত্রশোক-বজ্র ধৃতরাষ্ট্রের সে কুটিলতালতা ভাঙ্গিয়া দিয়াছে। রাজা এখন পুত্রশূন্য হইয়া আমাদিগের আশ্রয়ে আসিয়াছে, কখনই তাঁহার অবমাননা করিও না। যদিও তিনি পুত্রের বশবর্ত্তী হইয়া আমাদিগের প্রতি শত্রুতাচরণ করিয়াছেন, তথাচ আমাদিগের তাহার প্রতি নিষ্ঠুর হওয়া উচিত নয়, শত্রুর প্রতি মিত্রতাচরণ করিলে, যাদৃশ মহিমা, তাদৃশ মহিমা আর কোথাও নাই।

ইত্যবসরে একটী দূত আসিয়া বলিল, মহারাজ! রাজা ধৃতরাষ্ট্র আপনার সহিত সাক্ষাৎ করিতে ইচ্ছা করিতেছেন, যদি একবার, আপনি আসিতে পারেন। যুধিষ্ঠির কহিলেন, আমার প্রণাম জানাও। ব্যাস, বিদুর, ধৃতরাষ্ট্র সমাসীন, এমন সময় যুধিষ্ঠির উপস্থিত হইয়া কহিলেন, পিতঃ! কেন আমাকে আহ্বান করিয়াছেন? এই আপনাকে অভিবাদন করিলাম। এই বলিয়া যুধিষ্ঠির গান্ধারী ও ধৃতরাষ্ট্রের চরণতলে বসিলেন। ধৃতরাষ্ট্র ও গান্ধারী যুধিষ্ঠিরের গাত্রে সস্নেহে হস্তাবর্ত্তন করিতে লাগিলেন। ব্যাস কহিলেন, তোমার পিতৃব্য তোমায় কিছু বলিতে ইচ্ছা করেন। বিদুর কহিলেন, বৎস! অবহিত হইয়া শ্রবণ কর।—

ধৃতরাষ্ট্র কহিতে লাগিলেন, বৎস! আমি বহুকাল তোমাদিগকে অনেক কষ্ট দিয়াছি, আমি তোমার আশ্রয়ে প্রতিপালিত হইতেছি, পুত্রের বশবর্ত্তী হইয়া কখন ধর্ম্মদিকে দৃষ্টি করি নাই, পাপরূপ পিশাচ আমার পুত্র হইয়া আসিয়াছিল, তাহার স্নেহে আমি ধর্ম্মমুখ দেখিতে পাই নাই, আমিই বংশক্ষয়ের আদি, আমিই তোমাদিগকে বনবাসী করি, আমিই ভীষ্মনাশের কারণ, আমিই কুরুসমবরূপ মহাবৃক্ষের মূল, আমিই প্রাণিনাশরূপ মহাপাপ করিয়াছি। যুধিষ্ঠির! এই সকল এখন সহস্র শল্যস্বরূপ

হইয়া হৃদয় আমার বিদ্ধ করিতেছে। বৎস! আর আমি সংসারে থাকিতে ইচ্ছা করিতেছি না। এই পাপদেহ বনমধ্যে রাখিয়া বল্কলধারণরূপ অমৃতাভিষেক এই সর্ব্বশরীরে করিব। অনুতাপে আমার সকল শরীর জ্বলিয়া গিয়াছে, আর পাপ সহ্য করিতে পারিতেছি না, পাপরূপতম আমার মনকে অন্ধকার করিয়াছে;—বৎস। মনুষ্যের আয়ু চিরকাল নয়। অতএব পরকাল যাহাতে আমার ভাল হয়, এ চেষ্টা তোমার কর্ত্তব্য। আমি তোমার আশ্রয়ে প্রতিপালিত হইতেছি। অতএব এক্ষণে আমায় বিদায় দাও, আমি বিজন বাসে অবশিষ্ট জীবন অতিবাহিত করিব। তোমারূপ সতের আশ্রয়ে কিছুকাল থাকিয়া এই সুবুদ্ধি হইয়াছে। অতএব বৎস। আর বিলম্ব করিও না। যে স্থলে হরিণেরা নির্ভীকচিত্তে ভ্রমণ করিতেছে, মুনিগণ হোমাগ্নি জ্বালিতেছে, কোকিল কুহুরব করিতেছে আমাকে বল, আমি তাপিতদেহ শীতল করিতে সেই তাপসাশ্রমে গমন করি।

বৎস। শরীরে আর আমার যত্ন নাই, তোমায় না বলিয়া দিবার অষ্টম ভাগে আমি আহার করিয়া থাকি, বৎস। তুমি চিরজীবী হও।

যুধিষ্ঠির শুনিয়া চকিত হইয়া কাঁদিতে কাঁদিতে বলিলেন, কি আপনি দিবার অষ্টমভাগে আহার করিতেছেন?—আপনি সংসারে আর থাকিতে ভাল বাসিতেছেন না? আমি শুনিয়া অতি দুঃখিত হইলাম।—আমি জানিলে এ সব হইতে পারিত না। হায়! আমারে ধিক্? আমার তুল্য পাপাত্মা রাজ্যলুব্ধ আর নাই, আমি অসংখ্য প্রাণিহিংসা করিয়া এই রাজ্য লইয়াছি। হায়! আমার তুল্য পাপিষ্ঠ আর নাই। আমার বিশ্বাস ছিল, আপনি স্বচ্ছন্দে আহারাদি করিয়া জীবন যাপন করিতেছেন, কিন্তু আপনি তাহা না করিয়া আমার অতি মর্ম্মান্তিক করিয়াছেন। আপনি দুঃখভোগ করিলে আমার সব শূন্য বোধ হয়, এক্ষণে আপনার বনগমন শুনিয়া বড়ই কাতর হইতেছি। আপনি বনগমন করিলে আমরা কার আশ্রয়ে থাকিব।—আমাদের আর কে আছে? যদি পুত্রের রাজ্য না দেখিয়া সন্তাপিত হন, তাহা হইলে বৎস যুযুৎসুরে রাজ্য দিয়া আপনি রাজ্যভোগ করুন।—আমার রাজ্যে প্রয়োজন নাই। আমি জ্ঞাতিবধ করিয়া বিলক্ষণ পাপ করিয়াছি, এক্ষণে তাহারই আবার প্রায়শ্চিত্ত করিতে বনগমন করি।

আপনিই রাজ্যেশ্বর, আপনার বর্ত্তমানে পাণ্ডুরও রাজ্যে অধিকার ছিল না।—আমি আপনার পুত্রস্বরূপ, অতএব আমি আপনাকে বনগমনে কিরূপে অনুমতি দি? মাতা কুন্তী ও যশস্বিনী গান্ধারীতে আমার কিছুমাত্র বিশেষ নাই। আপনাদিগকে অসুখী দেখিলে এই ধনরত্নসমন্বিতা বসুন্ধরা আমার ভাল লাগে না। ধৃতরাষ্ট্র কহিলেন,—বৎস। আর আমায় সংসারে থাকিতে বল না, সংসার সাগরে পাপরূপ নক্র আমাকে ভক্ষণ করিয়াছে। এখন তপস্যাকুল পাইলে আমি প্রাণে বাঁচি। বৎস। শতপুত্রশোকে আমার হৃদয়ে কেবল লক্ষাচিতা জ্বলিতেছে, সাধনামৃত না দিলে এ জ্বালা নিবাইবে না। তপস্যা করিতে আমার নিতান্ত বাসনা হইয়াছে, বৃদ্ধাবস্থায় অরণ্যে বাস করা আমাদিগের কৌলিক ধর্ম্ম। আমি বহু দিবস নগর মধ্যে বাস করিতেছি এবং তুমিও আমাকে বিশেষ বিধানে শুশ্রূষা করিয়াছ, এক্ষণে, যে স্থলে ত্রিযামা শতযামা হইয়াছে, সেইস্থলে গমন করিতে আমাকে আদেশ কর। এই বলিতে বলিতে কৌরবনাথ গান্ধারীকে অবলম্বন পূর্ব্বক মূর্চ্ছিত হইলেন। যুধিষ্ঠির হা হতোস্মি বলিয়া জ্যেষ্ঠতাতের পদে পতিত হইয়া কতই বিলাপ করিতে লাগিলেন।—আমি এমন রাজ্য গ্রহণ করিয়াছি যে পিতৃহত্যার পাপী হইলাম। হায়! আমায় ধিক!—ধৃতরাষ্ট্র যুধিষ্ঠিরের বস্ত্র ও ওষধিময় করস্পর্শ দ্বারা সংজ্ঞা লাভ করিলে, ব্যাস বলিতে লাগিলেন, বৎস। ধৃতরাষ্ট্র যাহা কহিতেছেন, তাহাতে তুমি সম্মতি দাও। ধৃতরাষ্ট্র একে বৃদ্ধ, তাহাতে আবার শোক তাপ পাইয়াছেন, যশস্বিনী গান্ধারীও কেবল ধৈর্য্যবশতঃ পুত্রশোক সহ্য করিতেছেন, অতএব উহাদিগকে বনগমনে তুমি অনুমতি কর, কেন বৃথা উহাঁরা রাজ্যমধ্যে জীবন ত্যাগ করিবেন। চরমে বনগমন করাই রাজর্ষিদিগের প্রধান ধর্ম্ম।

যুধিষ্ঠির কহিলেন, ভগবন্! আপনি আমাদিগের পূজ্য ও কুলগুরু। আপনার আদেশ কখনই লঙ্ঘন করিতে পারি না। পিতঃ ধৃতরাষ্ট্র। আপনি বনগমন করুন। কিন্তু আপনি আহার করেন নাই শুনিয়া আমি বড়ই দুঃখিত আছি। অতএব অন্তঃপুর মধ্যে গমন করিয়া রাজভোগ্য আহার করুন। কিয়ৎকাল পরে বিদুর আসিয়া কহিলেন, মহারাজ। ধৃতরাষ্ট্র, সমরনিহত মহাত্মা ভীষ্ম, দ্রোণাচার্য্য, সোমদত্ত, বাহ্লীক ও তাঁহার পুত্রগণের

শ্রাদ্ধ সম্পাদনার্থ আপনার নিকট অর্থ যাচ্ঞা করিতেছে। যুধিষ্ঠির কহিলেন, আমাদিগের রাজকোষ হইতে তাঁহাকে ধন গ্রহণ করিতে বলগে।—ভীম কহিলেন, কি? ধন আবার কিসের? অন্ধরাজকে বলগে আমরা ধন দিব না। অর্জ্জুন কহিলেন, অগ্রজ! ও কথা কি বলিতে আছে? পূর্ব্বমান্য ধৃতরাষ্ট্র বনগমনে দীক্ষিত হইয়াছেন। তিনি এক্ষণে ভীষ্মাদি মহাত্মাদিগের পারলৌকিক ক্রিয়া সম্পাদন করিবেন, এইজন্য ধন যাচ্ঞা করিতেছেন, আপনার দেওয়া কর্ত্তব্য। হায়! কালের কি বিচিত্র গতি। যে ধৃতরাষ্ট্র পূর্ব্বে এই ধনের স্বামী ছিলেন তিনি এখন ধন যাচ্ঞা করিতেছেন! ভীম কহিলেন আমরা স্বয়ংই মহাবীর ভীষ্ম, সোমদত্ত, ভূরিশ্রবা, বাহ্লীক ও মহাত্মা দ্রোণাচার্য্যের ও অন্যান্য বান্ধবগণের প্রেতকার্য্য সম্পাদন করিব, এবং ভোজনন্দিনী কুন্তী কর্ণকে পিণ্ডদান করিবেক, তবে উহাদিগের শ্রাদ্ধের জন্য ধৃতরাষ্ট্রকে ধন দিবার আবশ্যক কি? ভস্ম দৃষ্টি আমার কি মনে নাই? আমার মতে দুর্য্যোধনাদির প্রেতকার্য্য করাই কর্ত্তব্য নহে।—

যুধিষ্ঠির কহিলেন ক্ষান্ত হও।—

তারাপতি স্বদলে অস্তাচলশিখর সমাশ্রয় করিলে, প্রভাতসমীরণ মালতী কুসুমের পরিমল চতুর্দ্দিকে বহন করিতে লাগিলে, বৃক্ষপত্রে নিশার হিমানী শিশির মুক্তার ন্যায় ঝল ঝল করিলে, সূর্য্যসারথি অরুণ সমস্ত অন্ধকার দূর করিলে, রাজা ধৃতরাষ্ট্র গাত্রোত্থান করিয়া কহিলেন শতপুত্রশোকাতুরে! উঠ! রজনী প্রভাতা হইয়াছে। চল আমরা শতপুত্রশোক বনস্থলে মুনি ঋষিদিগের নিকট শান্ত করিগে। আজিই কার্ত্তিকা পূর্ণিমা, আজই বনগমন করিব।—

যুধিষ্ঠির কহিলেন, পিতঃ! আপনি বনগমন করিতেছেন, আমাদের হৃদয় বিদীর্ণ হইতেছে এই বলিয়া কুরুপতির পদকমলে পড়িলেন। ধৃতরাষ্ট্র হস্ত ধরিয়া তুলিয়া কহিলেন, বৎস! তুমি রাজ্য করিতে থাক, অপত্যনির্ব্বিশেষে প্রজা পালন কর, অবনীমণ্ডলে যশঃ শশধরে কুরুকুলের নাম রক্ষা কর। দীর্ঘকাল জীবিত থাক, প্রজাদিগের স্নেহ লাভ কর, পণ্ডিতের সমাদর কর। এই আশীর্ব্বাদ করিতেছি।—আর কি বৎস! জীবনের এই গতি। বৎস! দুঃখিত হইও না।—

সকলেই গমনোন্মুখ।—এমন সময় কুন্তী আসিয়া বলিলেন, বৎস! যুধিষ্ঠির

আমিও বন গমন করি। পুত্রনির্জ্জিতা বসুন্ধরায় বাস করিতে আমার অভিলাষ নাই। মহাত্মা পাণ্ডুর বংশে তোমাদিগের জন্ম, দুর্য্যোধন কপটদ্যূতে পরাজিত করিয়া তোমাদিগকে বনবাসী করে, এই জন্য তোমাদিগকে আমি সমরোৎসাহিত করিয়াছিলাম, তোমরা মহাত্মা পাণ্ডুর পুত্র সুতরাং তোমাদিগের নাম ও যশঃ যায় ইহা অনুচিত, দুরাত্মা দুঃশাসন পাঞ্চালীর কেশাকর্ষণ করিয়াছিল, দুর্ব্বুদ্ধি দুর্য্যোধন তোমাদিগকে রাজ্যচ্যুত করে, এইজন্য বিদুলাসঞ্জয় কথাদ্বারা তোমাদিগকে আমি সমর ভূমি—অবতীর্ণ হইতে ইচ্ছা করিয়াছিলাম। কিন্তু আর আমার কিছু ভাল লাগিতেছে না। আমার ইচ্ছা হইতেছে, তপস্যা দ্বারা শ্বশুরপুত্র সকাশে গমন করিব। অতএব আমাকেও বনবাসের অনুমতি কর। আমি বনবাসী অন্ধরাজের ও পুণ্যশীলা গান্ধারীর চরণসেবা করিয়া চরমে পরাগতি প্রাপ্ত হইব। যুধিষ্ঠির কহিলেন, মাতঃ। সংসারে কিছুই স্থির নহে, চরমে রাজমহিলাদিগের এই গতি, আমি আর কি করিব। আমরা কিন্তু সংসার অরণ্য বোধ করিলাম।—আপনার যাহা ইচ্ছা।—

সকলে বনগমন করিলেন।—যুধিষ্ঠির অশ্রুজলে ধরাসিক্ত করিতে লাগিলেন। হস্তিনার সকলেই শোকে কাতর হইল। ধৃতরাষ্ট্র বহুদূর গমন করিয়া ভাগীরথীতীরে উপনীত হইলেন। ব্রাহ্মণগণ তথায় আহুতি দান করিতে লাগিলেন। প্রদোষ উপস্থিত হইলে তাঁহারা সকলে বনতরুপত্রান্তরাল দিয়া সূর্য্যের মনোরম মূর্ত্তি দর্শন করিতে লাগিলেন। বিদুর ও সঞ্জয় ধৃতরাষ্ট্র ও গান্ধারীর জন্য কুশময় শয্যাদ্বয় প্রস্তুত করিলেন।—অন্ধরাজ রাজর্ষি শতযূপের নিকট আরণ্যবিধি উপদেশলইয়া গান্ধারী ও কুন্তীর সহিত জটাজিন ও বল্কল-ধারণ করতঃ তপোনুষ্ঠান করিতে লাগিলেন।—

মহারাজ ধৃতরাষ্ট্র ও কুন্তী বনে বাস করিলে, এদিকে যুধিষ্ঠির হস্তিনাপুরে তাঁহাদিগের জন্য বড়ই ব্যাকুল হইয়া তাঁহাদিগকে দেখিবার জন্য ভ্রাতৃগণ-সমভিব্যাহারে বনোদ্দেশে প্রস্থান করিলেন। কুন্তী কহিলেন—ঐ যে আমার গৌরকান্তি যুধিষ্ঠির, তপ্তকাঞ্চনকান্তি বৃকোদর ও শ্যাম কান্তি অর্জ্জুন, আর ঐ যে আমার অন্যান্যরত্নরত্ন পদ্মপলাশাক্ষী শ্যামবর্ণা পাঞ্চালী, আবার ঐ যে গৌরবর্ণা সুভদ্রা, গৌরাঙ্গী চিত্রাঙ্গদা, নীলোৎপলাভা ভীমপত্নী কালী, বৎস যুধিষ্ঠিরের অনুপত্নীটী কই? যুধিষ্ঠির দেখিলেন আশ্রমে বেদিসমুদয় পুষ্প

ফলমূল ও আজাধূমে পরিপূর্ণ। হরিণগণ অসঙ্কুচিতচিত্তে পর্য্যটন করিতেছে। ব্রাহ্মণগণ বেদাধ্যয়ন করিতেছে। ময়ূরদিগের কেকাধ্বনি, দাত্যূহ, পিক ও অন্যান্য বিহঙ্গমগণ আশ্রমমণ্ডল মনোরম করিতেছে। যুধিষ্ঠির ধৃতরাষ্ট্রের পাদবন্দনা করিয়া কহিলেন দেব! আপনি ত নির্ব্বিঘ্নে তপোনুষ্ঠান করিতেছেন? রাজধর্ম্মানুসারেই আমি জানিতে আসিয়াছি। নিরৈর, সত্য ও অদ্রোহ রত্নত্রয় আপনি পাইয়াছেন? পুত্রশোক আপনাকেত কষ্ট আর দিতেছে না? পরে নিবিড় বনে প্রবেশ করিলে, বৃক্ষপত্রের ঘর্ষর শব্দ, হরিণগণের মর্ম্মর ধ্বনি তাঁহার চতুর্দ্দিকে বিরাজ করিতে লাগিল। বায়ু সুখস্পর্শে বহিতেছে। তিনি দেখিলেন এক বৃদ্ধ সমস্ত পুরুষ তাঁহার দিকে আসিতেছেন, দেখিতে তাঁহাকে বোধ হয়, তিনি বড়ই ব্যাকুল, মুখ তাঁহার শুষ্ক, হস্ত দুইটী তিনি যেন আলিঙ্গন ভাবে প্রসারণ করিয়াছেন, সর্ব্বশরীর তাঁহার শুষ্ক হইয়া গিয়াছে। যুধিষ্ঠির দেখিয়া স্তম্ভিত হইয়া নেত্র বিস্ফারিত করতঃ দণ্ডায়মান হইলেন।—পুরুষ আসিয়া বলিতে লাগিল।—যুধিষ্ঠির! আমাকে ধর, আমি বিদুর, ভারতের সময়শেষ এই, সকলেই গমন করিতেছেন, তুমি আমাকে আশ্রয় দাও এই বলিয়া বিদুর [illegible] যুধিষ্ঠিরকে [illegible] আলিঙ্গন করিয়া জীবন ত্যাগ করিলেন।—বিদুর [illegible] মিলিলেন।—যুধিষ্ঠির কাঁদিতে লাগিলেন। নয়নাময় হইতে অনল অশ্রু পবন বেগে পড়িতে লাগিল। কিছু চক্ষু দর্শন করিয়া। বায়ুর বিস্তৃত [illegible] সংবরণ করিলেন। ব্যাস পুত্রশোকাতুর [illegible] ও ধৃতরাষ্ট্রের [illegible] হইতে কুরুক্ষেত্রবাসীদিগকে আহ্বান করিয়া আনয়ন করিয়া [illegible] করিলেন।

[illegible] একমাস পরে [illegible] পরলোকগমন করিয়া [illegible] ইহার পরে শুনিলেন অন্ধরাজ ধৃতরাষ্ট্র [illegible] কুন্তী ও [illegible] জীবন ত্যাগ করিয়াছেন। [illegible] দর্শন করিতে [illegible] গেলেন। ষট্‌ত্রিংশৎ [illegible] মৃত পুত্র লইয়া রাজদ্বারে উপনীত হইয়া [illegible] আমার পুত্র অকালে মরে কেন? পরীক্ষিৎ [illegible] আপনার রাজত্বকালে জীবিত

---

* Besh spunnal [illegible] আশ্রম [illegible], অশ্বমেধ, ভারত। বিষ্ণু ও ভাগবতে অশ্বমেধ [illegible].

হউক। আমার পুত্রের জীবন আপনাকে দিতে হইবেক। যুধিষ্ঠির কহিলেন কৃষ্ণকে আনয়ন বিধেয়।—

যুধিষ্ঠির কহিলেন, বৎস অর্জ্জুন! বৎস নকুল! বৎস ভীম! আমি এত দুর্নিমিত্ত দেখিতেছি কেন? চতুর্দ্দিকে কর্কবমিশ্রিত নির্ঘাত বায়ু প্রবাহিত হইতেছে, পক্ষিগণ দক্ষিণাবর্ত্তমণ্ডলনির্ম্মাণ পূর্ব্বক আকাশে পরিভ্রমণ করিতেছে, দিক্ সমুদয় নীহারজালে সমাচ্ছন্ন হইয়াছে, অঙ্গারসম্পূর্ণ উল্কাসকল গগনমণ্ডলে নিপতিত হইতেছে, সূর্য্যকিরণ ধূলিজালে সমাচ্ছন্ন, উদয়কালে সূর্য্যের প্রভা দেখিতে পাই না ও সূর্য্যমণ্ডলে কবন্ধ সমুদায় লক্ষিত হয় এবং সূর্য্যমণ্ডলের পরিধি শ্যাম অরুণ ও ধূসর এই তিন বর্ণে রঞ্জিত, বহির্দ্দেশে মহানদীসকল স্রোতোহীন হইয়াছে, চন্দ্রমণ্ডলের চতুর্দ্দিক শ্যাম বর্ণ দেখি। অনুজেরা কহিল, রাজন্! আমরাও এই নিরীক্ষণ করি, তখন দ্রৌপদী কহিলেন আর্য্যপুত্রগণ! আপনারাও এই দুর্নিমিত্ত দর্শনে কাতর হইয়াছেন, কিন্তু আমিত আর প্রাণে বাচি না, আপনারা এই দুর্নিমিত্ত দর্শনে কাতর হইয়াছেন, কিন্তু আমার শরীরে সমস্ত দুর্নিমিত্তই অনুভূত হইতেছে। দক্ষিণ বাহু নিত্য কম্পিতেছে, দক্ষিণ নয়ন সদাই অস্থির, মনোমধ্যে কি এক বিকৃতভাব আসিতেছে, কেমন যেন আন্তরিক ক্লেশ মনে উপস্থিত হইয়াছে, সংসারে কিছু ভাল লাগিতেছে না, সদা ঔদাসীন্য হইয়াছে, বনবাস সময় এত কষ্ট হয় নাই। শ্বশুরপত্নীরদাবানল শুনিয়া এত কাতর হই নাই, নিজের মরণেও এত কাতর নই। অর্জ্জুন কহিলেন, আমার মনঃ একবারে দুঃখসলিলে ডুবিয়াছে। পদ্মপুষ্পটী ছিড়িয়া লইলে যেমন মৃণাল জলমধ্যে মগ্নহয়, তেমনি আমার মনঃ দুঃখসলিলে ডুবিয়াছে, মহারাজ! আর আমি প্রাণধারণ করিতে পারিতেছি না, প্রিয়সখা কৃষ্ণ ত ভাল আছে? বৃষ্ণিবংশীয়দিগের ত কোন বিপদ ঘটে নাই? না কি আমাদের কোন কপাল ভাঙ্গিয়াছে? তাহারই এই পূর্ব্ব-সূচনা? গাণ্ডীব কেন আর আমার আস্ফালন করিতেছে না? কেন আমি চতুর্দ্দিক শূন্য দেখিতেছি? ভীম কহিলেন, আমিও দুর্নিমিত্ত দর্শনে স্তম্ভিত আছি। নকুল সহদেব বিমর্ষভাবে বসিয়া রহিলেন। যুধিষ্ঠির কহিলেন বৎসগণ! প্রাণের কৃষ্ণের ত কোন অনিষ্ট হয় নাই? যুধিষ্ঠির কিয়দ্দিবস পরে শুনিলেন, বাসুদেব ও বলদেব ইহলোক ত্যাগ করিয়া পরলোক গমন করিয়াছেন। শুনিয়া যুধিষ্ঠির 'সমুদ্রশোষ, ভূতলে

শরীর খসিয়া পতনের ন্যায় কথা বিশ্বাস করিতে পারিলেন না।—তিনি বিকৃতবুদ্ধি হইয়া মরণানুমান করিতে পারিলেন না।—অতি স্নেহবশতঃ বিশ্বাস আসিল না। মুখ তাহার ভাবনাশূন্য হইল, পূর্ব্বের আর মমতা লক্ষণ মুখে রহিল না। তখন তিনি একদিন অর্জ্জুনকে কহিলেন বৎস! তুমি একবার দ্বারকায় গমন করিয়া বন্ধুরূপী হরিকে আমার নিকট লইয়া আইস। পাঞ্চাল চেদিও মৎস্যগণ নিঃশেষ হইয়াছে। কেবল বৃষ্ণিবংশ বাসুদেব প্রভাবে প্রভাবী আছে। যুধিষ্ঠির জানিতেন, অর্জ্জুনের দ্বিতীয় আত্মা দেব বাসুদেব অর্জ্জুনের স্নেহে মানুষ বিগ্রহ ধরিয়া যদি আবার প্রকাশ হন।—কটিলম্বিতাসি অর্জ্জুন অগ্রজ অনুমতিতে দারুক পরিচালিত রথে গমন করিতে লাগিলেন। পথে অশ্বারোহীরা বর্ষাক্রীড়া করিয়া পথ পরিষ্কার করিতে লাগিল। পরে নানা দুর্নিমিত্ত দর্শন করিতে করিতে দ্বারকায় গমন করিয়া দেখিলেন ঐ নগরী অনাথা কামিনীর ন্যায় শ্রীহীনা হইয়াছে, কৃষ্ণমহিলারা হিমাগমে নলিনীর ন্যায় নিষ্প্রভা, চতুর্দ্দিকে হাহা ধ্বনি, হংস, হংসী জলবিহার ত্যাগ করিয়াছে, আর বেণু বীণা মুরজ মৃদঙ্গ বাজিতেছে না।—তিনি বসুদেবের গৃহে উপস্থিত হইয়া তাঁহার চরণ বন্দন করিলেন। তিনি পুত্রশোকে শয়ান ছিলেন।—তাঁহার তদবস্থা দর্শন করিয়া ধনঞ্জয় বড়ই কাতর হইলেন। তখন তিনি বাষ্পপূর্ণ নেত্রে তাঁহার চরণযুগল ধারণ করিয়া কাঁদিতে লাগিলেন। মহাত্মা বসুদেব ভাগিনেয় অর্জ্জুনকে সমাগত দেখিয়া, উত্থানশক্তি রহিত হইলেও উঠিতে চেষ্টা করিলেন এবং কাতরবাক্যে কহিলেন, আয় বৎস! তোকে আলিঙ্গন করি, কৃষ্ণবিচ্ছেদ* আমার কিছু অংশে উপশম হউক। এই বলিয়া বসুদেব অর্জ্জুনের সমক্ষে যোগমার্গ অবলম্বন করিয়া দেহত্যাগ করিলে, অর্জ্জুন তাঁহার সৎকার্য্য সমাধানার্থ বহ্নি প্রজ্বালন করিলেন।—দেবকী প্রভৃতি বসুদেবপত্নীচতুষ্টয় সেই জ্বলন্ত অনলে প্রবেশ করিলেন। ধনঞ্জয় চন্দনাদি বিবিধ সুগন্ধকাষ্ঠ চিতায় প্রক্ষেপ করিতে লাগিলেন।—সামগায়ীদিগের সামগান, মনুষ্যগণের রোদনধ্বনি, সেইস্থলকে আকুলিত করিতে লাগিল।—ঔর্দ্ধদেহিক কার্য্য সমাধান হইলে, ধনঞ্জয় তাঁহাদিগের উদকক্রিয়া সম্পন্ন করিলেন। অনন্তর প্রভাসে গমন করিয়া দেখিলেন।—একদিকে ছিন্নকমলের ন্যায় বাসুদেব পতিত ও আর একদিকে বলভদ্র শয়ান

---

* শ্রীকৃষ্ণের বয়স প্রায় ১২৫ বৎসর। ৫। ৩৭। বিষ্ণুপু। ভাগবত।

বলিয়াছেন।—দেখিয়া অর্জ্জুন কৃষ্ণকে বক্ষে করিয়া কহিলেন ভাই। আজ শশী [illegible] আজ তোমায় আমি সমুদ্রশোষের ন্যায় দমন [illegible] কৃষ্ণ। [illegible] কৃষ্ণ। এই [illegible]—[illegible] কৃষ্ণ [illegible] এই [illegible] নানা বিপদ [illegible] দেহ [illegible] দ্বারবাসিগণ [illegible] সমুদ্রের [illegible] যোবগণ [illegible] দেশ উপস্থিত [illegible] সিংহনাদ [illegible] বলিয়া [illegible] বিপদ [illegible]

[illegible] বিরোধ নাই।

করিলেন। কিন্তু শীঘ্রই তাঁহার শরসমুদয় ফুরিয়া গেল। তিনি দুঃখিত মনে শরাসন হস্তে উপবেসন করিলেন। দস্যুরা এই সময় দিব্য দিব্য রমণীগুলিকে লইয়া প্রস্থান করিল।—

অর্জ্জুন দীর্ঘনিঃশ্বাস ত্যাগ করত অবশিষ্ট রমণীগণ সমভিব্যাহারে, কুরুক্ষেত্রে উপনীত হইয়া হার্দ্দিক্য তনয় ও ভোজরাজ কুল রমণীগণকে মাত্তিকাবত নগরে, বালক বৃদ্ধ ও বনিতাগণকে ইন্দ্রপ্রস্থে এবং সাত্যকি তনয়কে সরস্বতী নগরে সন্নিবেশিত করিলেন। ইন্দ্রপ্রস্থের রাজ্যভার কৃষ্ণপৌত্র বজ্রকে প্রদত্ত হইল। অক্রূরের ভার্য্যাগণ প্রব্রজ্যা করিলেন। রুক্মিণী, গান্ধারী, শৈব্যা হৈমবতী ও দেবী জাম্ববতী ইঁহারা সকলেই অনল প্রবেশ করিলেন। সত্যভামা প্রভৃতি কৃষ্ণমহিলাগণ তপোহনুষ্ঠানের জন্য হিমালয় অতিক্রম করিয়া কলাপ গ্রামে উপস্থিত হইলেন। ধনঞ্জয় দ্বারকাবাসী লোকদিগকে বজ্রের হস্তে সমর্পণ করিয়া মহাত্মা বেদব্যাসের আশ্রমে উপনীত হইয়া দেখিলেন, ঋষি ধ্যানে মগ্ন। তিনি তাঁহার নিকট গমন করিয়া কহিলেন।—মহর্ষে! আমি ধনঞ্জয়, আপনার নিকট আগমন করিয়াছি। মহর্ষি তজ্জন্য নাম শ্রবণমাত্র চক্ষু উন্মীলন করিয়া দেখিলেন, দীন [illegible] উত্তরীয় বসন অঙ্গ হইতে খসিয়া পড়িতেছে। [illegible] নিকট জীবন চাহিতে আসিয়াছ, [illegible] মহর্ষি দেখিয়া দুঃখিত হইয়া কহিলেন বৎস! তুমি এমন হইয়া [illegible] কোথায়? কোথায় তোমার গাণ্ডীব? তোমার [illegible] করিয়াছে? তুমি কি ব্রহ্মহত্যা করিয়াছ? না কি [illegible] তোমার অপমান করিয়াছে? বহ্নিরূপী হরি তোমার ত প্রসন্ন আছেন? [illegible] তোমার শ্রীভ্রংশ কেন? তখন অর্জ্জুন কহিলেন পিতঃ! পাণ্ডব [illegible], পঙ্কজলোচন হরি ইহলোক ত্যাগ করিয়া স্বধাম গমন করিয়াছেন।—এই বলিয়া অর্জ্জুন ছিন্নমূল কদলীর ন্যায় ধরাতলে পড়িলেন।— ব্যাস সমাশ্বাস প্রদান করিয়া কহিতে লাগিলেন, বৎস! সমুদ্র শোষ, ভূতল শরীর পতন অপেক্ষা মহাত্মা বাসুদেবের অদর্শন ভীষণ। কালকে কেহ অতিক্রম করিতে পারে না। কাল কর্ত্তৃক তিনি সংসারে আসিয়াছিলেন, কালবশেই তিনি গমন করিয়াছেন। বসুন্ধরার ভার হরণ হইয়াছে, এই জন্য কৃষ্ণ জলদকান্তি আর দেখা গেল না। ব্যাস এই বলিয়া বারিত হইলেন। তখন অর্জ্জুন কহিলেন,

দেব! বলিব কি, পঞ্চনদ দেশে তাঁহার রমণীগণকে লইয়া আসিতেছিলাম। দস্যুরা এমনি হরণ করিল, যে আমার গাণ্ডীব আস্ফালন করিল না, সমরকালে আমি সামান্য দস্যুহস্তে পরাজিত হইলাম। কুরুক্ষেত্রসমরস্থলে যে শঙ্খচক্র-ধারী পুরুষকে আমি রথাগ্রভাগে দর্শন করিতাম, সমরকালে অদৃশ্যভাবে যিনি কুরুকুল নাশ করিয়াছিলেন * তাঁহাকে আর দেখিতে পাইলাম না। আমি নিস্তেজ হইয়া পড়িলাম, বাসুদেব ইহলোকে ত্যাগ করিয়াছেন জানিয়া দিক্ সকল আমার শূন্য বোধ হইতেছে।—ব্যাসের চরণ বন্দনা করিয়া অর্জ্জুন হস্তিনাভিমুখী হইলেন।—

এদিকে রাজা যুধিষ্ঠির অর্জ্জুনের আগমন বিলম্ব দেখিয়া বড়ই কাতর হইলেন। কহিতে লাগিলেন, বৎস ভীম! বৎস নকুল! বৎস সহদেব! অর্জ্জুনে বহুদিবস দ্বারকায় গমন করিয়াছেন, এখনও কেন আসিল না। কৃষ্ণত ভাল আছে? অনেক দুর্নিমিত্তও দর্শন করিতেছি, মনঃ আমার কেমন কাতর হইয়াছে। "গতাঃ সপ্তাধুনা মাসা ভীমসেন তবানুজঃ। নায়মায়াতি কস্যবা হেতোর্নাহং বেদেদমঞ্জসা॥" দুইটী কৃষক একদিন নগরপ্রান্তে দর্শন করিল অর্জ্জুনের মত একটী মানুষ আসিতেছে, বলাবলি করিতে লাগিল, মহারাজ যুধিষ্ঠির যাহার জন্য ভাবনাতুর, বোধ করি সেই তৃতীয় পাণ্ডব আসিতেছেন। দ্বিতীয় ব্যক্তি বলিল দূরহ! তৃতীয় পাণ্ডব কি পদাচারে আগমন করিবেন? যাহার সম্মুখে অসংখ্য অশ্বারোহী পতাকা উড্ডীন করতঃ ধাবমান হয়। প্রথম বলিল তাওত বটে, একজন বলিল ঠিক যেন সেই অর্জ্জুন আসিতেছে, ঐ দেখ।—ব্রাহ্মণেরা দ্বিপ্রহর অতীতে হোমাদি সমাপন করিয়াছেন। মধ্যাহ্নকালে অন্নতত্ত্বকারীরা কোন্নার্থী শব্দ করিয়া ফিরিয়া গিয়াছে। হস্তিনাপুরের লোক সকলেই ভোজন পাইলে পৃথিবীর সমস্ত ভোজনোপায় পাইয়াছে সংবাদ আসিলে যুধিষ্ঠির ভোজন করিয়াছেন। ভদ্রলোকেরা কর্ম্ম স্থলে কর্ম্ম করিতেছেন। সূর্য্যদেব পশ্চিম গগনে লম্বমান। এমন সময় অর্জ্জুন দীন বেশে রাজপুরে প্রবেশ করিলেন। চক্ষে বারিধারা, শুষ্কচিহ্ন। গাত্র ধূলিধূসরিত। যুধিষ্ঠির কহিলেন, ভাই! তুইকি আলি? কৃষ্ণ কোথায়? তোমার সুন্দরকান্তি কোথায় গেল? কেন তুমি জীবন মৃতের ন্যায় দর্শন দিতেছ? তোমার গাণ্ডীব কোথায়? অর্জ্জুন!

---

* ৮, মুষল।

তুমি কি কোন আতুরকে বিনাশ করিয়াছ? তুমি কি আশ্রিতকে আশ্রয় দিতে পার নাই! তুমি কি সতীর সতীত্বনাশ করিয়াছ? আমি কি শ্রুতি অনুসারে রাজ্যপালন করিনাই? আমার রাজ্যে কি ধর্ম্মপথে অল্প স্থিরনাই? কৃষ্ণা কহিলেন নাথ! কেন আপনি জীর্ণ শীর্ণ? কৃষ্ণ জলদকান্তির যে আসিবার কথা ছিল, কেন তিনি এলেন না? কেন তুমি নীহারাচ্ছন্ন শশীর ন্যায়, দুর্দ্দিনস্থ দিবাকরের ন্যায় নিষ্প্রভ হইলে? বলুন, আমরা আপনার মুখ চাহিয়া কাতরতা বোধ করিতেছি।

অর্জ্জুন কহিলেন, যিনি আমাদিগের সর্ব্বস্ব বল, যিনি আমাদিগের পরাক্রম, যিনি আমাদিগের সর্ব্বস্বনিধি, আমাদিগের গতি, সেই বন্ধুরূপী হরি ছাড়িয়া গিয়াছে। "বঞ্চিতোহং মহারাজ! হরিণা বন্ধুরূপিণা। যেন মেহপহৃতং তেজোদেব বিস্মাপনং মহৎ॥ অর্জ্জুন এই বলিয়া করপ্রসারণপূর্ব্বক ধরাতলে পড়িলেন।—সকলে হাহাকার করিয়া উঠিল।—রাজপুরী আর্ত্তনাদে পরিপূর্ণা হইল।—হস্তিনাপুরী ক্রন্দনে পুরিয়া গেল। যুধিষ্ঠির ধরাশায়ী হইয়া কহিলেন আজ ভারতক্ষেত্রে যুধিষ্ঠির বিকি যায়, কৃষ্ণজীবন দিয়া কে কিনিবি আয়। অনেক বিলাপের পর যুধিষ্ঠির কহিতে লাগিলেন বৎস! কৃষ্ণ সংসার ছাড়িলেন কেন? তাহার কারণ কি?—

তখন অর্জ্জুন কহিতে লাগিলেন। দেব! শুনিয়াছি একদা মহর্ষি বিশ্বামিত্র, কণ্ব ও তপোধন নারদ দ্বারকায় আগমন করেন। সারণ প্রভৃতি কতিপয় যাদব ব্রহ্মতেজঃ পরীক্ষা করিবার নিমিত্ত শাম্বকে স্ত্রীবেশ ধারণ করাইয়া তাঁহাদিগের নিকট লইয়া বলিলেন হে মহর্ষিগণ! ইনি অমিততেজা মহাত্মা বভ্রুর পত্নী, ইহার কি সন্তান হইবে বলুন দেখি? মহর্ষিগণ তাহাদিগের ধূর্ত্ততা বোধ করিয়া কহিলেন, রে দুর্ব্বৃত্তগণ! এই বসুদেব নন্দন শাম্ব, যদুবংশ ধ্বংশের নিমিত্ত এক মুসল প্রসব করিবে। বলদেব ও জনার্দ্দন ভিন্ন সকলেই সেই মুসলে বিনষ্ট হইবে। অনন্তর পরদিন প্রভাতে শাম্ব এক ঘোরতর মুসল প্রসব করিলেন। ঐ মুসল প্রসূত হইবামাত্র নরপতি সমীপে আনীত হইলে, নরপতি সেই মুসল চূর্ণ করাইয়া জলমধ্যে নিক্ষেপ করিতে আদেশ করিলেন।—তখন বৃষ্ণি ও অন্ধকবংশীয়েরা নানা দুর্নিমিত্ত দর্শন করিতে লাগিল।—গৃহে গৃহে কৃষ্ণ পিঙ্গলবর্ণ মুণ্ডিত শিরাঃ বিকট মূর্ত্তি এক কাল পুরুষ ভ্রমণ করিতেছে, যদুবংশ ক্ষয় সূচক প্রবল ঝঞ্ঝাবাত বহিতেছে, পুথিমধ্যে অসংখ্য মূষিক ও ভগ্নমৃৎপাত্র সকল লক্ষিত হইতেছে,

শুক সারিকা কঠোরধ্বনি করিতেছে, সারসেরা উলূকের ন্যায় চীৎকার করিতেছে, কামিনীগণ নিদ্রাবস্থায় দর্শন করিতেছে যেন এক শুভ্রদশনা কৃষ্ণবর্ণা কামিনী হাস্য করিয়া তাঁহাদিগের মঙ্গল সূত্র অপহরণ করিতেছে।—এই সকল দুর্নিমিত্ত নিবারণার্থ যাদবেরা তীর্থযাত্রায় সমুৎসক হইলেন।—সকলে প্রভাস তীর্থে উপস্থিত হইয়া রমণীগণের সহিত সুখে বিহার করিতে লাগিল। প্রভাসতীর্থ নটনর্ত্তক ও মত্তব্যক্তিগণে পরিপূর্ণ হইল। বলদেব, সাত্যকি, গদ, বভ্রু ও কৃতবর্ম্মা বাসুদেবের সমক্ষেই সুরাপান করিলেন। সুরারাক্ষসী কর্ত্তৃক প্রণোদিত যাদবগণ বাক্য যুদ্ধ আরম্ভ করিলেন। এইরূপ বাক্যযুদ্ধ আরম্ভ করিয়া শেষ অস্ত্রযুদ্ধ আরম্ভ হইল। পরস্পর এরকা মুষ্টি গ্রহণ করতঃ প্রহার করিতে লাগিল। ঐ এরকা মুসলরূপে পরিণত হইতে লাগিল।—এইরূপে ব্রহ্মশাপে যদুবংশ ধ্বংশ হইলে আমি তথায় উপস্থিত হইয়া দেখিলাম, প্রভাসকুলে সমস্ত যাদব শরীর পতিত রহিয়াছে। কৃষ্ণ জলদকান্তি তন্মধ্যে প্রফুল্ল কুসুমের ন্যায় শোভা পাইতেছেন।—বন্ধুকে বক্ষে করিলাম, মুখ চুম্বন করিলাম, কোন উত্তর পাইলাম না। হা!—তৎপরে বজ্রকে ইন্দ্রপ্রস্থ রাজধানীতে, হার্দ্দিক্যতনয় ও ভোজকুলকামিনীগণকে মার্ত্তিকাবত নগরে ও সাত্যকি তনয়কে সরস্বতী নগরীতে সমাবেশিত করিয়া ব্যাসবন্দনাপুরঃসর এইস্থলে আসিতেছি। যুধিষ্ঠির কহিলেন হা কৃষ্ণ! রাজসূয়যজ্ঞে তোরই কৃপায় সম্রাট হইয়াছিলাম, দারুণ বনবাস কালে তুইই আমাদিগকে রক্ষা করিয়াছিলি। হায়! এ সংসাররূপদারুণ কুরুক্ষেত্রে কে আর সহায় হইবে? কৃষ্ণ! পাণ্ডবেরা তোমাগত প্রাণ, কৃষ্ণজীবন পাণ্ডবদিগের এমন আর উপায় কি? এই বলিয়া যুধিষ্ঠির কাঁদিতে লাগিলেন। চক্ষুর্জল মুক্তার ন্যায় তাঁহার কপোলদেশ ভাসাইতেলাগিল। অশ্রুধারায় ধরা সিক্ত হইতে লাগিল। সকলে স্তম্ভিত। যুধিষ্ঠির কহিলেন।—যখন পাণ্ডব জীবন কৃষ্ণ জীবন ত্যাগ করিয়াছেন তখন আর আমাদের শ্রেয়ঃ নাই, আমাদিগেরও মহাপ্রস্থান করার সময় হইয়াছে। এই বলিয়া পাণ্ডবগণ মহাপ্রস্থান বাসনায় অনুকুল হইলেন। পরদিন প্রভাতে পাণ্ডবেরা মহাপ্রস্থান করিবেন এই বার্ত্তা নগরীময় প্রচারিত হইলে সকলে হাহাকার করিতে লাগিল। প্রভাত উপস্থিত। সূর্য্যদেব পূর্ব্বগগনে প্রকাশ পাইলেন। কালকের বৃক্ষ আজ রহিল!—তরুরাজি সকল মন্দ মারুতভরে চলিতে লাগিল। কিন্তু পাণ্ডবেরা কোথায় যাইবেন। এমন সময় সকলে যজ্ঞ ক্রিয়া সম্পাদন করিলেন। পাণ্ডবেরা,

পরীক্ষিৎকে হস্তিনাপুরের সিংহাসনে বসাইয়া কৃপাচার্য্যের করে সমর্পণ পূর্ব্বক যুযুৎসুকে রাজ্যরক্ষার ভার দিয়া, কৃষ্ণ নাম স্মরণপূর্ব্বক দ্রৌপদীর সহিত বল্কলধারণ করতঃ হস্তিনাপুর হইতে বহির্গত হইলেন। * একটী শুভ্র কুক্কুর সঙ্গ লইল। কৃপাচার্য্য প্রভৃতি যুযুৎসুর নিকট অবস্থিতি করিতে লাগিলেন। নাগ-জাতিনন্দিনী উলূপী গঙ্গাজলে প্রবেশ করিলেন। চিত্রাঙ্গদা মণিপুরে প্রস্থান করিলেন। অবশিষ্ট পাণ্ডবপত্নীগণ পরীক্ষিতের সন্নিধানে অবস্থান পূর্ব্বক তাঁহাকে রক্ষা করিতে লাগিলেন।—

পাণ্ডবেরা পথে যাইতেছেন এমন সময় একটী বনিতা ক্ষিপ্তবেশে তাঁহাদিগের চরণে পতিতা। ধৃতবল্কলাজিন পাণ্ডবেরা—যুধিষ্ঠির অগ্রে, পশ্চাৎ যথাক্রমে অনুজগণ, তৎপশ্চাৎ পাঞ্চালী, অর্জ্জুন গাণ্ডীব উত্তোলন করিয়া যাইতেছেন। বনিতা পাদদেশে পতিতা হইবামাত্র, তাঁহারা শশব্যস্তে কহিলেন কেন আপনি পড়িলেন? বনিতা কহিলেন, রাজন! আপনি ধরাধাম ত্যাগ করিলে বসুন্ধরায় কলি প্রবেশ করিবে, এইভয়ে আমি আপনাদিগের পায়ে পড়িয়াছি, আমি ভারতমাতা। জীবের প্রেমভক্তিরজ্জু কিরূপে তুমি ছেদন করিতেছ?

যুধিষ্ঠির কহিলেন জননি! কৃষ্ণ যখন সংসার ছাড়িয়াছে, তখন আর আমরা বসুন্ধরায় থাকিব না, কিন্তু কলির শাসন পাণ্ডবপুত্র পরীক্ষিৎ করিবে, জানিবেন। এই বলিয়া বিঘ্ন নিবারণার্থ সত্বর গমন করিতে লাগিলেন। এদিকে পাণ্ডবগণ যশস্বিনী দ্রৌপদীর সহিত উপবাস করিয়া ক্রমে পূর্ব্বাভিমুখে চলিতে আরম্ভ করিলেন। তাঁহারা উত্তঙ্গ ন্যায় নানা দর্শন করিতে করিতে অসংখ্য দেশ নদী ও সাগর সমুদায় উত্তীর্ণ হইয়া লোহিত সাগরের উপকূলে উপনীত হইলেন। † ভগবান অগ্নিরাজা পাণ্ডবগণ সকাশে পুরুষবেশে আসিয়া এই সময় বলিলেন, পাণ্ডবগণ! আমি হুতাশন, আমার সেই গাণ্ডীব শরাসন ও অক্ষয় তূণীরদ্বয় আমাকে প্রদান করুন, আমি বরুণকে দিব। অর্জ্জুন হুতাশনের আদেশে গাণ্ডীব ও অক্ষয় তূণীরদ্বয় সলিলমধ্যে নিক্ষেপ করিলেন। অগ্নিরাজ কতই বিলাপ করিতে লাগিলেন আমার দেহ কি তোমাদের দেহ সহিত অনন্ত দেশে সাক্ষাৎ পাইবে।—অগ্নিকে বিদায় দিয়া পাণ্ডবগণ দক্ষিণাভিমুখে গমন করিয়া লবণ সমুদ্রের উত্তর তীর দিয়া দক্ষিণ পশ্চিমাভিমুখে গমন করতঃ পুনরায় পশ্চিমাভিমুখী হইয়াদ্বারকাপুরী তোয় সন্দর্শন

* যুধিষ্ঠির রাজ্য ৩৬ বৎসর, (১ম আশ্রম) শতবৎসর, (৩৮ শান্তি,) সহস্র বৎসর (১ আশ্রম)।—শেষদ্বয় আনন্ত্যবাচক আশীঃ। ২১৭ আদি।—† Red sea.

করতঃ পৃথিবী প্রদক্ষিণ বাসনায় তথা হইতে উত্তরাভিমুখে গমন করিলেন। দেবশৃঙ্গ হিমালয় তাঁহাদিগের নয়ন পথে পড়িল। যুধিষ্ঠির কহিলেন ঐ দেখ গগনালম্বী দেবশৃঙ্গ হিমালয় স্বর্গদিকে মুখ করিয়া আমাদিগের নয়ন পথে পড়িল। বিশ্বপ্লাবনে মনুযানের ন্যায় ভবার্ণবে আমাদের দেহ নৌকা হিমাদ্রি স্পর্শ করিল। দেবতারা বিচরণ করিতেছেন। পৃথিবীর সহিত সর্গের সম্বন্ধ আছে এইজন্যই হিমালয় ঊর্দ্ধমুখ করিয়াছে। হিমালয়ে মনুষ্য তপস্যাদ্বারা দেবত্ব পাইতেছে। সততসঞ্চরমাণনবজলধরপটলসংযোগে এই গিরির অধিত্যকাদেশ রক্তপুষ্পে কুরুক্ষেত্রসমরে পারাবত সবর্ণ ও শোণবর্ণ অশ্বসম্মেল ন্যায় কেমন বিরাজ করিতেছে। বৃক্ষ সকল, তুহিন সকল কেমন শোভা পাইতেছে। ক্রমশঃ ঐ পর্ব্বতে আরোহণ করিতে করিতে তাঁহাদিগের নয়নপথে বালুকাময় সমুদ্র † ও সুমেরুশৃঙ্গ পতিত হইল।—এক কানন দেখিলেন কতকগুলি কামিনী কহিতেছেন পাণ্ডবগণ! এই স্বর্গ। কুসুমায়ুধ ভিন্ন অন্য স্বর্গ কি আর অদৃশ্য আছে? হিমালয় ইহাতেই প্রশংসনীয়। যুধিষ্ঠির কহিলেন এ যে অষ্টাবক্র কহোড় ন্যায় বিচার উপস্থিত। কর্ণের কুণ্ডলাহরণ না হয়।—তখন তাঁহারা ক্রমশঃ দ্রুতবেগে চলিতে লাগিলেন। যোগভ্রষ্টা দ্রৌপদী তাঁহাদিগের সম্মুখে পতিত হইল। অস্ফুটশব্দ শ্রুত হইল হা ধর্ম্মরাজ। পাঞ্চালীর লজ্জানিবারণ এ সময় কোথায়! যুধিষ্ঠির কহিলেন কৃষ্ণা বুঝি কৃষ্ণবিচ্ছেদ আর সহ্য করিতে পারিল না। বলিতে লাগিলেন পাঞ্চালি! বনে, রণে তোমায় রক্ষা করিয়া আজ দেবভূমিতে রাখিতে পারিলাম না! কেন আমি না সহ মরণ করি! এই বলিয়া স্বর্গ পথে যাইতে লাগিলেন।— কিয়ৎক্ষণ পরে মহাত্মা সহদেব পড়িলেন। সহদেবকে পতিত দেখিয়া ধর্ম্মরাজ কহিলেন, প্রাণাধিক সহদেব বুঝি পাঞ্চালীর সহ গমন করিল। এই বলিয়া যুধিষ্ঠির অন্যমনাঃ না হইয়া ত্বরিত গমনে স্বর্গপথে যাইতেছেন। নকুল পতিত হইল। যুধিষ্ঠির কহিলেন নকুলও বুঝি পাঞ্চালীর অদর্শন সহ হইতে পারিল না। এই বলিয়া যুধিষ্ঠির ব্রহ্ম স্মরণ করিয়া ঊর্দ্ধপথে গমন করিতেছেন। মহাবীর অর্জ্জুন পড়িল। যুধিষ্ঠির অর্জ্জুনকে বক্ষে করিয়া—প্রার্থনা করিতে লাগিলেন। বৎস! এ রণে—কেন তুমি সমর্থ হইলে না? যুধিষ্ঠির মূর্চ্ছা যাইবেন এমন সময় ধর্ম্ম যেনভীমে প্রবেশ করিয়া হস্ত ধরিলেন।—যুধিষ্ঠির অর্জ্জুনের প্রতি নেত্রপাত না করিয়া ঊর্দ্ধপথে গমন করিতেছেন তখন ভীম পতিত হইলেন।—যুধিষ্ঠির

† The desert of Gobi or Shamo

এইরূপে কিয়দ্দূর গমন করিলে কে যেন বলিতে লাগিল দেহ লইয়া কে স্বর্গে যায়? বনমালী কৃষ্ণ, অর্জ্জুন, পাঞ্চালী সকলেই দেহ রাখিয়াছে। যুধিষ্ঠির দেখিলেন রক্তবসন কৃষ্ণবর্ণ এক পুরুষ যুধিষ্ঠিরকে দেহবিচ্ছিন্ন করিতে আসিতেছে। যুধিষ্ঠির মেঘ হইতে কৃষ্ণের যেন ধ্বনি শুনিলেন ওঁকে দেখা দিবেন না। মেঘের ন্যায় জলদকান্তি এক ছায়া যেন আকাশে উড়িয়া গেল।—দেবরাজ ধর্ম্ম-রাজের সকাশে উপনীত হইয়া, কহিলেন যুধিষ্ঠির! এই রথে সমারূঢ় হইয়া তুমি স্বর্গে আগমন কর, মানবের অসাধ্য কর্ম্ম তুমি সাধন করিয়াছ। যুধিষ্ঠির বলিলেন, দেব! আমার সুখসংবর্দ্ধিতা সুকুমারী দ্রৌপদী ও আমার পরমাত্মীয় ভ্রাতৃগণ গিরিশৃঙ্গে পতিত হইয়াছে, উহাদিগকে পরিত্যাগ করিয়া আমার স্বর্গে যাইতে বাসনা নাই। দেবরাজ তাঁহাকে কহিলেন, দেব! পাঞ্চালীও তোমার ভ্রাতৃচতুষ্টয় তোমার অগ্রেই স্বর্গে গমন করিয়াছে।—তুমিই সশরীরে স্বর্গে গমন করিতেছ।——

সুরবাজ এইরূপ কহিলে, ধর্ম্মরাজ কহিলেন, অমররাজ! কোন পাপে তাহাদিগের সশরীরে স্বর্গে গমন হইল না। সুরবাজ কহিলেন, ধর্ম্মপুত্র! দ্রৌপদী অর্জ্জুনকে বিশেষ অনুরাগ করিতেন, সহদেব আপনাকে অতিরিক্ত বিবেচনা করিতেন, নকুল আপনাকে সর্ব্বাপেক্ষা রূপশালী ও শ্রেষ্ঠ বিবেচনা করিতেন, অর্জ্জুন শৌর্য্যাভিমানী হইয়া একদিনে সমস্ত শত্রু নাশ করিব প্রতিজ্ঞা করিয়াছিলেন কিন্তু তাহা পারেন নাই, এবং উনি সমস্ত ধনুর্দ্ধরগণকে তাচ্ছল্য করিতেন, ভীম অত্যন্ত ভোজনপ্রিয় ও বলগর্ব্বিত।—তাহাতে উহাঁরা গিরিশৃঙ্গে পতিত হইয়াছেন। কেবল তুমিই ধর্ম্ম বল সশরীরে স্বর্গে যাইবে।—যুধিষ্ঠির কহিলেন দেবরাজ! তুহিন সদৃশ এই কুক্কুর আমার সঙ্গে যাইবে, সমস্ত পথ তুহিনে যেন মিশিয়া যাইতেছে। সকলেই আমায় ত্যাগ করিল, এই কুক্কুর আমায় ছাড়ে নাই।—তখন দেবরাজ কহিলেন, যুধিষ্ঠির! শাস্ত্রে লেখে, কুক্কুর অতি অস্পৃশ্য, এ তবে কিরূপে দেবধামে স্বর্গধামে গমন করিবে। কুক্কুরকে তুমি পরিত্যাগ কর। কুক্কুরের সহিত যে অবস্থান করে তাহার পুণ্যফল ক্রোধবশ নামক দেবগণ নষ্ট করে, কুক্কুরকে সঙ্গে লইয়া তোমার স্বর্গে যাওয়া হইবে না। কুক্কুর সকরুণে তাঁহার দিকে চাহিতে লাগিল। যুধিষ্ঠির বলিলেন, তবে এই স্থলেই রহিলাম, আশ্রিতকে ত্যাগ করিলে মহাপাপ হয়।—ভীত, ভক্ত, অনন্য গতি ক্ষীণও শরণাগতকে প্রাণপণে রক্ষা করিয়া থাকি। আমি আশ্রিতকে আশ্রয় দিয়া, অনাথকে আশ্বাস দিয়া, বিপন্নকে উদ্ধার করিয়া, প্রাণান্তে মিথ্যা

না কহিয়া, এতদূর আসিয়াছি, এক্ষণে যদি আশ্রিতকে আশ্রয় দিয়া স্বর্গে না যাইতে পারি, তবে সে স্বর্গ আমি চাহি না।—তখন কুক্কুর দেবমূর্ত্তি ধারণ করিল। শরীর হইতে তাহার জ্যোতিঃ প্রকাশ পাইতে লাগিল। গলদেশে উপবীতসূত্র তড়িতের ন্যায় দীপ্তি পাইতে লাগিল। চক্ষুর্দ্বয় উজ্জ্বল প্রভায় দিক সমুজ্জ্বল করিতে লাগিল। হস্তে তাহার ন্যায়দণ্ড দীপ্তি পাইতে লাগিল।—

তিনি কহিলেন, বৎস যুধিষ্ঠির! আমার অঙ্কে আইস, আমি বুঝিলাম, তোমার তুল্য ধার্ম্মিক আর নাই। দ্বৈতবনে আমি একবার বকরূপে তোমাকে পরীক্ষা করি, আর এই পরীক্ষা করিলাম, এই বলিয়া ধর্ম্ম দেব যুধিষ্ঠিরকে বক্ষে লইয়া স্বর্গে গমন করিলেন।—স্বর্গে যাইয়া যুধিষ্ঠির দেখিলেন, দুর্য্যোধন সাধ্য ও দেবগণে পরিবৃত হইয়া প্রভাবমণ্ডলসম্পন্ন আদিত্যের ন্যায় শোভা পাইতেছে। তাহাকে দর্শন করিবামাত্র যুধিষ্ঠিরের আর ক্রোধ রাখিবার স্থান রহিল না। তিনি ক্রোধসংরক্তনয়নে সেইদিকে দৃষ্টি করিতে লাগিলেন। ভৌতিক দেহ আত্মিক দেশে কিরূপে?—দেবতারা বলাবলি করিতে লাগিল। —তখন দেবর্ষি আসিয়া বলিতে লাগিলেন, ওকি যুধিষ্ঠির! মনুষ্যলোকে এত ক্রোধ ত তুমি কখন কর নাই। অকৃতি দুর্য্যোধন তোমার মহিমায় আজ এই স্বর্গাসনে আসিয়াছেন। আস্তিক ন্যায় তুমি কুরু সর্পকুল উদ্ধার করিয়াছ। বংশে একটী ভগীরথ বা রাঘব ন্যায় পুত্র হইলে এইরূপ বংশ শোভা হয়। বিশেষতঃ স্বদাত্মীয় বলিয়া আমরা উহাকে সিংহাসন দান করিয়াছি। শুদ্ধ উনি নন, তোমার সম্বন্ধে ঐ দেখ অতীত অসংখ্য তোমার, স্বর্গে বাস করিতেছেন।—ঐ দেখ কুরু মহারাজ, শান্তনু, ঐ দেখ, বিচিত্রবীর্য্য প্রভৃতি তোমার সম্মানে উচ্চতর স্বর্গে রহিয়াছেন। তখন যুধিষ্ঠির কহিলেন, দুর্য্যোধন ত স্বর্গ পাইল কিন্তু কোথায় আমার প্রাণের নকুল? জীবন সহদেব? কোথায় ভীম? প্রাণাধিকা পাঞ্চালী? ও কোথায় সেই কুরুক্ষেত্রের বাহুবল আমার তৃতীয় পাণ্ডব? আর সেই বনমালী কৃষ্ণ? যুধিষ্ঠির এই বলিয়া কাঁদিতে লাগিলেন।—তখন দেবতাগণ কহিলেন, তাঁহারা ইহাদিগের অপেক্ষা শ্রেষ্ঠ লোক লাভ করিয়াছেন। যদি দর্শন বাসনা লইয়া থাকে, এই দেবদূত সঙ্গে যাইতেছে, ইহার সঙ্গে যাও দেখিতে পাইবে। এই বলিয়া তাঁহারা একজন দেবদূতকে সম্বোধন করিয়া বলিল, যাও তুমি শীঘ্র যুধিষ্ঠিরকে উহাঁর আত্মীয়গণের নিকট লইয়া যাও। দেবগণ এই কথা কহিবামাত্র দেবদূত যুধিষ্ঠিরের পুরোবর্ত্তী হইয়া এক অতি ভীষণ পথ দিয়া তাঁহাকে তাঁহার আত্মীয়গণের

সমীপে লইয়া যাইতে লাগিলেন। ঐ পথ * অতি দুর্গম ও অন্ধকারসমাচ্ছন্ন। পাপাত্মারাই সতত ঐ পথে গমনাগমন করিয়া থাকে। ঐ পথ দুর্গন্ধ মাংস, শোণিতের কর্দ্দম, দংশমশক, ভল্লুক, মক্ষিকা, মৃতদেহ, অস্থি, কেশ, কৃমি ও কীটে পরিপূর্ণ। অয়োমুখ কাক ও গৃধ্রগণ সতত পরিভ্রমণ করিতেছে। শবের দুর্গন্ধ নাশারন্ধ্রে প্রবেশ করিয়া আর নিঃশ্বাস ফেলিতে দিতেছে না। অসিপত্রবন কি ভীষণই বহিয়াছে! যুধিষ্ঠির ঐ ঘোর স্থান দিয়া বহুদূর গমন করিয়া, আর যাইতে অক্ষম হইলে, বলিলেন, দেবদূত! এ কোন স্থান? আর কতদূরে আমার অনুজগণ? যশস্বিনী পাঞ্চালী? জননী কুন্তী?—তখন দেবদূত কহিলেন ধর্ম্মরাজ! এ নরক, দেবতারা আমাকে কহিয়া দিয়াছেন, যুধিষ্ঠির এই পথে যে পর্য্যন্ত যাইয়া বিশ্রান্ত হইবেন, সেই স্থল হইতে ইঁহাকে ফিরাইয়া আনিবে। যুধিষ্ঠির সমস্ত বুঝিয়া প্রতিনিবৃত্ত হইতে যাইতেছেন, এমন সময় শুনিলেন ও অজাতশত্রু যুধিষ্ঠির! ও ধর্ম্ম যুধিষ্ঠির! একবার দাঁড়াও,—আমরা তোমার পুণ্যসমীরণ সেবন করিয়া কিঞ্চিৎকাল সুস্থ হই, এই কথা,—যত তিনি অল্প অল্প প্রতিনিবৃত্ত হন, তত বারম্বার শুনিতে পাইতে লাগিলেন।—যুধিষ্ঠির আর পা তুলিতে পারিলেন না।—তিনি কহিলেন, তোমরা কে! ধর্ম্মরাজ, এই কথা কহিবামাত্র তাঁহারা সকলেই একেবারে চতুর্দ্দিক হইতে আমি কর্ণ, আমি ভীমসেন, আমি নকুল, আমি সহদেব, আমি দ্রৌপদী, ইত্যাদি ধ্বনিতে কাঁদিয়া উঠিলেন। তখন যুধিষ্ঠির কহিলেন, দেবদূত। ধর্ম্ম সদৃশ আমার অনুজগণ কোন পাপে নরকে? দেবরাজ যে বলিলেন, তাঁহারা আমার পূর্ব্বে স্বর্গে গমন করিয়াছেন। এক্ষণে ভদ্র! তুমি দেবতাদিগের নিকটে গমন করিয়া বল, যে আমি স্বর্গে যাইব না। আমার ভাইগণ, জননী যেস্থানে সেই স্থানে আমি থাকিব। সহস্র দোষের দোষী ভীমাদি আমার স্বর্গস্বরূপ। এই বলিয়া যুধিষ্ঠির বাহু প্রসারণ করিয়া সেই স্থলে মূর্চ্ছিত হইয়া পড়িলেন। † ইন্দ্রাদি দেবগণ এই সময় সেই স্থানে উপস্থিত হইয়া বলিতে লাগিলেন, যুধিষ্ঠির উঠ! তোমার কি নরক স্থিতি সম্ভব হয়! দেবের অকার্য্য সাধন করিয়াছ, চক্রধারী তোমাদের রথরজ্জু ধারণ করে, ঐ দেখ তিনি তোমাতে আলিঙ্গন করিয়া শয়ান। এ মায়া নরক। এই বলিয়া দেবগণ তাঁহার হস্ত ধরিলেন।—যুধিষ্ঠির কম্পিত চক্ষুঃ মিলিয়া অর্দ্ধগাত্র

* fauces graveolentis Averni † "This was his crowning trial."

তুলিতে তুলিতে দেখিলেন, আর নরক নাই।—ধর্ম্মসূর্য্য যেন সেই স্থানের অন্ধকার দূর করিয়াছে।—ধর্ম্ম দণ্ডায়মান।—দেবগণ কৃতাঞ্জলিপুটে যুধিষ্ঠিরের স্তব করিতেছেন।—সম্মুখে মন্দাকিনী প্রবাহিণী।—দেব কমল সকল ভাসিয়া যাইতেছে।—চতুর্দ্দিক পরিষ্কার। তখন কহিলেন, দেবগণ! একি! দেবগণ কহিলেন, ধর্ম্মপুত্র! এ তোমার নরকদর্শন।—ছলে দ্রোণাচার্য্যকে হনন করিয়াছিলে, তাতেই ছলে নরক দর্শন হইল। মনে তোমার ইচ্ছা ছিল না, —তাতেই নরক রহিল না। সকল রাজাকেই এক একবার নরকদর্শন করিতে হয়।—অথবা বোঝ নকুলাদি দ্রোণবধের বিশেষ পাপের ভাগী, এই জন্য তাহাদিগের নরক হইয়াছিল।—তোমার দর্শনে তাহাদিগের উদ্ধার হইল।—অথবা এই বোঝ তোমার পুণ্যে যে অসংখ্য আত্মীয় তোমার, স্বর্গভোগ করিতেছে, তাহাদিগেরই প্রায়শ্চিত্ত জন্য তুমি এবং তোমার ভ্রাতৃগণ অল্পকাল নরক ভোগ করিল। মহারাজ হরিশ্চন্দ্র, মান্ধাতা, ভগীরথ, ভরত প্রভৃতি ভূপতি অপেক্ষা তুমি উৎকৃষ্ট গতি লাভ করিয়াছ। সত্যবতী সশরীরে স্বর্গে যান, এ মাহাত্ম্যে সশরীরে স্বর্গে অংশভিন্ন কেহ আসিতে পারে নাই, কেবল তুমিই আসিয়াছ। ঐ মন্দাকিনীতে স্নান কর, অনন্তর স্বর্গসুখ ভোগ কর।—যুধিষ্ঠির কহিলেন, বৎস কৃষ্ণ কেন সেই কৌশল অনুমোদন করিল? দেবতারা কহিলেন, আপনি কেন ব্রাহ্মণ ন্যায় তপস্যাদ্বারা প্রলোভন শাসন করিতে না পারিলেন? এইরূপ প্রেরণাদিতে কৃষ্ণ বিদ্ধ হইয়া যজ্ঞ দেহ দিয়া দেখুন তোমাকে বক্ষে করিয়া শয়ান।

যুধিষ্ঠির মন্দাকিনীতে স্নান করিলেন। জলে অবগাহন করিবামাত্র তাঁহার মনুষ্যদেহ তিরোহিত হইল ও তিনি দিব্য মূর্ত্তি ধারণ করিলেন।—তাঁহার পুণ্যরথ সজ্জা হইল। তিনি স্বর্গের সিংহাসনে উপবেশন করিলেন।—মন্দার মালা তাঁহার গলদেশে শোভা পাইতে লাগিল। ভক্তি, স্তুতি, বিনীতি তাঁহার সেবা করিতে লাগিল। বিদ্যাধরীরা গানারম্ভ করিল। স্বর্গের শান্তি সলিল ও অমৃত বায়ু গাত্রে বহিতে লাগিল। তখন যুধিষ্ঠির দেখিলেন, যে দেহ তাঁহার, অশেষসঙ্কটসঙ্কুল-দুস্তরভবজলধিতরঙ্গে—কখন রাবণারণ্যে, কখন বনস্থলে, কখন রণস্থলে মগ্নপ্রায় হইয়াছিল, এখন তাহা ব্রহ্মকৃপাবলে সত্যবায়ু দ্বারা সঞ্চালিত হইয়া, ব্রহ্মপদকমল সুতীর্থে সংলগ্ন হইয়াছে।

প্রকাশ্যধীতি শ্রীযোগীন্দ্রনাথ তর্কচূড়ামণি কর্ত্তৃক পুণ্যভারতকথা বিরচিত।

উত্তরখণ্ড সমাপ্ত।

SEAL

Government Benares College

JOGINDRA NATHA BHATTACHARJYA of Bacul, (an able scholar of the Calcutta University) son of Sree Kissen Bhattacharjya, having read the Sanskrit Grammars Sidhantya Koumudi, Mugdhabodh, and the Sanskrit lexicon of Amar Kosh, entered the Benares Govt. Sanskrit College. Here he read in Sanskrit literature what are generally called the Sat Kavyas and Sanskrit Nataks, Sahitya Darpana in Rhetoric, Smriti Tatwas in Dharma Shastras, Tatwa Kaumudi in Sankhya philosophy and Bhasha Paricheda and Anumana Bibhaga of Tarka school He pleased his professors by his good conduct, regularity of attendance and his diligently following the lectures. This degree of honor is granted to the aforesaid scholar of good character, of talents and of vast study.

BAPUDEVA SHASTRI (C. I. E)
P BACHAN RAMA TRIPATI
P SETUL PARSADA SARMÁ
BAL SHASTRI
DIVEDA PANDIT BASTI RAMA SARMA
BAMANACHARJYA
P SIVA KUMAR SARMA
RAMA MISRA SASTRI
P VANKATESH SARMA
DEV KRISHNA SARMA
RAMA NATHA SARMA

(Sd) G THIBAUT (DR)
Anglo-Sanskrit Professor

23—9—75

(Sd) ARCHIBALD E GOUGH
Offg Principal

A true translation of the original.

"শ্রীবিশ্বেশো,

জয়তিতরাং

শাস্ত্রাধ্যয়নার্পিতৈকাগ্রচেতঃ শ্রীযোগীন্দ্রনাথ ভট্টাচার্য্য-নামকোঽয়ং বিদ্যার্থী বিবিধবিদ্যাপারদর্শি সমুল্লসৎকীর্ত্তিকানপি দেশনিকরানালোক্য তত্র তত্রাপরিতুষ্যন্ নিরন্তরনানাবিধশাস্ত্রাধ্যাপনাধ্যয়নসমালোচনানুমিতসমধিষ্ঠিতবাগ্দেবতাং পরমানন্দদায়িনীং সাক্ষাৎ ব্রহ্মাপরমূর্ত্তিং শ্রীমদ্বারাণসীনগরী মায়াতোঽত্রত্য তাবন্নিরবদ্যবিদ্যবিদ্বদ্বৃন্দবিদ্যমানতা মাসসাদ। ততশ্চ তদনুজ্ঞপ্তিগৃহীতপ্রসাদঃ কুমারভট্টিরঘুবংশমাঘভারবিনৈষধপ্রভৃতীনি শ্রব্যকাব্যানি শাকুন্তলোত্তরচরিতরত্নাবল্যাদি দৃশ্যকাব্যানি সাহিত্যদর্পণপ্রমুখালঙ্কারশাস্ত্রঞ্চাধীত্য তদাস্বাদরসনিমগ্নোঽভূতৎ। এবং ন্যায়সাঙ্খ্যপ্রভৃতি দর্শনশাস্ত্রং বেদশাস্ত্রং শ্রীমদ্ভাগবতাখ্যং পরমং শাস্ত্রঞ্চাধীতবান্। ততশ্চৈতদধ্যয়নার্জ্জিতযশঃপ্রকাশিতনামা ২তীবগুণবাংশ্চ জাতঃ। অধুনা চূড়ামণিরিত্যুপনাম চালভত।

বারাণসী শকাব্দাঃ ১৭৯৮, ১৮ কার্ত্তিকস্য। } সম্মতিরত্র শ্রীমদ্বারাণসীবাসি ন্যায় পঞ্চাননোপনামক শ্রীঠাকুরদাস দেবশর্ম্মণঃ

"I believe he (the author.) has an original mind.

Hooghly
April 2nd, 1880

Lal Behari Day,
Profesor, Hooghly College